১০০% কমনের নিশ্চয়তা নিয়ে এলো
NCTB
নতুন সিলেবাস অনুযায়ী রচিত
সম্পূর্ণ নতুন সংস্করণ-২০১৮
INNOVATIVE
ENGLISH
COMPOSITION
ইংরেজি প্রথম
ও দ্বিতীয় পত্র
INNOVATIVE
ও এসএসসি পরীক্ষার্থীদের জন্য
Listening
Speaking
Writing
ইনোভ্যাটিভ
৩৪ নর্থব্রুক হল রোড (মাদ্রাসা মার্কেট), বাংলাবাজার, ঢাকা-১১০০।
মোবাইল ৪ ০১৯১৭-৩৫৬৫৮৫, ০১৭৬১-৭৩৭৩৮৫

জাতীয় পাঠ্যপুস্তক বোর্ড NCTB কর্তৃক প্রবর্তিত
সম্পূর্ণ নতুন সিলেবাস অনুযায়ী বাংলাদেশের সকল সরকারি, বে-সরকারি উচ্চ বিদ্যালয়, ভোকেশনাল, মাদ্রাসা, ৬ষ্ঠ-১০ম শ্রেণি ও এসএসসি পরীক্ষার্থীদের জন্য লিখিত।

১০০% কমনের নিশ্চয়তা নিয়ে এলো

জি.পি. এ-৫ প্রত্যাশীদের জন্য রচিত।

জি.পি. এ-৫ প্রত্যাশীদের জন্য রচিত।

ইনোভ্যাটিভ ইংলিশ কম্পোজিশন

ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র

Written by

Md. Mashukur Rahman Bhuiyan
B.A.,B.Ed. (English) M.Ed. Administration
Head Examiner of English, B.I.S.E. Dhaka.
Head Teacher Dewaner Char Madhyamik Vidyalaya
Belabo-Narsingdi.

Bikash Kumar Ghosh
B.Com., (H) M.Com. (D.U)
J.S.C. Examineer
Hazera High School
Alambag, Jurain, Dhaka.

Md. Mofizul Islam
M.S.,S.B.Ed.
Examiner of English, B.I.S.E. Dhaka.
Head teacher Shatadal Girls' High School
Raipura, Narsingdi.

Birendra Kishore Barman
B.A. Trained in English.
Ex. English Teacher
Belabo Pilot Modern High School
Belabo - Narsingdi.

Md. Hanif Miah
B.A., B.Ed. (English) M. Ed. (Dhaka University)
Head Examiner of English, B.I.S.E. Dhaka.
Head teacher Sarrabad Dhanumaster High School
Belabo-Narsingdi.

Abul Hossain
B.A., B.Ed.
Asstt. Head master
Lotakhola Azahar Ali Memorial
High School.
Dohar, Dhaka.

Fazlul Karim
B.A.,B.Ed. (English)
Senior English Teacher
Begum Rahima Girls' High School
Bhagalpur, Bajitpur, Kishoreganj.

Abdul Bashed Mia
B.A.,B-Ed (English)
Head teacher, Dakshin Dhuru High School
Belabo - Narsingdi.

Thoroughly Revised by

Md. Mafizuddin
M.A (English)
M. Com.,B.Ed. (D.U)
Examiner of English. B.I.S.E. Dhaka
Ex. Asstt. Teacher (English),
Narsingdi Govt. Girls' High School
Narsingdi.

Mohsin Khandaker
M.A., (English) B.Ed.
Examiner of English, B.I.S.E. Dhaka.
Lecturer in English
Char Belabo Fazil Madrasha
Belabo - Narsingdi.

ঃ পরিবেশনায় ঃ
ইনোভ্যাটিভ পাবলিকেশন্স, ঢাকা।

ঃ পরিবেশনায় ঃ

ইনোভ্যাটিভ পাবলিকেশন্স

বাংলাবাজার, ঢাকা-১১০০।

[সম্পূর্ণ নতুন সংস্করণ]

প্রথম প্রকাশ

জানুয়ারি- ২০১৮ইং

ডিজাইন ও বর্ণ বিন্যাস

ইনোভ্যাটিভ কম্পিউটার

মুদ্রণে ঃ ইনোভ্যাটিভ প্রিন্টার্স

বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির

সর্বোচ্চ বিক্রয় মূল্য ঃ MRP ১৫০.০০/-

একশত পঞ্চাশ টাকা মাত্র।

প্রাপ্তিস্থান ও ঠিকানা

ইনোভ্যাটিভ পাবলিকেশন্স

৩৪ নর্থব্রুক হল রোড (মাদ্রাসা মার্কেট), বাংলাবাজার, ঢাকা-১১০০।

Mobile : 01716-724439, 01917-356585

যেভাবে বইটি সাজানো হয়েছে...

☞	Unit-1 / অধ্যায়-১ →	Application Writing / দরখাস্ত লিখন →	বাংলা অর্থসহ
☞	Lesson-1 / পরিচ্ছেদ-১ →	Letter Writing / পত্র লিখন →	বাংলা অর্থসহ
☞	Lesson-2 / পরিচ্ছেদ-২ →	Personal Letter / ব্যক্তিগত পত্র →	বাংলা অর্থসহ
☞	Lesson-3 / পরিচ্ছেদ-৩ →	E-mail Writing / ই-মেইল লিখন →	বাংলা অর্থসহ
☞	Unit-2 / অধ্যায়-২ →	Paragraph Writing / অনুচ্ছেদ লিখন →	বাংলা অর্থসহ
☞	Unit-3 / অধ্যায়-৩ →	Curriculum Vitae (CV) / জীবন বৃত্তান্ত →	বাংলা অর্থসহ
☞	Unit-4 / অধ্যায়-৪ →	Graphs & Charts Writing / লেখচিত্র ও তালিকা লিখন →	বাংলা অর্থসহ
☞	Unit-5 / অধ্যায়-৫ →	Essay/Composition Writing / রচনা লিখন →	বাংলা অর্থসহ
☞	Unit-6 / অধ্যায়-৬ →	Completing Stories / অসমাপ্ত গল্প সমাপ্তিকরণ →	বাংলা অর্থসহ
☞	Unit-7 / অধ্যায়-৭ →	Dialogue Writing / সংলাপ লিখন →	বাংলা অর্থসহ

- ❑ নিজ দায়িত্বে লেখাপড়া কর,
- ❑ নিজেকে গড়,
- ❑ শিক্ষক এবং মা-বাবাকে খুশি কর।

মোঃ মোস্তফা কামাল (মাসুদ)
মোবাইল ঃ ০১৯১৭-৩৫৬৫৮৫, ০১৭১৬-৭২৪৪৩৯

উৎসর্গ

মা ও বাবাকে–

যাঁদের অনুপ্রেরণায় এ ধরণীতে এসেছি।

প্রকাশকের কিছু কথা

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম।

NCTB কর্তৃক গৃহীত ইংরেজি বিষয়ে নতুন সিলেবাস অনুযায়ী বাংলাদেশের সকল ছাত্র/ছাত্রীদের মৌলিক চাহিদার প্রতি লক্ষ্য রেখে আমি **Innovative English Composition** বইটি রচনা করেছি। আমার অজ্ঞাতবশত কিছু ভুল ত্রুটি বইটিতে থাকতে পারে। বাংলাদেশের সহৃদয় ছাত্র-ছাত্রী, শ্রদ্ধেয় শিক্ষক/শিক্ষিকা সহ সকল সুধী মহলের প্রতি আমার বিনীত অনুরোধ, কোন ভুল বা অসঙ্গতি আপনাদের কাছে ধরা পড়লে তা আমাকে জানাবেন। পরবর্তী সংস্করণে তা আমি অবশ্যই সংশোধন করব। বইটির মান উন্নয়ন ও শ্রীবৃদ্ধিতে আপনাদের যে কোন উপদেশ ও পরামর্শ আমি সানন্দচিত্তে গ্রহণ করব। বইটির মাধ্যমে শিক্ষার্থী, সম্মানিত শিক্ষক মন্ডলী এবং সচেতন অভিভাবকগণ উপকৃত হবেন বলে আমার দৃঢ় বিশ্বাস।

আপনাদের সক্রিয় সহযোগিতাই আমাদের একান্ত কাম্য-

প্রকাশক।

কৃতজ্ঞতায়

ইনোভ্যাটিভ পাবলিকেশন্স

৩৪ নর্থব্রুক হল রোড (মাদ্রাসা মার্কেট), বাংলাবাজার, ঢাকা-১১০০।

Mobile : 01716-724439, 01917-356585

Unit-1 অধ্যায়-১

Letter Writing পত্র লিখন

মানব জীবনে Letter এর গুরুত্ব অপরিসীম। মনের ভাব বিনিময়ের একটি প্রধান এবং সহজ মাধ্যম হলো পত্র। যদিও বর্তমানে বিজ্ঞান ও প্রযুক্তির কল্যাণে মনের ভাব বিনিময় তথা সংবাদ আদান-প্রদানের অনেক উন্নততর মাধ্যম উদ্ভাবিত হয়েছে তথাপি পত্রের গুরুত্ব কমেনি। জীবনের বিভিন্ন ক্ষেত্রে এর ব্যবহার প্রণিধানযোগ্য। তবে উদ্দেশ্য ও ক্ষেত্রভেদে Letter এর ধরন ভিন্ন ভিন্ন হয়ে থাকে। যেমন : ব্যক্তিগত, অফিস সংক্রান্ত, ব্যবসায়িক ইত্যাদি। কাজেই বিভিন্ন ধরনের Letter প্রচলিত রয়েছে। এসব পত্র লেখার বেশ কিছু নিয়ম-রীতিও রয়েছে। আমরা পর্যায়ক্রমে এগুলোর সাথে পরিচিত হবো।

Classification of Letters (ক্লাসিফিকেশন লেটারস-পত্রের শ্রেণিবিভাগ): Letter বা পত্র বিভিন্ন রকমের হয়ে থাকে। তবে সব ধরনের Letter-কে প্রধানত দুটি ভাগে ভাগ করা যায়।

যথা : 1. Formal Letter (আনুষ্ঠানিক পত্র); 2. Informal Letter (অনানুষ্ঠানিক পত্র)।

1. **Formal Letter (আনুষ্ঠানিক পত্র)** : এসব Letter লেখার সময় কিছু ধরাবাঁধা নিয়ম মেনে চলতে হয়। কারো ইচ্ছামতো যেকোনোভাবে লিখলে হবে না। এগুলোকে নিম্নোক্ত পাঁচ ভাগে ভাগ করা হয়েছে। যেমন :

(i) Application (অ্যাপ্লিকেশন-দরখাস্ত)
(ii) Letter to the press or, Editorial (ইডিটোরিয়্যাল) Letter (সংবাদপত্র সংক্রান্ত পত্র বা সম্পাদকীয় পত্র)
(iii) Request Letter (রিকোয়েস্ট লেটার-অনুরোধপত্র)
(iv) Job Application (চাকরির আবেদনপত্র)
(v) Complaint Letter (কমপ্লেইনট লেটার-অভিযোগপত্র)

(i) **Application (অ্যাপ্লিকেশন-দরখাস্ত)** : সরকারি, আধা-সরকারি ও বেসরকারি অফিসসমূহের কর্মকর্তা, কর্মচারীগণ ও সাধারণ মানুষ যে সমস্ত চিঠিপত্র লিখে থাকেন সেগুলোই হলো Application. তন্মধ্যে Job Application হলো একটি। তাছাড়া রয়েছে :

- প্রধান শিক্ষকের নিকট
- (উচ্চপদস্থ) সরকারি বা বেসরকারি কর্মকর্তার নিকট দরখাস্ত ইত্যাদি।

আবার, Application-কে Official Letter-ও বলা হয়ে থাকে।

(ii) **Letter to the press or, Editorial Letter (সংবাদপত্র সংক্রান্ত পত্র বা সম্পাদকীয় পত্র)** : সামাজিক বা জাতীয় সমস্যা অথবা যৌথ স্বার্থ সংক্রান্ত; যেমন : যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করার ক্ষেত্রে সংবাদপত্রে প্রকাশের জন্য বা সম্পাদক বরাবর লেখা হয়ে থাকে সেগুলো হলো Letter to the press Or, Editorial Letter.

(iii) **Request Letter (অনুরোধপত্র)** : ব্যবসায়ী, বাণিজ্যিক প্রতিষ্ঠান এবং ক্রেতা-বিক্রেতাদের মাঝে যেসব Letter-এর আদান-প্রদান হয়ে থাকে সেগুলোই হলো Request Letter বা অনুরোধপত্র। যেমনঃ

- তথ্য আদান-প্রদানের জন্য।
- নিম্নতর কর্মকর্তার ও ঊর্ধ্বতন কর্মকর্তার নিকট তথ্য পেশ বা আবেদন।
- পাওনা টাকা আদায়ের জন্য।
- কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান সম্পর্কে তদন্ত।
- ধন্যবাদ জ্ঞাপন ইত্যাদি।

(iv) **Job Application (চাকরির আবেদনপত্র)** : চাকরির বিজ্ঞাপনের উপর ভিত্তি করে চাকরি প্রার্থীগণ Job Application করেন। এতে প্রার্থীগণ পদের নাম উল্লেখপূর্বক জীবন বৃত্তান্ত উপস্থাপন করেন।

(v) **Complaint Letter (অভিযোগপত্র)** : সাধারণত কোনো ব্যাপারে অভিযোগ পেশ করে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করার ক্ষেত্রে এ ধরনের Letter লেখা হয়ে থাকে। এ ধরনের Letter-কে Complaint Letter বলা হয়।

2. **Informal Letter (অনানুষ্ঠানিক পত্র)** : এ ধরনের Lettet ব্যক্তিগতভাবে বন্ধু-বান্ধব কিংবা আত্মীয়-স্বজনের কাছে পাঠানো হয়ে থাকে। এ সমস্ত পত্র লেখার ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে কোনো ধরাবাঁধা নিয়ম মানার দরকার হয় না। তথাপি, পড়া, বুঝা তথা ফলপ্রসূ ভাব বিনিময়ের জন্য সর্বজনস্বীকৃত কিছু রীতি মেনে এসব Letter লেখা হয়ে থাকে। সাধারণত personal বা private letter হলো এ ধরনের পত্র। তাছাড়া, বিভিন্ন উদ্দেশ্যে এ ধরনের Letter হতে পারে। যেমন :

- পিতার নিকট পুত্রের টাকা চেয়ে পত্র।
- কারো কুশল জিজ্ঞাসা করে পত্র।
- কারো দুঃখে সমবেদনা জানিয়ে পত্র।
- কাউকে অভিনন্দন জানিয়ে পত্র।
- কাউকে কোনো ঘটনার বর্ণনা দিয়ে পত্র।
- কাউকে কোনো উপদেশ দিয়ে পত্র।

Different Parts of a Letter (পত্রের বিভিন্ন অংশ) : সব ধরনের Letter-ই বেশ কিছু অংশের সমন্বয়ে লেখা হয়। তবে বেশিরভাগ অংশই সব প্রকারের চিঠির জন্য সাধারণ অর্থাৎ যেগুলো প্রত্যক Letter-এ বিদ্যমান। প্রায় সব ধরনের পত্রেই মোটামুটি ছয়টি অংশ থাকে। কেবল Formal Letter (Official, Business, Editorial Letter)-এ একটি অতিরিক্ত অংশ উল্লেখ করতে হয়। সেটি হলো 'Subject' বা 'বিষয়'।

এখানে পত্রটি কোন উদ্দেশ্যে লেখা হচ্ছে তা পরিষ্কার করে উল্লেখ করতে হয়।

Letter এর সাধারণ অংশগুলো নিম্নরূপ :

1. Heading (হেডিং-শিরোনাম)
2. Salutation (স্যালুটেশন-সম্বোধন বা সম্ভাষণ)
3. Body of the Letter (মূল বক্তব্য)
4. Subscription (সাবসক্রিপশন-বিদায় সম্ভাষণ)
5. Signature (সিগনেচার-স্বাক্ষর)
6. Superscription (সুপারক্রিপশন-প্রাপকের ঠিকানা)

Letter-এ উপরের অংশসমূহের অবস্থান এবং প্রকৃতি বা বৈশিষ্ট্য সম্পর্কে নিম্নে আলোকপাত করা হলো :

1. **Heading :** Informal Letter (Private letter)-এ পত্রের প্রথম পৃষ্ঠার সর্ব উপরের ডান পাশে Heading হয়ে থাকে। Heading-এ পত্র প্রেরক বা লেখকের ঠিকানা ও তারিখ উল্লেখ করতে হয়। তারিখ ঠিকানার নিচে লিখতে হয়। যেমন :

121, Kazi Nazrul Islam Avenue
Shahbag, Dhaka
March 15, 2016.

কিন্তু Formal letter (Official, Business, Editorial Letter)-এর ক্ষেত্রে Heading পত্রের উপরে বাম পাশে হয় এবং Heading-এ যার কাছে আবেদন করা হয় তার পদবী ও ঠিকানা উল্লেখ করতে হয়। তবে পদবীর উপরে 'To' লিখতে হয়। যেমন :

To
The Principal
Narsingdi Govt. College
Narsingdi.

Formal letter-এ তারিখ উল্লেখ করতে হয় সর্ব উপরে বাম পাশে (আধুনিক রীতি অনুযায়ী) এবং সনাতন রীতি অনুযায়ী তারিখ উল্লেখ করতে হয় (আবেদনকারীর) স্বাক্ষরের ঠিক বাম পাশে।

2. **Salutation :** চিঠির মূল বক্তব্য শুরু করার পূর্বে বাম পাশে মার্জিন বাদ দিয়ে পত্র প্রাপককে সম্বোধন করে সম্ভাষণসূচক যে শব্দসমষ্টি লেখা হয় তাই হলো Salutation। পত্র প্রেরক ও প্রাপকের মধ্যকার সম্পর্কের পার্থক্য এবং ঘনিষ্ঠতার তারতম্য অনুসারে Salutation বিভিন্ন রকমের হয়ে থাকে। যেমন :

(i) বাবা, মা, আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধব এবং ভাই-বোনের নিকটে :
My dear Father
My dear Mother
My dear Uncle
My dear Brother
My dear Sister
My dear Kajol ইত্যাদি।

(ii) যারা বয়সে বড় তারা যখন ছোটদের কাছে লিখবেন তখন তারা ব্যবহার করবেন :
My dear Yeasin
My dear Samia ইত্যাদি

(iii) স্বল্প পরিচিত তথা ঘনিষ্ঠভাবে পরিচিত নয় এমন ব্যক্তির নিকটে :
Dear Mr Chowdhury
Dear Mrs Khan
Dear Bari ইত্যাদি।

(iv) Official Letter-এ যথাযথ কর্তৃপক্ষকে সম্বোধন করার ক্ষেত্রে Sir বা Dear Sir লিখতে হয়।
মহিলা হলে সেক্ষেত্রে Madam অথবা Dear Madam উল্লেখ করতে হয়।

(v) Business Letter-এর ক্ষেত্রে কোনো পদাধিকারীর নিকট হলে Dear Sir এবং প্রতিষ্ঠানের নামে লেখা হলে Dear Sir বা Gentlemen লিখতে হয়। তবে Dear Gentlemen কখনোই লেখা যাবে না।

3. **Body of the Letter :** এটি পত্রের গুরুত্বপূর্ণ অংশ। এ অংশে পত্রের বিষয়বস্তু বা বক্তব্য লিখতে হয়। Salutation এর ঠিক নিচ থেকে এটি শুরু হয়। পত্রের Body এক বা একাধিক Paragraph-এ বিভক্ত হতে পারে। Official এবং Business Letter স্বভাবত দুটি Paragraph এর সমন্বয়ে লেখা হয়ে থাকে। Private Letter এর বক্তব্যের শেষে With love, With regards, With Best wishes ইত্যাদি লিখে মূল বক্তব্য শেষ করতে হয়।

4. **Subscription :** পত্রের মূল বক্তব্যের শেষে এবং পত্র লেখকের স্বাক্ষরের একটু উপরে এ অংশটি হয়ে থাকে। Informal Letter (Private Letter)-এর Subscription ডান পাশে এবং Formal Letter এর ক্ষেত্রে তা ডান বা বাম উভয় পাশে হয়ে থাকে। পত্র লেখার আধুনিক রীতি অনুযায়ী Formal Letter এর Subscription বাম দিকে মার্জিন ঘেঁষে হয়ে থাকে। চিঠির এ অংশে পত্র প্রাপককে বিদায় সম্ভাষণ জানানো হয়; অর্থাৎ ভদ্রোচিতভাবে পত্রের সমাপ্তি জানানো হয়ে থাকে। তবে ব্যক্তিভেদে এবং চিঠির প্রকারভেদে Subscriptionও বিভিন্ন হয়ে থাকে। যেমন :

(i) **Private letter-এর ক্ষেত্রে :**
Your affectionate (অ্যাফেকশনেট)- স্নেহশীল son
Your affectionate daughter
Your loving son
Yours affectionately
Yours sincerely (সিনসীয়ারলি)-আন্তরিকতার সহিত
Sincerely yours
Yours ever ইত্যাদি।

(ii) **Formal letter (Official, Business এবং Editorial Letter এর ক্ষেত্রে) :** স্কুল-কলেজের প্রধানের বেলায় :

I remain Sir/Madam,
Your most obedient pupil,
Yours obediently (অবিডিয়েন্টলি)-বাধ্যগত/অনুগত,
Your most obediently ইত্যাদি।

অন্যান্য ক্ষেত্রে :

Yours truly
Yours faithfully (ফেইথফুলি)-প্রভুভক্ত/আস্থাসহকারে
Faithfully yours ইত্যাদি।

5. **Signature :** পত্রের এ অংশটি Subscription-এর একটু নিচে হয়। এ অংশে পত্র লেখকের স্বাক্ষর দিতে হয়।
6. **Superscription :** এ অংশে পত্র প্রাপকের নাম বা পদবী এবং পুরো ঠিকানা স্পষ্ট করে লিখতে হয়। এটি পত্রের খাম বা Envelope এর ডান পাশে লিখতে হয়। Superscription এর প্রত্যেক Item-কে ভিন্ন ভিন্ন Line-এ লিখতে হয় এবং প্রত্যেক Item-এর পরে কমা (comma) দিতে হয় এবং শেষ Item-এর পরে Full stop দিতে হয়। খামের বাম পাশে পত্র প্রেরকের নাম, ঠিকানা লেখা যায়; তবে তা না লিখলেও চলে।

   Formal Letter-এর **Heading** এর একটু নিচে এবং **Salutation** এর একটু উপরে 'Subject' বা 'বিষয়' উল্লেখ করতে হয়। এ অংশে আবেদনকারী যে বিষয়ে আবেদন করে সেটা স্পষ্টভাবে লিখতে হয়।

   বর্তমান নিয়ম অনুসারে Letter এর বিভিন্ন অংশ নিম্নের ছকের মাধ্যমে একনজরে দেখানো হয় :

Informal Letter (Private Letter)-এর নমুনা :

1. **Heading** (হেডিং-শিরোনাম)
   6/A, Naya Paltan, Dhaka,
   May 20, 2016.
2. **Salutation** (স্যালুটেশন-সম্ভাষণ)
   My dear 'X'
3. **Body of the letter** (পত্রের গর্ভ/মূল বক্তব্য)
4. **Subscription** (সাবস্ক্রিপশন-বিদায় সম্ভাষণ)
   Yours ever
5. **Signature** (সিগনেচার-স্বাক্ষর)
   Masud.

6. **Superscription :** (সুপারস্ক্রিপশন-প্রাপকের ঠিকানা)
   Envelope (এনভেলপ-খাম)
   Stamp
   From
   'Y'
   6/A, Naya Paltan
   Dhaka.
   To,
   Kazi Mijan
   Vill : Muggunni Shekh Para
   Post : Chinatola
   Thana : Monirampur
   Dist : Jessore

Formal Letter এর নমুনা :

1. **Heading** (হেডিং-শিরোনাম)
   20 May, 2016.
   The Principal
   'Z' College, Dhaka
   Subject
2. **Salutation** (স্যালুটেশন-সম্ভাষণ)
   Sir
3. **Body of the letter** (পত্রের গর্ভ/মূল বক্তব্য)
4. **Subscription** (সাবসক্রিপশন-বিদায় সম্ভাষণ)
   Your most obedient pupil
5. **Signature** (সিগনেচার-স্বাক্ষর)
   Amin.
6. **Superscription :** (সুপারস্ক্রিপশন-প্রাপকের ঠিকানা)
   Envelope (এনভেলপ-খাম)
   Stamp
   From
   Amin
   Roll No.
   'Y' College
   Dhaka.
   To,
   The Principal
   'Y' College
   Dhaka.

Formal Letters-আনুষ্ঠানিক পত্র

Application Writing-এর সূচিপত্র

26. Application for changing elective subject (ঐচ্ছিক বিষয় পরিবর্তন করার জন্য আবেদন।)
27. Application for setting up a library in our school. (বিদ্যালয়ে একটি লাইব্রেরি স্থাপন করার জন্য আবেদন।)
28. Application for lending a book from the school library. (স্কুল লাইব্রেরি হতে একটি বই ধার চেয়ে আবেদন।)
29. Application for a common room in our school. (বিদ্যালয়ে একটি কমন রুম চেয়ে আবেদন।)
30. Application for permission to stage a drama. (একটি নাটক মঞ্চস্থ করার জন্য আবেদন।)
31. Application for permission to go on a study tour. (শিক্ষা সফরে যাবার জন্য অনুমতি চেয়ে আবেদন।)
32. Application for permission to go on a picnic. (বনভোজনে যাবার জন্য অনুমতি চেয়ে আবেদন।)
33. Application for organizing a literary club / cultural organization. (সাহিত্য সমিতি বা সাংস্কৃতিক সংঘ খোলার জন্য আবেদন।)
34. Application for setting up a debating club. (একটি বিতর্ক প্রতিযোগিতার ক্লাব খোলার জন্য আবেদন।)
35. Application for an electric fan for our classroom. (শ্রেণিকক্ষের জন্য একটি বৈদ্যুতিক পাখা চেয়ে আবেদন।)
36. Application for holding coaching classes. (কোচিং ক্লাসের জন্য আবেদন।)
37. Application for holding the test examination two weeks later. (নির্বাচনি পরীক্ষা দুই সপ্তাহ পিছানোর জন্য আবেদন।)
38. Application for sinking a tube-well in the school campus. (স্কুল ক্যাম্পাসে একটি নলকূপ স্থাপন করার জন্য আবেদন।)
39. Application for making a flower garden in our school campus. (স্কুল ক্যাম্পাসে একটি ফুলের বাগান তৈরি করার জন্য আবেদন।)
40. Application for a school bus. (একটি স্কুল বাসের জন্য আবেদন।)
41. Application for sinking a tube-well. (একটি নলকূপ স্থাপনের জন্য আবেদন।)
42. Application for relief goods for the flood-affected people. (বন্যাদুর্গত মানুষের জন্য ত্রাণসামগ্রী চেয়ে আবেদন।)
43. Application for setting up a post office. (একটি ডাকঘর স্থাপন করার জন্য আবেদন।)
44. Application for electricity (বিদ্যুৎ চেয়ে আবেদন।)
45. Application for setting up a charitable dispensary. (একটি দাতব্য চিকিৎসালয় স্থাপন করার জন্য আবেদন।)
46. Application for the post of an Assistant English Teacher. (সহকারী ইংরেজি শিক্ষক পদের জন্য আবেদন।)
47. Necessity of a primary school (প্রাথমিক বিদ্যালয়ের প্রয়োজনীয়তা)

Lesson-1 পরিচ্ছেদ-১

Application Writing
দরখাস্ত লিখন

1. **Suppose, you are Yasin, a student of Class VI. You were absent from school for illness. Now, write an application to the Headmaster of your school for leave of absence.** (মনে করো, তোমার নাম ইয়াছিন। তুমি ষষ্ঠ শ্রেণির ছাত্র। তুমি অসুস্থতার দরুন বিদ্যালয়ে অনুপস্থিত ছিলে। এখন, তোমার বিদ্যালয়ের প্রধানশিক্ষকের নিকট অনুপস্থিতিজনিত ছুটির জন্য একটি দরখাস্ত লেখ।)

14 June, 2016.
The Headmaster,
A.N.M. High School,
Belabo, Narsingdi.

Subject : Application for leave of absence. (অনুপস্থিতির জন্য ছুটি চেয়ে আবেদন।)

Sir,
With due respect, I beg (বেগ-প্রার্থনা করা) to state that I am a student of Class VI of your school. I could not attend school from 11.06.2016. to 13.06.2016. on account of fever. A medical certificate is attached herewith for your kind consideration.
I, therefore, pray and hope that you would kindly grant (গ্রান্ট-মঞ্জুর করা) me leave of absence for those days only and oblige thereby.

Yours obediently,
Md. Yasin
Class VI, Section–A,
Roll No. 03.

Vocabulary (শব্দার্থ) : teacher *(n)* (টিচার) – শিক্ষক; master-(মাস্টার)-প্রভু, তরুন, শিক্ষক; with due respect (উইথ ডিউ রেসপেক্ট) – যথাবিহিত সম্মানপূর্বক; state *(v)* (স্টেট) – নিবেদন করা/বলা; attend *(v)* (এটেন্ড) – উপস্থিত হওয়া; illness *(n)* (ইলনেস) – অসুস্থতা; fever *(n)* – (ফিভার)-জ্বর; on account of (অন একাউন্ট অব) – কারণে; absence *(n)* (এ্যাবসেন্স) – অনুপস্থিতি; absent *(adj.)* (এ্যাবসেন্ট) – অনুপস্থিত; medical *(adj.)* (মেডিকেল) – চিকিৎসা বিষয়ক; certificate *(n)* (সার্টিফিকেট) – সনদ /প্রমাণ পত্র; attached *(v)* (এ্যাটাচ্‌ড) – সংযুক্ত; herewith (হেয়ারউইথ) – এতদসঙ্গে /এখানে; consideration (কনসিডারেশন) – বিবেচনা।

অনুবাদ : যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির একজন ছাত্র। ১১.০৬.২০১৬ তারিখ হতে ১৩.০৬.২০১৬ তারিখ পর্যন্ত আমার জ্বর থাকার কারণে আমি বিদ্যালয়ে উপস্থিত হতে পারিনি। আপনার সদয় বিবেচনার জন্য একটি মেডিক্যেল সার্টিফিকেট এর সাথে সংযুক্ত করলাম।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, অনুগ্রহপূর্বক ঐ দিনগুলোর ছুটিদানে বাধিত করবেন।
আপনার বাধ্যগত
মোঃ ইয়াছিন
ষষ্ঠ শ্রেণি, সেকশন A, রোল-৩।

2. The marriage ceremony of your elder sister will be held on the next week. Write an application to the Headmaster praying for leave in advance. (আগামী সপ্তাহে তোমার বড় বোনের বিবাহ হবে। অগ্রিম ছুটি চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

19 June, 2016.
The Headmaster,
Harishnagar High School,
Belabo, Narsingdi.
Subject : Application for leave in advance. (অগ্রিম ছুটির জন্য আবেদন।)
Sir,
I beg to state that I am a student of Class VIII of your school. The marriage ceremony of my elder sister will be held on the 21st instant. So, I will not be able to attend school from 20.06.2016 to 24.06.2016.
I, therefore, pray and hope that you would kindly grant me leave in advance for those days only and oblige thereby.
Yours obediently,
Jenia,
Class VIII, Section–A,
Roll No. 01.

Vocabulary (শব্দার্থ) : leave *(n)* (লিভ) – ছুটি; in advance (ইন এ্যাডভান্স) – অগ্রিম /আগাম; marriage *(n)* (ম্যারেজ) – বিবাহ; ceremony *(n)* (সিরিমনি) – অনুষ্ঠান; elder *(adj.)* (এলডার) – বড়; sister *(n)* (সিস্টার) – বোন; instant *(n)* (ইনস্ট্যান্ট) – বর্তমান মাসের (তারিখ); grant *(v)* (গ্রান্ট) – মঞ্জুর করা, প্রদান করা; therefore (দেয়ারফোর) – অতএব; oblige *(v)* (অবলাইজ) – বাধিত করা; able *(adj.)* (এবল) – সক্ষম হওয়া।

অনুবাদ : সবিনয় নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের অষ্টম শ্রেণির একজন ছাত্রী। বর্তমান মাসের একুশ তারিখে আমার বড় বোনের বিবাহ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। তাই আমি ২০.০৬.২০১৬ তারিখে হতে ২৪.০৬.২০১৬ তারিখ পর্যন্ত বিদ্যালয়ে উপস্থিত হতে সমর্থ হব না।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, অনুগ্রহপূর্বক ঐ দিনগুলোর অগ্রিম ছুটি দানে বাধিত করতে আপনার মর্জি হয়।

3. Your school team has won the championship in the Inter-School District Cricket Tournament. Write an application to the Headmaster praying for one day's holiday to celebrate a glorious victory. (তোমাদের বিদ্যালয় আন্তঃজেলা স্কুল ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে। বিজয় উৎসব উদযাপন করার জন্য একদিনের ছুটি চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

10 July, 2016.
The Headmaster,
Homna Pilot High School,
Homna, Comilla.

Subject : Application for one day's holiday. (এক দিনের ছুটির জন্য আবেদন।)

Sir,

We are happy to inform you that our school team has won the championship in the Inter-School District Cricket Tournament 2016 against the Laksam High School team held yesterday. We are very proud of it. So, we wish to celebrate our glorious victory in a befitting manner.

We, therefore, pray and hope that you would kindly grant us one day's holiday to celebrate our glorious victory and oblige thereby.

Yours obediently,
The students of Homna Pilot High School.

Vocabulary (শব্দার্থ) : inform *(v)* (ইনফরম) – জানানো; team *(n)* (টিম) – দল; district *(n)* (ডিস্ট্রিক্ট) – জেলা; championship *(n)* (চ্যাম্পিয়নশীপ) – বিজয় দল/সর্বজয়িত্ব; inter-school (ইন্টার স্কুল) – আন্তঃবিদ্যালয়; tournament (টুর্নামেন্ট) – ক্রীড়া প্রতিযোগিতা; proud *(adj.)* (প্রাউড) – গর্বিত; yesterday *(n)* (ইয়েস্টার-ডে) – গতকাল; against *(p.p.)* (এগেইনস্ট) – বিরুদ্ধে; celebrate *(v)* (সেলিব্রেইট) – উদযাপন করা; glorious *(adj.)* (গ্লোরিয়াস) – মহিমান্বিত, গৌরবময়; victory *(n)* (ভিক্টরি) – বিজয়; befitting *(adj.)* (বিফিটিং) – উপযুক্ত, যথাযোগ্য।

অনুবাদ : আমরা আনন্দের সাথে আপনাকে জানাচ্ছি যে, গতকাল অনুষ্ঠিত আন্তঃজেলা স্কুল ক্রিকেট প্রতিযোগিতা ২০১৬ প্রতিযোগিতায় লাকসাম হাই স্কুল টিমের বিরুদ্ধে আমাদের স্কুল টীম চ্যাম্পিয়ন হয়েছে। আমরা এর জন্য খুবই গর্বিত। সেজন্য আমরা আমাদের মহিমান্বিত বিজয়কে যথাযোগ্য রীতিতে উদযাপন করতে চাই।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, অনুগ্রহপূর্বক আমাদেরকে একদিনের ছুটি দানে বাধিত করবেন।

4. **Write an application to the Headmaster praying for a half-holiday to enjoy a friendly cricket match. (একটি প্রীতি ক্রিকেট খেলা দেখার জন্য অর্ধ-দিবস ছুটি চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)**

21 June, 2016.
The Headmaster,
Laksam Pilot High School,
Laksam, Comilla.
Subject : Application for a half-holiday. (অর্ধ-দিবস ছুটির জন্য আবেদন।)
Sir,
With due respect, we beg to state that a friendly cricket match will be played today at 3:00 pm on our school playground. It will be played between our school team and Homna Pilot High School team. We wish to enjoy the game.
We, therefore, pray and hope that you would kindly grant (গ্র্যান্ট-মঞ্জুর করা) us a half-holiday to enjoy the game and oblige thereby.
Yours obediently,
The students of Laksam Pilot High School.

Vocabulary (শব্দার্থ) : friendly *(adv)* (ফ্রেন্ডলি) – বন্ধুসুলভ; cricket *(n)* (ক্রিকেট) – ক্রিকেট খেলা; be played *(p.p.of.v.)* (বি প্লেড) – খেলা হবে; play-ground (প্লে-গ্রাউন্ড) – খেলার মাঠ; between *(prep.)* (বিটুঈন) – দুইয়ের মধ্যে; enjoy *(v)* (এনজয়) – উপভোগ করা; half-holiday *(n)* (হাফ-হলিডে) – অর্ধ দিবস ছুটি; kindly *(adv)* (কাইন্ডলি) – অনুগ্রহপূর্বক।

অনুবাদ : যথাবিহিত সম্মানপূর্বক সবিনয় নিবেদন এই যে, আজ বেলা ৩টার সময় আমাদের বিদ্যালয় খেলার মাঠে একটি ক্রিকেট ম্যাচ খেলা হবে। এটি আমাদের স্কুল টীম ও হোমনা পাইলট হাই স্কুল টীমের মধ্যে খেলা হবে। আমরা খেলাটি উপভোগ করার ইচ্ছা করি।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, অনুগ্রহপূর্বক আমাদেরকে অর্ধদিবস ছুটি দানে বাধিত করবেন।

5. **Write an application to the Headmaster praying for early leave. (তাড়াতাড়ি ছুটির জন্য প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)**
Or, Praying for leave after the 2nd period on account of feverish. (জ্বরজ্বর ভাব বা হঠাৎ অসুস্থ হওয়ার কারণে দ্বিতীয় ঘণ্টার পর ছুটি চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

10 May, 2016.
The Headmaster,
Amlabo High School,
Belabo, Narsingdi.

Subject : Application for early leave. (তাড়াতাড়ি ছুটির জন্য আবেদন।)

Sir,

I beg to state that I am a student of Class VI of your school. I feel feverish. So, I am unable to stay in the class any longer.

I, therefore, pray and hope that you would kindly grant me leave after the 2nd period and oblige thereby.

Yours obediently,

Salma,

Class VI, Section–A,

Roll No. 01.

Vocabulary (শব্দার্থ) : early *(adj.)* (আরলি) – শীঘ্র, তাড়াতাড়ি; leave *(n)* (লিভ) – ছুটি; feel *(v)* (ফিল) – বোধ করা; feverish *(adj.)* (ফেভারিশ) – জ্বরজ্বরভাব; unable *(adj.)* (আনএ্যাবল) – অসমর্থ; stay *(adj.)* (স্টে) – অবস্থান করা; any longer (এ্যানি লংগার) – অধিক সময়; period *(n)* (পিরিয়ড) – ঘণ্টা; obediently *(adv)* (অবিডিয়েন্টলি) – অনুগত।

অনুবাদ : সবিনয় নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির একজন ছাত্রী। আমি জ্বরজ্বর অনুভব করছি। তাই শ্রেণিতে দীর্ঘ সময় অবস্থান করতে আমি অসমর্থ।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি, অনুগ্রহপূর্বক দ্বিতীয় ঘণ্টার পর আমাকে ছুটি দানে বাধিত করিবেন।

6. Write an application to the Headmaster praying for remission of delay fine. (বিলম্বে বেতন দেওয়ার কারণে জরিমানা মওকুফের জন্য প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 May, 2016.

The Headmaster,

Boteshwar High School,

Belabo, Narsingdi.

Subject : Application for remission of delay fine. (বিলম্বে বেতন দেওয়ার কারণে জরিমানা মওকুফের জন্য আবেদন।)

Sir,

I beg to state that I am a student of Class VIII of your school. I could not pay my school fees for the months of May and June in time as my father was away from home for his official work.

I, therefore, pray and hope that you would kindly remit the delay fine and take the regular fees only and oblige thereby.

Yours obediently,

Masud Karim,

Class VIII, Section–A,

Roll No. 01.

Vocabulary (শব্দার্থ) : remission *(n)* (রিমিশন) – মওকুফ, মাফ; delay *(adj.)* (ডিলে) – বিলম্ব, দেরি; fine *(n)* (ফাইন) – জরিমানা; pay *(v)* (পে) – পরিশোধ করা; school fees (স্কুল ফিস) – স্কুলের বেতন; away *(adv.)* (অ্যাওয়ে) – দূরে, বাইরে; month *(n)* (মানথ) – মাস; from home (ফ্রম হোম) – বাড়ি থেকে।

অনুবাদ : সবিনয় নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের অষ্টম শ্রেণির একজন ছাত্র। আমার বাবা তাঁর অফিসিয়াল কাজের জন্য বাড়ির বাইরে থাকার কারণে আমি মে ও জুন মাসের স্কুল বেতন যথাসময়ে দিতে পারিনি।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি অনুগ্রহপূর্বক আমার বিলম্ব জরিমানা মওকুফ করে নিয়মিত ফি গ্রহণ করে বাধিত করবেন।

7. Write an application to the headmaster praying for permission to play a friendly football match. (একটি প্রীতি ফুটবল ম্যাচ খেলার জন্য অনুমতি চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

Or, Write an application to the headmaster praying for permission to play an Inter-class Football Match. (একটি আন্তঃ শ্রেণি প্রীতি ফুটবল ম্যাচ খেলার জন্য অনুমতি চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 May, 2016.

The headmaster,
Kalika Prasad High School,
Bhairab, Kishoreganj.

Subject : Application for permission to play a friendly football match/an Inter-Class Football Match. (প্রীতি ফুটবল ম্যাচ/আন্তঃশ্রেণি প্রীতি ফুটবল ম্যাচ।)

Dear Sir,

We, the students of Classes VII and VIII of your school, beg to inform you that we are keen to play a friendly football match today at 4 pm. on our school play-ground.

We, therefore, pray and hope that you would be kind enough to consider our proposal to play the game and oblige thereby.

Yours obediently,
The students of Classes VII and VIII.

Vocabulary (শব্দার্থ) : permission *(n)* (পারমিশন) – অনুমতি; inter-class (ইন্টার-ক্লাস) – আন্তঃশ্রেণি; keen *(adj.)* (কীন) – আগ্রহী, ইচ্ছুক; football match (ফুটবল ম্যাচ) – ফুটবল খেলা; kind *(adj.)* (কাইন্ড) – দয়ালু, সদয়; enough *(adj.)* (এনাফ) – যথেষ্ট; consider *(v)* (কনসিডার) – বিবেচনা করা; proposal (প্রপোজাল) *(n)* – প্রস্তাব।

অনুবাদ : আমরা আপনার বিদ্যালয়ের সপ্তম ও অষ্টম শ্রেণির ছাত্রছাত্রীবৃন্দ আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি যে, আজ বেলা 8 ঘটিকার সময় আমাদের বিদ্যালয়ের খেলার মাঠে আমরা একটি প্রীতি ফুটবল ম্যাচ /আন্তঃশ্রেণি ফুটবল ম্যাচ খেলার ইচ্ছা করছি।

অতএব, দয়া করে আমাদের প্রস্তাবটি বিবেচনাপূর্বক ফুটবল খেলার অনুমতি দানে বাধিত করবেন।

8. Write an application to the Headmaster for admission in a school. (বিদ্যালয়ে ভর্তি হবার জন্য প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।).

20 June, 2016.

The Headmaster,
Dakshin Dhuru High School,
Belabo, Narsingdi.

Subject : Application for admission. (বিদ্যালয়ে ভর্তি হবার জন্য আবেদন।)

Sir,

I beg most respectfully to state (স্টেট-বর্ণনা করা) that I was a student of Class VIII of Homna High School in Comilla. My father is a government (গভর্নমেন্ট-সরকারি) service holder. I lived in Homna with my father. But now he has been transferred from Homna to Belabo. So, I want to get myself admitted into your school in Class VIII.

I, therefore, pray and hope that you would kindly admit me in class VIII in your school and oblige thereby.

Yours obediently,
Md. Kamal.

Vocabulary (শব্দার্থ) : admission *(n)* (এ্যাডমিশন) – ভর্তি; respectfully *(adv)* (রেসপেক্টফুলি) – শ্রদ্ধার সাথে, বিনীতভাবে; service *(n)* (সারভিস) – চাকরি, কাজ; service-holder *(n)* (সারভিস-হোল্ডার) – চাকরিজীবী; transferred *(v)* (ট্রান্সফারড) – বদলি; want *(v)* (ওয়ান্ট) – চাওয়া; get myself admitted (গেট মাইসেল্ফ এ্যাডমিটেড) – নিজে ভর্তি হওয়া; admit *(v)* (এ্যাডমিট) – ভর্তি করা।

অনুবাদ : আমি গভীর শ্রদ্ধার সাথে জানাচ্ছি যে, আমি কুমিল্লায় হোমনা উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণির একজন ছাত্র ছিলাম। আমার বাবা একজন সরকারি চাকরিজীবী। আমি হোমনায় আমার বাবার সাথে বাস করতাম। কিন্তু এখন, তাকে হোমনা হতে বেলাবোতে বদলী করা হয়েছে। সেজন্য আমি আপনার বিদ্যালয়ে অষ্টম শ্রেণিতে ভর্তি হতে চাই।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, অনুগ্রহপূর্বক আমাকে অষ্টম শ্রেণিতে ভর্তি করে বাধিত করবেন।

9. Suppose, you are Yousuf of Gazipur Govt. High School in Class X. You know that in the present situation of communicative method, you need a communicative English-learning club. Now, write an application to the Headmaster to establish a communicative English language club. (মনে করো, তুমি ইউসুফ গাজীপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের একজন ছাত্র। তুমি জান **Communicative** পদ্ধতির বর্তমান অবস্থায় তোমাদের একটি **Communicative English** শেখার ক্লাব প্রয়োজন। এখন, প্রধানশিক্ষকের নিকট **"Communicative English"** ভাষা শিখার একটি ক্লাব প্রতিষ্ঠা করার জন্য একটি দরখাস্ত লেখ।)

15 March, 2016.
The Headmaster,
Gazipur Govt. High School,
Gazipur.

Subject : Application for establishing a Communicative English language club. ("Communicative English" ভাষা শিখার ক্লাব প্রতিষ্ঠার জন্য আবেদন।)

Sir,

This is to inform you that we are the students of Class X of your school. We feel it necessary to establish a communicative (কমিউনিকেটিভ) English language club in our school compound. (কমপাউন্ড-প্রাঙ্গন) We are enthusiastic that such a club will help us much in developing (ডেভেলপিং-বিকাশে) our communicative skills (স্কিলস-দক্ষতা) of English.

Therefore, we like to request you to make all arrangements to establish a communicative English language club in our school and oblige thereby.

Sincerely yours,
Md. Yousuf
On behalf of the students of Class X,
Gazipur Govt. High School.

Vocabulary (শব্দার্থ) : establish *(v)* (ইস্টাবলিশ) – প্রতিষ্ঠা করা; necessary *(adj.)* (নেসেসারি) – আবশ্যক; feel *(v)* (ফিল) – অনুভব করা; arrangement (এ্যারেঞ্জমেন্ট) – ব্যবস্থা; enthusiastic (এনথিউজিয়াস্টিক) – অত্যন্ত আগ্রহান্বিত; request *(v)* (রিকোয়েস্ট) – অনুরোধ করা; skill (স্কিল) – দক্ষ; develop *(v)* (ডেভেলপ) – উন্নতি করা।

১৫ই মার্চ, ২০১৬
প্রধান শিক্ষক,
গাজীপুর সরকারি উচ্চ বিদ্যালয়,
গাজীপুর।

বিষয় : কমিউনিকেটিভ ইংরেজি ভাষা শিখার ক্লাব প্রতিষ্ঠার জন্য আবেদন।
মহোদয়,
আপনার জ্ঞাতার্থে বিনীত নিবেদন এই যে, আমরা আপনার বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রছাত্রীবৃন্দ। আমরা আমাদের বিদ্যালয়ে একটি কমিউনিকেটিভ ইংরেজি শিখার ক্লাব প্রতিষ্ঠা করার প্রয়োজনবোধ করছি। আমরা অত্যন্ত আগ্রহান্বিত যে, এরূপ ক্লাব ইংরেজির দক্ষতা উন্নয়ন করতে অনেকটা সাহায্য করবে।
অতএব, আমাদের অনুরোধ এরূপ ক্লাব প্রতিষ্ঠার জন্য আপনি প্রয়োজনীয় সকল আয়োজনের ব্যবস্থা করে আমাদেরকে বাধিত করবেন।
আপনার একান্ত,
মোঃ ইউসুফ
দশম শ্রেণির ছাত্রছাত্রীদের পক্ষে।

10. Suppose, there is no computer club in your school. But the students of your school feel the need of a computer club. Now, write an application to the Headmaster of your school praying for the setting up /establishment of a computer club.
(মনে করো, তোমাদের বিদ্যালয়ে কোনো কম্পিউটার ক্লাব নেই। কিন্তু তোমাদের বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা একটি কম্পিউটার ক্লাবের প্রয়োজনীয়তা অনুভব করছে। এখন, একটি কম্পিউটার ক্লাব প্রতিষ্ঠা করার জন্য প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

10 April, 2016.
The Headmaster,
Manikgonj Pilot High School,
Manikgonj.

Subject : Application for setting up a computer club.
(কম্পিউটার ক্লাব প্রতিষ্ঠার জন্য একটি আবেদন।)

Sir,
We, the students of your school, have the honour (অনার) to state that we are keenly (কিনলি-অত্যন্ত তীব্রভাবে) interested in computer.
Our school is a traditional one. But it is a matter (ম্যাটার-বিষয়) of great regret that there is no computer club in our school. Though many students have taken computer subject, they have not any opportunity to practise (প্যাক্টিস-চর্চা) with computer. If a computer club is set up in our school, many students will learn how to operate (অপারেট-চালনা করা) it.
We, therefore, humbly pray and fervently hope that your honour would be kind enough to set up a computer club in our school and oblige thereby.
We remain,
Sir,
The students of the school.

Vocabulary (শব্দার্থ) : traditional *(adj.)* (ট্রেডিশনাল) – ঐতিহ্যবাহী; great *(adj.)* (গ্রেট) – মহান; regret (রিগ্রেট) – পরিতাপ; interested (ইন্টারেস্টেড) – আগ্রহী; set up (সেট আপ) – স্থাপন করা; humbly (হাম্বলি) – বিনীতভাবে; fervently (ফারভেন্টলি) – আগ্রহের সাথে; single moment (সিঙ্গেল মোমেন্ট) – এক মুহূর্ত; moment *(n)* (মোমেন্ট) – মুহূর্ত; opportunity *(n)* (অপরচুনিটি) – সুযোগ।

১০ই এপ্রিল, ২০১৬
প্রধান শিক্ষক,
মানিকগঞ্জ পাইলট হাই স্কুল,
মানিকগঞ্জ।

বিষয় : কম্পিউটার ক্লাব প্রতিষ্ঠার জন্য আবেদন।

মহাত্মন্,
বিনীত নিবেদন এই যে, আমরা আপনার বিদ্যালয়ের ছাত্রছাত্রীবৃন্দ জানাচ্ছি যে, আমরা কম্পিউটার সম্বন্ধে খুবই আগ্রহী।
আমাদের বিদ্যালয়টি একটি ঐতিহ্যবাহী বিদ্যালয়। কিন্তু বড়ই পরিতাপের বিষয় যে আমাদের বিদ্যালয়ে কোনো কম্পিউটার ক্লাব নেই। যদিও অনেক ছাত্রছাত্রী কম্পিউটার বিষয়টি নিয়েছে, কম্পিউটার নিয়ে চর্চা করার কোনো সুযোগও তাদের নেই। যদি একটি কম্পিউটার ক্লাব স্থাপন করা হয়, তবে অনেক ছাত্রছাত্রী এটা পরিচালনা করতে শিখবে।
সুতরাং, আমরা বিনীত ও আকুলভাবে প্রার্থনা করি আমাদের বিদ্যালয়ে একটি কম্পিউটার ক্লাব স্থাপনে আপনার যেন সদয় মর্জি হয়।
বিনীত নিবেদক
বিদ্যালয়ের ছাত্রছাত্রীবৃন্দ।

11. Suppose, there is no computer set in your school. But the students of your school feel the need of a computer set. Now, write an application to the Headmaster of your school praying for a computer set in your school. (মনে করো, তোমার বিদ্যালয়ে কোনো কম্পিউটার সেট নেই। কিন্তু তোমাদের বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা একটি কম্পিউটার সেটের প্রয়োজন অনুভব করছে। এখন, তোমাদের বিদ্যালয়ে একটি কম্পিউটার সেট চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

02 March, 2016.
The Headmaster,
Motijheel Govt. Boys' High School,
Dhaka.

Subject : Application for a computer set in our school. (আমাদের বিদ্যালয়ে একটি কম্পিউটার সেটের জন্য আবেদন।)

Sir,
We inform you that ours is a reputed school but there is no computer set in our school. We have a computer studies subject and a computer instructor (ইন্সট্রাকটর-প্রশিক্ষক) in our school. He teaches us only the theory. We are being deprived of our practical (প্র্যাক্টিক্যাল-বাস্তবধর্মী) knowledge (নলেজ-জ্ঞান). We are unable to make a good result in this situation.
We, therefore, pray and hope that you would be kind enough to consider our prayer for a computer set in our school to remove our sufferings and oblige thereby.
Yours obediently,
The students of Motijheel Govt. Boys' High School.

Vocabulary (শব্দার্থ) : reputed school (রিপিউটেড স্কুল) – বিখ্যাত স্কুল; computer studies (কম্পিউটার স্টাডিজ) – কম্পিউটার শিক্ষা; theory *(n)* (থিওরি) – তত্ত্বীয় শিক্ষা; deprive *(adj.)* (ডিপ্রাইভ) – বঞ্চিত; unable *(adj.)* (আনয়্যাবল) – অসমর্থ; situation *(n)* (সিচুয়েশন) – অবস্থা; therefore (দেয়ারফোর) – অতএব; grant *(v)* (গ্র্যান্ট) – মঞ্জুর করা; remove *(v)* (রিমুভ) – দূর করা; sufferings (সাফারিংস) – দুর্ভোগ।

২রা মার্চ, ২০১৬
প্রধান শিক্ষক,
মতিঝিল বালক সরকারি উচ্চ বিদ্যালয়,
ঢাকা।
বিষয় : আমাদের বিদ্যালয়ে একটি কম্পিউটার সেটের জন্য আবেদন।
মহাত্মন,
আমরা আপনাকে জানাচ্ছি যে, আমাদের বিদ্যালয়টি বিখ্যাত কিন্তু আমাদের বিদ্যালয়ে কোনো কম্পিউটার সেট নেই। আমাদের কম্পিউটার বিষয় আছে এবং একজন কম্পিউটার নির্দেশকও আছেন। তিনি কেবলমাত্র তত্ত্বীয় শিক্ষা দেন। আমরা ব্যবহারিক শিক্ষা হতে বঞ্চিত। এ অবস্থায়, আমরা ভালো ফলাফল করতে অক্ষম।
অতএব, মহোদয় সমীপে বিনীত প্রার্থনা, আপনি আমাদের প্রার্থনাটি বিবেচনা করে আমাদের দুর্ভোগ দূর করতে সদয় হবেন এবং তদ্দ্বারা বাধিত করবেন।
আপনার বাধ্যগত ছাত্রবৃন্দ
মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়,
ঢাকা।

12. **Write an application to the Deputy Commissioner of your district drawing his attention to the presence of arsenic in the tube-well water in your locality.** (তোমার এলাকার নলকূপের পানিতে আর্সেনিকের উপস্থিতির প্রতি মনোযোগ আকর্ষণ করে তোমার জেলা প্রশাসকের নিকট একটি দরখাস্ত লেখ।)

15 April, 2016.
The Deputy Commissioner,
Pabna.

Subject : Presence of arsenic in tube-well water. (নলকূপের পানিতে আর্সেনিকের উপস্থিতি।)

Sir,

We, the inhabitants of village Shahibagh (শাহীবাগ) under Sadar thana in your district (ডিস্ট্রিক্ট-জেলা), beg to draw your kind attention to the fact that arsenic (আর্সেনিক) in the tube-well water of our village has been detected (ডিটেক্টিড-সনাক্তকৃত). All of us know that it causes great harm to our health. Some people have already been attacked by arsenic-borne diseases. Their condition is deteriorating day by day. We are afraid that the arsenic-borne diseases may break out in an epidemic form. Panic has seized (সীজ্‌ড) the people of this village. Above all, it is a national problem.

Under the above circumstances (সার্কামস্ট্যান্সেস), we hope and pray that you would be kind enough to take necessary steps to remove this problem and save the lives of the destitutes.

Yours faithfully,
Aminur Rahman
On behalf of the inhabitants of Shahibagh.

Vocabulary (শব্দার্থ) : inhabitants (ইনহ্যাবিট্যান্টস) – অধিবাসী; draw *(n)* (ড্র) – আকর্ষণ করা; attention *(n)* (এটেনশন) – মনোযোগ; fact (ফ্যাক্ট) – সত্য ঘটনা; condition (কনডিশন) – অবস্থা; afraid *(adj.)* (এফ্রেড) – ভীত; break out (ব্রেক আউট) – প্রাদুর্ভাব হওয়া; epidemic (এপিডেমিক) – মহামারী; panic *(adj.)* (প্যানিক) – আতঙ্ক; destitute (ডেসটিটিউট) – অভাবগ্রস্ত, নিঃস্ব, সহায় সম্পত্তিহীন; seize (সিজ) – আক্রমণ করা, ধরা; attacked (অ্যাটাক্ট) – আক্রমণ করল; deteriorating (ডিটারিওরেটিং) – অধিকতর খারাপ করা বা হওয়া; national (ন্যাশনাল) – জাতীয়; on behalf of (অন বিহাফ অব) – পক্ষে।

১৫ই এপ্রিল, ২০১৬
জেলা প্রশাসক,
পাবনা।
বিষয় : নলকূপের পানিতে আর্সেনিকের উপস্থিতি।
মহোদয়,
আমরা আপনার জেলার সদর উপজেলার বাসিন্দা। একটি বিষয়ের প্রতি দৃষ্টিদানের জন্য বিনীত নিবেদন করছি যে, আমাদের গ্রামের নলকূপের পানি আর্সেনিকবাহিত বলে চিহ্নিত হয়েছে। আমরা সকলেই জানি যে, এটি স্বাস্থ্যের অত্যন্ত ক্ষতি করে। ইতোপূর্বে, কতিপয় লোক আর্সেনিকবাহিত রোগে আক্রান্ত হয়েছে। তাদের অবস্থা দিন দিন অধিকতর খারাপ হচ্ছে। আমরা ভীত যে, এই আর্সেনিকবাহিত রোগসমূহের মহামারী আকারে প্রাদুর্ভাব হতে পারে। এ গ্রামের লোকদের আতঙ্কে ধরেছে। সর্বোপরি, এটি একটি জাতীয় সমস্যা।
উপরিউক্ত অবস্থায় আমরা আশা করি ও প্রার্থনা করি যে, এই সমস্যা দূর করতে আপনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে এবং নিঃস্বদের জীবন রক্ষা করতে আপনার সদয় মর্জি হয়।
আপনার বিশ্বস্ত
আমিনুর রহমান
শাহীবাগ অধিবাসীদের পক্ষে।

13. Suppose, the students of your school are not satisfied with the subject English Second Paper. And they are willing to join more classes on this subject. So, write an application to the Headmaster of your school for some extra classes on English Grammar. (মনে করো, তোমাদের বিদ্যালয়ের ছাত্রছাত্রীবৃন্দ ইংরেজি দ্বিতীয় পত্র বিষয়ে সন্তুষ্ট নয় এবং তারা এ বিষয়ে আরো অধিক ক্লাসে যোগদান করতে ইচ্ছুক। তাই, কতিপয় অতিরিক্ত ক্লাসের জন্য প্রধান শিক্ষক বরাবরে একটি আবেদনপত্র লেখ।)

02 April, 2016.
The Headmaster,
Khilgaon High School,
Dhaka.
Subject : Application for extra classes on English grammar. (ইংরেজি ব্যাকরণের উপর অতিরিক্ত ক্লাস নেওয়ার আবেদন।)
Sir,
With due respect, we, the students of Humanities (হিউম্যানিটিস-মানবিক) Group of your school, beg to state that we are keenly interested in learning (লার্নিং-শিক্ষা) English language properly for S.S.C. examination. There are many brilliant students in our group who are very eager (ইজার-আগ্রহী) to know English

grammar. But we cannot improve our English for the lack of enough classes on English Grammar. So, it is very necessary to increase our English grammar classes for our improvement on English language. From these classes, we shall learn English grammar and develop our knowledge accurately.
We, therefore, pray and hope that you would be kind enough to take necessary steps to start extra classes on English grammar in Class X and oblige thereby.
We remain,
Sir,
Yours obediently,
The students of Khilgaon High School,
Dhaka.

Vocabulary (শব্দার্থ) : respect *(n)* (রেসপেক্ট) – সম্মান, শ্রদ্ধা; group *(n)* (গ্রুপ) – বিভাগ; improve *(v)* (ইমপ্রুভ) – উন্নতি হওয়া; keenly (কীনলি) – তীব্রভাবে ব্যগ্র, brilliant (ব্রিলিয়ান্ট) – মেধাবী; properly *(adv)* (প্রোপারলি) – সঠিকভাবে; lack of (ল্যাক অব) – অভাব; increase (ইনক্রিজ) – বৃদ্ধি পাওয়া; extra (এক্সট্রা) – অতিরিক্ত; interested (ইন্টারেস্টেড) – আগ্রহী; accurately *(adv)* (অ্যাকিউরেটলি) – শুদ্ধভাবে।

২রা এপ্রিল, ২০১৬
প্রধান শিক্ষক,
খিলগাঁও উচ্চ বিদ্যালয়, ঢাকা।
বিষয় : ইংরেজি ব্যাকরণের উপর অতিরিক্ত ক্লাস নেওয়ার আবেদন।
মহোদয়,
যথাবিহীত সম্মানপ্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা আপনার স্কুলের মানবিক বিভাগের শিক্ষার্থীরা জানাচ্ছি যে, আমরা এস.এস.সি. পরীক্ষার জন্য সঠিকভাবে ইংরেজি ভাষা শিক্ষা করতে অত্যন্ত আগ্রহী। আমাদের বিভাগে অনেক মেধাবী ছাত্রছাত্রী আছে, যারা ইংরেজি ব্যাকরণ জানতে খুব উৎসাহী। কিন্তু যথেষ্ট ইংরেজি ক্লাসের অভাবে আমরা ইংরেজি ব্যাকরণে উন্নতি করতে পারিনি। সুতরাং ইংরেজি ভাষায় উন্নয়ন সাধনের জন্য ইংরেজি ব্যাকরণের উপর ক্লাশ সংখ্যা বৃদ্ধি করা অতীব জরুরী। এ ক্লাসগুলো হতে ইংরেজি ব্যাকরণ জানব এবং শুদ্ধভাবে আমরা জ্ঞানের উন্নয়ন সাধন করব।
আমাদের বিনীত প্রার্থনা, এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে ব্যাকরণের উপর অতিরিক্ত ক্লাস আরম্ভ করার ব্যবস্থা গ্রহণ করতে আপনার সদয় মর্জি হয় এবং এতদ্বারা আমাদেরকে বাধিত করবেন।
বিনীত নিবেদক
আপনার বাধ্যগত
খিলগাঁও উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রছাত্রীবৃন্দ।
ঢাকা।

14. Suppose, you are a student of Dhaka Cantonment High School. You want to study in a foreign school. Now, write an application to the Director of the school calling for necessary information. (মনে করো, তুমি ঢাকা ক্যান্টনমেন্ট স্কুলের একজন ছাত্র। তুমি বিদেশের কোনো স্কুলে পড়তে ইচ্ছুক। প্রয়োজনীয় তথ্য জানতে চেয়ে সেই স্কুলের পরিচালক বরাবর আবেদনপত্র লেখ।)

12 February, 2016.

To
The Director,
Victoria High School,
Melbourne, Australia.

Subject : Application for necessary information. (প্রয়োজনীয় তথ্যের জন্য আবেদন।)

Sir,

With due respect, I beg to state that I want to get myself admitted (অ্যাডমিটেড) into your school. But I am not aware of the admission procedure (প্রসিডিউর-নিয়মাবলি) of your school.

I, therefore, pray and hope that you would be kind enough to send me a prospectus containing necessary information and oblige thereby.

Yours obediently,
Md. Yeasin,
A student of Dhaka Cantonment High School,
Dhaka.

Vocabulary (শব্দার্থ) : respect *(n)* (রেসপেক্ট) – সম্মান; aware of (অ্যাওয়ার অফ) – অবগত হওয়া; send *(v)* (সেন্ড) – পাঠানো; admit (অ্যাডমিট) – ভর্তি হওয়া; information (ইনফরমেশন) – তথ্য; prospectus *(n)* (প্রসপেক্টাস) – কার্য-বিবরণী; procedure (প্রসিডিউর) – নিয়মাবলি; contain (কনটেইন) – ধারণ করা; oblige (অবলাইজ) – বাধিত করা।

১২ই ফেব্রুয়ারি, ২০১৬

বরাবর
পরিচালক,
ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয়,
মেলবোর্ন, অস্ট্রেলিয়া।

বিষয় : প্রয়োজনীয় তথ্যের জন্য আবেদন।

মহাত্মন,

যথাবিহীত সম্মানপ্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি আপনার স্কুলে ভর্তি হতে চাই। কিন্তু আপনার বিদ্যালয়ের ভর্তির নিয়মাবলি আমার জানা নেই।

অতএব, মহোদয় সমীপে বিনীত প্রার্থনা, আপনি আমাকে প্রয়োজনীয় তথ্য সম্বলিত একটি কার্য-বিবরণী পাঠিয়ে আমাকে বাধিত করবেন।
আপনার বাধ্যগত,
মো. ইয়াছিন
ঢাকা ক্যান্টনমেন্ট উচ্চ বিদ্যালয়, ঢাকা।

15. Suppose, you are a student of Sonapur High School. The students of your school want to go on an excursion. Now, write an application to your Headmaster for the permission of going on an excursion. (মনে করো, তুমি সোনাপুর হাই স্কুলের একজন ছাত্র। তোমাদের ক্লাসের ছাত্রছাত্রীরা প্রমোদভ্রমণে যেতে চায়। এখন, তোমাদের প্রধানশিক্ষকের কাছে প্রমোদভ্রমণে যাবার অনুমতি চেয়ে একটি দরখাস্ত লেখ।)

15 April, 2016.
The Headmaster,
Sonapur High School,
Jamalpur.

Subject : Application for the permission of going on an excursion. (প্রমোদ ভ্রমণে যাবার অনুমতির জন্য আবেদন।)

Sir,
We, the students of class X of your school, would like to inform you that we want to go on an excursion on the 20th of this month. We have decided to go to Cox's Bazar for this purpose. We want to stay there for three days. Some of our teachers will also go with us. Our English teacher will guide us. We have already collected a handsome fund for this purpose.
We, therefore, pray and hope that you would be kind enough to permit us to go on the excursion and oblige thereby.
Yours obediently,
The students of class X of your school.

Vocabulary (শব্দার্থ) : inform *(v)* (ইনফরম) – জানানো; excursion (এক্সকারশন) – প্রমোদভ্রমণ; decide *(v)* (ডিসাইড) – সিদ্ধান্ত নেওয়া; purpose (পারপাস) – উদ্দেশ্য; oblige (অবলাইজ) – বাধিত করা; guide (গাইড) – পরিচালনা করা; therefore (দেয়ারফোর) – অতএব; need (নিড) – দরকার; permit (পারমিট) – অনুমতি দেওয়া; collect *(v)* (কালেক্ট) – সংগ্রহ করা।

১৫ই এপ্রিল, ২০১৬
সোনাপুর হাই স্কুল,
জামালপুর।

বিষয় : প্রমোদভ্রমণে যাবার অনুমতির জন্য আবেদন।
জনাব,
বিনীত নিবেদন এই যে, আমরা আপনার বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রবৃন্দ এ মাসের ২০ তারিখে প্রমোদভ্রমণে যেতে চাই। এ উদ্দেশ্যে আমরা কক্সবাজারে যাবার সিদ্ধান্ত নিয়েছি। আমরা সেখানে ৩ দিন থাকব। কয়েকজন শিক্ষকও আমাদের সাথে যাবেন। আমাদের ইংরেজি শিক্ষক আমাদেরকে পরিচালনা করবেন। তার জন্য আমরা একটি তহবিল সংগ্রহ করেছি।
অতএব, মহোদয় সমীপে বিনীত প্রার্থনা, আমাদেরকে প্রমোদভ্রমণে যাবার অনুমতি প্রদানে বাধিত করতে যেন আপনার মর্জি হয়।
আপনার বাধ্যগত,
আপনার বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রবৃন্দ।

16. Suppose, you are Rasel Khan, a student of Dilalpur High School, Bajitpur, Kishoreganj. You could not pay your school fees in due time. So, your name has been struck off the rolls. Now write an application to the Headmaster of your school praying for re-admission. (মনে করো, তুমি রাসেল খান দিলালপুর উচ্চ বিদ্যালয়, বাজিতপুর, কিশোরগঞ্জের একজন ছাত্র। যথাসময়ে তুমি তোমার বিদ্যালয়ের পাওনাদি পরিশোধ করতে পারোনি। তাই, তোমার নাম কাটা পড়েছে। এখন, পুনঃভর্তির জন্য তোমার বিদ্যালয়ের প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।).

10 April, 2016.
The Headmaster,
Dilalpur High School,
Bajitpur, Kishoreganj.

Subject : Application for re-admission. (পুনঃভর্তির জন্য আবেদন।)
Sir,
Most respectfully I beg to state that I am a student of class X of your school. I could not pay my school fees and other charges for the last month in time as my father was out of our residence. For this, my name has been struck off the rolls. Now my father has come home and I am ready to pay my school fees and other charges.
May I therefore, pray and hope that you would kindly allow my re-admission on receipt of usual dues and oblige thereby.
I remain,
Sir,
Your most obedient pupil,
Rasel Khan,
Class X, Roll–5.

Vocabulary (শব্দার্থ) : other charge (আদার-চার্জ) – অন্যান্য পাওনাদি; fixed date (ফিক্সড ডেট) – নির্ধারিত তারিখ; has been struck off *(v)* (হ্যাজ বীন স্ট্রাক অফ) – কেটে দেওয়া হয়েছে; dues *(n)* (ডিউজ) – পাওনাদি; usual (ইউজুয়াল) – যথারীতি; ready *(adj.)* (রেডি) – প্রস্তুত; pay *(v)* (পে) – পরিশোধ করা; allow (এলাউ) – অনুমতি দেওয়া।

১০ই এপ্রিল, ২০১৬
প্রধান শিক্ষক,
দিলালপুর হাই স্কুল, বাজিতপুর, কিশোরগঞ্জ।

বিষয় : পুনঃভর্তির জন্য আবেদন।

জনাব,
বিনীত নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের দশম শ্রেণির একজন ছাত্র। আমি গত মাসের স্কুলের বেতন ও অন্যান্য পাওনাদি যথাসময়ে দিতে পারিনি। কারণ আমার পিতা বাড়ির বাইরে ছিলেন। এজন্য আমার নাম রোল হতে বাদ দেওয়া হয়েছে। এখন, আমার পিতা বাড়িতে এসেছেন এবং আমি বেতন ও অন্যান্য পাওনাদি পরিশোধ করতে সক্ষম।

অতএব, মহোদয় সমীপে বিনীত প্রার্থনা, আমাকে পাওনাদি যথারীতি পরিশোধের মাধ্যমে পুনঃভর্তির অনুমতি দানে বাধিত করতে মর্জি হয়।

বিনীত নিবেদক
আপনার একান্ত বাধ্যগত ছাত্র,
রাসেল খান
শ্রেণি-দশম, রোল নং-৫।

17. Imagine, you are an inhabitant of Alinagar village, Kishoreganj District. There is no night school in your locality. You are seriously willing to educate the elderly people of your village but since there is no night school, you cannot do. So, now write an application to the Deputy Commissioner of your district requesting him to set up a night school in your locality. (মনে করো, তুমি কিশোরগঞ্জ জেলা, আলীনগর গ্রামের একজন বাসিন্দা। তোমার এলাকায় নৈশ বিদ্যালয় নেই। তোমার গ্রামের বয়স্ক লোকদের শিক্ষিত করার জন্য তুমি খুবই আগ্রহী কিন্তু নৈশ বিদ্যালয় না থাকায় তুমি তা করতে পারছ না। এখন, তোমার এলাকায় একটি নৈশ বিদ্যালয় স্থাপনের অনুরোধ জানিয়ে তোমাদের জেলার জেলা প্রশাসকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 April, 2016.
The Deputy Commissioner,
Kishoreganj.

Subject : Application for setting up a night school. (একটি নৈশ বিদ্যালয় স্থাপনের জন্য আবেদন।)

Sir,

We, the inhabitants of village Alinagar (আলিনগর) under upazila Kuliar-char, Zila, Kishoreganj, would like to inform you that the literacy rate of our locality is only 28%. There are a lot of elderly (ইল্ডারলি) people who are illiterate. We are seriously willing to educate the elderly people of our village. But since there is no night school here, we cannot do so.

In these circumstances we hope and pray that you would be kind enough to make all arrangements to set up a night school in our locality and oblige thereby.

Faithfully yours,
Md. Mustafa Kamal
On behalf of the people of Alinagar.

Vocabulary (শব্দার্থ) : inhabitant *(n)* (ইনহেবিটেন্ট) – অধিবাসী; illiterate *(adj.)* (ইলিটারেট) – অশিক্ষিত; arrangement (এরেঞ্জমেন্ট) – ব্যবস্থা; literacy (লিটারেসি) – স্বাক্ষরতা; rate (রেট) – হার; educate *(v)* (এডুকেট) – শিক্ষিত করা; locality (লোকালিটি) – এলাকা; circumstance *(n)* (সারকামস্টেন্স) – অবস্থা।

অনুবাদ :

২০শে এপ্রিল, ২০১৬
জেলা প্রশাসক,
কিশোরগঞ্জ।

বিষয় : একটি নৈশ বিদ্যালয় স্থাপনের জন্য আবেদন।

মহাত্মন,

আমরা কিশোরগঞ্জ জেলার কুলিয়ারচর উপজেলার অন্তর্গত আলীনগর গ্রামের বাসিন্দাগণ আপনাকে জানাচ্ছি যে আমাদের এলাকায় শিক্ষার হার মাত্র ২৮%। অনেক বয়স্ক লোক আছে যারা অশিক্ষিত। আমরা ভীষণভাবে ইচ্ছুক বয়স্ক লোকদেরকে শিক্ষা দিতে। কিন্তু এখানে কোনো নৈশ বিদ্যালয় না থাকায়, আমরা তা করতে পারছি না।

এমতাবস্থায়, আমরা বিনীতভাবে প্রার্থনা করি আপনি অনুগ্রহপূর্বক একটি নৈশ বিদ্যালয় স্থাপনের প্রয়োজনীয় সকল ব্যবস্থা করে আমাদেরকে বাধিত করবেন।

আপনার বিশ্বস্ত
মো. মোস্তফা কামাল
আলীনগর গ্রামের লোকদের পক্ষে।

18. Write an application to the Headmaster praying for a full free-studentship. (বিনা বেতনে অধ্যয়নের জন্য আবেদন জানিয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 February, 2016.
The Headmaster,
Sunmoon High School,
Shampur, Dhaka.

Subject : Application for a full free-studentship. (বিনা বেতনে অধ্যয়নের জন্য আবেদন।)

Sir,
With due respect, I beg to state that I am a student of Class VI of your school. We have a large family of ten members and four of them are school going. We have no land. My father is a poor businessman. He is the only earning member of our family. Now, he is unable (আনএবল) to bear my educational expenses any longer (লংয়ার).
I therefore, pray and hope that you would kindly grant me a full free-studentship to continue my studies further (ফার্দার) and oblige thereby.
Yours obediently,
Md. Masud,
Class VI, Section–A,
Roll No. 02.

Vocabulary (শব্দার্থ) : full *(adj.)* (ফুল)– পূর্ণ; free-studentship (ফ্রি স্টুডেন্টশীপ)– বিনা বেতনে অধ্যয়ন; large *(adj.)* (লার্জ) – বড়; family *(n)* (ফ্যামিলি)– পরিবার; member *(n)* (মেম্বার)– সদস্য; poor *(adj.)* (পুয়র)– গরিব, দরিদ্র; businessman *(n)* (বিজনেসম্যান)– ব্যবসায়ী; earning *(adj.)* (আর্নিং) – উপার্জনশীল; bear *(v)* (বিয়ার)– বহন করা; educational *(adj.)* (এডুকেশন্যাল)– শিক্ষাগত; expenses *(n)* (এক্সপেনসেস)– ব্যয়; continue *(v)* (কনটিনিউ) – চালিয়ে যাওয়া।

অনুবাদ :
মহাত্মন,
যথাবিহিত সম্মানপূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির একজন ছাত্র। আমাদের দশ সদস্যের একটি বড় পরিবার। তাদের মধ্যে ৪ জন হলো স্কুলগামী। আমাদের কোনো জমিজমা নেই। আমার বাবা একজন গরিব ব্যবসায়ী। তিনি আমাদের পরিবারের একমাত্র উপার্জনশীল ব্যক্তি। এখন, তিনি আমার শিক্ষার ব্যয়ভার বহন করতে অসমর্থ।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই, অনুগ্রহপূর্বক আমাকে সম্পূর্ণ অবৈতনিক ছাত্র হিসেবে অধ্যয়ন করার সুযোগ দানে বাধিত করবেন।

19. Write an application to the head master praying for a financial help from the school poor fund. (বিদ্যালয়ের দরিদ্র তহবিল হতে কিছু আর্থিক সাহায্য চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

25 June, 2016.
The head master,
Raipura R.K.R.M. High School,
Raipura, Narsingdi.

Subject : Application for a financial help from the school poor fund. (বিদ্যালয়ের দরিদ্র তহবিল হতে কিছু আর্থিক সাহায্য চেয়ে আবেদন।)

Sir,

I beg to state that I am a student of Class VIII of your school. We have a large family of ten members. My father is a farmer. He is the only earning (আর্নিং) member of our family. He is unable to bear my educational expenses any longer. I need a financial help from the poor fund of your school.

I therefore, pray and hope that you would be kind enough to grant (গ্র্যান্ট) me a financial help from the poor fund of your school to continue my studies further and oblige thereby.

Yours obediently,
Md. Kabir Ahmed,
Class VIII, Section–A,
Roll No. 02.

Vocabulary (শব্দার্থ) : financial *(adj.)* (ফিনানসিয়েল) – আর্থিক; fund *(n)* (ফান্ড) – তহবিল; need *(v)* (নীড) – প্রয়োজন হওয়া; hope *(v)* (হোপ) – আশা করা; further (ফারদার) – আরো অধিক; studies *(n)* (স্টাডিজ) – পড়াশোনা; thereby (দেয়ারবাই) – দ্বারা।

অনুবাদ : সবিনয় নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের অষ্টম শ্রেণির একজন ছাত্র। আমাদের দশ সদস্যের একটি বড় পরিবার। আমার বাবা একজন কৃষক। তিনি আমাদের পরিবারের একমাত্র উপার্জনশীল ব্যক্তি। তিনি আমার শিক্ষার ব্যয়বহনে অসমর্থ। আপনার বিদ্যালয়ের দরিদ্র তহবিল হতে কিছু আর্থিক সাহায্য প্রয়োজন।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, অনুগ্রহপূর্বক আপনার দরিদ্র তহবিল থেকে কিছু আর্থিক সাহায্য দানে বাধিত করবেন।

20. Write an application to the Principal of your school praying for changing section: (তোমার সেকশন পরিবর্তন করার জন্য অধ্যক্ষের নিকট একটি দরখাস্ত লেখ।)

10 January, 2016.
The Principal,
Banani Alim Madrasah, Dhaka.
Subject : Application for changing section from A to B. (এ শাখা থেকে বি শাখায় পরিবর্তনের জন্য আবেদন।)
Sir,
I beg to state that, I am a weak student of Class VI of section A. I want to change my section from A to B because two of my bosom friends are in section B. They always help me about my studies (স্টাডিস) in time.
I therefore, pray and hope that you would kindly grant my prayer to change my section for my improvement and oblige thereby.
Yours obediently,
Md. Masud,
Class VI, Section–A,
Roll No. 27.

Vocabulary (শব্দার্থ) **:** change *(v)* (চেইনজ) – পরিবর্তন করা; section *(n)* (সেকশন) – শাখা; weak *(adj.)* (উইক) – দুর্বল; because (বিকজ) – কারণ; bosom *(adj.)* (বুজম) – অন্তরঙ্গ, ঘনিষ্ঠ; friend (ফ্রেন্ড) – বন্ধু; about *(p.p.)* (এ্যাবাউট) – সম্বন্ধে; prayer *(n)* (প্রেয়ার) – প্রার্থনা, আবেদন; in time (ইনটাইম) – ঠিক সময়ে, যথাসময়ে; improvement *(n)* (ইমপ্রুভমেন্ট) – অগ্রগতি/ উন্নতি।

অনুবাদ : বিনীত নিবেদন এই যে, আমি ষষ্ঠ শ্রেণির এ শাখার একজন দুর্বল ছাত্র। আমি 'এ' শাখা হতে 'বি' শাখায় আমার শাখা পরিবর্তন করতে চাই। কারণ আমার দুইজন ঘনিষ্ঠ বন্ধু বি শাখায় আছে। তারা সর্বদা আমাকে আমার পড়াশোনার ব্যাপারে সাহায্য করে।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, অনুগ্রহপূর্বক আমার আবেদন মঞ্জুর করে আমার শাখা পরিবর্তন করে বাধিত করবেন।

21. Write an application to the Principal for a transfer certificate. (ছাড়পত্রের আবেদন জানিয়ে অধ্যক্ষের নিকট একটি দরখাস্ত লেখ।)

10 June, 2016.
The Principal,
Narsingdi Alim Madrasah,
Narsingdi.

Subject : Application for a transfer certificate. (ছাড়পত্রের জন্য আবেদন।)

Sir,

I beg most respectfully (রিসপেক্টফুলি-শ্রদ্ধার সাথে) to state that I am a regular student of Class VII of your Madrasah. My father is a government (গভার্নমেন্ট-সরকারী) service-holder. But recently he has been transferred from here to Natore. So, it is not possible for me to continue (কন্টিনিউ-অব্যাহত রাখা) my studies in your Madrasah any longer.

I therefore, pray and hope that you would kindly issue me a transfer certificate and oblige thereby.

I have cleared up my dues up to the current month.

Yours obediently,
Md. Kamal,
Class VII, Section–B,
Roll No. 04.

Vocabulary (শব্দার্থ) : transfer *(v)* (ট্রান্সফার) – বদলী, স্থানান্তর; certificate *(n)* (সার্টিফিকেট) – সনদপত্র, প্রমাণ পত্র; transfer certificate – ছাড়পত্র; regular *(adj.)* (রেগুলার) – নিয়মিত; recently *(adv)* (রিসেন্টলি) – সম্প্রতি; possible *(adj.)* (পসিবল) – সম্ভবপর; issue *(v)* (ইস্যু) – প্রদান করা, বিতরণ করা; clear up *(v)* (ক্লিয়ার আপ) – পরিশোধ করা; up to (আপ-টু) – অবধি; the current month (দ্যা কারেন্ট মানথ) – চলতি মাস; dues *(n)* (ডিউজ) – পাওনাদি, প্রাপ্য টাকা।

অনুবাদ : আমি গভীর শ্রদ্ধার সাথে জানাচ্ছি যে, আমি আপনার মাদরাসার সপ্তম শ্রেণির একজন নিয়মিত ছাত্র। আমার বাবা একজন সরকারি চাকরিজীবী। কিন্তু সম্প্রতি তাকে এখান হতে নাটোরে বদলী করা হয়েছে। সেজন্য আমার পক্ষে আপনার মাদরাসায় আর পড়াশোনা চালিয়ে যাওয়া সম্ভব নয়।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, অনুগ্রহ করে আমার আবেদন মঞ্জুর করে আপনি আমাকে একটি ছাড়পত্র দানে বাধিত করিবেন।

22. Write an application to the principal praying for a testimonial. (প্রশংসা পত্রের জন্য আবেদন জানিয়ে অধ্যক্ষের নিকট একটি দরখাস্ত লেখ।)

18 July, 2016.

The Principal,
Faridpur Alim Madrasah,
Kuliarchar, Kishoreganj.

Subject : Application for a testimonial. (প্রশংসা পত্রের জন্য আবেদন।)

Sir,
I beg to state that I was a regular student of your Madrasah for the last five years. I have passed the Dakhil examination in 2016. from your Madrasah. I obtained G.P.A-5. So, I wish to get myself admitted into a college. Now I need a testimonial from you.
I, therefore, pray and hope that you would kindly issue (ইস্যু-প্রদান করা) me a testimonial referring my character during the period I was in Madrash and oblige thereby.
Yours obediently,
Md. Masud,
Roll- Kuli, No. 2024857
Session : 2015-2016

Vocabulary (শব্দার্থ) : testimonial *(adj.)* (টেস্টিমনিয়েল) – প্রশংসা পত্র; pass *(v)* (পাস) – পাস করা, উত্তীর্ণ হওয়া; obtain *(v)* (অবটেইন) – লাভ করা/অর্জন করা/পাওয়া; wish *(v)* (উইশ) – ইচ্ছা করা; college *(v)* (কলেজ) – মহাবিদ্যালয়; referring to (রেফারিং টু) – উল্লেখ করা; refer *(v)* (রেফার) – উল্লেখ করা; character *(n)* (ক্যারেক্টার) – চরিত্র।

অনুবাদ : বিনীত নিবেদন এই যে, আমি গত পাঁচ বছর যাবত আপনার মাদরাসার একজন নিয়মিত ছাত্র ছিলাম। আমি ২০১৬ সালে আপনার মাদরাসা হতে দাখিল পরীক্ষায় পাস করেছি। আমি G.P.A-5 অর্জন করেছি। তাই আমি একটি কলেজে ভর্তি হওয়ার ইচ্ছা রাখি। এখন, আপনার নিকট হতে আমার একটি প্রশংসাপত্র প্রয়োজন।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, দয়া করে আপনার মাদরাসায় থাকাকালীন সময়ে আমার চারিত্রিক বৈশিষ্ট্য উল্লেখ করে আমাকে একটি প্রশংসাপত্র দানে বাধিত করবেন।

23. Write an application to the principal praying for a seat in the Madrasah hostel. (ছাত্রাবাসে একটি সিটের জন্য আবেদন জানিয়ে অধ্যক্ষের নিকট একটি দরখাস্ত লেখ।)

18 May, 2016.
The Principal,
Kishoreganj Alim Madrasah, Kishoreganj.
Subject : Application for a seat in the Madrasah hostel. (মাদরাসার ছাত্রাবাসে একটি সিটের জন্য আবেদন।)
Sir,
With due respect, I beg to state that I am a student of class VII in your Madrasah. My father is a government service-holder.

Recently he has been transferred (ট্রান্সফার্ড-বদলী হয়েছেন) from here to Narsingdi. But I want to study in your Madrasah. So, I need a seat in your Madrasah hostel.
I therefore, pray and hope that you would kindly allot me a seat in your Madrasah hostel to continue my studies further and oblige thereby.
Yours obediently,
Monir Hossain,
Class : VII, Section–A, Roll No. 01.

Vocabulary (শব্দার্থ) : madrasah hostel (মাদরাসা হোস্টেল) – মাদরাসার ছাত্রাবাস; seat *(n)* (সীট) – আসন; study *(v)* (স্টাডি) – অধ্যয়ন করা; allot *(v)* (অ্যালোট) – বরাদ্দ করা; continue *(v)* (কনটিনিউ) – চালিয়ে যাওয়া; studies *(n)* (স্টাডিজ) – পড়াশোনা।

অনুবাদ : যথাবিহিত সম্মানপূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি আপনার মাদরাসার সপ্তম শ্রেণির একজন ছাত্র। আমার বাবা একজন সরকারি চাকরিজীবী। সম্প্রতি তিনি এখান হতে নরসিংদী বদলী হয়েছেন। কিন্তু আমি আপনার মাদরাসায় পড়াশোনা করতে চাই। তাই আপনার মাদরাসার হোস্টেলে আমার একটি সীট প্রয়োজন।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি অনুগ্রহ করে আপনার হোস্টেলে আমার জন্য একটি সীট বরাদ্দ করে আমার লেখাপড়া চালিয়ে যাওয়ার ব্যবস্থা করবেন।

24. Write an application to the Headmaster praying for setting up a canteen in your school campus. (বিদ্যালয় প্রাঙ্গণে একটি ক্যান্টিন স্থাপন করার জন্য প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

18 May, 2016.
The Headmaster,
Kuliarchar Pilot High School,
Kuliarchar, Kishoreganj.

Subject : Application for setting up a canteen. (ক্যান্টিন স্থাপন করার জন্য আবেদন।)

Sir,
We are happy to inform you that our school is very famous but there is no canteen in our school campus. We have to stay in our school from 9:30 am to 4:00 pm. So, we have to take tiffin from the outside dirty hotels. It is not safe for our health.
We, therefore, pray and hope that you would be kind enough to consider our proposal to set up a canteen in our school campus to remove our sufferings and oblige thereby.
Yours obediently,
The students of Kuliarchar Pilot High School.

Vocabulary (শব্দার্থ) : set up *(v)* – স্থাপন করা; canteen *(n)* (ক্যান্টিন) – খাদ্য ও পানীয় কিনে খাওয়ার দোকান, ক্যান্টিন; school campus (স্কুল ক্যাম্পাস) – বিদ্যালয় চত্বর, প্রাঙ্গণ; famous *(adj.)* (ফেমাস) – বিখ্যাত; outside (আউট সাইড) – বাইরের; dirty *(adj.)* (ডার্টি) – নোংরা; hotel *(n)* (হোটেল) – হোটেল, সরাইখানা; safe *(adj.)* (সেইফ) – নিরাপদ; take tiffin (টেইক টিফিন) – টিফিন করা; proposal *(n)* (প্রপোজাল) – প্রস্তাব; remove *(v)* (রিমোভ) – দূর করা; sufferings *(n)* (সাফারিংস) – কষ্ট।

অনুবাদ : আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, আমাদের বিদ্যালয়টি খুবই প্রসিদ্ধ কিন্তু আমাদের বিদ্যালয় প্রাঙ্গণে কোনো ক্যান্টিন নেই। আমাদেরকে সকাল ৯:৩০ মিনিট হতে বিকাল ৪টা পর্যন্ত বিদ্যালয়ে থাকতে হয়। তাই আমাদেরকে বাইরের নোংরা হোটেল থেকে টিফিন করতে হয়। এটি আমাদের স্বাস্থ্যের জন্য নিরাপদ নয়।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, অনুগ্রহপূর্বক আমাদের প্রস্তাবটি বিবেচনা করে বিদ্যালয় প্রাঙ্গণে একটি ক্যান্টিন স্থাপন করে বাধিত করবেন।

25. Write an application to the Headmaster praying for morning school. (সকাল বেলা স্কুল চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

18 May, 2016.

The Headmaster,
Chhaysuti Union High School,
Kuliarchar, Kishoreganj.

Subject : Application for morning school. (সকাল বেলা বিদ্যালয় চেয়ে আবেদন।)

Sir,

We have the honour to state that the heat of summer of this year is very scorching. It is more unbearable at mid-day. There are many students in our school. We have to stay in our school from 10 am to 4:00 pm.

We, therefore, request you would kindly consider our prayer to hold our classes in the morning from tomorrow to remove our sufferings (সাফারিংস্-কষ্ট ভোগ/দুর্ভোগ) and oblige thereby.

Yours obediently,
The students of Chhaysuti Union High School.

Vocabulary (শব্দার্থ) : honour *(n)* (অনার) – সম্মান, শ্রদ্ধা; heat *(n)* (হিট) – উত্তাপ; summer *(n)* (সামার) – গ্রীষ্মকাল; scorching *(adj.)* (স্কোর্চিং) – গাত্রদাহকর, অত্যন্ত তপ্ত, প্রচণ্ড গা-জ্বালানো; unbearable *(adj.)* (আনবিয়ারেবল) – অসহ্য/অসহনীয়; at mid-day (এ্যাট মিড-ডে) – দুপুরে,

মধ্যদিনে; hold classes (হোল্ড ক্লাসেস) – ক্লাস নেওয়া, ক্লাস অনুষ্ঠিত করা।

অনুবাদ : আমরা শ্রদ্ধার সহিত জানাচ্ছি যে, এই বছর গ্রীষ্মের তাপ প্রচণ্ড। দুপুর বেলাতে এটি আরো বেশি অসহনীয় হয়। আমাদের বিদ্যালয়ে অনেক ছাত্রছাত্রী আছে। আমাদেরকে সকাল ১০টা হতে বিকাল ৪টা পর্যন্ত আমাদের বিদ্যালয়ে থাকতে হয়।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, অনুগ্রহপূর্বক আমাদের আবেদন বিবেচনা করে আগামীকাল থেকে সকালে ক্লাস চালু করে আমাদের দুর্ভোগ লাঘব করতে মর্জি হয়।

26. Write an application to the Headmaster praying for changing of your elective subject. (ঐচ্ছিক বিষয় পরিবর্তন করার জন্য আবেদন জানিয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 May, 2016.

The Headmaster,

Katiadi Pilot Boys' High School,

Katiadi, Kishoreganj.

Subject : Application for changing elective subject (ঐচ্ছিক বিষয় পরিবর্তন করার জন্য আবেদন।)

Sir,.

I beg to state that I am a student of Class IX of your school. At the time of my admission, I took up Biology (বায়লজি-জীববিজ্ঞান) as my elective (ইলেকটিভ-ঐচ্ছিক) subject. But now it seems to me very hard. So, I want to take up Higher Math instead (ইন্সটীড-পরিবর্তে) of Biology.

I, therefore, pray and hope that you would kindly grant my prayer to change my elective subject and oblige (অব্লাইজ-বাধিত করবেন) thereby.

Yours obediently,
Md. Fakir Ahmed,
Class IX, Section–A,
Roll No. 04.

অনুবাদ : সবিনয় নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের নবম শ্রেণির একজন ছাত্র। আমার ভর্তির সময়ে আমি ঐচ্ছিক বিষয় হিসেবে জীববিজ্ঞান নিয়েছিলাম। কিন্তু এখন এটি আমার কাছে খুব কঠিন বলে মনে হয়। তাই, আমি জীববিজ্ঞানের পরিবর্তে উচ্চতর গণিত নিতে চাই।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, দয়া করে আমার আবেদন মঞ্জুর করে আমার ঐচ্ছিক বিষয় পরিবর্তন করে বাধিত করবেন।

27. Write an application to the Headmaster praying for setting up a library in your school. (তোমাদের বিদ্যালয়ে একটি লাইব্রেরি স্থাপন করার জন্য প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 May, 2016.
The Headmaster,
Katiadi Pilot Girls' High School,
Katiadi, Kishoreganj.

Subject : Application for setting up a library in our school. (বিদ্যালয়ে একটি লাইব্রেরি স্থাপন করার জন্য আবেদন।)

Sir,
We beg to state that ours is a reputed school and there are many students here. But there is no library in our school. A school library is very essential for the students.
We, therefore, pray and hope that you would be kind enough to consider our proposal (প্রপোজাল-প্রস্তাব) and take necessary steps to set up a library in our school campus and oblige thereby.
Yours obediently (ওবিডিয়েন্টলী-অনুগত),
The Students of Katiadi Pilot Girls' High School.

Vocabulary (শব্দার্থ) : set up *(v)* – (সেট আপ) – স্থাপন করা; library (লাইব্রেরি) – গ্রন্থাগার; reputed *(adj.)* (রিপিউটেড) – বিখ্যাত, নাম করা; essential *(adj.)* (এ্যাসেনশিয়্যাল) – অত্যাবশ্যক; take necessary steps (টেইক নেসেসারি স্টেপস) – প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ; consider *(v)* (কনসিডার) – ব্যবস্থা গ্রহণ করা, বিবেচনা করা; campus *(n)* (ক্যাম্পাস) – প্রাঙ্গণ; চত্বর।

অনুবাদ : সবিনয় নিবেদন এই যে, আমাদের একটি বিখ্যাত বিদ্যালয় এবং আমাদের বিদ্যালয়ে অনেক ছাত্রী আছে। কিন্তু বিদ্যালয়ে কোনো লাইব্রেরি নেই। একটি বিদ্যালয় লাইব্রেরি ছাত্রীদের জন্য খুবই প্রয়োজন।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, দয়া করে আমাদের প্রস্তাবটি বিবেচনা করে, আমাদের বিদ্যালয় প্রাঙ্গণে একটি লাইব্রেরি স্থাপন করে বাধিত করবেন।

28. Write an application to the Headmaster praying for lending a book from your school library. (বিদ্যালয় লাইব্রেরি হতে একটি বই ধার চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 May, 2016.
The Headmaster,
Kapashia Pilot High School,
Kapashia, Gazipur.

Subject : Application for lending a book from the school library. (বিদ্যালয় লাইব্রেরি হতে একটি বই ধার চেয়ে আবেদন।)

Sir,
I beg to state that I am a student of Class IX of your school. I need a book named 'Bishwanobi (Sm.)' by Golam Mostafa from your school library.
I, therefore, pray and hope that you would be kind enough to give me that book only for ten days and oblige thereby.
Yours obediently,
Md. Kamrul Huda,
Class-IX, Section–A,
Roll No. 01.

Vocabulary (শব্দার্থ) : lend *(v)* (লেন্ড) – ধার করা; only *(adv)* (অনলি) – কেবল, শুধু; for ten days (ফর টেন ডেজ) – দশ দিনের জন্য; need *(v)* (নীড) – প্রয়োজন হওয়া; named *(v)* (নেইমড) – নামক, নামে; library *(n)* (লাইব্রেরি) – গ্রন্থাগার, পাঠাগার; oblige *(v)* (অবলাইজ) – বাধিত করা।

অনুবাদ : সবিনয় নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের নবম শ্রেণির একজন ছাত্র। আপনার লাইব্রেরি হতে গোলাম মোস্তফা রচিত 'বিশ্বনবী (স.)' নামক বইটি আমার প্রয়োজন।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে ১০ দিনের জন্য ঐ বইটি দানে বাধিত করবেন।

29. Write an application to the Headmaster praying for a common room in your school. (তোমাদের বিদ্যালয়ে একটি কমন রুম চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 May, 2016.
The Headmaster,
Joypur Pilot High School,
Dimla, Nilphamari.

Subject : Application for a common room in our school. (বিদ্যালয়ে একটি কমন রুম চেয়ে আবেদন।)

Sir,
With due respect we beg to state that we have been suffering greatly for want of a common room in our school. We spend our leisure and off-periods by gossiping. We shall be benefited if we have a common room with sufficient magazines, indoor games and daily newspapers.
We, therefore, pray and hope that you would kindly grant our prayer to set up a common room in our school campus to remove our sufferings and oblige thereby.
Yours obediently,
The students of Joypur Pilot High School.

Vocabulary (শব্দার্থ) : common room (কমন রুম) – ছাত্রছাত্রীদের মিলনায়তন কক্ষ; greatly *(adv)* (গ্রেটলি) – খুব, বড়ই, অত্যন্ত; for want of (ফর ওয়ান্ট অব) – অভাবে; spend *(v)* (স্পেন্ড) – ব্যয় করা, কাটানো; leisure *(adj.)* (লেজার) – অবকাশ, অবসর; off-period (অফ-পিরিয়ড) – ক্লাস, শিক্ষকবিহীন সময়; by gossiping (বাই গসিপিং) – গল্প-গুজব করে; sufficient *(adj.)* (সাফিসিয়েন্ট) – যথেষ্ট পরিমাণ; be benefitted (বি বেনিফিটেড) – উপকৃত, লাভবান হওয়া।

অনুবাদ : যথাবিহিত সম্মানপূর্বক সবিনয় নিবেদন এই যে, আমাদের বিদ্যালয়ে একটি কমন রুমের অভাবে আমরা বড়ই দুর্ভোগ পোহাচ্ছি। আমরা আমাদের অবসর ও শিক্ষকবিহীন সময়ে গল্প-গুজব করে কাটাই। আমরা লাভবান হব যদি যথেষ্ট পরিমাণ ম্যাগাজিন, ইনডোর গেম ও দৈনিক সংবাদপত্র সম্বলিত একটি কমন রুম আমাদের থাকে।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি অনুগ্রহ করে আমাদের আবেদন মঞ্জুর করে আমাদের বিদ্যালয় প্রাঙ্গণে একটি কমন রুম স্থাপন করে আমাদের দুর্ভোগ লাঘব করতে মর্জি হয়।

30. Write an application to the Headmaster praying for staging a drama by using your school auditorium. (স্কুল অডিটোরিয়াম ব্যবহার করে একটি নাটক মঞ্চস্থ করার জন্য আবেদন জানিয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

Or, Write an application to the Headmaster praying for celebrating a function by using your school auditorium. (স্কুল অডিটোরিয়াম ব্যবহার করে একটি অনুষ্ঠান করার জন্য প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

26 March, 2016.
The Headmaster,
Kamalpur High School,
Kaligonj, Jhenaidah.

Subject : Application for permission to stage a drama. (একটি নাটক মঞ্চস্থ করার জন্য আবেদন।)

Sir,
We are happy to inform you that we want to stage a drama in our school auditorium today at 3 pm on the occasion of 26th March. We have selected "Raktakta Prantar" by Munir Chowdhury.
We, therefore (দেয়ারফোর-অতএব), request you to kindly consider our prayer to stage the drama and oblige thereby.
Yours obediently,
The students of Kamalpur High School.

Vocabulary (শব্দার্থ) : permission *(n)* (পারমিশন) – অনুমতি; stage *(v)* (স্টেইজ) – মঞ্চস্থ করা; auditorium *(n)* (অডিটরিয়াম) – মিলনায়তন; drama *(n)* (ড্রামা) – নাটক; celebrate *(v)* (সিলেব্রেইট) – উদযাপন করা; on the occasion of (অন দ্যা অকেশন অব) – উপলক্ষে; select *(v)* (সিলেক্ট) – নির্বাচন করা।

অনুবাদ : আমরা আনন্দের সাথে আপনাকে জানাচ্ছি যে, আজ বেলা তিন ঘটিকার সময় আমাদের স্কুল অডিটোরিয়ামে আমরা একটি নাটক মঞ্চস্থ করতে চাই। ২৬শে মার্চ উপলক্ষে এটির আয়োজন করা হয়েছে। আমরা মুনীর চৌধুরী রচিত 'রক্তাক্ত প্রান্তর' নাটকটি নির্বাচন করেছি।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে আমাদের নাটক মঞ্চস্থ করার আবেদনটি বিবেচনা করে বাধিত করবেন।

31. Write an application to the Headmaster praying for permission to go on a study tour. (শিক্ষা সফরে যাবার জন্য অনুমতি চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 March, 2016.
The Headmaster,
Kuliarchar Girls' High School,
Kuliarchar, Kishoreganj.

Subject : Application for permission to go on a study tour. (শিক্ষা সফরে যাবার জন্য অনুমতি চেয়ে আবেদন।)

Sir,

We are happy to inform you that we are the students of Class IX of your school. We wish to go on a study tour at Sylhet. It is a historical and a nice picnic spot. This study tour will complete our bookish (বুকিশ-বই পড়ে অর্জিত) knowledge (নলেজ-জ্ঞান) and broaden our outlook.
We, therefore, pray and hope that you would kindly permit (পারমিট) us to go on a study tour and oblige thereby.

Yours obediently,
The students of Class IX of Kuliarchar Girls' High School.

Vocabulary (শব্দার্থ) : permission *(n)* (পারমিশন) – অনুমতি; go on a study tour (গো অন এ স্টাডি ট্যুর) – শিক্ষা সফরে যাওয়া; happy *(adj.)* (হেপি) – আনন্দিত; historical *(adj)* (হিস্টোরিকেল) – ঐতিহাসিক; nice *(adj.)* (নাইস) – সুন্দর; picnic *(n)* (পিকনিক) – বনভোজন; spot *(n)* (স্পট) – স্থান; increase *(v)* (ইনক্রিজ) – বাড়ানো; broaden *(v)* (ব্রডেন) – প্রসারিত করা; out-look *(n)* (আউট-লুক) – দৃষ্টিভঙ্গি।

অনুবাদ : আমরা আনন্দের সাথে আপনাকে জানাচ্ছি যে, আমরা আপনার বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রীবৃন্দ। আমরা সিলেটে শিক্ষা সফরে যেতে ইচ্ছা করি। এটি একটি ঐতিহাসিক ও সুন্দর পিকনিক স্পট। এ শিক্ষা সফর জ্ঞান বাড়াবে ও দৃষ্টিভঙ্গি প্রসারিত করবে।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে আমাদেরকে শিক্ষা সফরে যাওয়ার অনুমতি দানে বাধিত করবেন।

32. Write an application to the Headmaster praying for permission to go on a picnic. (বনভোজনে যাবার জন্য অনুমতি চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 March, 2016.
The Headmaster,
Viqarunnessa Noon School,
Dhaka.

Subject : Application for permission to go on a picnic. (বনভোজনে যাবার জন্য অনুমতি চেয়ে আবেদন।)

Sir,
We are happy to inform you that we are the students of Class IX of your school. We wish to go on a picnic at Wari-Boteshwar. It is a historical (হিস্টোরিক্যাল-ঐতিহাসিক) and a nice picnic spot. Picnic is very essential for us.
We, therefore, pray and hope that you would kindly permit us to go on a picnic and oblige thereby.
Yours obediently,
The students of Class IX of Viqarunnessa Noon School.

Vocabulary (শব্দার্থ) : go on a picnic (গো অন এ পিকনিক) – বনভোজনে যাওয়া; essential *(adj.)* (ইসেনশিয়্যাল) – অত্যাবশ্যক, অতি প্রয়োজনীয়; a nice picnic spot (এ নাইস পিকনিক স্পট) – খুব সুন্দর বনভোজনের স্থান; permit *(v)* (পারমিট) – অনুমতি দান করা; oblige *(v)* (অবলাইজ) – বাধিত করা; yours obediently (ইউরস অবিডিয়েন্টলি) – আপনার অনুগত।

অনুবাদ : আমরা আনন্দের সাথে আপনাকে জানাচ্ছি যে, আমরা আপনার বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রীবৃন্দ। আমরা ওয়ারী-বটেশ্বর বনভোজনে যেতে ইচ্ছা করি। এটি একটি ঐতিহাসিক স্থান ও সুন্দর বনভোজনের স্থান। বনভোজন আমাদের জন্য খুবই প্রয়োজনীয়।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে আমাদেরকে বনভোজনে যাওয়ার অনুমতি দানে বাধিত করবেন।

33. Write an application to the Headmaster praying for organizing a literary club/cultural organization in your school and nominate a teacher as a guide. (তোমাদের বিদ্যালয়ে একটি সাহিত্য সমিতি বা সাংস্কৃতিক সংঘ খোলার জন্য ও তা পরিচালনা করার জন্য একজন প্রতিনিধি শিক্ষক চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 March, 2016.
The Headmaster,
Emad Uddin High School,
Kuliarchar, Kishoreganj.

Subject : Application for organizing a literary club / cultural organization. (সাহিত্য সমিতি বা সাংস্কৃতিক সংঘ খোলার জন্য আবেদন।)

Sir,

We, the students of your school, beg most respectfully (রেসপেক্টফুলি-শ্রদ্ধার সাথে) to state that there is no literary club/cultural (কালচারাল-সাংস্কৃতিক) organization in our school. There are many students in our school. They are very interested in it. We shall organize seminars, debates and many other cultural activities. We shall also publish the school magazines.

We, therefore, request you to kindly consider our prayer to organize a literary club/cultural organization in our school and nominate a teacher as our guide and oblige thereby.

Yours obediently,
The Students of Class IX of Emad Uddin High School.

Vocabulary (শব্দার্থ) : organize *(v)* (অরগ্যানাইজ) – সংগঠিত করা, গঠন করা; literary *(adj.)* (লিটারেরি) – সাহিত্য-বিষয়ক; cultural *(adj.)* (কালচার‍্যাল) – সাংস্কৃতিক; organization *(n)* (অরগ্যানাইজেশন) – সংঘ। interested *(adj.)* (ইন্টারেস্টেড) – আগ্রহী; seminars *(n)* (সেমিনারস) – আলোচনা-সভা; debates *(n)* (ডিবেইটস) – বিতর্ক; activities *(n)* (অ্যাকটিভিটিস) – কর্মকাণ্ড, কার্যকলাপ; publish *(v)* (পাবলিশ) – প্রকাশ করা; nominate *(v)* (নমিনেইট) – মনোনীত করা; guide *(n)* (গাইড) – পথ-প্রদর্শক।

অনুবাদ : আমরা আপনার বিদ্যালয়ের ছাত্রছাত্রীবৃন্দ গভীর শ্রদ্ধার সাথে আপনাকে জানাচ্ছি যে; আমাদের বিদ্যালয়ে কোনো সাহিত্য ক্লাব/সাংস্কৃতিক সংঘ নেই। আমাদের বিদ্যালয়ে অনেক ছাত্রছাত্রী আছে। তারা এতে খুবই আগ্রহী। আমরা সেমিনার, বিতর্ক এবং অন্যান্য সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করব। আমরা বিদ্যালয় সাময়িকীও প্রকাশ করব।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে আমাদের আবেদনটি বিবেচনাপূর্বক আমাদের বিদ্যালয়ে সাহিত্য সমিতি/সাংস্কৃতিক সংঘ গঠন করে এবং একজন শিক্ষককে গাইড হিসেবে মনোনীত করে বাধিত করবেন।

34. Write an application to the Headmaster praying for setting up a debating club in your school and nominate a teacher as a guide. (তোমাদের বিদ্যালয়ে একটি বিতর্ক প্রতিযোগিতার ক্লাব খোলার জন্য ও তা পরিচালনা করার জন্য একজন প্রতিনিধি শিক্ষক চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 March, 2016.
The Headmaster,
Rajarbag High School,
Belabo, Narsingdi.

Subject : Application for setting up a debating club. (একটি বিতর্ক প্রতিযোগিতার ক্লাব খোলার জন্য আবেদন।)

Sir,

We, the students of your school, beg (বেগ-প্রার্থনা করি) to state that there is no debating club in our school. A debating club will make us critic (ক্রিটিক-সমালোচক), out spoken and rational. Rather (র‍্যাদার-অধিকন্তু/তাছাড়া), many students are interested in it.

We, therefore, pray and hope that you would be kind enough to consider our prayer to set up a debating club in our school and nominate a teacher as our guide and oblige thereby.

Yours obediently,
The students of Rajarbag High School.

Vocabulary (শব্দার্থ) : set up *(v)* (সেট আপ) – স্থাপন করা, প্রতিষ্ঠিত করা; critic *(n)* (ক্রিটিক) – সমালোচক; out-spoken *(n)* (আউট-স্পোকেন) – স্পষ্টভাষী; rational *(adj.)* (র‍্যাশন্যাল) – বিচার-বুদ্ধিসম্পন্ন। interested *(adj.)* (ইন্টারেস্টেড) – আগ্রহী; enough *(adj.)* (এনাফ) – যথেষ্ট; prayer *(n)* (প্রেয়ার) – আবেদন, প্রার্থনা।

অনুবাদ : আমরা আপনার বিদ্যালয়ের ছাত্রছাত্রীবৃন্দ বিনয়ের সাথে জানাচ্ছি যে, আমাদের বিদ্যালয়ে কোনো বিতর্ক সংঘ নেই। একটি বিতর্ক সংঘ আমাদেরকে সমালোচক, স্পষ্টভাষী এবং বিচারবুদ্ধিসম্পন্ন করে তুলবে। তদুপরি এ বিষয়ে অনেক ছাত্রছাত্রীরাই আগ্রহী।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, অনুগ্রহপূর্বক আমাদের আবেদন বিবেচনা করে আমাদের বিদ্যালয়ে একটি বিতর্ক সংঘ গঠন করে একজন শিক্ষককে গাইড হিসেবে মনোনীত করে বাধিত করবেন।

35. Write an application to the Headmaster praying for an electric fan for your classroom. (তোমাদের শ্রেণিকক্ষের জন্য একটি বৈদ্যুতিক পাখা চেয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 July, 2016.
The Headmaster,
Manikganj Pilot High School,
Manikganj.

Subject : Application for an electric fan for our classroom. (শ্রেণিকক্ষের জন্য একটি বৈদ্যুতিক পাখা চেয়ে আবেদন।)

Sir,

With due (ডিউ-যথাযথ) respect, we beg to state that we are students of Class VIII of your school. We have been suffering greatly (গ্রেটলি-খুব, অত্যন্ত) for want of an electric fan in our classroom. The summer heat of this year is very scorching. We can not stay in our classroom.

We, therefore, pray and hope that you would kindly sanction (স্যাকশন-মঞ্জুর করা) an electric fan in our classroom to remove our sufferings and oblige thereby.

Yours obediently,
The students of Class VIII,
Manikganj Pilot High School.

Vocabulary (শব্দার্থ) : electric *(adj.)* (ইলেকট্রিক) – বৈদ্যুতিক; for want of (ফর ওয়ান্ট অভ্-অভাবে) fan *(n)* (ফ্যান) – পাখা; class-room *(n)* (ক্লাস-রুম) – শ্রেণিকক্ষ; heat *(n)* (হিট) – উত্তাপ; তাপ; summer (সামার) – গ্রীষ্ম। scorching (স্কোরচিং) – প্রচণ্ড, গা-জ্বালানো; remove *(v)* (রিমোভ) – দূর করা; sufferings (সাফারিংস) – কষ্ট, ভোগান্তি।

অনুবাদ : যথাবিহিত সম্মানপূর্বক সবিনয় নিবেদন এই যে, আমরা আপনার বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রছাত্রীবৃন্দ। আমাদের শ্রেণিকক্ষে একটি বৈদ্যুতিক পাখার অভাবে আমরা বড়ই দুর্ভোগ পোহাচ্ছি। এ বছরের গ্রীষ্মের তাপ বেশ প্রখর। এ অবস্থায় আমরা শ্রেণিকক্ষের মধ্যে অবস্থান করতে পারছি না।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে আমাদের শ্রেণিতে একটি বৈদ্যুতিক পাখা দিয়ে আমাদের কষ্ট দূর করে বাধিত করবেন।

36. Write an application to the Headmaster praying for holding coaching classes. (কোচিং ক্লাসের জন্য আবেদন জানিয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 January, 2016.
The Headmaster,
Feni High School, Feni.

Subject : Application for holding coaching classes. (কোচিং ক্লাসের জন্য আবেদন।)

Sir,

We beg to state that we are the selected candidates for the S.S.C. Examination 2016 from your school. It is a matter of great (গ্রেট)

our syllabus has not yet been completed. Now we need coaching classes especially on English and Bangla for our improvement. We, therefore, pray and hope that you would kindly consider our prayer to hold our coaching classes for our betterment and oblige thereby.

Yours obediently,

The candidates of S.S.C. Examination 2016.

Vocabulary (শব্দার্থ) : coach *(v)* (কোচ) – শিক্ষা দান করা; hold *(v)* (হোল্ড) – অনুষ্ঠিত করা; selected *(adj.)* (সিলেকটেড) – নির্বাচিত; candidate *(n)* (ক্যানডিডেট) – পরীক্ষার্থী; matter *(n)* (ম্যাটার) – বিষয়; regret *(adj.)* (রিগ্রেট) – পরিতাপ, দুঃখ; syllabus *(n)* (সিলেবাস) – পাঠ্যক্রম; yet *(conj)* (ইয়েট) – এখনো; completed *(v)* (কমপ্লিটেড) – সম্পন্ন, শেষ, জানতে হবে; specially *(adv)* (স্পেশ্যালি) – বিশেষভাবে; improvement *(n)* (ইমপ্রুভমেন্ট) – উন্নতি; betterment *(n)* (বেটারমেন্ট) – উন্নতি, অগ্রগতি।

অনুবাদ : বিনীত নিবেদন এই যে, আমরা আপনার বিদ্যালয়ের ২০১৬ সালের এস.এস.সি. পরীক্ষার্থী। বড়ই পরিতাপের বিষয় এই যে, আমাদের সিলেবাস এখনো শেষ হয়নি। এখন, আমাদের উন্নতির জন্য ইংরেজি ও বাংলার উপর বিশেষ গুরুত্ব দিয়ে আমাদের কোচিং ক্লাস প্রয়োজন।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, দয়া করে আমাদের আবেদনটি বিবেচনা করে আমাদের উন্নতির জন্য কোচিং ক্লাস শুরু করে বাধিত করবেন।

37. Write an application to the Headmaster praying for holding the S.S.C. test examination two weeks later. (এস.এস.সি. নির্বাচনি পরীক্ষা দুই সপ্তাহ পিছানোর জন্য আবেদন জানিয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

10 October, 2016.

The Headmaster,

Ideal School and College, Dhaka.

Subject : Application for holding the test examination two weeks later. (নির্বাচনি পরীক্ষা দুই সপ্তাহ পিছানোর জন্য আবেদন।)

Sir,

We, the students of Class X of your school, beg to inform you that our S.S.C. test examination will be held (হেল্ড-অনুষ্ঠিত) on the 21st instant (ইনস্ট্যান্ট-চলতি মাসের). But owing (ওইং-কারণে) to

terrible (টেরিবল-ভয়ঙ্কর/প্রচণ্ড) floods of this year we cannot prepare ourselves smoothly (স্মুথলি). Moreover, owing to crises of teachers we have missed many important classes.

We, therefore, pray and hope that you would kindly hold our test examination two weeks later for our improvement (ইমপ্রুভমেন্ট অগ্রগতি) and oblige thereby.

Yours obediently,

The students of Class X.

অনুবাদ : আমরা আপনার বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রছাত্রীবৃন্দ আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, আমাদের এস.এস.সি. নির্বাচনি পরীক্ষা বর্তমান মাসের একুশ তারিখে অনুষ্ঠিত হবে। কিন্তু এ বছর ভয়াবহ বন্যার কারণে আমরা ভালো প্রস্তুতি গ্রহণ করতে পারিনি। তাছাড়া শিক্ষকের অভাবে আমরা অনেকগুলো গুরুত্বপূর্ণ ক্লাস পাইনি।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে নির্বাচনি পরীক্ষা দুই সপ্তাহ পিছিয়ে দিয়ে আমাদের উন্নতির ব্যবস্থা করে বাধিত করবেন।

38. Write an application to the Headmaster praying for sinking up a tube-well in the school campus. (তোমাদের স্কুল ক্যাম্পাসে একটি নলকূপ স্থাপন করার জন্য প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

10 March, 2016.

The Headmaster,

Sitakund High School,

Sitakund, Chittagong.

Subject : Application for sinking a tube-well in the school campus. (স্কুল ক্যাম্পাসে একটি নলকূপ স্থাপন করার জন্য আবেদন।)

Sir,

We, the students of your school, would like to inform you that there is no tube-well in our school campus. All the students of our school have to collect (কালেক্ট-সংগ্রহ করা) water from the nearby tea-stall which is very dirty and great loss to us. Our classes are also missed and valuable time is also killed.

We, therefore, pray and hope that you would kindly consider our proposal (প্রপোজাল-প্রস্তাব) to sanction a tube-well in the school campus to remove our sufferings and oblige thereby.

Yours obediently,

The students of Sitakund High School.

Vocabulary (শব্দার্থ) : tube-well *(n)* (টিউব-ওয়েল) – নলকূপ; school campus (স্কুল ক্যাম্পাস) – স্কুলের প্রাঙ্গণ; collect *(v)* (কালেক্ট) – সংগ্রহ করা; near-by (নেয়ার-বাই) – নিকটবর্তী; tea-stall (টি-স্টল) – চায়ের দোকান; dirty *(adj.)* (ডার্টি) – নোংরা; miss *(v)* (মিস) – হারানো, না পাওয়া; valuable (ভ্যালুয়েবল) – মূল্যবান; time is also killed (টাইম ইজ অলসো কিলড) – সময়ও নষ্ট হয়; sanction *(v)* (স্যাংশন) – মঞ্জুর করা; loss (লস) – ক্ষতি।

অনুবাদ : আমরা আপনার বিদ্যালয়ের ছাত্রছাত্রীবৃন্দ আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, আমাদের বিদ্যালয় প্রাঙ্গণে কোনো নলকূপ নেই। আমাদের বিদ্যালয়ের সকল ছাত্রছাত্রীকে নিকটবর্তী চা দোকান হতে পানি সংগ্রহ করতে হয়। যা খুবই নোংরা এবং আমাদের খুবই ক্ষতি করে। আমাদের ক্লাসও মিস হয় এবং মূল্যবান সময়ও নষ্ট হয়।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে আমাদের স্কুল চত্বরে একটি নলকূপ মঞ্জুর করার প্রস্তাব বিবেচনা করে আমাদের কষ্ট দূর করতে বাধিত করবেন।

39. Write an application to the Headmaster praying for making a flower garden in your school campus. (তোমাদের স্কুল ক্যাম্পাসে একটি ফুলের বাগান তৈরি করার জন্য প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

10 March, 2016.

The Headmaster,

Belabo Pilot High School,

Belabo, Narsingdi.

Subject : Application for making a flower garden in our school campus. (স্কুল ক্যাম্পাসে একটি ফুলের বাগান তৈরি করার জন্য আবেদন।)

Sir,

We beg most respectfully (রিসপেক্টফুলি-শ্রদ্ধার সাথে) to state that there is no flower garden in our school campus. Our school looks (লুক্স-দেখায়) very bare and poor. A flower garden will make our school nicer. Flower garden is the source of joy and refreshment. We, therefore, request you to kindly consider our proposal to make a flower garden in our school campus and oblige (অবলাইজ-বাধিত) thereby.

Yours obediently (ওবিডিয়েন্টলি-অনুগত),

The students of Belabo Pilot High School.

Vocabulary (শব্দার্থ) : campus *(n)* (ক্যাম্পাস) – প্রাঙ্গণ; flower *(n)* (ফ্লাওয়ার) – ফুল; bare *(adj.)* (বেয়ার) – খালি, শূন্য; make nicer (মেইক নাইসার) – বেশি সুন্দর করা; source (সোরস) – উৎস; joy *(n)* (জয়) – আনন্দ; refreshment *(n)* (রিফ্রেশমেন্ট) – সতেজতা, নবশক্তি।

অনুবাদ : আমরা গভীর শ্রদ্ধার সাথে জানাচ্ছি যে, আমাদের বিদ্যালয় প্রাঙ্গণে কোনো ফুলের বাগান নেই। আমাদের বিদ্যালয়টি খুব মলিন এবং বিবর্ণ দেখায়। একটি ফুলের বাগান আমাদের বিদ্যালয়কে আরো বেশি সুন্দর করবে। ফুলের বাগান আনন্দ ও নবশক্তি দানের উৎস।

অতএব, আমাদের অনুরোধ আপনি দয়া করে বিদ্যালয় প্রাঙ্গণে একটি ফুলের বাগান তৈরির প্রস্তাব বিবেচনা করে বাধিত করবেন।

40. Write an application to the Headmaster praying for a school bus. (একটি স্কুল বাসের জন্য আবেদন জানিয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

10 March, 2016.
The Headmaster,
Lalpur High School,
Lalpur, Natore.

Subject : Application for a school bus. (একটি স্কুল বাসের জন্য আবেদন।)

Sir,
We, the students of your school, beg (বেগ-প্রার্থনা করা) to inform you that we have been suffering for want of a school bus. Many students of our school come from a long distance. It kills (কিলস-অপচয় করে) our valuable time and money. Very often, we miss our classes.

We, therefore, pray and hope that you would kindly (কাইন্ডলি-দয়া করে) grant (গ্রান্ট-মঞ্জুর করা) us a school bus to remove our sufferings (সাফারিংস-কষ্ট/দুর্ভোগ) and oblige thereby.

Yours obediently,
The students of Lalpur High School.

Vocabulary (শব্দার্থ) : inform *(v)* (ইনফরম) – জানানো; suffer *(v)* (সাফার) – দুর্ভোগ পোহানো, কষ্টভোগ করা; for want of (ফর ওয়ান্ট অব) – অভাবে; a long distance (এ লং ডিস্ট্যান্স) – অনেক দূর, দীর্ঘ দূরত্ব; very often (ভেরি অফেন) – প্রায়ই; valuable *(adj.)* (ভ্যালুয়েবল) – মূল্যবান; time *(n)* (টাইম) – সময়; money *(n)* (মানি) – অর্থ; miss (মিস) – না পাওয়া, হারানো; remove *(v)* (রিমোভ) – দূর করা।

অনুবাদ : আমরা আপনার স্কুলের ছাত্রছাত্রীবৃন্দ আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, আমরা একটি স্কুল বাসের অভাবে দুর্ভোগ পোহাচ্ছি। আমাদের স্কুলে অনেক ছাত্রছাত্রী আছে, যাদেরকে অনেক দূর হতে আসতে হয়। এটি আমাদের মূল্যবান সময় ও অর্থ নষ্ট করে। প্রায়-ই আমরা আমাদের ক্লাসসমূহ পাই না। অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, অনুগ্রহপূর্বক আমাদের জন্য একটি স্কুল বাসের ব্যবস্থা করে আমাদের দুর্ভোগ লাঘবে আপনার সদয় মর্জি হয়।

41. Write an application to the chairman of your union parishad for sinking a tubewell in your locality. (তোমার এলাকায় একটি নলকূপ স্থাপনের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট একটি দরখাস্ত লেখ।)

10 March, 2016.
The Chairman,
Amlabo Union Parishad,
Belabo, Narsingdi.

Subject : Application for sinking a tube-well. (একটি নলকূপ স্থাপনের জন্য আবেদন।)

Dear Sir,
We, the people of the village Boteshwar, would like to draw your kind attention that there is no tube-well in our village. We have to fetch water from a long distance (ডিসটেন্স-দূরত্ব). Very often, we have to drink dirty water from the nearby pond. As a result cholera, typhoid and many other fatal diseases break (ব্রেক) out.

We, therefore, pray and hope that you would kindly visit the spot and grant a tube-well in our village to remove our sufferings and oblige thereby.

Your faithfully,
Mostofa Kamal,
On behalf of the people of Boteshwar.

Vocabulary (শব্দার্থ) : sink *(v)* (সিংক) – বসানো; tube-well *(n)* (টিউব-ওয়েল) – নলকূপ; locality (লোকালিটি) – এলাকা; draw one's kind attention (ড্র ওয়ানস কাইন্ড এটেনশন) – কারো সদয় মনোযোগ (দৃষ্টি) আকর্ষণ করা; fetch *(v)* (ফেচ) – আনয়ন করা; nearby (নেয়ার-বাই) – নিকটবর্তী; pond (পনড) – পুকুর; cholera *(n)* (কলেরা) – ওলাওঠা; typhoid *(n)* (টাইফয়ড) – টাইফয়েড জ্বর; fatal *(adj.)* (ফ্যাটাল) – মারাত্মক; disease *(n)* (ডিজিজ) – রোগ, ব্যাধি; break out (ব্রেক আউট) – দেখা দেওয়া, প্রাদুর্ভাব হওয়া।

অনুবাদ : আমরা বটেশ্বর গ্রামের অধিবাসী আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি যে, আমাদের গ্রামে কোনো নলকূপ নেই। অনেক দূর হতে আমাদেরকে পানি আনতে হয়। প্রায়-ই আমাদেরকে নিকটবর্তী পুকুরের নোংরা পানি পান করতে হয়। ফলে কলেরা, টাইফয়েড এবং অন্যান্য বিভিন্ন ধরনের মারাত্মক রোগ দেখা দেয়।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে স্থানটি পরিদর্শনপূর্বক আমাদের গ্রামে একটি নলকূপ স্থাপন করে আমাদের দুর্ভোগ দূর করে বাধিত করবেন।

42. Write an application to the Deputy Commissioner for relief goods for the flood-affected people in your locality. (তোমার এলাকায় বন্যা দুর্গত মানুষের জন্য ত্রাণসামগ্রী চেয়ে জেলা প্রশাসক-এর নিকট একটি দরখাস্ত লেখ।)

10 July, 2016.

The Deputy Commissioner,
Narsingdi.

Subject : Application for relief goods for the flood-affected people. (বন্যাদুর্গত মানুষের জন্য ত্রাণসামগ্রী চেয়ে আবেদন।)

Dear Sir,

We, the people of the Union Amlabo, under Belabo thana, would like to draw your kind attention (অ্যাটেনশন-মনোযোগ/দৃষ্টি) that our locality (লোকালিটি-মহল্লা) has become a flood-affected (ফ্লাড অ্যাফেকটেড-বন্যা কবলিত) area. The recent flood has washed (ওয়াশড্-ভাসিয়ে নিয়ে গেছে) away our cattle and food grains. Thousands of people have become homeless and helpless. They have taken shelter on the high roads, schools and colleges.

We, therefore, pray and hope that you would kindly visit the spot and grant the relief goods for the flood-affected people and oblige thereby.

Yours faithfully (ফেইথফুলি-বিশ্বস্ত),
Mostofa Kamal,
On behalf of the people of Amlabo.

Vocabulary (শব্দার্থ) : Deputy commissioner *(n)* (ডেপুটি কমিশনার) – জেলা প্রশাসক; relief goods *(n)* (রিলিফ গুড্স) – ত্রাণসামগ্রী। flood-affected (ফ্লাড-এফেক্টেড) – বন্যাদুর্গত; wash away (ওয়াশ এওয়ে) – ভাসিয়ে নিয়ে যাওয়া; shelter (শেলটার) – আশ্রয়; cattle (ক্যাটল) – গবাদি পশু; food grains (ফুড গ্রেইনস) – খাদ্যশস্য; homeless *(adj.)* (হোমলেস) – গৃহহীন; helpless *(adj.)* (হেল্পলেস) – অসহায়।

অনুবাদ : আমরা বেলাবো থানার অন্তর্গত আমলাবো ইউনিয়নের অধিবাসী আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি যে, আমাদের এলাকা বন্যাকবলিত হয়েছে। সাম্প্রতিক বন্যা আমাদের গরু-বাছুর এবং খাদ্যশস্য ভাসিয়ে নিয়ে গিয়েছে। হাজার হাজার লোক গৃহহীন এবং অসহায় হয়ে পড়েছে। তারা উঁচু রাস্তা, স্কুল ও কলেজে আশ্রয় নিয়েছে।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে স্থানটি পরিদর্শনপূর্বক বন্যাদুর্গতদের ত্রাণ সামগ্রী দানে বাধিত করবেন।

43. Write an application to the Post Master General for setting up a new post office in your locality. (তোমার এলাকায় একটি ডাকঘর স্থাপন করার জন্য পোস্টমাস্টার জেনারেল-এর নিকট একটি দরখাস্ত লেখ।)

10 March, 2016.
The Post Master General
G.P.O. Box No. 3050,
Dhaka-1210, Bangladesh.

Subject : Application for setting up a post office. (একটি ডাকঘর স্থাপন করার জন্য আবেদন।)

Dear Sir,
We would like to inform you that we are the people of the village Boteshwar, under Belabo thana in the district (ডিস্ট্রিক্ট-জেলা) of Narsingdi. It is a matter of great regret that there is no post office in our village. The nearest post office is five kilometres (কিলোমিটার্স) away from us. We cannot communicate there easily. We do not get our letters, money orders (অর্ডারস) etc in time.
We, therefore, pray and hope that you would kindly visit the spot and take necessary (নেসেসারি-প্রয়োজনীয়) steps to set up a new post office in our village and oblige thereby.

Yours faithfully,
Kamal Ahmed.
On behalf of the people of Boteshwar.

Vocabulary (শব্দার্থ) : post office *(n)* (পোস্ট অফিস) – ডাকঘর; locality *(n)* (লোকালিটি) – এলাকা; matter (ম্যাটার) – বিষয়; great *(adj.)* (গ্রেট) – বড়, অত্যন্ত; regret (রিগ্রেট) – দুঃখ, অনুতাপ; nearest *(adj.)* (নেয়ারেস্ট) – নিকটতম; communicate *(v)* (কমিউনিকেট) – যোগাযোগ করা; easily *(adv)* (ঈজিলি) – সহজে; visit (ভিজিট) – পরিদর্শন করা।

অনুবাদ : আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি যে,আমরা নরসিংদী জেলার বেলাবো থানার অন্তর্গত বটেশ্বর গ্রামের অধিবাসী। বড়ই দুঃখের বিষয় এই যে, আমাদের গ্রামে কোনো ডাকঘর নেই। নিকটতম পোস্ট অফিস আমাদের নিকট হতে পাঁচ কিলোমিটার দূরে অবস্থিত। আমরা সেখানে সহজভাবে যোগাযোগ করতে পারি না। আমরা আমাদের চিঠিপত্র, মানি অর্ডার ইত্যাদি সময়মত পাই না।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে স্থানটি পরিদর্শনপূর্বক আমাদের গ্রামে একটি ডাকঘর স্থাপন করে বাধিত করবেন।

44. Write an application to the General Manager of Palli Biddut Samity for electricity in your locality. (তোমার এলাকায় বিদ্যুৎ চেয়ে পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার এর নিকট একটি দরখাস্ত লেখ।)

22 March, 2016.
The General Manager,
Narsingdi Polli Biddut Samiti-01,
Narsingdi.
Subject : Application for electricity (বিদ্যুৎ চেয়ে আবেদন।)
Dear Sir,
We would like to inform you that we are the people of the village Boteshwar under Belabo Thana in the district of Narsingdi. It is a matter of great regret that there is no electricity in our village. Factories cannot run smoothly. Our students cannot study well at night.
We, therefore, pray and hope that you would kindly visit the spot and take necessary steps (স্টেপ্স-পদক্ষেপ) to arrange the electricity in our village and oblige thereby.
Yours faithfully,
Mostofa Kamal,
On behalf of the people of Boteshwar.

Vocabulary (শব্দার্থ) : electricity (ইলেকট্রিসিটি) – বিদ্যুৎ; factory *(n)* (ফ্যাক্টরি) – কারখানা; run *(v)* (রান) – চলা; smoothly (স্মুথলি) – অবাধে; at night (এ্যাট নাইট) – রাতে; arrange (অ্যারেন্জ) – ব্যবস্থা করা; study *(v)* (স্টাডি) – অধ্যয়ন করা; well (ওয়েল) – ভালোভাবে।

অনুবাদ : আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি যে, আমরা নরসিংদী জেলার বেলাবো থানার অন্তর্গত বটেশ্বর গ্রামের অধিবাসী। বড়ই দুঃখের বিষয় এই যে, আমাদের গ্রামে কোনো বিদ্যুৎ নেই। কলকারখানাগুলো অবাধে চলতে পারে না। আমাদের ছাত্রছাত্রীরা রাতে ভালোভাবে পড়াশোনা করতে পারে না।
অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে স্থানটি পরিদর্শনপূর্বক আমাদের গ্রামে বিদ্যুৎ দানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে বাধিত করবেন।

45. Write an application to the Deputy Commissioner for setting up a charitable dispensary in your locality. (তোমার এলাকায় একটি দাতব্য চিকিৎসালয় স্থাপন করার জন্য জেলা প্রশাসকের নিকট একটি দরখাস্ত লেখ।)

22 March, 2016.

The Deputy Commissioner,
Narsingdi.

Subject : Application for setting up a charitable dispensary.
(একটি দাতব্য চিকিৎসালয় স্থাপন করার জন্য আবেদন।)

Dear Sir,

We would like to inform you that we are the people of the village Boteshwar under Belabo thana in the district of Narsingdi. It is a matter of great regret that there is no charitable dispensary in our village. The nearest Thana Health Complex is ten kilometres away from us. We cannot communicate there easily.

We, therefore, pray and hope that you would kindly visit the spot (স্পট-স্থান) and take necessary steps to set up a charitable dispensary in our village and oblige thereby.

Yours faithfully,
Kawsar Alam,
On behalf of the people of Botashwar.

Vocabulary (শব্দার্থ) : charitable *(adj.)* (চ্যারিটেবল) – দাতব্য; dispensary *(n)* (ডিস্‌পেনসারী) – চিকিৎসালয়; Thana health complex (থানা হেলথ কমপ্লেক্স) – থানা স্বাস্থ্যকেন্দ্র; away (অ্যাওয়ে) – দূরে; communicate *(v)* (কমিউনিকেট) – যোগাযোগ করা; visit *(v)* (ভিজিট) – পরিদর্শন করা; easily *(adv)* (ঈজিলি) – সহজে; take necessary steps (টেইক নেসেসারি স্টেপস) – প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

অনুবাদ : আপনার জ্ঞাতার্থে জানাচ্ছি যে, আমরা নরসিংদী জেলার, বেলাবো থানার অন্তর্গত বটেশ্বর গ্রামের অধিবাসী। বড়ই দুঃখের বিষয় এই যে, আমাদের গ্রামে কোনো দাতব্য চিকিৎসালয় নেই। নিকটবর্তী থানা স্বাস্থ্যকেন্দ্র আমাদের নিকট হতে দশ কিলোমিটার দূরে অবস্থিত। আমরা সেখানে সহজভাবে যোগাযোগ করতে পারি না।

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা এই যে, আপনি দয়া করে স্থানটি পরিদর্শনপূর্বক আমাদের গ্রামে দাতব্য চিকিৎসালয় স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে বাধিত করবেন।

46. Write an application to the Headmaster praying for the post of an Assistant English Teacher. (সহকারী ইংরেজি শিক্ষক পদে চাকরির জন্য আবেদন জানিয়ে প্রধানশিক্ষকের নিকট একটি দরখাস্ত লেখ।)

20 June, 2016.
The Headmaster,
Sarrabad D.M. High School,
Belabo, Narsingdi.

Subject : Application for the post of an Assistant English Teacher. (সহকারী ইংরেজি শিক্ষক পদের জন্য আবেদন।)

Sir,

I beg to state that I came to know from your advertisement in "The Daily Star" dated 15.06.2016. that an Assistant English Teacher is going to be appointed at your kind disposal. I like to offer myself as a candidate for the post. My necessary particulars are given below :

a. Name : Mostafa Kamal.
b. Father's Name : Md. Mohar Ali.
c. Mother's Name : Salma Begum.
d. Present Address : Vill : Boteshwar, P.O. : Boteshwar, Dist. : Narsingdi.
f. Permanent Address : Do অথবা As Above
g. Nationality : Bangladeshi by birth,
h. Religion : Islam.
i. Date of birth : 03.02.1985.
j. Marital Status : Unmarried, Sex : Male
k. Educational qualifications :

Exam.	Position	Year	Group	Board/University
S.S.C.	A+	2007	Humanities	Dhaka Board
H.S.C.	A grade	2009	Humanities	Dhaka Board
B.A.	A grade	2012	Humanities	National University

Experience :
03 years 02 months as an Assistant English Teacher.

I therefore, pray and hope that you would be kind enough to appoint me to the post and oblige thereby.

Yours faithfully,
Mostafa Kamal.

Vocabulary (শব্দার্থ) : post *(n)* (পোস্ট) – পদ; assistant *(adj.)* (এ্যাসিস্ট্যান্ট) – সহকারী; teacher *(n)* (টীচার) – শিক্ষক; came to know (কেইম টু নো) – জানতে পারলাম; advertisement *(n)* (এডভারটাইজমেন্ট) – বিজ্ঞপ্তি; appointed *(v)* (এপয়েন্টেড) – নিয়োগ করা; disposal (ডিসপোজাল) – অধিকার, নিয়ন্ত্রণ; offer *(v)* (অফার) – প্রস্তাব করা; candidate (ক্যানডিডেট) – প্রার্থী; necessary *(adj.)* (নেসেসারি) – প্রয়োজনীয়; particulars (পারটিকুলারস) – বিবরণ; below (বিলো) – নিচে, নিম্নে।

47. Write a letter to the Editor of a newspaper on the necessity of a primary school in your locality. (তোমার এলাকায় একটি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের প্রয়োজনীতার কথা উল্লেখ করে পত্রিকার সম্পাদকের নিকট একটি পত্র লেখ।)

22 March, 2016.
The Editor,
The Daily Star,
Dhaka-1000.
Dear Sir,
I shall be glad if you kindly publish (পাবলিশ-ছাপান) the following lines in your renowned daily and oblige thereby.
Yours faithfully,
Md. Mostafa Kamal,
Vill : Boteshwar,
P.O. : Boteshwar,
P.S. : Belabo,
Dist. : Narsingdi.

Necessity of a primary school (প্রাথমিক বিদ্যালয়ের প্রয়োজনীয়তা)

We are the people of the village Boteshwar under Belabo thana in the district of Narsingdi. It is a matter (মেটার-বিষয়) of great regret that there is no primary school in our village. The nearest Belabo Primary School is four kilometres away from us. Our children have to go there to receive their education. It is very difficult for them. The concerned authority should come forward (কাম ফরওয়ার্ড-এগিয়ে আসা) to set up a primary school in our village.

Md. Mostafa Kamal,
Vill : Boteshwar,
P.O. : Boteshwar,
P.S. : Belabo,
Dist. : Narsingdi.

Vocabulary (শব্দার্থ) : editor *(n)* (এডিটর) – সম্পাদক; newspaper *(n)* (নিউজপেপার) – সংবাদপত্র; necessity *(n)* (নেসেসিটি) – প্রয়োজনীয়তা; renowned *(adj.)* (রিনাউনড) – প্রসিদ্ধ; Daily (ডেইলি) – দৈনিক পত্রিকা; receive– *(v)* (রিসিভ) – লাভ করা; education (এডুকেশন) – শিক্ষা; difficult *(adj.)* (ডিফিকাল্ট) – কঠিন; concerned *(adj.)* (কনসারনড) – সংশ্লিষ্ট; authority (অথরিটি) – কর্তৃপক্ষ।

অনুবাদ : আমরা নরসিংদী জেলার বেলাবো থানার অন্তর্গত বটেশ্বর গ্রামের অধিবাসী। বড়ই দুঃখের বিষয় এই যে, আমাদের গ্রামে কোনো প্রাথমিক বিদ্যালয় নেই। নিকটবর্তী বেলাবো প্রাথমিক বিদ্যালয় আমাদের নিকট হতে চার কিলোমিটার দূরে অবস্থিত। আমাদের ছেলেমেয়েদেরকে তাদের শিক্ষা গ্রহণ করতে সেখানে যেতে হয়। এটি তাদের জন্য খুবই কঠিন। আমাদের গ্রামে একটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এগিয়ে আসা উচিত।

Informal /Personal Letters (অনানুষ্ঠানিক/ব্যক্তিগত পত্র)

Personal Letter Writing-ব্যক্তিগত পত্রের সূচিপত্র

1. গত বার্ষিক পরীক্ষার ফলাফল জানিয়ে তোমার পিতার নিকট একটি পত্র লেখ।
2. নতুন বই কেনার জন্য টাকা চেয়ে তোমার বাবার নিকট একটি পত্র লেখ।
3. তোমার প্রিয় শখের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
4. ধরো, তোমার নাম ইয়াছিন এবং মোস্তফা তোমার বন্ধু। গত মাসে তুমি একটি বাস দুর্ঘটনা স্বচক্ষে দেখেছ। এখন, ভয়াবহ দুর্ঘটনার বর্ণনা দিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখ।
5. তোমার স্কুল হোস্টেলের বর্ণনা দিয়ে তোমার মায়ের নিকট একটি পত্র লেখ।
6. তোমার জন্মদিনের অনুষ্ঠানে যোগদানের জন্য আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
7. জন্মদিনে পাঠানো উপহারের জন্য ধন্যবাদ জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
8. একটি বনভোজনে যোগদানের জন্য আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
9. তোমার বন্ধুর উষ্ণ আতিথেয়তার জন্য ধন্যবাদ জানিয়ে তার নিকট একটি পত্র লেখ।
10. গ্রীষ্মের ছুটি/রমজানের ছুটি তোমার সাথে কাটানোর জন্য তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)
11. যমুনা সেতু দেখার জন্য অনুমতি ও টাকা চেয়ে তোমার পিতার নিকট একটি পত্র লেখ।
12. এ বছর তুমি এস.এস.সি. পরীক্ষা কেমন দিয়েছ তার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
13. এস.এস.সি. পরীক্ষায় ভালো সাফল্যের জন্য অভিনন্দন জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
14. তোমার বন্ধুর মায়ের মৃত্যুতে বন্ধুকে সান্ত্বনা জানিয়ে একটি পত্র লেখ।
15. এস.এস.সি. পরীক্ষার পর তুমি কী করবে তা জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
16. তোমার বন্ধু তোমার নিকট হতে যে বইটি ধার নিয়েছিল তা ফেরত চেয়ে একটি পত্র লেখ।
17. একটি বই ধার চেয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।

18. ইংরেজি শিক্ষার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।
19. কীভাবে ইংরেজি শব্দভাণ্ডার বাড়ানো যায় উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।
20. সম্প্রতি তোমার দেখা একটি গ্রাম্যমেলার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
21. সম্প্রতি তোমার দেখা একটি বই মেলার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
22. প্রত্যুষে ঘুম হতে উঠার জন্য উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।
23. পরীক্ষায় নকল না করার জন্য উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।
24. নিয়মিত সংবাদপত্র পড়ার জন্য উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।
25. ধূমপানের কুফল জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
26. একটি হাসপাতালে তোমার অসুস্থ বন্ধুকে সান্ত্বনা জানিয়ে তার নিকট একটি পত্র লেখ।
27. বিদ্যালয়ে ভালো ব্যবহার, মনোযোগী ও ভালো সঙ্গী রাখার জন্য উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।
28. ঐতিহাসিক স্থান ভ্রমণের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।
29. স্বাস্থ্যের প্রতি যত্ন নেওয়ার জন্য উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।
30. তোমাদের বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
31. তোমাদের বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
32. সম্প্রতি তোমার দেখা উত্তেজনাকর একটি ফুটবল ম্যাচের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
33. কীভাবে একটি ব্যাংক একাউন্ট খোলা যায় তার বর্ণনা দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।
34. তোমাদের বিদ্যালয়ের সহ-পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।

35. সম্প্রতি উপভোগ করেছ এমন একটি ট্রেন ভ্রমণের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
36. তোমার পড়াশোনার অগ্রগতির কথা জানিয়ে তোমার মায়ের নিকট একটি পত্র লেখ।
37. তোমার স্কুলের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
38. তোমার অসুস্থতার কথা জানিয়ে তোমার বাবার নিকট একটি ফ্যাক্স বার্তা পাঠাও।
39. গৃহশিক্ষক নিযুক্তির জন্য টাকা চেয়ে তোমার পিতার নিকট একটি পত্র লেখ।
40. তোমার বার্ষিক পরীক্ষার প্রস্তুতির কথা জানিয়ে তোমার পিতার নিকট একটি পত্র লেখ।
41. মনে কর, তোমার স্কুলের একবন্ধু ছয় মাস ধরে ইংল্যান্ডে আছে। সে নতুন স্থানে ও নতুন খাদ্যের জন্য কিছু সমস্যার সম্মুখীন হচ্ছে। নতুন স্থানে ও নতুন খাদ্যে কীভাবে মানিয়ে নেওয়া যায় এ বিষয়ে উপদেশ দিয়ে তার কাছে একটি চিঠি লেখ।
42. মনে কর, তুমি রাকিব/রাকিবা, গ্রাম : বটেশ্বর, জেলা : নরসিংদী। উইলিয়াম জেমস/জেনিফার নামে তোমার একজন কলমী বন্ধু আছে যে লন্ডনে বাস করে। তোমার দেশের ঈদ-উল-ফিতর কীভাবে উদযাপিত হয় তা জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
43. মনে করো, তুমি মনিরা। তোমার বন্ধু এডমান্ড লী, সে অস্ট্রেলিয়ায় থাকে। সে তোমার দেশ এবং লোকজন সম্পর্কে জানতে চায়। এখন, এ সম্পর্কে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।
44. মনে কর, তুমি তাসলিম/তাসলিমা গ্রাম : ওয়ারি, উপজেলা : বেলাবো, জেলা : নরসিংদী। রবার্ট নামে তোমার এক কলমি বন্ধু আছে যে ১২ ডেরিফোর্ড রোড, প্লিমাউস, পিএল জিএ এইচবি, ইউকে-তে থাকে। তাকে বাংলাদেশের পহেলা বৈশাখ সম্পর্কে জানিয়ে একটি পত্র লেখ।
45. ধরো, তুমি মোহন ও তোমার অন্তরঙ্গ বন্ধু অনিমেষ। এখন, তোমার বন্ধুকে তোমার গ্রামের বাড়িতে 'দুর্গা পূজা'য় নিমন্ত্রণ করে একটি চিঠি লেখ।
46. মনে কর, তোমার বন্ধু রাজিব তোমাদের গ্রামে প্রতি বছর যে গ্রাম্য মেলা হয় তা জানতে আগ্রহী। সম্প্রতি তোমার গ্রামে অনুষ্ঠিত গ্রাম্য মেলার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর কাছে একটি পত্র লেখ।
47. মনে কর, তুমি এবং তোমার কিছু বন্ধু সম্প্রতি একটি ঐতিহাসিক গুরুত্বপূর্ণ স্থানে বনভোজন উপভোগ করেছ। 'শিপু' নামে তোমার এক বন্ধু আছে যে ঢাকার ধানমণ্ডিতে থাকে। সে কীভাবে এটি উদযাপন করেছ তা জানতে আগ্রহী। এখন বনভোজনের বর্ণনা দিয়ে তোমার বন্ধুকে একটি পত্র লেখ।
48. মনে করো, তুমি সোহাগ/সোহাগী। গ্রাম : বেলাবো, জেলা : নরসিংদী। তোমার লন্ডনে একজন পত্রমিতা আছে যার নাম জেমস/জেনিফার। এখন, ঈদুল আযহার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।

Lesson-2 পরিচ্ছেদ-২	Personal Letter ব্যক্তিগত পত্র

1. **Write a letter to your father informing him about the result of your last annual examination.** (গত বার্ষিক পরীক্ষার ফলাফল জানিয়ে তোমার পিতার নিকট একটি পত্র লেখ।)

26 December, 2016.
Sonapur, Rangpur.
My dear Father,
At first, take my salam/regards. The result of our annual examination is out. You will be very glad (গ্ল্যাড-খুশি) to know that I have stood (স্টুড) 2nd in our class in order of merit.
I have obtained 'A' grade marks in all the subjects. I have been promoted (প্রমোটেড-উন্নীত/উত্তীর্ণ) to Class VIII. All the teachers praised me.
They have declared that, I shall be rewarded. I am coming home on the 30th instant.
Your loving son,
Kamal.

From	To
Md. Kamal	Md. Yeasin
Vill. : Sonapur	Vill. : Belabo
P.O. : Kuliarchar	P.O. : Belabo
Dist. : Rangpur	Dist. : Narsingdi

Stamp

Vocabulary (শব্দার্থ) : take *(v)* (টেইক) – গ্রহণ করা, নেওয়া; regards (রিগার্ডস) – শ্রদ্ধা; result *(n)* (রেজাল্ট) – ফলাফল; annual *(adj.)* (এ্যানুয়াল) – বার্ষিক; examination *(n)* (এগজামিনেশন) – পরীক্ষা; merit *(n)* (মেরিট) – মেধা; in order of (ইন অর্ডার অব) – ক্রমে; obtain *(v)* (অবটেইন) – লাভ করা, অর্জন করা; in order of merit – মেধাক্রমে; promoted (প্রমোটেড) – উন্নীত, উত্তীর্ণ; praised (প্রেইজড্) – প্রশংসা করেছিল; declared *(v)* (ডিক্লেয়ারড) – ঘোষণা করেছেন; reward (রিওয়ার্ড) – পুরস্কৃত করা।

প্রিয় বাবা,
পত্রের প্রথমে আমার ছালাম/শ্রদ্ধা নিবেন। আমাদের বার্ষিক পরীক্ষার ফলাফল বের হয়েছে। আপনি জেনে খুব খুশি হবেন যে, আমাদের ক্লাসে আমি মেধাক্রমে দ্বিতীয় স্থান অধিকার করেছি। আমি সকল বিষয়ে A গ্রেড নম্বর অর্জন করেছি। আমি অষ্টম শ্রেণিতে উত্তীর্ণ হয়েছি। সকল শিক্ষক আমার প্রশংসা করেছেন।
তারা ঘোষণা করেছেন আমি পুরস্কৃত হব।
বর্তমান মাসের ত্রিশ তারিখে আমি বাড়িতে আসছি।
আপনার স্নেহের পুত্র
কামাল

2. Write a letter to your father requesting him to send you money to buy some new books. (নতুন বই কেনার জন্য টাকা চেয়ে তোমার বাবার নিকট একটি পত্র লেখ।)

15 May, 2016.
Faridganj, Chandpur.
My dear Father,

At first take my salam/regards (রিগার্ড্‌স-শ্রদ্ধা). The result of our annual examination is out. You will be very glad to know that I have stood 2nd in our class in order of merit.

I have been promoted to class IX. Our class teacher has given our new book list. So, I shall have to buy some books. It will cost me taka 1000. So, please send me taka 1000 as early as possible.

No more today.

My regards to you and mother and love to the younger (ইয়ংগার-ছোটদেরকে).

Your loving son,
Jamal.

From	To (Stamp)
Md. Jamal	Md. Mamun
Vill. : Faridganj	Vill. : Kaliganj
P.O. : Faridganj	P.O. : Kaliganj
Dist. : Chandpur	Dist. : Mymensingh

Vocabulary (শব্দার্থ) : at first *(adv)* (এ্যাট ফার্স্ট) – প্রথমে; out (আউট) – বের হওয়া; glad *(adj.)* (গ্ল্যাড) – খুশি, আনন্দিত; book-list (বুক-লিস্ট) – বইয়ের তালিকা; buy *(v)* (বাই) – কেনা, ক্রয় করা; cost (কস্ট) – খরচ লাগা; send *(v)* (সেন্ড) – পাঠানো; as early as possible (এ্যাজ আরলি এ্যাজ পসিবল) – যত তাড়াতাড়ি সম্ভব; your loving son (ইউর লাভিং সান) – আপনার প্রিয়, স্নেহের পুত্র।

অনুবাদ : পত্রের প্রথমে আমার সালাম/শ্রদ্ধা নিবেন। আমাদের বার্ষিক পরীক্ষার ফলাফল বের হয়েছে। আপনি জেনে খুবই খুশি হবেন যে, আমাদের ক্লাসে আমি মেধাক্রমে দ্বিতীয় স্থান অধিকার করেছি।

আমি নবম শ্রেণিতে উত্তীর্ণ হয়েছি। আমাদের শ্রেণিশিক্ষক আমাদের নতুন বইয়ের তালিকা দিয়েছেন। সেজন্য আমাকে কিছু বই-পুস্তক কিনতে হবে। এর জন্য আমার এক হাজার টাকা লাগবে। তাই দয়া করে যত তাড়াতাড়ি সম্ভব এক হাজার টাকা পাঠাবেন। আজ আর নয়।

আপনার ও মায়ের প্রতি রইল আমার সালাম এবং ছোটদের প্রতি আমার স্নেহ, ভালোবাসা।

3. Write a letter to your friend describing him/her about your hobby. (তোমার প্রিয় শখের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

25 July, 2016.
Boteshwar, Narsingdi.
My dear Kamal,
You wanted to know about my favourite hobby. Gardening is my hobby. I love flowers.
I have a nice flower garden in front of my reading room. I work in my garden every morning and evening. There are many kinds of flowers in my garden such as Champa, Chamili, Rose, Jaba etc. But the rose is the best of all. I have made a strong fence around my garden. It makes our house very nice.
No more today, Good-bye.
Your loving friend,
Mostafa.

	Stamp
From	To
Md. Mostafa	Md. Kamal
Vill. : Boteshwar	Vill. : Dulalpur
P.O. : Boteshwar	P.O. : Dulalpur
Dist. : Narsingdi	Dist. : Kishoreganj

Vocabulary (শব্দার্থ) : describing (ডেসক্রাইবিং) – বর্ণনা দিয়ে; hobby *(n)* (হবি) – শখের কাজ; favourite *(adj.)* (ফেভারিট) – প্রিয়; gardening *(n)* (গার্ডেনিং) – বাগান করা। love *(v)* (লাভ) – ভালোবাসা; flower *(n)* (ফ্লাওয়ার) – ফুল; in front of (ইন ফ্রন্ট অব) – সম্মুখে, সামনে; morning *(n)* (মর্নিং) – সকাল। evening (ইভেনিং) – বিকাল; every morning and evening (এভরি মর্নিং অ্যান্ড ইভেনিং) – প্রতিদিন সকালে ও বিকালে; strong *(adj.)* (স্ট্রং) – শক্ত; fence (ফেন্স) – বেড়া; all around (অল অ্যারাউন্ড) – চারিদিকে, চতুর্দিকে; good-bye (গুড-বাই) – বিদায়।

অনুবাদ : তুমি জানতে চেয়েছ আমার প্রিয় শখ সম্বন্ধে। বাগান করা আমার শখ। আমি ফুল ভালোবাসি।
আমার পড়ার ঘরের সামনে একটি সুন্দর ফুলের বাগান আছে। প্রতিদিন সকালে ও সন্ধ্যায় আমি আমার বাগানে কাজ করি। আমার বাগানে বিভিন্ন ধরনের ফুল আছে যেমন : চম্পা, চামেলী, গোলাপ, জবা ইত্যাদি। কিন্তু গোলাপ হলো সর্বোৎকৃষ্ট।
আমি আমার বাগানের চতুর্দিকে একটি শক্ত বেড়া নির্মাণ করেছি। এতে আমাদের বাড়িকে খুবই সুন্দর দেখায়। আজ আর নয়। বিদায়।

4. Suppose, you are Yeasin by name and your friend is Mostafa. You witnessed a bus accident last month. Now, write a letter to your friend describing the serious accident. (ধরো, তোমার নাম ইয়াছিন এবং মোস্তফা তোমার বন্ধু। গত মাসে তুমি একটি বাস দুর্ঘটনা স্বচক্ষে দেখেছ। এখন, ভয়াবহ দুর্ঘটনার বর্ণনা দিয়ে তোমার বন্ধুকে একটি চিঠি লেখ।)

10 May, 2016.
Chandina, Comilla.
My dear Mostafa,

At first, take my cordial (কোরডিয়াল-আন্তরিক) love. I hope that you are well. I am writing to you with a heavy heart. I witnessed a serious (সিরিয়াস-ভয়াবহ/মারাত্মক) accident last month. I was going to Chandina Bazar along the road. Suddenly (সাডেনলি-হঠাৎ) I saw a small girl passing the road. A bus was coming with a full speed. The driver was unmindful (আনমাইন্ডফুল-অমনোযোগী) about the speed of the bus. He tried (ট্রাইড-চেষ্টা করলো) to control (কন্ট্রোল-নিয়ন্ত্রণ করা) his bus but failed (ফেইল্ড-ব্যর্থ হল). The bus ran over the body of the girl. The road became red with blood. The bus ran away rapidly. She was immediately (ইমিডাইটলি-দ্রুত) removed to the Comilla Medical College Hospital. But the doctor declared (ডিকলেয়ার্ড-ঘোষণা করল) her dead. This street accident is so pathetic (পেথিট্রিক-করুণ/মর্মান্তিক) that I shall not forget it in my life.

Convey (কনভেই-পৌঁছে দাও) my salam to your parents and love to the youngers, No more today. With best wishes,

Your loving friend.
Yeasin

Vocabulary (শব্দার্থ) : street *(n)* (স্ট্রিট) – সড়ক, রাস্তা; accident *(n)* (একসিডেন্ট) – দুর্ঘটনা; witness *(v)* (উইটনেস) – দেখা; body (বডি) – শরীর; tremble *(v)* (ট্রেম্বল) – কাঁপা; take place *(v)* (টেইক প্লেস) – ঘটা; along (এলং) – দিয়ে, বরাবর; speed (স্পীড) – গতি; with a full speed (উইথ এ ফুল স্পীড) – পূর্ণ গতিতে; cross *(v)* (ক্রস) – পার হওয়া; অতিক্রম কর ; driver *(n)* (ড্রাইভার) – চালক; try one's best (ট্রাই ওয়ানস বেস্ট) – যথাসাধ্য চেষ্টা করা; blood (ব্লাড) – রক্ত; terrible *(adj.)* (টেরিবল) – ভয়ংকর; sight (সাইট) – দৃশ্য।

অনুবাদ :

প্রিয় মোস্তফা,

প্রথমে আমার আন্তরিক ভালোবাসা নিও। আশা করি ভালো আছ। আমি ভারাক্রান্ত মনে তোমাকে লিখছি। আমি গত মাসে একটি ভয়াবহ দুর্ঘটনা স্বচক্ষে দেখেছি। আমি চান্দিনা বাজারে যাচ্ছিলাম রাস্তা দিয়ে। হঠাৎ আমি একটি ছোট

বালিকাকে রাস্তা পার হতে দেখলাম। একটি বাস পূর্ণ গতিতে আসছিল। ড্রাইভার গাড়ির গতি সম্পর্কে অমনোযোগী ছিল। ড্রাইভার তার বাসটি নিয়ন্ত্রণ করতে চেষ্টা করল, কিন্তু সে ব্যর্থ হলো। বাসটি বালিকাটির শরীরের উপর দিয়ে চলে গেল। রাস্তাটি রক্তে রঞ্জিত হয়ে গেল। বাসটি খুবই দ্রুত চলে গেল। তাকে তৎক্ষণাৎ কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হলো। কিন্তু ডাক্তার তাকে মৃত ঘোষণা করল। এই সড়ক দুর্ঘটনাটি এত মর্মান্তিক ছিল যে, আমি জীবনে এটা ভুলতে পারব না।

তোমার আম্মা-আব্বাকে সালাম ও ছোটদের প্রতি আমার আদর ও ভালোবাসা। আজ আর নয়। তোমার শুভ কামনায় এখানেই শেষ করছি।

তোমারই বন্ধু,

ইয়াছিন।

5. **Write a letter to your mother telling her about your school hostel.** (তোমার স্কুল হোস্টেলের বর্ণনা দিয়ে তোমার মায়ের নিকট একটি পত্র লেখ।)

20 May, 2016.
Noakhali.

My dear Mother,

At first, take my salam/regards. You wanted to know about my school hostel. The name of my school hostel is Al-Ameen Hostel.

It is a three storied and U-shaped pucca building. It faces the west. There is a nice flower garden in front (ফ্রন্ট-সম্মুখে) of it. There are twenty-six rooms in our school hostel. Every room has four seats. We are eighty-five students in our school hostel. I have to pay Tk. 400 per month.

We have a good common-room and our dining room is neat and clean. Water and power supply are available (এভাইলেবল-সহজলভ্য) here.

No more today. Good-bye.

Your loving son,
Momen.

From	To (Stamp)
Md. Momen	Mrs. Fatema
Noakhali Zila School	Vill. : Cheora
Hostel	P.O. : Cheora
Dist. : Noakhali	Dist. : Comilla

Vocabulary (শব্দার্থ) : school hostel *(n)* (স্কুল হোস্টেল) – বিদ্যালয়ের ছাত্রাবাস; three-storied (থ্রী-স্টোরিড) – তিনতলা বিশিষ্ট। U-shaped (ইউ-শেইপড) – 'U' আকৃতির। pucca building (পাকা বিল্ডিং) – পাকা ভবন। face to (ফেইস টু) – (কোনদিক) মুখী হওয়া; seat *(n)* (সীট) – আসন; common room (কমন রুম) – মেলামেশার কক্ষ; dining room (ডাইনিং রুম) – খাবার কক্ষ; neat and clean (নীট অ্যান্ড ক্লীন) – পরিষ্কার-পরিচ্ছন্ন;

power supply (পাওয়ার সাপ্লাই) – বিদ্যুৎ সরবরাহ; available (এভেইলেবল) – সুলভ, সহজে পাওয়া যায় এমন; per month (পার মানথ) – প্রতি মাসে।

২০ মে, ২০১৬
নোয়াখালী।
প্রিয় মা,
পত্রে-প্রথমে আমার ছালাম/শ্রদ্ধা নিবেন। আপনি আমাদের স্কুল হোস্টেল সম্পর্কে জানতে চেয়েছেন। আমাদের স্কুল হোস্টেলের নাম আল-আমীন হোস্টেল। এটা ত্রিতল এবং ইউ আকৃতির একটি পাকা বিল্ডিং। এটা পশ্চিমমুখী। এর সম্মুখে আছে একটি সুন্দর ফুলের বাগান। আমাদের স্কুল হোস্টেলে আছে ছাব্বিশটি কক্ষ। প্রতিটি কক্ষে আছে চারটি আসন। আমরা ৮৫ জন ছাত্র আমাদের স্কুল হোস্টেলে আছি। আমাকে প্রতি মাসে ৪০০ টাকা দিতে হয়।
আমাদের একটি ভালো কমন রুম আছে ও আমাদের খাবারের কক্ষটি পরিষ্কার-পরিচ্ছন্ন। পানি ও বিদ্যুৎ সরবরাহ এখানে পর্যাপ্ত।
আজ আর নয়। বিদায়।
আপনার ভালোবাসার ছেলে
মোমেন।

6. **Write a letter to your friend inviting him/her to join your birthday party.** (তোমার জন্মদিনের অনুষ্ঠানে যোগদানের জন্য আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

15 May, 2016.
Atpara, Magura.
My dear Anis,
You will be very glad to know that the coming 21st instant (ইন্‌সট্যান্ট-চলতি মাসের) is my 15th birthday.
On this occasion, a tea party has been arranged at our house at 8 pm. You are cordially (কর্ডিয়ালী-আন্তরিকভাবে) invited to the party. I shall be glad if you come on that day. Your company (কোম্পানি-সঙ্গ) will make our function more enjoyable.
I am eagerly (ঈগারলি-আগ্রহসহকারে) waiting for your kind arrival.
No more today.
Your loving friend,
Jasim.

From	To (Stamp)
Md. Jasim	Md. Anis
Vill. : Atpara	Vill. : Nimtala
P.O. : Atpara	P.O. : Nimtala
Dist. : Magura	Dist. : Magura

Vocabulary (শব্দার্থ) : birthday *(n)* (বার্থ-ডে) – জন্মদিন; party *(n)* (পার্টি) – দল, জনসমাগম, উৎসব; coming (কামিং) – আগামী, আসছে, আসন্ন; occasion (ওকেশন) – উপলক্ষ; a tea party (এ টি পার্টি) – একটি চা-চক্র; has been arranged (হ্যাজ বিন অ্যারেঞ্জড) – আয়োজন করা হয়েছে; make enjoyable (মেইক এনজয়্যাবল) – উপভোগ্য করে তোলা; on that day (অন দ্যাট ডে) – ঐ দিনে।

অনুবাদ : তুমি জেনে খুবই খুশি হবে যে, বর্তমান মাসের একুশ তারিখে আমার ১৫তম জন্মদিন।

এই উপলক্ষে সন্ধ্যা আট ঘটিকার সময় আমাদের বাড়িতে একটি চা চক্রের আয়োজন করা হয়েছে। আমি তোমাকে নিমন্ত্রণ করলাম। আমি খুশি হব যদি তুমি ঐদিন আস। তোমার সঙ্গ আমাদের অনুষ্ঠানকে আরো উপভোগ্য করে তুলবে।

তোমার শুভ আগমনের জন্য আমি অধিরভাবে প্রতীক্ষায় রইলাম।

আজ আর নয়।

তোমার প্রিয় বন্ধু

জসিম

7. **Write a letter to your friend thanking him/her of birthday present.** (জন্মদিনে পাঠানো উপহারের জন্য ধন্যবাদ জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

20 June, 2016.
Lakhpur, Madaripur.
My dear Mostafa Kamal,
Thank you very much for your lovely present. Yesterday, I received it. It is a mobile phone. You offered (অফারড-দিয়েছিলে) it to me on my happy birthday. It is really (রিয়্যালি-প্রকৃতই) attractive. You are welcomed for your nice present. I am very pleased with you.
I shall keep it carefully and it will be very useful to me.
No more today.
Your loving friend,
Yeasin.

From	To (Stamp)
Md. Yeasin	Md. Mostafa Kamal
Vill. : Lakhpur	Collage Road
P.O. : Lakhpur	Madaripur
Dist. : Madaripur	Dist. : Madaripur

Vocabulary (শব্দার্থ) : thank *(v)* (থ্যাংক) – ধন্যবাদ জানান; present *(n)* (প্রেজেন্ট) – উপহার; birthday present (বার্থ-ডে প্রেজেন্ট) – জন্মদিনের উপহার; very much (ভেরি মাচ) – খুবই, অনেক বেশি; lovely *(adj.)*

(লাভলি) – সুন্দর; receive *(v)* (রিসিভ) – পাওয়া; a mobile phone *(n)* (মোবাইল ফোন) – দূরালাপনী যন্ত্র; happy birthday (হ্যাপি বার্থ-ডে) – শুভ জন্মদিন; welcomed (ওয়েলকামড) – স্বাগতম; pleased *(adj.)* (প্লিজড) – সন্তুষ্ট; carefully (কেয়ারফুলি) – সযত্নে, যত্নসহকারে; useful *(adj.)* (ইউজফুল) – উপকারি, প্রয়োজনীয়; attractive *(adj.)* (অ্যাট্রাকটিভ) – আকর্ষণীয়, মনোহর।

অনুবাদ : তোমার সুন্দর উপহারের জন্য তোমাকে অনেক ধন্যবাদ। গতকাল আমি এটা পেলাম। এটা একটি মোবাইল ফোন। এটা তুমি আমাকে আমার শুভ জন্মদিন উপলক্ষে উপহার দিয়েছ। এটা সত্যিই আশ্চর্যজনক। তোমার মনোরম উপহারের জন্য তোমাকে স্বাগতম। আমি তোমার প্রতি ভীষণ সন্তুষ্ট।
আমি এটা যত্নসহকারে রাখব এবং এটা আমার খুব প্রয়োজনে আসবে।
আজ আর নয়।

8. Write a letter to your friend inviting him/her to join a picnic.
(একটি বনভোজনে যোগদানের জন্য আমন্ত্রণ জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

10 June, 2016.
Rajarbagh, Dhaka.
My dear Masud,
You will be very glad to know that we are going to enjoy a picnic at Wari-Boteshwar on the 21st instant.
We shall start our journey at 8.00 am by a hired bus from our school. We shall take all necessary things. You are cordially (কর্ডিয়ালি-আন্তরিকভাবে) invited to the picnic I shall be glad if you come on that day.
I am waiting for your kind arrival.
No more today, Good-bye.
Your loving friend,
Yeasin.

From	To (Stamp)
Md. Yeasin	Md. Masud
Rajarbagh	Uttara Model Town
Dist. : Dhaka	Dist. : Dhaka

Vocabulary (শব্দার্থ) : join *(v)* (জয়েন) – যোগদান করা; picnic *(n)* (পিকনিক) – বনভোজন; enjoy *(v)* (এনজয়) – উপভোগ করা; journey *(n)* (জার্নি) – ভ্রমণ, যাত্রা; start (স্টার্ট) – শুরু করা; hired (হায়ারড) – ভাড়া করা; necessary *(adj.)* (নেসেসারি) – প্রয়োজনীয়; things (থিংস) –

দ্রব্যসামগ্রী, জিনিসপত্র; invite *(v)* (ইনভাইট) – নিমন্ত্রণ করা; glad *(adj.)* (গ্ল্যাড) – খুশি, আনন্দিত; wait for *(phr)* (ওয়েট ফর) – প্রতীক্ষা করা, অপেক্ষা করা; arrival *(n)* (অ্যারাইভ্যাল) – আগমন; no more *(phr)* (নো মোর) – আর নয়; today *(n)* (টুডে) – আজ।

অনুবাদ : তুমি জেনে খুবই খুশি হবে যে, বর্তমান মাসের একুশ তারিখে আমরা ওয়ারী-বটেশ্বর-এ একটি বনভোজন উপভোগ করতে যাচ্ছি।

সকাল আট ঘটিকার সময় একটি ভাড়া করা বাসে আমাদের স্কুল হতে আমরা আমাদের যাত্রা শুরু করব। আমরা আমাদের প্রয়োজনীয় সকল দ্রব্যসামগ্রী নিব। আমি তোমাকে নিমন্ত্রণ করলাম। আমি খুশি হব যদি তুমি ঐদিন আস।

তোমার শুভ আগমনের প্রতীক্ষায় আমি অপেক্ষায় রইলাম।

আজ আর নয়। বিদায়।

9. Write a letter to your friend thanking him/her for his kind hospitality. (তোমার বন্ধুর উষ্ণ আতিথেয়তার জন্য ধন্যবাদ জানিয়ে তার নিকট একটি পত্র লেখ।)

10 May, 2016.
Paharpur, Natore.
My dear Kamrul,

I hope you are well (ওয়েল-ভাল, সুস্থ). Yesterday at 10 pm, I reached my home. Thank you very much for your kind care (কেয়ার-পরিচর্যা) that you took for me. You are really hospitable. How loving your brothers and sisters were! I could not think a moment that I was a guest of your house.

It is really a red-letter day (রেড লেটার ডে-স্মরণীয় দিন) of my life. I shall never forget it.

No more today, Good-bye.
Your loving friend,
Md. Masud.

From	To (Stamp)
Md. Masud	Md. Kamrul
Vill. : Paharpur	Vill. : Parulpur
P.O. : Paharpur	P.O. : Parulpur
Dist. : Natore	Dist. : Rajshahi

Vocabulary (শব্দার্থ) : yesterday *(n)* (ইয়েস্টারডে) – গতকাল; reached *(v)* (রিচ্‌ড) – পৌঁছলাম, এসেছিলাম; really *(adv)* (রিয়েলি) – সত্যিই, বাস্তবিকই; hospitable *(adj.)* (হসপিট্যাবল) – অতিথিপরায়ণ। loving *(adj.)* (লাভিং) – প্রিয়, স্নেহের; could not *(v.pt.)* (কুড নট) – পারলাম না, পারিনি;

moment *(n)* (মোমেন্ট) – মুহূর্ত; guest *(n)* (গেস্ট) – মেহমান, অতিথি; house *(n)* (হাউস) – বাড়ি, গৃহ; forget *(v)* (ফরগেট) – ভুলে যাওয়া; friend *(n)* (ফ্রেন্ড) – বন্ধু।

অনুবাদ : আমি আশা করি তুমি ভালো আছ। গতকাল রাত ১০ ঘটিকার সময় আমি আমার বাড়িতে এসে পৌঁছেছি।

তোমার প্রীতিপূর্ণ যত্নের জন্য তোমাকে অনেক ধন্যবাদ যা তুমি আমার জন্য নিয়েছিলে। সত্যিই তুমি অতিথিপরায়ণ। কি সহৃদয়পূর্ণ ছিল তোমার ভাই ও বোনেরা! আমি এক মুহূর্ত ভাবতে পারিনি যে, আমি তোমাদের বাড়িতে একজন মেহমান ছিলাম।

এটি আমার জীবনে সত্যিই একটি স্মরণীয় দিন। আমি এটি কখনো ভুলতে পারব না।

আজ আর নয়। বিদায়।

10. Write a letter to your friend inviting him to spend the summer vacation/Ramadan vacation with you. (গ্রীষ্মের ছুটি/রমজানের ছুটি তোমার সাথে কাটানোর জন্য তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

15 June, 2016.
Kamalpur, Sylhet.
My dear Arafat,

I am glad (গ্ল্যাড-আনন্দিত) to know that your school will be closed for the summer (সামার-গ্রীষ্ম) vacation from 21st instant (ইনস্ট্যান্ট-সাম্প্রতিক/বর্তমান).

I invite you to spend (স্পেন্ড-কাটানো/ব্যয় করা) your summer vacation with us at our house in Kamalpur. It is a historical place. The natural scenery of our village is very nice. A small river flows (ফ্লৌজ-প্রবাহিত হচ্ছে) by it. We shall catch (ক্যাচ-ধরা) fish in the river. We shall walk by the riverside (রিভারসাইড-নদীর ধারে) in the morning and in the afternoon.

I am waiting for your kind arrival.
No more today, Good-bye.
Your loving (লাভিং-প্রিয়) friend,
Md. Habib.

From	To (Stamp)
Md. Habib	Md. Arafat
Vill. : Kamalpur	Vill. : Belabo
P.O. : Kamalpur	P.O. : Belabo
Dist. : Sylhet	Dist. : Narsingdi

Vocabulary (শব্দার্থ) : vacation *(n)* (ভ্যাকেশন) – ছুটি; invite *(v)* (ইনভাইট) – নিমন্ত্রণ করা; historical *(adj.)* (হিস্টোরিক্যাল) – ঐতিহাসিক; natural *(adj.)* (ন্যাচার‍্যাল) – প্রাকৃতিক; scenery *(n)* (সিনারী) – দৃশ্যাবলি; small *(adj.)* (স্মল) – ছোট; river *(n)* (রিভার) – নদী; morning *(n)* (মর্নিং) – সকাল; afternoon *(n)* (আফটারনূন) – বিকাল; waiting for *(phr)* (ওয়েটিং ফর) – প্রতীক্ষারত; arrival *(n)* (অ্যারাইভ্যাল) – আগমন।

অনুবাদ : আমি জেনে খুশি হলাম যে, বর্তমান মাসের একুশ তারিখে তোমাদের বিদ্যালয়ে গ্রীষ্মকালীন ছুটি হবে।

কামালপুর আমাদের বাড়িতে তোমার গ্রীষ্মের ছুটি কাটানোর জন্য আমি তোমাকে নিমন্ত্রণ করছি। এটি একটি ঐতিহাসিক স্থান। আমাদের গ্রামের প্রাকৃতিক দৃশ্য খুবই সুন্দর। একটি ছোট নদী এর পাশ দিয়ে বয়ে গেছে। আমরা নদীতে মাছ ধরব। আমরা সকালে ও বিকালে নদীর ধারে বেড়াব। আমি তোমার শুভ আগমনের প্রতীক্ষায় রইলাম।

আজ আর নয়। বিদায়।

তোমার প্রিয় বন্ধু,

হাবিব।

11. Write a letter to your father requesting him for money and permission to visit the Jamuna Bridge. (যমুনা সেতু দেখার জন্য অনুমতি ও টাকা চেয়ে তোমার পিতার নিকট একটি পত্র লেখ।)

10 May, 2016.

Parulpur, Hobiganj.

My dear Father,

You will be very glad to know that the students of our school will visit the Jamuna Bridge on the 21st instant.

Jamuna Bridge is really (রিয়্যালি-প্রকৃতই) a dream to me. I have a desire to go there. I have been suffering (সাফারিং-ভুগছি) greatly (গ্রেটলি) for want of practical knowledge about the Jamuna Bridge. Practical knowledge is essential for our student life.

I shall be glad if you kindly permit me to go there and send me Tk. 2000 as (অ্যাজ আরলি অ্যাজ-যত শীঘ্র) early as possible.

No more today. My salam to you and mother and love to the youngers, good-bye.

Your loving son,

Md. Ikbal.

	Stamp
From Md. Ikbal Vill. : Parulpur P.O. : Parulpur Dist. : Hobiganj	To Md. Idrish Ali Vill. : Shampur P.O. : Shampur Dist. : Dhaka

Vocabulary (শব্দার্থ) : visit *(v)* (ভিজিট) – পরিদর্শন করা; bridge *(n)* (ব্রিজ) – সেতু; dream *(n)* (ড্রিম) – স্বপ্ন। desire *(n)* (ডিজায়ার) – ইচ্ছা; greatly *(adv)* (গ্রেটলি) – ভীষণভাবে; practical (প্র্যাকটিক্যাল) – বাস্তব; ব্যবহারিক। knowledge *(n)* (নলেজ) – জ্ঞান; essential *(adj.)* (ইসেনশল) – অত্যাবশ্যাক, অত্যন্ত প্রয়োজনীয়; kindly *(adv)* (কাইন্ডলি) – দয়া করে, অনুগ্রহপূর্বক; permit *(v)* (পারমিট) – অনুমতি দেওয়া; possible *(adj.)* (পসিবল) – সম্ভবপর; youngers *(adj.)* (ইয়াংগারস) – ছোটরা।

অনুবাদ : আপনি জেনে খুবই খুশি হবেন যে, বর্তমান মাসের ২১ তারিখে আমাদের স্কুলের ছাত্রছাত্রীরা যমুনা সেতু পরিদর্শন করতে যাচ্ছি।

যমুনা সেতু সত্যিই আমার নিকট একটি স্বপ্ন। আমার ইচ্ছা সেখানে যাবার জন্য। আমি যমুনা সেতু সম্পর্কে বাস্তব জ্ঞানের অভাবে ভীষণ দুর্ভোগ পোহাচ্ছি। বাস্তব জ্ঞান আমাদের ছাত্রছাত্রীদের জন্য প্রয়োজন। আমি খুশি হব আপনি যদি দয়া করে সেখানে যাওয়ার জন্য আমাকে অনুমতি দেন ও যত তাড়াতাড়ি সম্ভব ২০০০ টাকা পাঠান।

আজ আর নয়। আপনার এবং মায়ের প্রতি রইল আমার ছালাম ও ছোটদের প্রতি আমার ভালোবাসা। বিদায়।

12. Write a letter to your friend telling him/her how you have done in the S.S.C. examination this year. (এ বছর তুমি এস.এস.সি. পরীক্ষা কেমন দিয়েছ তার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

20 May, 2016.
Salimabad, Tangail.
My dear Yeasin,

You wanted to know what I have done in the S.S.C. Examination.

You will be very glad to know that I have done well in the S.S.C. Examination. I studied well and made the best use of time. I have answered all the questions beautifully. I have no tension. I hope that I shall be successful by the mercy (মার্সি-রহমতে/কৃপায়) of Allah.

I shall obtain GPA-5 in all the subjects.

No more today. Good-bye.

Sincerely yours,
Md. Shamsul Alam.

From	To (Stamp)
Md. Shamsul Alam	Md. Yeasin
Vill. : Salimabad	Vill. : Jamalpur
P.O. : Salimabad	P.O. : Jamalpur
Dist. : Tangail	Dist. : Jamalpur

Vocabulary (শব্দার্থ) : Examination *(n)* (এগজামিনেশন) – পরীক্ষা; want *(v)* (ওয়ান্ট) – চাওয়া; study *(v)* (স্টাডি) – পড়াশোনা করা; make the best use of *(phr)* (মেইক দ্যা বেস্ট ইউজ অব) – সর্বোচ্চ সদ্ব্যবহার করা; answer *(v)* (অ্যানসার) – উত্তর দেওয়া; question *(n)* (কোয়েসচন) – প্রশ্ন; beautifully *(adv)* (বিউটিফুলি) – সুন্দরভাবে, সুষ্ঠুভাবে; tension *(n)* (টেনশন) – দুশ্চিন্তা; successfully *(adv)* (সাকসেসফুলি) – সফলভাবে; successful *(adj.)* (সাকসেসফুল) – সফল; obtain *(v)* (অবটেইন) – লাভ করা, পাওয়া, অর্জন করা।

অনুবাদ : তুমি জানতে চেয়েছ আমি এস.এস.সি. পরীক্ষা কেমন দিয়েছি।

তুমি জেনে খুবই খুশি হবে যে, আমি এস.এস.সি. পরীক্ষা ভালোভাবে দিয়েছি। আমি ভালোভাবে পড়াশোনা করেছিলাম এবং সময়ের সর্বোচ্চ সদ্ব্যবহার করেছিলাম। আমি সমস্ত প্রশ্নের উত্তর ভালোভাবে দিয়েছি। আমার কোনো দুশ্চিন্তা ছিল না।

আমি আশা করি আল্লাহর রহমতে সফল হব। আমি সকল বিষয়ে জিপিএ-৫ পাব।

আজ আর নয়। বিদায়।

13. Write a letter to your friend congratulating him/her on his brilliant success in the S.S.C. examination. (এস.এস.সি. পরীক্ষায় ভালো সাফল্যের জন্য অভিনন্দন জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

20 May, 2016.

Daudkandi, Comilla.

My dear Masud,

I am glad to know that you have passed the S.S.C. examination in A+ grade.

I cannot tell you how happy I am. An honest work does not go astray. Thank you for your brilliant success (সাকসেস-সফলতা). All of my friends and relatives have praised you. I am sure (সিউর-নিশ্চিত) that you will do better in your future examinations.

I hope that you will get yourself admitted into a good college. I wish (উয়িশ-কামনা করা) your bright future (ফিউচার-ভবিষৎ).

No more today. Good-bye.

Your loving friend

Md. Arif Khan.

From	To Stamp
Md. Asif Khan	Md. Masud
Vill. : Guamta	79, Zindabazar
P.O. : Daudkandi	P.O. : Sylhet
Dist. : Comilla	Dist. : Sylhet

Vocabulary (শব্দার্থ) : congratulate *(v)* (কনগ্র্যাচুলেট) – অভিনন্দন জানান; brilliant *(adj.)* (ব্রিলিয়ান্ট) – উজ্জ্বল; pass *(v)* (পাস) – পাস করা, উত্তীর্ণ হওয়া; honest work (n/phr) (অনেস্ট ওয়ার্ক) – সৎ কাজ; go astray *(v)* (গো অ্যাস্ট্রে) – বিপথে যাওয়া, বৃথা যাওয়া; relatives *(n)* (রিলেটিভস) – আত্মীয়-স্বজন। praise *(v)* (প্রেইজ) – প্রশংসা করা; do better *(phr)* (ডু বেটার) – ভালো করা; get oneself admitted (গেট ওয়ানসেলফ এডমিটেড) – ভর্তি হওয়া; bright (ব্রাইট) – উজ্জ্বল।

অনুবাদ : আমি জেনে খুশি হয়েছি যে, তুমি এস.এস.সি. পরীক্ষাতে এ প্লাস গ্রেডে পাস করেছ।

আমি তোমাকে বলতে পারব না যে, আমি কত খুশি হয়েছি। একটা সৎকাজ কখনো বৃথা যায় না। তোমার মেধাপূর্ণ সফলতার জন্য তোমাকে ধন্যবাদ।

আমার সকল বন্ধুবান্ধব ও আত্মীয়-স্বজনেরা তোমার খুব প্রশংসা করেছে। আমি নিশ্চিত যে, তোমার ভবিষ্যৎ পরীক্ষাগুলোতেও তুমি ভালো করবে।

আমি আশা করি যে, তুমি একটা ভালো কলেজে ভর্তি হবে। আমি তোমার উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করি।

আজ আর নয়। বিদায়।

14. Write a letter to your friend consoling him/her on the death of his beloved mother. (তোমার বন্ধুর মায়ের মৃত্যুতে বন্ধুকে সান্ত্বনা জানিয়ে একটি পত্র লেখ।)

14 June, 2016.
Kashimagar, Narsingdi.
My dear Kamal,

I am very shocked to know that your mother is no more (নো মোর-আর বেঁচে নেই) in the world.

I do not know how to console you in such a situation. Your grief is so great (সো গ্রেট-অত্যন্ত বেশি) that words will fail to console you. I have also lost my mother. We know that man is mortal. We all must die. So, take it easily.

At the very end, we pray to Allah that her departed soul may rest in peace, No more today.

Your loving friend,
Yunus.

From	To (Stamp)
Md. Yunus Ali	Md. Kamal
Vill. : Kashimagar	Vill. : Joydebpur
P.O. : Belabo	P.O. : Joydebpur
Dist. : Narsingdi	Dist. : Madaripur

Vocabulary (শব্দার্থ) : console *(v)* (কনসোল) – সান্ত্বনা দেওয়া; situation *(n)* (সিচুয়েশন) – অবস্থা, পরিস্থিতি; words *(n)* (ওয়ার্ডস) – কথা, ভাষা; grief *(n)* (গ্রিফ) – দুঃখ, শোক; shocked *(adj.)* (শকট) – মর্মাহত, ব্যথিত; must *(v.aux)* (মাস্ট) – অবশ্যই। mortal *(adj.)* (মরটাল) – মরণশীল; take *(v)* (টেইক) – লওয়া, গ্রহণ করা; pray *(v)* (প্রে) – প্রার্থনা করা। departed *(adj.)* (ডিপার্টেড) – বিদেহী; soul *(n)* (সোল) – আত্মা; peace *(n)* (পিস) – শান্তি।

অনুবাদ : আমি জেনে খুবই মর্মাহত হলাম যে, তোমার মা আর পৃথিবীতে নেই।

এ অবস্থায় তোমাকে কীভাবে সান্ত্বনা দিতে হয় তা আমার জনা নেই। তোমার দুঃখ এত বেশি যে, কথা তোমাকে সান্ত্বনা দিতে ব্যর্থ হবে। আমিও আমার মাকে হারিয়েছি। আমরা জানি যে, মানুষ মরণশীল। আমরা অবশ্যই সকলে মরব। অতএব, এটাকে মেনে নাও।

সবশেষে আল্লাহর নিকট আমরা প্রার্থনা করি যে, তাঁর বিদেহী আত্মা শান্তিতে থাকুক।

আজ আর নয়।

15. Write a letter to your friend what you would like to do after your S.S.C. examination. (এস.এস.সি. পরীক্ষার পর তুমি কী করবে তা জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

20 June, 2016.
Chhaysuti, Kishoreganj.
My dear Arman,
You wanted to know what I would like to do after my S.S.C. examination.
You know most of the people of our village are Illiterate and helpless. I shall set up (সেট আপ-স্থাপন করা) a night school in our village. At night, I shall teach them about the population problem and the scientific method of cultivation.
Tree plantation and no-smoking will also be added. I shall help my village people till my result is out.
No more today, Good-bye.
Your loving friend,

Nurul Islam.

From	To (Stamp)
Md. Nurul Islam	Md. Arman
Vill. : Chhaysuti	Vill. : Belabo
P.O. : Kuliarchar	P.O. : Belabo
Dist. : Kishoregonj	Dist. : Narsingdi

Vocabulary (শব্দার্থ) : want to know *(phr)* (ওয়ান্ট টু নো) – জানতে চাওয়া; like to do *(phr)* (লাইক টু ডু) – করতে চাওয়া; examination is over (এগজামিনেশন ইজ ওভার) – পরীক্ষা শেষ হয়েছে; most of the people (মোস্ট অব দ্যা পিপল) – অধিকাংশ জনগণ; বেশিরভাগ লোক; illiterate *(adj.)* (ইলিটারেট) – নিরক্ষর, মূর্খ; helpless *(adj.)* (হেলপলেস) – অসহায়; teach *(v)* (টিচ) – শিক্ষা দেওয়া, পড়ান; population *(n)* (পপুলেশন) – জনসংখ্যা; problem *(n)* (প্রবলেম) – সমস্যা; scientific *(adj.)* (সায়েন্টিফিক) – বৈজ্ঞানিক; method *(n)* (মেথড) – পদ্ধতি; cultivation *(n)* (কালটিভেশন) – চাষাবাদ; plantation *(n)* (প্ল্যানটেশন) – বৃক্ষরোপণ; no smoking (নো-স্মোকিং) – অ-ধূমপান; until *(adv)* (আনটিল) – যে পর্যন্ত না; result *(n)* (রিজাল্ট) – ফলাফল।

অনুবাদ : তুমি জানতে চেয়েছ আমি এস.এস.সি. পরীক্ষার পর কী করব। তুমি জান আমাদের গ্রামের বেশিরভাগ লোকই মূর্খ ও অসহায়। আমি আমাদের গ্রামে একটি নৈশ বিদ্যালয় স্থাপন করব। রাত্রিবেলা আমি তাদেরকে জনসংখ্যা সমস্যা ও বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদ সম্বন্ধে শিক্ষা দেব।

বৃক্ষরোপণ এবং অ-ধূমপানও সাথে থাকবে। আমার ফলাফল বের না হওয়া পর্যন্ত আমি আমার গ্রামবাসীদের সাহায্য করব।

আজ আর নয়। বিদায়।

16. Write a letter to your friend requesting him/her to return the book that he/she borrowed from you. (তোমার বন্ধু তোমার নিকট হতে যে বইটি ধার নিয়েছিল তা ফেরত চেয়ে একটি পত্র লেখ।)

9 January, 2016.
Babla, Borguna.
My dear Mithu,

How are you? I hope you are well. Our S.S.C. examination is knocking at the door. Now I am busy with my studies.

A few days ago, you borrowed (বরৌড-ধার নিয়েছিলে) a book from me. It was Innovative A+ English Guide by Mostofa Kamal. Probably, you have forgotten to return (রিটার্ন-ফেরত দেওয়া) it. Now I need the book. I shall be glad if you kindly return the book as early as possible.

If you need the book, I shall give it to you after my S.S.C. examination.

No more today, Good-bye.

Sincerely yours,
Faruk.

Vocabulary (শব্দার্থ) : request *(v)* (রিকুয়েস্ট) – অনুরোধ করা; return *(v)* (রিটার্ন) – ফেরত দেওয়া; borrow *(v)* (বরো) – ধার নেওয়া; knocking at the door (নকিং অ্যাট দ্যা ডোর) – অতি নিকটবর্তী; probably *(adv)* (প্রোবাবলি) – সম্ভবত; forget *(v)* (ফরগেট) – ভুলে যাওয়া; glad *(adj.)* (গ্ল্যাড) – খুশি, আনন্দিত; as early as possible *(phr)* (অ্যাজ আরলি অ্যাজ পসিবল) – যত তাড়াতাড়ি সম্ভব।

অনুবাদ : তুমি কেমন আছ? আমি আশা করি তুমি ভালো আছ। আমাদের এস.এস.সি. পরীক্ষা খুব সন্নিকটে। এখন, আমি আমার পড়াশোনা নিয়ে ব্যস্ত। কিছুদিন আগে তুমি আমার নিকট থেকে একটি বই ধার নিয়েছিলে। এটি ছিল মোস্তফা কামাল রচিত ইনোভ্যাটিভ এ প্লাস ইংলিশ গাইড। সম্ভবত এটা ফিরিয়ে দিতে তুমি ভুলে গিয়েছিলে। এখন, আমার এটা প্রয়োজন। আমি খুশি হব যদি বইটি দয়া করে যত তাড়াতাড়ি সম্ভব ফিরিয়ে দাও।
যদি বইটি তোমার প্রয়োজন হয় আমার এস.এস.সি. পরীক্ষার পর তোমাকে দিব।
আজ আর নয়। বিদায়।

17. Write a letter to your friend requesting him/her to lend you a book. (একটি বই ধার চেয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

20 May, 2016.
Gazaria, Munshiganj.
My dear Kawsar,
Our S.S.C. examination is knocking at the door. Now I am busy with my studies.
I am sorry to inform (ইনফর্ম-জানানো) you that my Innovative A+ English Guide is lost. I wanted to buy a copy but it is out of print now. I have been suffering for want of it. Now I need the book for my preparation. I shall be glad (গ্ল্যাড-আনন্দিত) if you kindly (কাইন্ডলি-দয়া করে) lend me your Innovative A+ English Guide.
I shall return your book after my S.S.C.,examination.
No more today, Good-bye.
Your loving friend,
Ismail.

Vocabulary (শব্দার্থ) : lend *(v)* (লেন্ড) – ধার দেওয়া; busy *(adj.)* (বিজি) – ব্যস্ত; studies *(n)* (স্টাডিজ) – পড়াশোনা; sorry *(adj.)* (সরি) – দুঃখিত; is lost (ইজ লস্ট) – হারিয়ে গেছে; is not printed (ইজ নট প্রিন্টেড) – ছাপা নেই; for want of *(phr)* (ফর ওয়ান্ট অব) – অভাবে; suffer *(v)* (সাফার) – দুর্ভোগ পোহানো; need *(n)* (নীড) – প্রয়োজন। preparation *(n)* (প্রিপারেশন) – প্রস্তুতি।

অনুবাদ : আমাদের এস.এস.সি. পরীক্ষা অতি নিকটে। এখন, আমি আমার পড়াশোনা নিয়ে ব্যস্ত।
আমি তোমাকে দুঃখের সাথে জানাচ্ছি যে, আমার ইনোভ্যাটিভ এ প্লাস ইংলিশ গাইডটি হারিয়ে গেছে। আমি একটি কপি কিনতে চেয়েছিলাম। কিন্তু তা বর্তমানে ছাপা নেই। আমি এটার অভাবে দুর্ভোগ পোহাচ্ছি। এখন, আমার প্রস্তুতির জন্য বইটির প্রয়োজন। আমি খুশি হব যদি তুমি তোমার ইনোভ্যাটিভ এ প্লাস ইংলিশ গাইডটি আমাকে ধার দাও।
আমার এস.এস.সি. পরীক্ষার পর তোমাকে বইটি ফিরিয়ে দিব।
আজ আর নয়। বিদায়।

18. Write a letter to your younger brother about the usefulness of learning English. (ইংরেজি শিক্ষার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।)

25 May, 2016.
Kamartak, Kustia.

My dear Joynal,

I am sorry to know (নো-জানা) that you are weak (উইক-দুর্বল) in English.

You know that English is an international language. It is needed in all sections (সেকশন্স-ক্ষেত্রে) of our daily life. Without (উইদাউট-ছাড়া/ব্যতীত) knowing English, you cannot get higher education. It is because most of the books are written in English. English is needed for all kinds of jobs.

I hope that you will practise English regularly for your betterment.

Your elder brother,
Babul.

Vocabulary (শব্দার্থ) : younger *(adj.)* (ইয়ংগার) – বয়সে ছোট; brother *(n)* (ব্রাদার) – ভাই; usefulness *(n)* (ইউজফুলনেস) – প্রয়োজনীয়তা; learning (লারনিং) – শেখা; sorry *(adj.)* (সরি) – দুঃখিত; international *(adj.)* (ইন্টারন্যাশন্যাল) – আন্তর্জাতিক; language *(n)* (ল্যাংগুয়েজ) – ভাষা; need *(v)* (নীড) – প্রয়োজন হওয়া; practise *(v)* (প্র্যাকটিস) – চর্চা করা; regularly *(adv)* (রেগুলারলি) – নিয়মিতভাবে; betterment *(n)* (বেটারমেন্ট) – উন্নতি; elder *(adj.)* (এলডার) – বয়সে বড়; job *(n)* (জব) – চাকরি।

অনুবাদ : আমি জেনে দুঃখিত হলাম যে, তুমি ইংরেজিতে দুর্বল।

তুমি জান যে, ইংরেজি একটি আন্তর্জাতিক ভাষা। এটি আমাদের জীবনের সকল ক্ষেত্রে প্রয়োজন। ইংরেজি না জেনে তুমি উচ্চ শিক্ষা লাভ করতে পারবে না। কারণ অধিকাংশ বইপুস্তক ইংরেজিতে লেখা। ইংরেজি সকল প্রকার চাকরির জন্য প্রয়োজন।

আমি আশা করি তুমি তোমার উন্নতির জন্য নিয়মিতভাবে ইংরেজি চর্চা করবে।

19. Write a letter to your younger brother advising him how to improve his English vocabulary. (কীভাবে ইংরেজি শব্দভাণ্ডার বাড়ানো যায় উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।)

20 May, 2016.
Boteshwar, Narsingdi.

My dear Harun,

You wanted to know how to improve your vocabulary.
To enrich your vocabulary you will need an English dictionary. Everyday you will memorise minimum (মিনিমাম-সর্বনিম্ন) 20 words with their usages and meanings. Firstly, you will write down them in your notebook. After that, you will practise them to make sentences. Always keep good friends and talk to them in English.
If you face any problem, you must consult your English teachers. Moreover, you will read English newspapers daily.
Your elder brother,
Mostafa Kamal.

Vocabulary (শব্দার্থ) : advise *(v)* (এ্যাডভাইজ) – উপদেশ দেওয়া; how to improve (হাউ টু ইমপ্রোভ) – কীভাবে বৃদ্ধি করা যায়, কীভাবে বাড়ানো যায়; vocabulary *(n)* (ভোকাবুলারি) – শব্দ ভাণ্ডার; dictionary *(n)* (ডিকশনারী) – অভিধান। memorise *(v)* (মেমোরাইজ) – মুখস্থ করা; usage *(n)* (ইউসেজ) – ব্যবহার; meaning *(n)* (মিনিং) – অর্থ; note-book *(n)* (নোট-বুক) – মন্তব্যটি টোকার খাতা, নোটবই; make a sentence *(phr)* (মেইক এ্যা সেনটেন্স) – বাক্য তৈরি করা; keep good friends *(phr)* (কীপ গুড ফ্রেন্ডস) – ভালো ভালো বন্ধু করা; face any problem *(phr)* (ফেইস অ্যানি প্রবলেম) – কোনো সমস্যার সম্মুখীন হওয়া; consult *(v)* (কনসালট) – পরামর্শ করা।

অনুবাদ : তুমি জানতে চেয়েছ কীভাবে তোমার শব্দ ভাণ্ডার বাড়ানো যায়।
তোমার শব্দ ভাণ্ডার সমৃদ্ধির জন্য তোমার একটি ইংরেজি ডিকশনারী প্রয়োজন। প্রতিদিন তুমি কমপক্ষে বিশটি শব্দ মুখস্থ করবে তাদের ব্যবহার ও অর্থসহ। পরিশেষে সেগুলো তোমার নিজের নোটবুকে লিখবে। এরপর তুমি অভ্যাস করবে সেগুলো দিয়ে বাক্য তৈরি করতে। সবসময় ভালো বন্ধু রাখবে এবং তাদের সাথে ইংরেজিতে কথা বলবে।
যদি কোনো সমস্যার সম্মুখীন হও তুমি অবশ্যই তোমার ইংরেজি শিক্ষকের সাথে পরামর্শ করবে। অধিকন্তু তুমি প্রতিদিন ইংরেজি সংবাদপত্র পড়বে।

20. **Write a letter to your friend describing him/her about the village fair that you have visited recently.** (সম্প্রতি তোমার দেখা একটি গ্রাম্যমেলার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

20 April, 2016.
Azimpur, Dhaka.
My dear Kamal,
You will be very glad to know that I enjoyed a village fair on the 13th instant. I want to give you a short description of it.

The village fair was held on the occasion of the 30th Chaitra. People of our village arranged (অ্যারেঞ্জ-আয়োজন করা) it by the side of a river. There were many kinds of stalls. Thousands of people were busy with buying various dolls, earthen wares, toys, balloons and many other things. There were several (সেভারেল-কতকগুলো) tea stalls also. I bought some nice toys for my younger sister and a marvellous (মারভেলাস-মনোরম) flute for myself. The main attractions of the fair were circus-show and puppet-show. I enjoyed the both. How pleasant it would be if you were with me! Hope, you will accompany (অ্যাকোম্পানি-সঙ্গ দেওয়া) me the next time.

Convey (কনভেই-পৌছে দেওয়া) my salam to your parents and love to the youngers. Wishing (উইশিং-কামনা করে) you all the best,

Sincerely yours,
Jamal.

অনুবাদ : তুমি জেনে খুশি হবে যে, বর্তমান মাসের ১৩ তারিখে আমি একটি গ্রাম্যমেলা উপভোগ করেছি। আমি তার একটি সংক্ষিপ্ত বর্ণনা তোমাকে দিচ্ছি।

গ্রাম্যমেলাটি ৩০শে চৈত্র উপলক্ষে অনুষ্ঠিত হয়েছিল। আমাদের গ্রামের লোকেরা একটি নদীর তীরে এটা আয়োজন করেছিল। সেখানে বিভিন্ন ধরনের স্টল ছিল। হাজার হাজার লোক বিভিন্ন পুতুল, মাটির জিনিসপত্র, খেলনা, বেলুন ও অন্য অনেক জিনিসপত্র কেনায় ব্যস্ত ছিল। কয়েকটি চায়ের দোকানও ছিল। আমি আমার ছোট বোনের জন্য একটি সুন্দর খেলনা এবং আমার নিজের জন্য একটি মনোরম বাঁশি কিনেছিলাম। মেলার প্রধান আকর্ষণ ছিল সার্কাস প্রদর্শনী ও পুতুল নাচ। আমি উভয়টি উপভোগ করেছি। তুমি সাথে থাকলে কত আনন্দ হত!
আশা করি পরবর্তীতে তুমি সাথে থাকবে।
তোমার পিতামাতাকে সালাম ও ছোটদেরকে ভালোবাসা দিও। তোমাদের সকলের মঙ্গল কামনায়, বিদায়।

Vocabulary (শব্দার্থ) : village fair *(n)* (ভিলেজ ফেয়ার) – গ্রাম্যমেলা; visit *(v)* (ভিজিট) – পরিদর্শন করা, দেখা; recently *(adv)* (রিসেন্টলি) – সম্প্রতি; enjoy *(v)* (এনজয়) – উপভোগ করা; description *(n)* (ডেসক্রিপশন) – বর্ণনা; various *(adj.)* (ভেরিয়াস) – বিভিন্ন; dolls *(n)* (ডলস) – পুতুল; earthen wares *(n)* (আরথেন ওয়ারস) – মাটির তৈরি জিনিসপত্র; toys *(n)* (টয়জ) – খেলনা; balloon *(n)* (বেলুন) – বায়ুপূর্ণ ফটকা; বেলুন; marvelous *(adj.)* (মারভেলাস) – মনোরম; attractions *(n)* (অ্যাট্রাকশনস) – আকর্ষণ; flute *(n)* (ফ্লুট) – বাঁশি; pleasant *(adj.)* (প্লেজেন্ট) – আনন্দদায়ক।

21. Write a letter to your friend describing him/her about a book fair that you have visited recently. (সম্প্রতি তোমার দেখা একটি বই মেলার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

28 June, 2016.

Atpara, Shatkhira.

My dear Tanin,

You will be very glad to know that I have visited a book fair at South Badda in Dhaka. It was held on the 26 March. I would like to give you a short description (শর্ট ডেসক্রিপশন-সংক্ষিপ্ত বর্ণনা) of it.

Bangla Academy organized it at South Badda in Dhaka. There were many kinds of stalls. All kinds of books were displayed (ডিসপ্লেইড-প্রদর্শিত হয়েছিল). It was an annual gathering of the publishers.

It was a great festival. I visited all the bookstalls. At last, I bought (বট-ক্রয় করেছিলাম) many new books for myself.

Sincerely yours,

Nasir.

Vocabulary (শব্দার্থ) : a book fair *(phr)* (এ বুক ফেয়ার) – একটি বইমেলা; glad *(adj.)* (গ্ল্যাড) – খুশি, আনন্দিত; visit *(v)* (ভিজিট) – পরিদর্শন করা; be held *(phr)* (বি হেল্ড) – অনুষ্ঠিত হওয়া; like *(v)* (লাইক) – চাওয়া, পছন্দ করা; organise *(v)* (অর্গ্যানাইজ) – আয়োজন করা; show *(v)* (শো) – দেখানো, প্রদর্শন করা; annual *(adj.)* (অ্যানিউএ্যাল) – বার্ষিক; gathering *(n)* (গ্যাদারিং) – সমাবেশ; publishers *(n)* (পাবলিশারস) – প্রকাশকগণ; festival *(n)* (ফেস্টিভাল) – উৎসব; sincerely yours *(phr)* (সিনসিয়ারলি ইউরস) – তোমার অন্তরঙ্গ, আন্তরিক।

অনুবাদ : তুমি জেনে খুশি হবে যে, ঢাকার দক্ষিণ বাড্ডায় আমি একটি বইমেলা পরিদর্শন করেছি। এটা ২৬শে মার্চে অনুষ্ঠিত হয়েছিল। আমি তোমাকে এর একটি সংক্ষিপ্ত বর্ণনা দিচ্ছি।

দক্ষিণ বাড্ডা, ঢাকায় বাংলা একাডেমী এটির আয়োজন করেছিল। সেখানে বিভিন্ন ধরনের স্টল ছিল। সকল ধরনের বইপুস্তক সেখানে প্রদর্শিত হয়েছিল। এটা ছিল প্রকাশকদের একটি বার্ষিক সমাবেশ।

এটা ছিল একটা মহোৎসব। আমি সকল বইয়ের দোকানগুলো পরিদর্শন করেছি। সবশেষে আমি নিজের জন্য কিছু নতুন বই ক্রয় করেছি।

22. Write a letter to your younger brother advising him to get early in the morning. (প্রত্যূষে ঘুম হতে উঠার জন্য উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।)

20 June, 2016.
Kalikapur, Kishoreganj.
My dear Kalam,

I am sorry to know that you do not get up early in the morning. An early riser can get enough time to perform duties. He can enjoy the beauty of nature (ন্যাচার-প্রকৃতি). Morning air is very good for our health and mind. There is a proverb, "Early to bed and early to rise makes a man healthy, wealthy (ওয়েলদি-ধনবান) and wise."

I hope that you will get up early in the morning for your betterment.

Your elder brother,
Md. Yeasin.

Vocabulary (শব্দার্থ) : get up *(v)* (গেট আপ) – উঠা (ঘুম থেকে); early in the morning *(n)* (আরলি ইন দ্যা মর্নিং) – প্রত্যূষে, খুব সকালে, ভোরে; an early riser (এ্যান আরলি রাইজার) – সকাল সকাল শয্যাত্যাগকারী; perform *(v)* (পারফরম) – সম্পাদন করা; duties *(n)* (ডিউটিজ) – কাজকর্ম, কর্তব্যাদি; beauty *(n)* (বিউটি) – সৌন্দর্য; nature (ন্যাচার) – প্রকৃতি; good for *(phr)* (গুড ফর) – কোনোকিছুর জন্য ভালো, উপকারি; health *(n)* (হেলথ) – স্বাস্থ্য; mind *(n)* (মাইন্ড) – মন; proverb *(n)* (প্রোভার্ব) – প্রবাদ বাক্য; healthy *(adj.)* (হেলথি) – স্বাস্থ্যবান; wise *(adj.)* (ওয়াইজ) – জ্ঞানী; betterment *(n)* (বেটারমেন্ট) – উন্নতি।

অনুবাদ : আমি জেনে দুঃখিত হলাম যে, তুমি ঘুম থেকে ভোরে উঠো না।
প্রত্যূষে শয্যাত্যাগকারী ব্যক্তি কাজ সম্পাদন করার জন্য অনেক সময় পায়। সে প্রকৃতির সৌন্দর্য উপভোগ করতে পারে।
ভোরের হাওয়া আমাদের স্বাস্থ্য ও মনের জন্য খুবই ভালো। একটি প্রবাদ বাক্য আছে যে, "তাড়াতাড়ি ঘুমাতে যাও এবং তাড়াতাড়ি উঠ, এটা মানুষকে স্বাস্থ্যবান সম্পদশালী ও জ্ঞানী করে।"
আমি আশা করি যে, খুব তাড়াতাড়ি ঘুম থেকে উঠবে তোমার উন্নতির জন্য।

23. Write a letter to your younger brother advising him not to adopt unfairmeans in the examination. (পরীক্ষায় নকল না করার জন্য উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।)

15 April, 2016.
Manikpur, Jamalpur.
My dear Nabi,

I am glad to know that your 1st term examination will be held (উইল বি হেল্ড-অনুষ্ঠিত হবে) on the 21st instant. Now I am giving you some suggestions about it.

Copying in the examination hall is very bad. The student who does copying can never be successful in life. He will become idle and a burden of society. To become successful, one needs one's own qualities. Attentively take good preparation (পিপারেশন-প্রস্তুতি) for the examination.

I hope that you will never adopt copying in the examination.

Your elder (এল্ডার-বড়) brother,

Masud.

Vocabulary (শব্দার্থ) : adopt *(v)* (অ্যাডপ্ট) – অবলম্বন করা; unfair means *(n)* (আনফেয়ার মিনস) – অসৎ উপায়, নকল; suggestions *(n)* (সাজেশন্স) – উপদেশ; copy (কপি) – নকল করা; successful *(adj.)* (সাকসেসফুল) – সফল, কৃতকার্য; idle *(adj.)* (আইডল) – অলস; burden *(n)* (বার্ডেন) – বোঝা; own *(pro)* (ওন) – নিজস্ব; qualities *(n)* (কোয়ালিটিজ) – গুণাবলি; attentively *(adv)* (এ্যাটেনটিভলি) – মনোযোগসহকারে।

অনুবাদ : আমি জেনে খুশি হলাম যে, বর্তমান মাসের ২১ তারিখে তোমাদের প্রথম সাময়িক পরীক্ষা অনুষ্ঠিত হবে। এখন, আমি তোমাকে এটা সম্পর্কে কিছু উপদেশ দিচ্ছি।

পরীক্ষার হলে নকল করা খুবই খারাপ। যে ছাত্র নকল করে সে কখনো জীবনে উন্নতি করতে পারে না। সে অলস ও সমাজের বোঝা হয়ে পড়ে। কারো সফল হতে হলে প্রয়োজন নিজস্ব গুণাবলি। মনযোগসহকারে পরীক্ষার জন্য ভালো প্রস্তুতি নাও।

আমি আশা করি যে, তুমি পরীক্ষার হলে কখনো নকল করবে না।

24. **Write a letter to your younger brother advising him to read newspapers regularly. (নিয়মিত সংবাদপত্র পড়ার জন্য উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।)**

10 September, 2016.

Belabo, Narsingdi.

My dear Farhad,

I am sorry to know that you do not read newspapers. Only bookish knowledge cannot make a man complete.

The newspaper is a store-house of knowledge and information. The newspaper contains (কনটেইন্স-ধারণ করে) all kinds of news, such as health, politics, economics etc. Family planning,

population problem and the scientific method (সাইন্টিফিক মেথড-বৈজ্ঞানিক পদ্ধতি) of cultivation (কালটিভেশন-চাষাবাদ) are also added. It will make you conscious and an ideal citizen.

I hope that you will read newspapers daily for your improvement.

Your elder brother,

Sakil Hossain.

Vocabulary (শব্দার্থ) : advise *(v)* (অ্যাডভাইজ) – উপদেশ দেওয়া; newspaper *(n)* (নিউজপেপার) – সংবাদপত্র; only *(adv)* (অনলি) – কেবল; bookish *(adj.)* (বুকিশ) – পুস্তকগত; knowledge *(n)* (নলেজ) – জ্ঞান; complete *(adj.)* (কমপ্লিট) – সম্পূর্ণ, পরিপূর্ণ; store-house *(n)* (স্টোর হাউস) – ভাণ্ডার; information *(n)* (ইনফরম্যাশন) – তথ্য; politics *(n)* (পলিটিকস) – রাজনীতি; family planning *(n)* (ফ্যামিলি প্ল্যানিং) – পরিবার পরিকল্পনা; conscious *(adj.)* (কনসাস) – সচেতন; ideal *(adj.)* (আইডিয়েল) – আদর্শ; citizen *(n)* (সিটিজেন) – নাগরিক; improvement *(n)* (ইমপ্রুভমেন্ট) – উন্নতি।

অনুবাদ : আমি জেনে দুঃখিত হলাম যে, তুমি সংবাদপত্র পড় না। শুধুমাত্র পুস্তকের জ্ঞান একজন মানুষকে পরিপূর্ণ করতে পারে না।

সংবাদপত্র হলো জ্ঞান ও তথ্যের ভাণ্ডার। সংবাদপত্র সকল প্রকার সংবাদ বহন করে, যেমন স্বাস্থ্য, রাজনীতি, অর্থনীতি ইত্যাদি। পরিবার পরিকল্পনা, জনসংখ্যা সমস্যা ও বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদও এতে থাকে। এটা তোমাকে সচেতন ও আদর্শ নাগরিক করবে।

আমি আশা করি, তুমি দৈনিক সংবাদপত্র পড়বে তোমার উন্নতির জন্য।

25. Write a letter to your friend describing him/her about the bad effects of smoking. (ধূমপানের কুফল জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

20 July, 2016.

Kalipur, Munshiganj.

My dear Rana,

I am sorry to know that you have become a heavy smoker (স্মোকার-ধূমপায়ী) of cigarette.

You do not know that it is a very bad habit. It is very harmful for our health. Every cigarette contains many kinds of dangerous particles. The nicotine is the worst (ওর্স্ট-সবচেয়ে মন্দ) of all. It damages our lungs (লাংস-ফুসফুস). It causes (কজেস-সংঘটিত করে) many kinds of fatal (ফ্যাটাল-প্রাণঘাতী) diseases such as cancer, bronchitis (ব্রঙকাইটিস-শ্বাসপ্রদাহ রোগের) etc.

I shall be very glad if you give up (গিভ আপ-ত্যাগ করা) smoking.
Please do not do injustice to yourself.
No more today, Good-bye.
Sincerely yours,
Masud.

Vocabulary (শব্দার্থ) : bad effects *(n)* (ব্যাড ইফেকটস) – কুফল; smoking *(n)* (স্মোকিং) – ধূমপান; cigarette *(n)* (সিগারেট) – সিগারেট; contain *(v)* (কনটেইন) – ধারণ করা; harmful *(adj.)* (হার্মফুল) – ক্ষতিকর; dangerous *(adj.)* (ড্যানজারাস) – মারাত্মক; বিপজ্জনক; diseases *(n)* (ডিজিজেস) – রোগব্যাধি; particles *(n)* (পারটিকল্স) – উপাদান; damage *(v)* (ড্যামেজ) – বিনষ্ট করা; injustice (ইনজাস্টিস) – অবিচার।

অনুবাদ : আমি জেনে দুঃখিত হলাম যে, তুমি প্রচণ্ড সিগারেট ধূমপায়ী হয়েছ। তুমি জান না যে, এটা একটি খুব খারাপ অভ্যাস। এটা আমাদের স্বাস্থ্যের জন্য খুব ক্ষতিকর। প্রতিটি সিগারেট বিভিন্ন ধরনের ভয়ঙ্কর কণা বহন করে। নিকোটিন হলো সর্বনিকৃষ্ট। এটা আমাদের ফুসফুস নষ্ট করে। এটা বিভিন্ন ধরনের মারাত্মক রোগের কারণ ঘটায় যেমন : ক্যান্সার, ব্রংকাইটিস ইত্যাদি।
আমি ভীষণ খুশি হব যদি ধূমপান ত্যাগ করো। দয়া করে তুমি নিজের উপর অবিচার করো না।
আজ আর নয়। বিদায়।

26. Write a letter of sympathy to your sick friend in a hospital.
(একটি হাসপাতালে তোমার অসুস্থ বন্ধুকে সান্ত্বনা জানিয়ে তার নিকট একটি পত্র লেখ।)

25 May, 2016.
Anandanagar, Netrakona.
My dear Jamal,
I am sorry to know that you met a bus accident on the 21st instant.
I should be beside you in the hospital in this situation (সিচুয়েশন-অবস্থা). I am sorry that my parents are not at home. It is something not so abnormal (অ্যাবনরমাল-অস্বাভাবিক). Life is not a bed of roses. So, things like this (থিংস্ লাইক দিস-এ ধরনের ঘটনা) may happen (মে হ্যাপেন-ঘটতে পারে). But there is nothing to worry about (ওরি অ্যাবাউট-আতঙ্কবোধ করা). Medical science is very developed nowadays.
I hope that you will come round (কাম রাউন্ড-সুস্থ হওয়া), very soon. I am coming to you within (উইদিন-মধ্যে) three days.
Your loving friend,
Rajib.

Vocabulary (শব্দার্থ) : sympathy *(n)* (সিমপ্যাথি) – সহানুভূতি; sick *(adj.)* (সিক) – অসুস্থ, পীড়িত; hospital *(n)* (হসপিটাল) – হাসপাতাল; meet (মিট) – অপ্রত্যাশিতভাবে সম্মুখীন হওয়া; accident *(n)* (অ্যাকসিডেন্ট) – দুর্ঘটনা; beside *(pre)* (বিসাইড) – পাশে; a bed of roses (এ বেড অব রোজেস) – ফুলশয্যা; ups and downs (আপ্‌স অ্যান্ড ডাউনস) – উত্থান-পতন; medical science (মেডিকেল সায়েন্স) – চিকিৎসা বিজ্ঞান; developed *(adj.)* (ডিভেলপ্‌ড) – উন্নত; Now-a-days (নাউ-এ-ডেজ) – আজকাল।

অনুবাদ : আমি জেনে দুঃখিত হলাম যে, বর্তমান মাসের ২১ তারিখে তুমি বাস দুর্ঘটনা কবলিত হয়েছ।

আমার উচিত হাসপাতালে এই অবস্থায় তোমার পাশে থাকা। আমি দুঃখিত আমার মা-বাবা বাড়িতে নেই। এটা কোনো ব্যাপার নয়। জীবন ফুলশয্যা নয়। তাই এমন কিছু ঘটে থাকে। কিন্তু দুশ্চিন্তার কোনো কারণ নেই। চিকিৎসা বিজ্ঞান আজকাল খুব উন্নত।

আমি আশা করি যে, তুমি খুব তাড়াতাড়ি আরোগ্য লাভ করবে। আমি তিনদিনের মধ্যে তোমার নিকট আসছি।

27. Write a letter to your younger brother advising him to be attentive and keep well-behaved good company in his school. (বিদ্যালয়ে ভালো ব্যবহার, মনোযোগী ও ভালো সঙ্গী রাখার জন্য উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।)

Or, Write a letter to your younger brother advising him to be punctual in his studies and keep good company. (নিয়মিত পড়াশোনাতে সময়নিষ্ঠ ও ভালো সঙ্গী রাখার জন্য উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।)

15 November, 2016.
Gangni, Meherpur.
My dear Kamal,

I am very sorry to know that you have rude behaviour and keep bad company.

If you have bad company, you will never be (উইল নেভার বি-কখনো হবে না) successful in life. But to become successful in life you will read attentively. Always keep a good friend. You must be amicable and always behave well with all.

I hope that you will mend your behaviour for your improvement.

Your elder brother,
Raquib.

Vocabulary (শব্দার্থ) : attentive *(adj.)* (অ্যাটেনটিভ) – মনোযোগী; keep a good company *(phr)* (কীপ এ গুড কোমপানি) – ভালো সঙ্গ রাখা; behaviour *(n)* (বিহেভিয়ার) – আচরণ, ব্যবহার; well-behaved *(phr)* (ওয়েল বিহেভড) – সদ-আচরণপরায়ণ; punctual *(adj.)* (পাঙচুয়্যাল)–

সময়নিষ্ঠ; rude *(adj.)* (রুড) – রূঢ়, অপ্রীতিকর, অভদ্র; keep a bad company (কীপ এ ব্যাড কোমপানি) – খারাপ সঙ্গ রাখা; successful *(adj.)* (সাকসেসফুল) – সফল; attentively *(adj.)* (অ্যাটেনটিভলি) – মনোযোগসহকারে; amicable *(adj.)* (অ্যামিক্যাবল) – বন্ধুত্বপূর্ণ, শান্তিপূর্ণ; behave well *(phr)* (বিহেভ ওয়েল) – ভালো ব্যবহার করা; mend *(v)* (মেন্ড) – সংশোধন করা; improvement *(n)* (ইমপ্রুভমেন্ট) – অগ্রগতি; উন্নতি।

অনুবাদ : আমি জেনে দুঃখিত হলাম যে, তোমার আচরণ খারাপ এবং তুমি খারাপ সঙ্গী রাখ।

যদি তোমার খারাপ সঙ্গী থাকে তুমি জীবনে কখনো সফল হবে না। কিন্তু জীবনে সফল হতে হলে তুমি মনোযোগসহকারে লেখাপড়া করবে। সর্বদা ভালো বন্ধু রাখবে। তুমি অবশ্যই মিশুক হবে ও সর্বদা ভালো ব্যবহার করবে।

আশা করি যে, তুমি নিজেকে সংশোধন করবে তোমার উন্নতির জন্য।

28. Write a letter to your younger brother advising him about the necessity of visiting the historical spots. (ঐতিহাসিক স্থান ভ্রমণের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।)

10 May, 2016.
Katiadi, Kishoreganj.
My dear Mostafa,
I am sorry to know that you do not visit historical spots (স্পটস-স্থান). Only (অনলি-কেবলমাত্র) bookish knowledge cannot make a man complete.
To make your knowledge complete you should visit historical spots closely. A historical spot is a teaching aid (এইড-উপকরণ).
I hope that you will visit some historical spots for your improvement.
Your elder brother,
Yeasin.

Vocabulary (শব্দার্থ) : necessity *(n)* (নেসেসিটি) – প্রয়োজনীয়তা; historical *(adj.)* (হিস্টোরিক্যাল) – ঐতিহাসিক; visit *(v)* (ভিজিট) – পরিদর্শন করা; bookish *(adj.)* (বুকিশ) – পুস্তকের, গ্রন্থগত; knowledge *(n)* (নলেজ) – জ্ঞান; complete *(adj.)* (কমপ্লিট) – পূর্ণাঙ্গ, পরিপূর্ণ; closely *(adv)* (ক্লোজলি) – নিবিড়ভাবে, ঘনিষ্ঠভাবে; teaching *(phr)* (টিচিং এইড) – শিক্ষা উপকরণ।

অনুবাদ : আমি জেনে দুঃখিত হলাম যে, তুমি ঐতিহাসিক স্থানগুলো পরিদর্শন করো না। শুধুমাত্র পুস্তকের জ্ঞান একজন মানুষকে পরিপূর্ণ করতে পারে না।

তোমার জ্ঞান পরিপূর্ণ করতে হলে তোমার উচিত ঐতিহাসিক নিদর্শনগুলো পরিদর্শন করা। একটি ঐতিহাসিক স্থান হলো একটা শিক্ষা উপকরণ।

আমি আশা করি যে, তুমি কিছু ঐতিহাসিক স্থান পরিদর্শন করবে তোমার উন্নতির জন্য।

29. Write a letter to your younger brother advising him to take care of his health. (স্বাস্থ্যের প্রতি যত্ন নেওয়ার জন্য উপদেশ দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।)

20 May, 2016.
Kuliarchar, Kishoreganj.

My dear Monir,

I am sorry to know that you have been going on ill with your health.

Always remember that health is the root of all happiness. You should get up early in the morning and take physical exercise. Keep yourself neat and clean. You will take a balanced diet.

I hope that you will take care of your health for your improvement.

Your elder brother,
Ibrahim.

Vocabulary (শব্দার্থ) : younger *(adj.)* (ইয়ংগার) – বয়সে ছোট; take care of *(phr)* (টেইক কেয়ার অব) – যত্ন নেওয়া; go on ill with *(phr)* (গো অন ইল উইথ) – খারাপের দিকে যাওয়া; remember *(v)* (রিমেম্বার) – স্মরণ রাখা, মনে রাখা; root *(n)* (রুট) – মূল; happiness *(n)* (হ্যাপিনেস) – সুখ; get up *(phr)* – ঘুম থেকে উঠা; early in the morning *(n)* (আরলি ইন দ্যা মর্নিং) – প্রত্যূষে, খুব সকালে; physical *(adj.)* (ফিজিক্যাল) – শারীরিক; neat and clean *(phr)* (নীট অ্যান্ড ক্লীন) – পরিষ্কার-পরিচ্ছন্ন; keep *(v)* (কীপ) – রাখা; take *(v)* (টেইক) – খাওয়া, লওয়া; a balanced diet *(phr)* (এ ব্যাল্যান্সড ডায়েট) – সুষম খাদ্য; পথ্য।

অনুবাদ : আমি জেনে দুঃখিত হলাম যে, তোমার শরীর স্বাস্থ্য খারাপের দিকে যাচ্ছে। সর্বদা মনে রাখবে যে, স্বাস্থ্যই সকল সুখের মূল। তোমাকে প্রত্যূষে ঘুম থেকে উঠতে হবে ও শারীরিক ব্যায়াম করবে। নিজেকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবে। তুমি সুষম খাবার খাবে।

আমি আশা করি যে, তোমার উন্নতির জন্য তোমার স্বাস্থ্যের প্রতি যত্ন নিবে।

30. Write a letter to your friend describing him/her about the annual prize-giving ceremony of your school. (তোমাদের বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

28 December, 2016.
Belabo, Narsingdi.

My dear Mostafa Kamal,

You wanted to know about the prize giving ceremony of our school. Here it is.

The prize giving ceremony was held (ওয়াজ হেল্ড-অনুষ্ঠিত হয়েছিল) on the 21st instant (টোয়েন্টি ফাস্ট ইন্সট্যান্ট-চলতি মাসের ২১ তারিখ). The function started at 10 a.m. with the recitation from the holy (হলি-পবিত্র) Quran. The UNO was the chief guest of our function. He presided over the function (ফাংশন-অনুষ্ঠান). There were many kinds of events in our school function. I got two prizes.

The annual reports were read out by one of our English teachers.

No more today, Good-bye.

Sincerely yours,

Nizam.

Vocabulary (শব্দার্থ) : annual *(adj.)* (অ্যানিউআল) – বার্ষিক; prize-giving (প্রাইজ-গিভিং) – পুরস্কার বিতরণী; ceremony *(n)* (শিরিমনি) – অনুষ্ঠান; start (স্টার্ট) – শুরু হওয়া, করা; recite *(v)* (রিসাইট) – আবৃত্তি করা, তেলাওয়াত করা; chief guest *(n)* (চীফ গেস্ট) – প্রধান অতিথি; preside over (প্রিজাইড ওভার) – সভাপতিত্ব করা; recitation *(n)* (রিসাইটেশন) আবৃত্তি, তেলাওয়াত; events (ইভেন্টস) – পর্বসূচি; annual report (অ্যানিউআল রিপোর্ট) – বার্ষিক প্রতিবেদন; read out (রিড আউট) – পাঠ করে শোনানো।

অনুবাদ : তুমি জানতে চেয়েছ আমাদের স্কুলের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান সম্বন্ধে। তা হলো এই :

বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি বর্তমান মাসের ২১ তারিখে অনুষ্ঠিত হয়েছিল। অনুষ্ঠানটি বেলা দশ ঘটিকার সময়ে পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে শুরু হয়েছিল। ইউএনও ছিলেন আমাদের অনুষ্ঠানের প্রধান অতিথি। তিনি অনুষ্ঠানে সভাপতিত্ব করেছিলেন। আমাদের স্কুলের অনুষ্ঠানে বিভিন্ন ধরনের পদক ছিল। আমি দুটি পুরস্কার পেয়েছিলাম।

আমাদের একজন ইংরেজি শিক্ষক বার্ষিক প্রতিবেদন পাঠ করেছিলেন।

আজ আর নয়। বিদায়।

31. Write a letter to your friend describing him/her about the annual sports day of your school. (তোমাদের বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

30 December, 2016.

Kulaura, Moulavi bazar.

My dear Kamrul,

You wanted to know (ওয়ান্টেড টু নৌ-জানতে চেয়েছ) about the annual sports of our school. Here it is :

The annual sports of our school were held on the 21st instant. The function started at 10 a.m with the recitation from the holy

Quran. The UNO was the chief guest (গেস্ট্‌-অতিথি) of our function. Our school English teacher presided over the function. There were many kinds of events in our school function.

I got two prizes in 200 metre race and the high jump, No more today. Good-bye.

Your loving (লাভিং-প্রিয়) friend,
Riton.

Vocabulary (শব্দার্থ) : annual *(adj.)* (অ্যানিউআল) – বার্ষিক; sports day *(n)* (স্পোর্টস-ডে) – ক্রীড়া দিবস; sports *(n)* (স্পোর্টস) – খেলাধুলা, ক্রীড়া; was held (p.p. of hold verb এর past participle রূপ) (ওয়াজ হেলড) – অনুষ্ঠিত হয়েছিল; function *(n)* (ফাংশন) – অনুষ্ঠান; with the recitation *(n)* (উইথ দ্যা রিসাইটেশন) – আবৃত্তি, তেলাওয়াতের মাধ্যমে, সহকারে; chief (চীফ) – প্রধান; preside over *(v)* (প্রিজাইড ওভার) – সভাপতিত্ব করা; many kinds of events *(n)* (মেনি কাইন্ডস অব ইভেন্টস) – বিভিন্ন ধরনের পর্বসূচি; prize (প্রাইজ) – পুরস্কার; good bye (গুড বাই) – বিদায় (সম্ভাষণ)।

অনুবাদ : তুমি জানতে চেয়েছ আমাদের স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা সম্পর্কে। তা হলো এই।

আমাদের স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা বর্তমান মাসের ২১ তারিখে অনুষ্ঠিত হয়েছিল। অনুষ্ঠানটি বেলা দশ ঘটিকার সময় পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে শুরু হয়েছিল। ইউএনও ছিলেন আমাদের অনুষ্ঠানের প্রধান অতিথি। আমাদের ইংরেজি শিক্ষক অনুষ্ঠানে সভাপতিত্ব করেছিলেন। আমাদের স্কুলের অনুষ্ঠানে বিভিন্ন ধরনের পদক ছিল।

আমি দুটি পুরস্কার পেয়েছিলাম ২০০ মিটার দৌড়ে এবং উচ্চ লাফে। আজ আর নয়। বিদায়।

32. Write a letter to your friend describing him/her about an exciting football match that you have enjoyed recently. **(সম্প্রতি তোমার দেখা উত্তেজনাকর একটি ফুটবল ম্যাচের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)**

20 May, 2016.
Boteshwar, Narsingdi.
My dear Masud,

You will be very glad to know that I enjoyed (ইনজয়েড-উপভোগ করেছি) a football match on the 15th instant. I would like to give you a short description of it.

It was held between our school team and Raipur High School Team. The competition was not so serious (সিরিয়াস-গুরুতর) at

first. After a little while (আফটার অ্যা লিটল হোয়াইল-কিছুক্ষণ পর), it turned into a strong fight. Before 30 minutes none could score a goal. Mostafa Kamal, the team leader of our school, suddenly (সাডনলি-হঠাৎ) got a chance and scored a goal. We encouraged our players.

Raipur High School Team tried their best to repay the goal. But all the players of our team were very strong. So, they could not repay it.

No more today, Good-bye.

Sincerely yours,

Ahsan.

Vocabulary (শব্দার্থ) : exciting *(adj.)* (ইকসাইটিং) – উত্তেজনাকর; football match *(n)* (ফুটবল ম্যাচ) – ফুটবল প্রতিযোগিতা; between *(p.p)* (বিটুয়িন) – দুইয়ের মধ্যে; competition *(n)* (কমপিটিশন) – প্রতিযোগিতা; turn into a strong fight *(phr)* (টার্ন ইনটু এ স্ট্রং ফাইট) – একটি শক্তিশালী যুদ্ধে পরিণত, রূপান্তরিত হওয়া; score any goal *(phr)* (স্কোর এ্যানি গোল) – গোল করা; team leader *(n)* (টিম লিডার) – দল নেতা; get a chance *(phr)* (গেট এ চান্স) – সুযোগ পাওয়া; try one's best (ট্রাই ওয়ান্স বেস্ট) *(phr)* – যথাসাধ্য চেষ্টা করা, সর্বোচ্চ চেষ্টা করা; encourage *(v)* (ইনকারিজ) – উৎসাহ দেওয়া; repay *(v)* (রিপে) – পরিশোধ করা।

অনুবাদ : তুমি জেনে খুবই খুশি হবে যে, বর্তমান মাসের ১৫ তারিখে আমি একটি ফুটবল ম্যাচ উপভোগ করেছিলাম। আমি তোমাকে এটার একটি সংক্ষিপ্ত বর্ণনা দিচ্ছি।

এটা আমাদের স্কুল টীম ও রায়পুর হাই স্কুল টীমের মধ্যে অনুষ্ঠিত হয়েছিল। প্রথমত প্রতিযোগিতাটি এত গুরুতর ছিল না। কিছুক্ষণ পর তা একটি শক্তিশালী যুদ্ধে রূপান্তরিত হলো। ৩০ মিনিটের আগে কেউই গোল করতে পারছিল না। মোস্তফা কামাল আমাদের স্কুলের দলীয় নেতা হঠাৎ একটি সুযোগ পেল ও একটি গোল করলো। আমরা আমাদের খেলোয়াড়দেরকে উৎসাহ দিলাম।

রায়পুর হাই স্কুল টীম সর্বোচ্চ চেষ্টা করেছিল গোলটি পরিশোধ করার জন্য। আমাদের দলের সমস্ত খেলোয়াড়রা ছিল খুব শক্তিশালী। তাই, তারা এটা পরিশোধ করতে পারেনি।

আজ আর নয়। বিদায়।

33. Write a letter to your younger brother describing him how to open a bank account. (কীভাবে একটি ব্যাংক একাউন্ট খোলা যায় তার বর্ণনা দিয়ে তোমার ছোট ভাইয়ের নিকট একটি পত্র লেখ।)

20 May, 2016.

Sonapur, Sherpur.

My dear Ismail,

You wanted to know how to open a bank account to deposit your scholarship money.
At first, you will go to the bank and meet the manager. He will give you an application form and ~ signature card to fill in it. After filling (আফটার ফিলিং-পূরণ করার পর) the application form, it will be introduced by an introducer who has an account with the bank. Two of your passport-size photographs will also be attached (অ্যাটাচ্‌ড-সংযুক্ত). After completing all these, you will have to deposit some cash money not less than Tk. 500.
After that, you will be given an account number and cheque book. In this way (ইন দিস ওয়ে-এভাবে), a bank account is opened.
No more today, Good-bye.
Your elder brother,
Abdullah.

Vocabulary (শব্দার্থ) : how to open (হাউ টু ওপেন) – কীভাবে খুলতে হয়; a bank account *(n)* (এ ব্যাংক একাউন্ট) – একটি ব্যাংক হিসাব; deposit *(v)* (ডিপজিট) – জমা রাখা; scholarship *(n)* (স্কলারশীপ) – বৃত্তি; meet *(v)* (মিট) – সাক্ষাৎ করা; manager *(n)* (ম্যানেজার) – ব্যবস্থাপক; application form *(n)* (অ্যাপ্লিকেইশন ফরম) – আবেদনের নিদর্শন পত্র; a signature card *(n)* (এ সিগন্যাচার কার্ড) – একটি স্বাক্ষর পত্র; introduce *(v)* (ইনট্রোডিউস) – পরিচিত করা; introducer *(n)* (ইনট্রোডিউসার) – পরিচয়দানকারী; attached *(v)* (অ্যাটাচ্‌ড) – সংযুক্ত; some cash money *(phr)* (সাম ক্যাশ মানি) – কিছু নগদ টাকা; photograph *(n)* (ফটোগ্রাফ) – আলোকচিত্র; account number *(n)* (একাউন্ট নাম্বার) – হিসাব নম্বর; a cheque book (চেক বুক) – টাকা তোলার বই।

অনুবাদ : তোমার বৃত্তির টাকা জমা রাখার জন্য কীভাবে একটি একাউন্ট খুলতে হয় তা তুমি জানতে চেয়েছ।
প্রথমে তুমি একটি ব্যাংকে যাবে ও ম্যানেজারের সাথে সাক্ষাত করবে। সে তোমাকে একটি দরখাস্তের ফরম এবং একটি স্বাক্ষর কার্ড পূরণ করার জন্য দিবে। দরখাস্তের ফরমটি পূরণ করার পর একজন পরিচয়দানকারীকে দিয়ে পরিচিতি করতে হবে যার একটি হিসাব ঐ ব্যাংকে আছে। তোমার পাসপোর্ট আকারের দুই কপি ছবিও সংযুক্ত করতে হবে। সমস্ত কাজগুলো শেষ করার পর তোমাকে পাঁচশত টাকার কম নয় এমন কিছু নগদ টাকা জমা দিতে হবে।
এরপর তোমাকে একটি হিসাব নম্বর ও চেক বই দেওয়া হবে। এভাবে একটি ব্যাংক হিসাব খোলা হয়।
আজ আর নয়। বিদায়।

34. Write a letter to your friend about the co-curricular activities of your school. (তোমাদের বিদ্যালয়ের সহ-পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

20 May, 2016.
Belabo, Narsingdi.
My dear Masud,

You wanted to know about the co-curricular activities of our school.

There are a computer club and a debating club in our school. Everyday, there is the assembly (অ্যাসেম্বলি-সমাবেশ) before we start our school. There are also a canteen and a co-operative shop in our school. We work there by turns. It makes us conscious and hard-working. We also celebrate national and mourning days in a befitting manner.

Every year, we arrange (অ্যারেঞ্জ-আয়োজন করা) a study tour (স্টাডি টুর-শিক্ষা সফর). We also add our annual sports and cultural (কালচারাল-সাংস্কৃতিক) function.

No more today.
Sincerely yours,
Faisal.

Vocabulary (শব্দার্থ) : extra co-curricular *(n)* (এক্সট্রা কো-কারিকুলার) – সহ-পাঠক্রম বহির্ভূত; activities *(n)* (অ্যাকটিভিটিজ) – কার্যক্রম; computer club *(n)* (কম্পিউটার ক্লাব) – কমিপউটার সংঘ; debating club *(n)* (ডিবেটিং ক্লাব) – বিতর্ক সংঘ; general assembly *(n)* (জেনারাল অ্যাসেম্বলি) – সাধারণ সমাবেশ; a canteen *(n)* (এ ক্যান্টিন) – ক্যান্টিন; a co-operative shop (অ্যা কো-অপারেটিভ শপ) – সমবায় দোকান; by turns (বাই টার্নস) – পালাক্রমে; conscious *(adj.)* (কনশাস) – সচেতন; hard working (হার্ড ওয়ারকিং) – কঠোর পরিশ্রমী; celebrate *(n)* (সেলিব্রেইট) – উদযাপন করা; national *(adj.)* (ন্যাশন্যাল) – জাতীয়; mourning *(n)* (মারনিং) – শোক; in a befitting manner *(phr)* (ইন এ বিফিটিং ম্যানার) – যথাযথভাবে।

অনুবাদ : তুমি জানতে চেয়েছো আমাদের বিদ্যালয়ের সহ-পাঠক্রমিক বহির্ভূত কার্যক্রম। এখানে রয়েছে একটি কম্পিউটার সংঘ ও বিতর্ক সংঘ। আমরা বিদ্যালয়ের কাজকর্ম শুরুর আগে প্রতি দিন সাধারণ সভা করে থাকি। আমাদের বিদ্যালয়ে একটি ক্যান্টিন ও সমবায়ী দোকান রয়েছে। সেখানে আমরা পালাক্রমে কাজ করি। এটা আমাদেরকে সচেতনতা ও কর্মঠ করে তোলে। আমরা জাতীয় এবং শোক দিবস জাঁকজমকভাবে পালন করে থাকি।

আমরা প্রতি বছর একটি শিক্ষা সফরের আয়োজন করে থাকি। আমরা বাৎসরিক খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতাও এর সাথে সংযোগ করে থাকি। আজ আর নয়।

35. Write a letter to your friend describing him/her about a journey by train that you have enjoyed recently. (সম্প্রতি উপভোগ করেছ এমন একটি ট্রেন ভ্রমণের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

20 May, 2016.
Belabo, Narsingdi.
My dear Masud,
You will be very glad to know that I have enjoyed (হ্যাভ ইনজয়িড-উপভোগ করেছি) a journey by train with my friends on the 21st instant. I would like to give you a short (শর্ট-সংক্ষিপ্ত) description of it.
My father asked me to go (আস্‌ক্‌ট মি টু গো-আমাকে যেতে বললেন) to my sister's house in Sylhet. We went to the Narsingdi Railway Station and bought (বট-কিনেছিলাম) our tickets for the 2nd-class compartment. We also bought some biscuits and pure drinking water. I got my seat beside a window. We started our journey at 10 a.m. There were green fields on the both sides of the railway line. Houses and trees seemed to be running behind (বিহাইন্ড-পিছনে).
At 5 pm, our train reached Sylhet. We enjoyed it fully.
No more today, Good-bye.
Sincerely yours,
Alauddin.

Vocabulary (শব্দার্থ) : A journey by train *(n)* (এ্যা জার্নি বাই ট্রেন) – ট্রেন ভ্রমণ; description *(n)* (ডেসক্রিপশন) – বর্ণনা; compartment *(n)* (কম্পার্টমেন্ট) – কক্ষ; pure *(adj.)* (পিউর) – খাঁটি, বিশুদ্ধ; drinking water *(n)* (ড্রিংকিং ওয়াটার) – খাবার পানি, পানীয় জল; beside *(p.p)* (বিসাইড) – পাশে; green fields *(n)* (গ্রীন ফিল্ডস) – সবুজ মাঠ; seem *(v)* (সীম) – মনে হওয়া; reached *(v)* (রিচ্‌ড) – পৌঁছেছিল।

অনুবাদ : তুমি জেনে খুব খুশি হবে যে, বর্তমান মাসের ২১ তারিখে আমি আমার বন্ধু-বান্ধবদের সাথে একটি ট্রেন ভ্রমণ উপভোগ করেছি। আমি তোমাকে তার একটি সংক্ষিপ্ত বর্ণনা দিচ্ছি।

আমার বাবা আমাকে সিলেট আমার বোনের বাড়িতে যেতে বলেছিলেন। আমরা নরসিংদী রেলওয়ে স্টেশনে গিয়েছিলাম ও দ্বিতীয় শ্রেণির কামরার জন্য আমাদের টিকিট কিনেছিলাম। আমরা কিছু বিস্কুট ও বিশুদ্ধ খাবার পানিও ক্রয় করেছিলাম। আমি জানালার পাশে আমার সীট পেয়েছিলাম। আমরা আমাদের ভ্রমণ শুরু করেছিলাম সকাল ১০টায়। রেলওয়ে লাইনের দুই পাশে ছিল সবুজ মাঠ। বাড়িঘর ও গাছপালা মনে হচ্ছিল যে, তারা আমাদের পেছনে দৌড়াচ্ছিল।

বিকাল ৫টায় আমাদের ট্রেন সিলেট পৌঁছেছিল। আমরা এটা সম্পূর্ণভাবে উপভোগ করেছিলাম। আজ আর নয়, বিদায়।

36. Write a letter to your mother informing him about the progress of your studies. (তোমার পড়াশোনার অগ্রগতির কথা জানিয়ে তোমার মায়ের নিকট একটি পত্র লেখ।)

20 May, 2016.
Darikandi, Rangpur.
My dear Mother,
You wanted to know about the progress of my studies. You will be very glad to know that I am studying every day.
I have made a fair preparation for the coming (কামিং-আসন্ন) annual examination. I have studied all the subjects very well. I have learnt (হ্যাভ লার্নট-শিখেছি) every question properly. So now I hope to do well in the annual examination.
No more today. My respect goes to you (মাই রেসপেক্ট গোজ টু ইউ-তোমার প্রতি শ্রদ্ধা জানাচ্ছি) and father and affection to the youngers.
Your affectionate son,
Md. Mostafa Kamal.

Vocabulary (শব্দার্থ) : progress *(n)* (প্রোগ্রেস) – অগ্রগতি; studies *(n)* (স্টাডিজ) – পড়াশোনা; A fair preparation *(phr)* (এ্যা ফেয়ার প্রিপারেশন) – ভালো প্রস্তুতি; very well (ভেরি ওয়েল) – খুব ভালোভাবে; learn *(v)* (লার্ন) – শেখা; properly *(adv)* (প্রপারলি) – যথাযথভাবে; do well (ডু ওয়েল) – ভালো করা; respect *(v)* (রেসপেক্ট) – শ্রদ্ধা; affection *(n)* (এ্যাফেকশন) – স্নেহ; younger *(adj.)* (ইয়াংগার) – ছোট।

অনুবাদ : আপনি আমার পড়াশোনার অগ্রগতি সম্পর্কে জানতে চেয়েছেন। আপনি জেনে খুব খুশি হবেন যে, আমি প্রতিদিন পড়াশোনা করছি।
আমি আসছে বার্ষিক পরীক্ষার জন্য একটা ভালো প্রস্তুতি নিয়েছি। আমি সকল বিষয় খুব ভালোভাবে পড়েছি। আমি প্রতিটি প্রশ্নই যথাযথভাবে শিখেছি। তাই, আমি এখন আশা করি বার্ষিক পরীক্ষায় ভালো করতে পারব।
আজ আর নয়। আব্বা ও আপনার প্রতি রইল আমার শ্রদ্ধা এবং ছোটদের জন্য রইল স্নেহ।

37. Write a letter to your friend describing him about your school. (তোমার স্কুলের বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

30 July, 2016.
Meherpur, Chittagong.
My dear Arif,
Thank you very much for your kind letter of the 21st instant. You wanted to know about (আবাউট-সম্পর্কে) our institution.
The name of our school is Meherpur Pilot High School. Haji Md. Akram Hossain founded it in 1941. Our school building is fairly

large. It is U-sheped and south-facing. There are nine hundred students and twenty-two teachers in our school. We have a common (কমন-সাধারণ) room with necessary items of games. After all (আফটার ওল-মোটের ওপর), our school always makes good results in the S.S.C. examination.

With best love to you,

Yours ever,

Md. Kamal.

Vocabulary (শব্দার্থ) : thank *(v)* (থ্যাংক) – ধন্যবাদ দেওয়া; kind *(adj.)* (কাইন্ড) সদয়; instant (ইনস্টেন্ট) বর্তমান মাসের; institution *(n)* (ইনস্টিটিউশন) প্রতিষ্ঠান; founded *(v)* (ফাউনডেড) – প্রতিষ্ঠিত করেছিল; building *(n)* (বিল্ডিং) – ভবন; fairly large (ফেয়ারলি লার্জ)–বেশ বড়; U-shaped (ইউ-শ্যাইপট)–'U' আকৃতির; South-facing (সাউথ–ফেইসিং) – দক্ষিণমুখী; necessary items of games (নেসেসারি আইটেমস অব গেইমস)–খেলাধুলার প্রয়োজনীয় সামগ্রী; good results (গুড রেজাল্টস)–ভালো ফলাফল।

অনুবাদ : বর্তমান মাসের ২১ তারিখের সদয় চিঠির জন্য তোমাকে অশেষ ধন্যবাদ। তুমি আমাদের শিক্ষা প্রতিষ্ঠান সম্বন্ধে জানতে চেয়েছ।

আমাদের শিক্ষা প্রতিষ্ঠানের নাম মেহেরপুর পাইলট উচ্চ বিদ্যালয়। হাজী মো. আকরাম হোসেন ১৯৪১ সালে এটি প্রতিষ্ঠিত করেন। আমাদের বিদ্যালয় ভবনটি বেশ বড়। এটি ইউ আকৃতির এবং দক্ষিণমুখী। আমাদের বিদ্যালয়ে ৯০০ (নয়শত) ছাত্রছাত্রী এবং ২২ জন শিক্ষক-শিক্ষিকা আছে। আমাদের প্রয়োজনীয় খেলার সামগ্রীসহ একটি কমন রুমও আছে। মোটের উপর আমাদের বিদ্যালয়টি সর্বদাই এস.এস.সি. পরীক্ষায় ভালো ফলাফল করে।

38. Send a fax message to your father about your illness. (তোমার অসুস্থতার কথা জানিয়ে তোমার বাবার নিকট একটি ফ্যাক্স বার্তা পাঠাও।)

12 March, 2016.

Bonogram, Dinajpur.

My dear Father,

You wanted (ইউ ওয়ান্টেড-আপনি চেয়েছিলেন) to know about my health. Our 1st term examination will be held on the 20th instant. Now I am busy with my studies. But I have been suffering from fever for the last one week. The doctor has prescribed (হ্যাজ প্রেসক্রাইব্ড-ব্যবস্থা দিয়েছেন) a lot of medicines. I have been taking them every day. I hope that I shall be recovered very soon.

No more today. My regards to you and mother, love to the younger.

Your loving son,

Kamal Ahmed.

Vocabulary (শব্দার্থ) : 1st term examination (ফার্স্ট টার্ম এগজামিনেশন) – প্রথম সাময়িক পরীক্ষা; busy *(adj.)* (বিজি) – ব্যস্ত; suffer *(v)* (সাফার) – ভোগা; doctor *(n)* (ডক্টর) – ডাক্তার; চিকিৎসক; prescribed (প্রেসক্রাইব্ড) – ব্যবস্থা করেছেন; A lot of medicines (এ লট অব মেডিসিনস) – অনেকগুলো ঔষধ; be recovered (বি রিকভারড) – আরোগ্য লাভ করা; very soon (ভেরি সুন) – খুব শীঘ্র, তাড়াতাড়ি; regards *(n)* (রিগার্ডস) – শ্রদ্ধা; love *(n)* (লাভ) – ভালোবাসা; প্রীতি।

অনুবাদ : আপনি আমার শরীর স্বাস্থ্য সম্পর্কে জানতে চেয়েছেন। বর্তমান মাসের ২০ তারিখে আমাদের প্রথম সাময়িক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এখন, আমি আমার পড়াশোনা নিয়ে ব্যস্ত। কিন্তু গত এক সপ্তাহ যাবৎ আমি জ্বরে ভুগছি। ডাক্তার অনেকগুলো ঔষধের ব্যবস্থাপত্র দিয়েছেন। প্রতিদিন আমি সেগুলো খাচ্ছি। আমি আশা করি খুব তাড়াতাড়ি আরোগ্য লাভ করব।

আজ আর নয়। আপনার ও মায়ের প্রতি রইল শ্রদ্ধা এবং ছোটদের প্রতি রইল আমার ভালোবাসা।

39. Write a letter to your father requesting him to send you money to engage a private tutor for you. (গৃহশিক্ষক নিযুক্তির জন্য টাকা চেয়ে তোমার পিতার নিকট একটি পত্র লেখ।)

22 May, 2016.
Parulia Magura.
My dear Father,

At first (অ্যাট ফার্স্ট-প্রথমে), take my salam/compliments (কমপ্লিমেন্ট্স্-শুভেচ্ছা). I am sorry to inform (ইন্‌ফর্ম-জানানো) you that I am very weak in English.

I have no private tutor (টিউটর-গৃহশিক্ষক). I need a private tutor only for two months. It will cost me Tk. 2,500. I hope that I shall get good marks with the help of a private tutor.

So, please send me Tk. 2,500 as early as possible. I am in good company and always make the best use of time.

Your loving (লাভিং-প্রিয়) son,
Islam.

Vocabulary (শব্দার্থ) : send *(v)* (সেন্ড) – পাঠানো; engage *(v)* (ইনগেইজ) – নিয়োগ করা; private tutor (প্রাইভেট টিউটর) – গৃহ শিক্ষক; inform *(v)* (ইনফরম) – জানানো; cost *(v)* (কস্ট) – খরচ হওয়া; good marks (গুড মার্কস) – ভালো নম্বর; as early as possible (এ্যাজ আরলি এ্যাজ পসিবল) – যত তাড়াতাড়ি সম্ভব; in good company (ইন গুড কমপ্যানি) – ভালো সঙ্গ-এ; make the best use of *(phr)* (মেইক দ্যা বেস্ট ইউজ অব) – সর্বোচ্চ সদ্ব্যবহার করা।

অনুবাদ : প্রথমে আমার ছালাম/শ্রদ্ধা নিবেন। আমি দুঃখের সাথে আপনাকে জানাচ্ছি যে, আমি ইংরেজিতে খুবই দুর্বল। আমার কোনো গৃহশিক্ষক নেই। মাত্র দুই মাসের জন্য আমার একজন গৃহশিক্ষক প্রয়োজন। এর জন্য দুই হাজার পাঁচশত টাকা লাগবে। আমি আশা করি যে, একজন গৃহ শিক্ষকের সাহায্যে আমি ভালো নম্বর পাব।

অতএব, দয়া করে যত তাড়াতাড়ি সম্ভব দুই হাজার পাঁচশত টাকা পাঠাবেন। আমি ভালো সঙ্গ করছি এবং সর্বদাই সময়ের সর্বোচ্চ সদ্ব্যবহার করছি।

40. Write a letter to your father about the preparation of your annual examination. (তোমার বার্ষিক পরীক্ষার প্রস্তুতির কথা জানিয়ে তোমার পিতার নিকট একটি পত্র লেখ।)

1 December, 2016.
Pabna.

My dear Father,

At first, take my salam. You wanted to know about (অ্যাবাউট-সম্পর্কে) my preparation of the Annual Examination.

You will be pleased to know that I have made (হ্যাভ মেইড-নিয়েছি) a fair preparation for the annual examination. I have studied all the subjects again and again. I have learnt (হ্যাভ্ লার্ন্ট-শিখেছি) every question properly. Now, I hope to do well in the Annual Examination.

I am keeping company with good friends and always make the best use of time.

No more today. My salam to you and mother and love to the youngers (ইয়ংগার্স-ছোটদের).

Your loving son,
Karim.

Vocabulary (শব্দার্থ) : preparation *(n)* (প্রিপারেশন) – প্রস্তুতি; pleased *(adj.)* (প্লিজ্ড) – খুশি, আনন্দিত; study (স্টাডি) – অধ্যয়ন করা; all the subjects (অল দ্যা সাবজেক্টস) – সকল বিষয়; again and again (এগেইন অ্যান্ড এগেইন) – বারবার; properly *(adv)* (প্রপারলি) – যথাযথভাবে; do well (ডু ওয়েল) – ভালো করা; keep company with *(phr)* (কীপ কোম্পানি উইথ) – সঙ্গ দেওয়া।

অনুবাদ : পত্রের প্রথমে আমার ছালাম নিবেন। আপনি আমার বার্ষিক পরীক্ষার প্রস্তুতি সম্বন্ধে জানতে চেয়েছেন।

আপনি জেনে খুশি হবেন যে, আমি বার্ষিক পরীক্ষার জন্য একটা সুন্দর প্রস্তুতি নিয়েছি। আমি সমস্ত বিষয় বারবার পড়েছি। আমি প্রতিটি প্রশ্ন ভালোভাবে শিখেছি। এখন, আমি আশা করি বার্ষিক পরীক্ষাতে ভালো করব।

আমি ভালো বন্ধুদের সাথে সঙ্গ দিচ্ছি এবং সর্বদাই সময়ের সর্বোচ্চ সদ্ব্যবহার করছি। আজ আর নয়। আপনার এবং মায়ের প্রতি আমার ছালাম ও ছোটদের প্রতি ভালোবাসা।

41. Imagine that, one of your school friends is in England for six months. He/She is having some troubles with the new place and the new food. Write a letter advising him/her on how to adjust to the new place and the new food. (মনে করো, যে, তোমার স্কুলের একবন্ধু ছয় মাস ধরে ইংল্যান্ডে আছে। সে নতুন স্থানে ও নতুন খাদ্যের জন্য কিছু সমস্যার সম্মুখীন হচ্ছে। নতুন স্থানে ও নতুন খাদে কীভাবে মানিয়ে নেওয়া যায় এ বিষয়ে উপদেশ দিয়ে তার কাছে একটি চিঠি লেখ।)

16 May, 2016.
29, Pyaridas Road, Dhaka.
My dear Yasin,
Receive my cordial (করডিঅ্যাল-আন্তরিক) love. I hope you are hale (হেইল-সুস্থ) and hearty (হার্টি-প্রাণোজল). Your last letter shocked (শকট্-ব্যথিত করেছে) me for your adjustment (অ্যাডজাস্টমেন্ট-সামঞ্জস্য বিধান) problem.
As a country England is wonderful (ওয়ানডারফুল-চমৎকার), no doubt (নো ডাউট-কোনো সন্দেহ নাই). You are fortunate (ফর্চুনেইট-ভাগ্যবান) enough to stay there. You informed (ইনফর্মড-জানিয়েছ) me that you could not adjust yourself with the new place and new food. It is quite natural that it will take time to get yourself accustomed (অ্যাকাস্টম্ড্-অভ্যস্ত) to the new environment.
But you have to remember that nothing is impossible (ইমপসিবল-অসম্ভব) for a human being. Again, time is the healer (হীলার-সমাধানকারী) of all problems. So, I think with the passage of time (উইথ দ্যা প্যাসেজ অভ টাইম-কিছু সময় অতিবাহিত হলে) you will be able to adjust yourself to the new place and food. We know that habit is the second nature (ন্যাচার-প্রকৃতি) of man. It will matter (ম্যাটার-ব্যাপার) little (লিটল-সামান্য) for you. In course of time (ইন কোর্স অভ টাইম-সময়ের প্রবাহে), everything will be all right (উইল বি অল রাইট-ঠিক হয়ে যাবে). There will be no problem for you to get used (গেট ইউজড-অভ্যস্ত হওয়া) to food of England.
Write to me as soon as possible.
With best wishes to you and due (ডিউ-যথাযথ) respect to the superiors (সুপিরিওর্স)
Yours ever,
Md. Shahjahan Khan.
১৬ মে, ২০১৬
২৯, প্যারিদাস রোড, ঢাকা।

প্রিয় ইয়াছিন,

আমার আন্তরিক প্রীতি নিও। আশা করি তুমি সুস্থ আছ। তোমার সামঞ্জস্য বিধানের সমস্যার দরুন তোমার বিগত চিঠিটি আমাকে ব্যথিত করেছে।

দেশ হিসেবে ইংল্যান্ড নিঃসন্দেহে চমৎকার। তুমি যথেষ্ট ভাগ্যবান বলে সেখানে অবস্থান করছ। তুমি আমাকে জানিয়েছিলে যে তুমি নতুন জায়গা এবং নতুন খাবারের সাথে নিজেকে খাপখাওয়াতে পারছ না। এটা সম্পূর্ণরূপে স্বাভাবিক যে নতুন পরিবেশের সাথে নিজেকে অভ্যস্ত করে তুলতে সময় লাগবে। কিন্তু তোমাকে স্মরণ রাখতে হবে যে মানুষের অসাধ্য কিছু নেই। আবার সময়ই সকল সমস্যার সমাধানকারী। কাজেই আমার মনে হয় সময় সাপেক্ষে তুমিও নতুন স্থান ও খাবারের সাথে নিজেকে খাপখাওয়াতে পারবে। আমরা জানি যে অভ্যাস মানুষের দাস। এটা তোমার জন্য মোটেই কোনো ব্যাপার নয়। সময়ে সবকিছু ঠিক হয়ে যাবে। ইংল্যান্ডের খাবারে অভ্যস্ত হতে তোমার কোনো সমস্যাই থাকবে না।

যত শীঘ্র সম্ভব আমাকে চিঠি লিখো।

তোমার প্রতি শুভেচ্ছা ও মুরব্বীদের প্রতি যথাযথ শ্রদ্ধা জানিয়ে,

তোমারই

মো. শাহজাহান খান।

42. Imagine, you are Rakib/Rakiba, Village- Boteshwar, Dist. Narsingdi. You have a pen-friend named William James/Jenifer who lives in London. Write a letter to your friend about the festivities of Eid-ul-Fitr in your country.
(মনে কর, তুমি রাকিব/রাকিবা, গ্রাম : বটেশ্বর, জেলা : নরসিংদী। উইলিয়াম জেমস/জেনিফার নামে তোমার একজন কলমী বন্ধু আছে যে লন্ডনে বাস করে। তোমার দেশের ঈদ-উল-ফিতর কীভাবে উদযাপিত হয় তা জানিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

09 September, 2016.

Boteshwar, Narsingdi.

My dear William James,

How are you? I am very glad (গ্ল্যাড-খুশি) that you are very interested (ইন্টারেস্টেড-আগ্রহী) to know about religious (রিলিজিয়াস-ধর্মীয়) festival (ফেস্টিভ্যাল-উৎসব) Eid-ul-Fitr. We are Muslims. Eid-ul-Fitr is an important festival (ফেসটিভ্যাল-উৎসব) in a Muslim's life. It is held (ইজ হেল্ড-অনুষ্ঠিত হয়) on the first day of Sawal month of Hijri year. This joyful (জয়ফুল-আনন্দময়) day comes after starving (আফটার স্টারভিং-উপবাসের পর) for one month in the holy month of Ramadan. We are waiting eagerly (ঈগারলি-অধীরভাবে) for this day. After the sunset of the last day of Ramadan, when

the moon of Sawal is seen in the western sky immediately (ইমিডিয়্যাটলি-তৎক্ষণাৎ) Bangladesh Television telecasts (টেলিকাস্ট্স-সম্প্রচার করে) "Ramjaner-E-Rojar-sheshe Elo khushir Eid." At that time, we start to enjoy the Eid festivities in every house. We embrace (এমব্রাস-কোলাকুলি) with one another. Various kinds of pitha, sweets and delicious (ডেলিশ্যাস-সুস্বাদু) foods are prepared in almost every house. We entertain (এন্টারটেইন-চিত্তবিনোদন) our kith and kins and neighbours (নেইব্যার-প্রতিবেশী) with sweets, pitha and delicious (ডেলিশাস-সুস্বাদু) foods. The next morning, I wake up from bed with joyful mind and having bath, wearing (ওয়্যারিং-পরিধান করা) new dresses I go to the Eidgah to say Eid prayer. It is one of the main festivals for us.

Yours ever,
Rakib.

From	To
	Stamp
Rakib	William James
Boteshwar	2 Derriford Road
Narsingdi	Playmouth
Bangladesh	PLG. H. B. UK-2

তারিখ : ০৯.০৯.২০১৬
বটেশ্বর, নরসিংদী।
প্রিয় উইলিয়াম জেমস,
তুমি কেমন আছ? আমি খুব খুশি এজন্য যে তুমি আমাদের ধর্মীয় উৎসব ঈদুল ফিতর সম্পর্কে জানতে খুবই আগ্রহী। আমরা মুসলমান। মুসলমানদের জীবনে ঈদুল ফিতর একটি গুরুত্বপূর্ণ উৎসব। এটি হিজরী বছরের সাওয়াল মাসের প্রথম দিনে অনুষ্ঠিত হয়। পবিত্র রমজান মাসের একমাস রোজা রাখার পর এই আনন্দময় দিনটির আগমন ঘটে। আমরা এই দিনের আগমনের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করতে থাকি। রমজান মাসের শেষ দিন সূর্যাস্তের পর পশ্চিম আকাশে সাওয়ালের চাঁদ দেখার সাথে সাথে বাংলাদেশ টেলিভিশনে মধুর কণ্ঠে বেজে উঠে "রমজানেরই রোজার শেষে এলো খুশির ঈদ।" সাথে সাথে ঘরে ঘরে শুরু হয় আনন্দ। আমরা একে অন্যের সাথে কোলাকুলি করি। প্রায় প্রতিটি ঘরে বিভিন্ন প্রকারের পিঠা, মিষ্টি ও সুস্বাদু খাবার তৈরি করা হয়। আমরা আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদেরকে মিষ্টি, পিঠা ও সুস্বাদু খাবার দ্বারা আপ্যায়ন করি। পরদিন সকালে আনন্দচিত্তে ঘুম থেকে উঠে গোসল করে নতুন জামাকাপড় পড়ে ঈদগাহে ঈদের নামাজ পড়তে যাই। এটি আমাদের একটি প্রধান ধর্মীয় উৎসব।
তোমারই, রাকিব।

43. Suppose, you are Monira. Your friend is Edmund Lee, who lives in Australia. She wants to know about your country and people. Now, write a letter to your friend about it. (মনে করো, তুমি মনিরা। তোমার বন্ধু এডমান্ড লী, সে অস্ট্রেলিয়ায় থাকে। সে তোমার দেশ এবং লোকজন সম্পর্কে জানতে চায়। এখন, এ সম্পর্কে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

18 March, 2016 Eng.
Shaheed Mainul Road,
Dhaka-1000.

My dear Edmund Lee,

At the very outset (অ্যাট দ্যা ভেরী আউটসেট-প্রথমেই), accept (অ্যাকসেপ্ট-গ্রহণ করুন) my heart-felt (হার্ট ফেল্ট-আন্তরিক) love. Hope that you are well by the mercy (মারসি-অনুগ্রহ) of Allah. You like to know about our country and her people. Now I am giving you an account (অ্যাকাউন্ট-বর্ণনা).

Bangladesh is well-known as the endearing (এনডিয়্যারিং-স্নেহের) child of nature. Ours is a country full of scenic (সিনিক-প্রাকৃতিক দৃশ্যের) beauty. She has many eye-catching (আই-ক্যাচিং-চোখ জুড়ানো) sites such as Kuakata, the Sundarbans, the sea-beach of Cox's Bazar, the forests (ফরেস্টস-বন) of hilly (হিলি-পার্বত্য) districts, the tea-gardens of Sylhet and some architecturally rich (আর্কিটেকচারলি রিচ-স্থাপত্যশিল্পে সমৃদ্ধ) old mosques and temples (টেম্পলস-মন্দির). About 800 people live per sq kilometre here. But 80 per cent people live in the villages. So, our country is densely populated (পোপুলেটেড-ঘনবসতিপূর্ণ). Most of our people are Muslims. Besides, there are Hindus, Buddhists, Christians and tribal people. We all live in mutual (মিউচুয়্যাল-পারস্পারিক) harmony (হারমোনি-সৌহার্দ্যে). Here people know how to entertain (এনটারটেয়িন-আপ্যায়ন করা) their guests gladly (গ্ল্যাডলি-খুশি মনে) and cordially (করডিঅ্যালি-আন্তরিকভাবে). People observe (অবজারভ-পালন করা) various cultural (কালচারাল-সাংস্কৃতিক) festivals like Pahela Baishakh, Nabanna Utsab, National Days, Marriage ceremonies etc in a befitting manner (ইন আ বিফিটিং ম্যানার-যথাযথভাবে).

No more today, write to me about your country soon.
Wish you good luck.

Yours ever,
Monira.

From	To
Monira	Edmund Lee
Shaheed Mainul Road	Park Ville Street
Dhaka-1000	Melbourne
	Australia

Stamp

১৮ই মার্চ, ২০১৬
শহীদ মইনুল রোড,
ঢাকা-১০০০।
প্রিয় এডমান্ড লী,
প্রথমেই আমার আন্তরিক প্রীতি গ্রহণ করো। আশা করি স্রষ্টার কৃপায় ভালো আছ। তুমি আমাদের দেশ ও জনগণ সম্বন্ধে জানতে চাও। এখন, আমি তোমাকে এ সম্পর্কে বর্ণনা দিচ্ছি।
বাংলাদেশ প্রকৃতির আদুরে সন্তান হিসেবে সুপরিচিত। দৃশ্যময় সৌন্দর্যে ভরপুর এক দেশ আমাদের। এর অনেক দৃষ্টিনন্দন স্থান রয়েছে যেমন : কুয়াকাটা, সুন্দরবন, কক্সবাজার সমুদ্র-সৈকত, পার্বত্য জেলার বনভূমি, সিলেটের চা বাগান ও স্থাপত্য শিল্পগতভাবে উন্নত কিছু পুরাতন মসজিদ ও মন্দির। প্রায় ৮০০ লোক এখানে প্রতি বর্গ কি.মি.-এ বাস করে। কিন্তু শতকরা ৮০ জন লোক গ্রামে বাস করে। তাই আমাদের দেশ ঘনবসতিপূর্ণ। আমাদের অধিকাংশ জনগণ মুসলমান। তাছাড়া, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ও উপজাতীয় লোক আছে। আমরা সকলেই পারস্পরিক সৌহার্দ্যে বাস করি। এখানে জনগণ সানন্দে ও আন্তরিকভাবে অতিথিদের আপ্যায়ন করতে জানে। লোকজন বিভিন্ন সাংস্কৃতিক উৎসব যেমন পহেলা বৈশাখ, নবান্ন উৎসব, জাতীয় দিবস, বিবাহ অনুষ্ঠান ইত্যাদি অতি সুশোভনভাবে পালন করে। আজ আর নয়। শীঘ্রই তোমার দেশ সম্পর্কে আমায় লিখবে।
শুভ কামনান্তে,
তোমারই
মনিরা।

44. Imagine, you are Taslim/Taslima of village: Wari, Upazila: Belabo, Dist.: Narsingdi. You have a pen-friend named Robert who lives at 12 Derriford Road, Plymouth, PL GS HB, UK. Now, write a letter to him/her describing about Pahela Baishakh of Bangladesh. (মনে কর, তুমি তাসলিম/তাসলিমা গ্রাম : ওয়ারি, উপজেলা : বেলাবো, জেলা : নরসিংদী। রবার্ট নামে তোমার এক কলমি বন্ধু আছে যে ১২ ডেরিফোর্ড রোড, প্লিমাউস, পিএল জিএ এইচবি, ইউকে-তে থাকে। তাকে বাংলাদেশের পহেলা বৈশাখ সম্পর্কে জানিয়ে একটি পত্র লেখ।)

07.9.2016.
Wari, Narsingdi.
My dear Robert,
Thank you for your letter. It's a pleasure (প্লেজার-আনন্দের বিষয়) to me that you are very interested (ইন্টারেস্টেড-আগ্রহী) to know about our celebration (সেলিব্রেশন-উদ্‌যাপন) of Pahela Baishakh. Pahela Baishakh is a remarkable (রিম্যারক্যাবল-উল্লেখযোগ্য) day of our country. It is the first day of Bangla year. It is called Bangla

Nobo Barsha. The day is celebrated (ইজ্ব সেলিব্রেটেড-উদ্‌যাপিত হয়) with traditional (ট্র্যাডিশনাল-ঐতিহ্যগত) festivities across the country. It's a public holiday. Our traders and shopkeepers open halkhata (হালখাতা) and offer sweets to their customers. Different socio-cultural organizations (অরগ্যানাইজেশন-সংগঠন) draw up elaborate programmes. We wear traditional dresses. Bangladesh television telecasts (টেলিকাস্ট-প্রচার) special programmes on that day. National dailies bring out special supplements. Baishakhi Mela is held in several places. We go to the mela and buy some fency goods and sweets. It's a very joyful (জয়ফুল-আনন্দময়) day for us. I invite you to visit our country before the next Pahela Baishakh and enjoy the various functions of Pahela Baishakh with us.

Yours ever,
Taslim.

From	To (Stamp)
Taslim	Robert
Wari	2 Derriford Road
Narsingdi	Playmouth
Bangladesh	PLG S HB, UK-2

০৭.০৯.২০১৬
ওয়ারী, নরসিংদী।
প্রিয় রবার্ট,

তোমার চিঠির জন্য ধন্যবাদ। এটি আমার জন্য খুবই আনন্দদায়ক যে তুমি আমাদের পহেলা বৈশাখ উদযাপন সম্পর্কে জানতে খুবই আগ্রহী। পহেলা বৈশাখ আমাদের দেশের একটি উল্লেখযোগ্য দিন। এটা বাংলা বছরের প্রথম দিন। একে বাংলা নববর্ষ বলা হয়। সারাদেশে ঐতিহ্যগতভাবে উৎসবের সাথে দিনটি পালিত হয়। দিনটি সরকারি ছুটির দিন। আমাদের ব্যবসায়ী ও দোকানদারেরা ঐ দিন হালখাতা খোলে ও খরিদ্দারদেরকে মিষ্টি দিয়ে আপ্যায়ন করে। বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠন ব্যাপক আয়োজন করে। আমরা ঐতিহ্যবাহী পোশাক পরিধান করি। বাংলাদেশ টেলিভিশন ঐ দিন বিশেষ প্রোগ্রাম প্রচার করে। জাতীয় দৈনিক পত্রিকাগুলো বিশেষ সংখ্যা প্রকাশ করে। বিভিন্ন স্থানে বৈশাখী মেলা বসে। আমরা মেলাতে যাই এবং শখের জিনিসপত্র ও মিষ্টি কিনি। এটা আমাদের অত্যন্ত আনন্দময় দিন। আমি তোমাকে আগামী পহেলা বৈশাখের পূর্বে আমাদের দেশে আসার জন্য এবং আমাদের সাথে পহেলা বৈশাখের বিভিন্ন অনুষ্ঠান উপভোগ করার জন্য আমন্ত্রণ জানাই।

তোমারই, তাসলিম।

45. **Suppose, you are Mohan and your bosom friend is Animesh. Now, write a letter to your friend inviting him to Durga Puja in your village home.** (ধরো, তুমি মোহন ও তোমার অন্তরঙ্গ বন্ধু অনিমেষ। এখন, তোমার বন্ধুকে তোমার গ্রামের বাড়িতে 'দুর্গা পূজা'য় নিমন্ত্রণ করে একটি চিঠি লেখ।)

07.06.2016.

Wari, Narsingdi.

Dear Animesh,

The coming (কামিং-আগামী, আসন্ন) 15th Ashwin of the Bengali year is going to be the commencement (কমেনসমেন্ট-আরম্ভ) of the worship (ওরশিপ-পূজা-অর্চনা) of goddess (গডেস-দেবী) Durga. You will be glad to know that we have universally (ইউনিভারস্যালি-সর্বজনীনভাবে) arranged to worship our Autumnal (অটামন্যাল-শারদীয়) Deity Goddess Durga in an ostentatious (অসটেনটেশাস-সাড়ম্বরভাবে) way in our community temple. The worshipping activities will run from the 6th lunar day to the 10th lunar day of the month. You are especially (ইসপেশ্যালি-বিশেষভাবে) invited to join the ceremony with your near and dear ones (নিয়ার অ্যান্ড ডিয়ার ওয়ান্স-আত্মীয়-স্বজন) and enjoy it with divine blessings (ডিভাইন ব্লেসিংস-স্বর্গীয় আশির্বাদ). I eagerly expect the pleasure of your company on the occasion (অকেশন-অনুষ্ঠান).

With best wishes of auspicious Bijoya,

Yours sincerely,

Mohan.

০৭.০৬.২০১৬

ওয়ারী, নরসিংদী।

প্রিয় অনিমেষ,

বাংলা সালের আসছে ১৫ আশ্বীন দেবী দুর্গার পূজা-অর্চনা আরম্ভ হতে যাচ্ছে। তুমি জেনে খুশি হবে যে আমাদের সম্প্রদায়ের মন্দিরে শারদীয় দেবী দুর্গাকে মহা সাড়ম্বরে পূজার্চনা করার জন্য আমরা সার্বজনীনভাবে আয়োজন করেছি। পূজার্চনা কার্যাদি মাসের ষষ্ঠী তিথি থেকে দশমী তিথি পর্যন্ত চলবে। তোমার প্রিয় স্বজনদের নিয়ে অনুষ্ঠানে যোগদান করে দিব্য আশীর্বাদ লাভ করার জন্য তুমি বিশেষভাবে আমন্ত্রিত। এ উপলক্ষে আমি ঐকান্তিকভাবে তোমার সঙ্গ সুখ কামনা করি। শুভ বিজয়ার শুভেচ্ছান্তে;

তোমার অন্তরঙ্গ বন্ধু, মোহন।

46. Imagine, your friend Rajib seems to be curious to know about the village fair that is held in your village every year. Write a letter to your friend describing the recent fair of your village. **(মনে কর, তোমার বন্ধু রাজিব তোমাদের গ্রামে প্রতি বছর যে গ্রাম্য মেলা হয় তা জানতে আগ্রহী। সম্প্রতি তোমার গ্রামে অনুষ্ঠিত গ্রাম্য মেলার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর কাছে একটি পত্র লেখ।)**

17 May, 2016.
Fatikchhari, Chittagong.
Dear Rajib,

I have got your letter just now (জাস্ট নাও-সবেমাত্র, এইমাত্র). Hope you are well. I am glad to know that you are very curious (কিউরিয়াস-উৎসুক, আগ্রহী) about the village fair that is held in our village every year.

In our village, the village fair is generally (জেনারালি-সাধারণত) held on the bank of river. People of all ages from the nearby (নেয়ারবাই-পার্শ্ববর্তী) villages gather (গ্যাদার-সমবেত হয়, একত্রিত হয়) at our village fair. In our village fair, the shop-keepers start coming early in the morning and construct temporary (টেম্পোর‍্যারি-অস্থায়ী) sheds. There is a big gathering (গ্যাদারিং-সমাবেশ) of buyers and sellers. Local potters, blacksmiths, weavers, carpenters etc. bring their articles and display those very beautifully. Most attractively (অ্যাট্রাকটিভলি-আকর্ষনীয়ভাবে) painted and decorated (ডেকোরেটেড-সজ্জিত) earthen pots, baskets made of bamboo and cane, small and beautiful furniture (ফারনিচার-আসবাবপত্র) are also available (অ্যাভ্যাইলেবল-পাওয়া যায়) in our village fair. The day of village fair is very joyful to me.

With best wishes.
Yours ever,
Neela.

১৭ই মে, ২০১৬
ফটিকছড়ি, চট্টগ্রাম।
প্রিয় রাজিব,

এইমাত্র আমি তোমার চিঠি পেয়েছি। আশা করি তুমি ভালো আছ। আমি জেনে আনন্দিত হয়েছি যে প্রতি বছর আমাদের গ্রামে যে গ্রাম্য মেলাটি অনুষ্ঠিত হয় তা সম্বন্ধে তুমি জানতে খুবই আগ্রহী।

আমাদের গ্রামে গ্রাম্যমেলাটি সাধারণত একটি নদীর তীরে অনুষ্ঠিত হয়। পার্শ্ববর্তী

গ্রামের সকল বয়সের লোকেরা আমাদের গ্রাম্যমেলায় সমবেত হয়। আমাদের গ্রাম্য মেলায় খুব সকাল থেকেই দোকানদাররা আসতে শুরু করে এবং অস্থায়ী চালাঘর নির্মাণ করে। ক্রেতা ও বিক্রেতার বড় ভীড় হয়। স্থানীয় কামার, কুমার, তাঁতী, সুতার প্রভৃতি তাদের জিনিসপত্র নিয়ে আসে এবং ঐগুলো খুব সুন্দরভাবে প্রদর্শন করে। অত্যন্ত আকর্ষণীয়ভাবে চিত্রিত ও সজ্জিত মাটির পাত্র, বাঁশ ও বেতের ঝুড়ি, ছোট এবং সুন্দর আসবাবপত্রও আমাদের মেলায় পাওয়া যায়। মেলার দিনটি আমার কাছে খুব আনন্দদায়ক।

শুভেচ্ছান্তে

তোমারই, নীলা।

47. Suppose, you and some of your friends had recently been to a picnic at a place of historical importance. You have a friend named 'Shipu' at Dhanmondi in Dhaka. He is too much interested to know how you have enjoyed it. Now, write a letter to him about the picnic. Use the following clues. (মনে কর, তুমি এবং তোমার কিছু বন্ধু সম্প্রতি একটি ঐতিহাসিক গুরুত্বপূর্ণ স্থানে বনভোজন উপভোগ করেছ। 'শিপু' নামে তোমার এক বন্ধু আছে যে ঢাকার ধানমন্ডিতে থাকে। সে তোমার কীভাবে এটি উদযাপন করেছ তা জানতে আগ্রহী। এখন বনভোজনের বর্ণনা দিয়ে তোমার বন্ধুকে একটি পত্র লেখ।)

- Date of picnic (বনভোজনের তারিখ)
- Place of picnic. Preparatory tasks (স্থান, প্রস্তুতি কার্যক্রম)
- How you have reached the spot? (তোমরা কীভাবে সেখানে পৌছলে?)
- Activities on the picnic spot. (বনভোজন কেন্দ্রের কার্যাবলি।)
- How you have enjoyed it? (এটি কীভাবে উপভোগ করলে?)
- The role you have played. (তোমার ভূমিকা।)
- Return from the picnic. (বনভোজন থেকে ফেরা।)
- Its impression on your mind. (তোমার মনে এর অঙ্কিত চিত্র।)

22 May, 2016.
16/A Dhanmondi, Dhaka.
Dear Shipu,
I am very glad (গ্ল্যাড-আনন্দিত) to receive your letter of the 12th instant. I am sorry for not replying (রিপ্লাইং-প্রত্যুত্তর) it earlier. In your letter, you wanted to know about the picnic that I had made with my friends at a place of historical (হিসটোরিক্যাল-ঐতিহাসিক) importance (ইমপরট্যান্স-গুরুত্বপূর্ণ). Here I am giving the description (ডেসক্রিপশন-বর্ণনা) of the picnic.

I along with some of my friends make a plan to go on a picnic (পিকনিক-বনভোজন) to Sonargaon. It is twenty miles away from Dhaka. We got into a hired (হাইয়াড-ভাড়া করা) bus at about 8 am with all necessary utensils and materials. After reaching Sonargaon, we had our breakfast (ব্রেকফাস্ট-নাস্তা করা) by 9 am. We did not take any cook with us. Our Science teacher Mr Anwarul Hoque has a reputation (রেপুটেশন-সুনাম) as an expert (এক্সপার্ট-দক্ষ) in cooking. We two helped him in cooking. Some were singing, some were cutting jokes (সাম ওয়ার কাটিং জোক্স-ঠাট্টা মস্করা করছিল), some were gossiping and others were playing different types (ডিফরেন্ট টাইপস-বিভিন্ন রকম) of games. At about 2 pm, the lunch was made ready. By this time all of us got very hungry (গট ভেরি হাংগ্রী-খুব ক্ষুধার্ত হয়েছিলাম). All of us took our lunch with full appetite (অ্যাপিটাইট-ক্ষুধা). After lunch (লাঞ্চ-দুপুরের খাবার), we went out for sight-seeing (সাইট সীইং-দৃশ্যাবলী উপভোগ). Sonargaon is a place of historical interest. It was once the capital of Bengal. The museum of Sonargaon charmed (চার্মড-মুগ্ধ করেছিল) us most. We started for home at 5 pm.

No more today, with best wishes and love.

Yours ever,

Swapan.

২২ মে, ২০১৬

১৬/এ ধানমন্ডি, ঢাকা।

প্রিয় শিপু,

তোমার ১২ তারিখের চিঠি পেয়ে আমি অত্যন্ত আনন্দিত হয়েছি। আরো আগে তোমার চিঠির প্রত্যুত্তর দিতে পারিনি বলে দুঃখিত। তোমার চিঠিতে তুমি, আমি আমার বন্ধুদের নিয়ে যে ঐতিহাসিক গুরুত্বপূর্ণ স্থানে বনভোজন করেছিলাম সে সম্বন্ধে জানতে চেয়েছ। এখানে আমি বনভোজনের বর্ণনা দিচ্ছি।

আমি আমার কতক বন্ধুদের নিয়ে সোনারগাঁয়ে বনভোজনে যেতে পরিকল্পনা করি। এটা ঢাকা থেকে বিশ মাইলের মতো দূরে। আমরা সকল প্রয়োজনীয় জিনিস ও বাসনকোসন নিয়ে সকাল ৮টার দিকে একটা ভাড়া করা বাসে উঠেছিলাম। সোনারগাঁও পৌঁছে সকাল ৯টায় নাস্তা সেরে নিলাম। আমরা আমাদের সাথে কোনো পাচক নেইনি। আমাদের বিজ্ঞান শিক্ষক আনোয়ারুল হক সাহেবের রন্ধন বিদ্যায় দক্ষতার সুনাম আছে। আমরা দু'জন তাঁকে রন্ধনে সাহায্য

করলাম। কয়েকজন গান গাচ্ছিল, কয়েকজন তামাশা করছিল, কয়েকজন গল্প করছিল আর অন্যেরা বিভিন্ন ধরনের খেলায় মত্ত ছিল। প্রায় দু'টার দিকে দুপুরের খাবার তৈরি হয়ে গেল। এ সময়ে আমরা সবাই ক্ষুধার্ত হয়ে পড়েছিলাম। আমরা সবাই পূর্ণ ক্ষুধা নিয়ে দুপুরের খাবার খেলাম। লাঞ্চের পর আমরা দৃশ্য দর্শনে বেরিয়ে পড়লাম। সোনারগাঁও ঐতিহাসিক আকর্ষণীয় স্থান। এটা একসময় বাংলার রাজধানী ছিল। সোনারগাঁও জাদুঘর আমাদের সকলকে অত্যন্ত মুগ্ধ করল। বিকাল ৫টায় আমরা বাড়ির উদ্দেশ্যে রওয়ানা দিলাম।

আজ আর নয়। শুভেচ্ছা ও ভালোবাসান্তে।

তোমারই প্রিয়,

স্বপন।

48. Imagine, you are Sohag/Sohagi, Village: Belabo, Dist: Narsingdi. You have a pen-friend named James/Jenifer who lives in London. Now, write a letter to your friend about your religious festival Eid-ul-Azha in your country. (মনে করো, তুমি সোহাগ/সোহাগী। গ্রামঃ বেলাবো, জেলা : নরসিংদী। তোমার লন্ডনে একজন পত্রমিতা আছে যার নাম জেমস/জেনিফার। এখন, ঈদুল আযহার বর্ণনা দিয়ে তোমার বন্ধুর নিকট একটি পত্র লেখ।)

Date : 08.9.2016.

Belabo, Narsingdi.

Dear James,

Thank you for your letter. It's a pleasure (প্লেজার-আনন্দ) to me that you are very interested (ইন্টারেস্টেড-আগ্রহী) to know about our religious festival (ফেস্টিভ্যাল-উৎসব) Eid-ul-Azha. We are Muslims. We have two main religious (রিলিজিয়াস-ধর্মীয়) festivals.

They are Eid-ul-Fitr and Eid-ul-Azha. Of them Eid-ul-Azha is important (ইম্পরট্যান্ট-গুরুত্বপূর্ণ) for sacrificing (স্যাক্রিফাইসিং-উৎসর্গ) cattle and goats. On that day, we get up from bed early in the morning, bathe (বেইদ-গোসল করা) and have a breakfast with various (ভ্যারিয়াস-বিভিন্ন) kinds of pitha, sweets and other delicious (ডেলিস্যাস-সুস্বাদু) foods. Wearing new dresses (ড্রেসেস-পোশাক), we go to the Eidgah, and pray to Allah. Returning home from Eidgah we take our cattle and slaughtering (স্লটারিং-জবাই করা) tools and go to the slaughtering field in our village. Here the Imam Shaheb slaughters our cattle and goats. We distribute

(ডিসট্রিবিউট-বিলিয়ে দেয়া) one-third of the meat among the poor of our locality. They become very happy to have this meat (মীট-মাংস). We try to draw the satisfaction of Allah by sacrificing cattle and goats and distributing them among (অ্যামং-মধ্যে) the poor. We are very happy to have such a religious festival.

Yours ever,

Sohag.

তারিখ : ০৮.৯.২০১৬

বেলাব, নরসিংদী।

প্রিয় জেমস,

তোমার চিঠির জন্য ধন্যবাদ। এটা আমার জন্য আনন্দদায়ক যে তুমি আমাদের ধর্মীয় উৎসব ঈদুল-আযহা সম্পর্কে জানতে চেয়েছ। আমরা মুসলমান। আমাদের দুটি প্রধান ধর্মীয় উৎসব আছে। সেগুলো হলো ঈদুল ফিতর ও ঈদুল আযহা। এদের মধ্যে ঈদুল আযহা গো-মহিষ ও ছাগল কোরবানীর জন্য গুরুত্বপূর্ণ। ঐ দিন আমরা খুব সকালে ঘুম থেকে উঠি, গোসল করি ও বিভিন্ন পিঠা, মিষ্টি এবং অন্যান্য সুস্বাদু খাবার দিয়ে নাস্তা করি। তারপর নতুন জামা-কাপড় পরে ঈদগাহে নামাজ পড়তে যাই। ঈদগাহ থেকে বাড়ি ফিরে আমরা আমাদের গো-মহিষ এবং জবাই করার যন্ত্রপাতি নিয়ে কোরবানীর মাঠে যাই। সেখানে ইমাম সাহেব আমাদের গো-মহিষ জবাই করে দেন। আমরা এক-তৃতীয়াংশ মাংস গরিবদের মাঝে বিলিয়ে দেই। তারা মাংস পেয়ে খুব খুশি হয়। আমরা গো-মহিষ কোরবানী করে ও গরিবদের মাঝে বিতরণ করে আল্লাহর সন্তুষ্টি অর্জন করতে চেষ্টা করি। আমরা এমন একটি ধর্মীয় উৎসব পেয়ে খুবই সুখী।

তোমারই,

সোহাগ।

Lesson-3	E-mail Writing
পরিচ্ছেদ-৩	ই-মেইল লিখন

How to write an E-mail (কীভাবে ই-মেইল লিখতে হয়)

ই-মেইল হলো ব্যক্তিতে ব্যক্তিতে ইন্টারনেট সংযোগ ব্যবহার করে যোগাযোগ রক্ষা করার অন্যতম পদ্ধতি। এর জন্য প্রয়োজন হয় কম্পিউটার/ল্যাপটপ, মডেম এবং মোবাইল/পিএসটিএন/টেলিফোন লাইন। অতি অল্প সময়ের মধ্যে ই-মেইল প্রেরণ করা সম্ভব হয়। ই-মেইল এ যোগাযোগ রক্ষার ব্যবস্থা সবচেয়ে দ্রুত, নিরাপদ ও গোপনীয়তা রক্ষা করা যায় বলে লোকজন আজকাল ই-মেইল ব্যবহার করছে।

ই-মেইল লেখার সময় যেসব নিয়ম খেয়াল রাখতে হবে সেগুলো হলো :

- সঠিকভাবে প্রাপকের ঠিকানা লেখা আবশ্যক, তা না হলে প্রাপকের কাছে বার্তা পৌঁছবে না।
- ই-মেইল লেখার সময় ছোট হাতের অক্ষর ও বড় হাতের অক্ষর সঠিকভাবে লিখতে হবে। যেমন- masud11@gmail.com
- E-mail এর ভাষা হবে সহজ, সরল ও সাবলীল।
- E-mail এর বক্তব্য হবে সংক্ষিপ্ত।
- প্রাপককে যথাযথ সম্বোধন করতে হবে। অপরিচিত লোকজনের ক্ষেত্রে Mr/Ms/Mrs ইত্যাদি যেক্ষেত্রে যা প্রযোজ্য অথবা Dear ব্যবহার করা যেতে পারে।
- চিঠি শেষ করে যথারীতি বিদায় সম্ভাষণ জানাতে হবে। With regards/Thanking you/Your living ইত্যাদি শব্দ যথাস্থানে প্রয়োগ করা যেতে পারে।
- সবশেষে প্রেরকের ঠিকানা দেওয়া যেতে পারে। তবে এর কোন বাধ্যবাধকতা নেই। যেমন- samia42@yahoo.com

E-mail এর আরো কিছু সুবিধা রয়েছে।

১. E-mail এর পাঠানো সংবাদটি Text message হিসেবে কম্পিউটারে সংরক্ষিত থাকবে।

২. যেহেতু এটি text হিসেবে থাকে তাই এটির পরিকল্পনা টাইপে লেখা, প্রিন্ট করা ইত্যাদি প্রয়োজন হয় না।

৩. E-mail এর সংবাদটি খুব বেশি বড় হয় না।

৪. টেলিফোনের থেকে এটি সুবিধাজনক। কারণ টেলিফোনে যে টেলিফোন করছে এবং যে এটি গ্রহণ করছে দু'জনে যুগপদ টেলিফোন সেটের কাছে থাকতে হবে। E-mail এ এটি ব্যক্তিগত mail box এ জমা হবে।

93. My Father (আমার বাবা/পিতা)
94. The Life of a Garment Worker (একজন গার্মেন্ট শ্রমিকের জীবন)
95. A Pen-friend (পত্রমিতালী/কলমী-বন্ধু)
96. My Grandfather (আমার দাদা)
97. An Ideal Student (একজন আদর্শ ছাত্র)
98. My Grandmother (আমার দাদি)
99. A Sun-set Scene (একটি সূর্যাস্তের দৃশ্য)
100. Tree (বৃক্ষ)
101. Our Village/ Your Native Village (আমাদের গ্রাম/তোমার নিজ গ্রাম)
102. The Liberation War in Bangladesh (বাংলাদেশের মুক্তিযুদ্ধ)
103. The Bee (মৌমাছি)
104. Jute (পাট)
105. Morning Walk (প্রাতঃভ্রমণ/সকালের হাঁটা)

106. A Scientist (বিজ্ঞানী)
107. The Village Blacksmith (গ্রাম্য কামার)
108. Water Hyacinths (কচুরিপানা)
109. Pahela Baishakh (পহেলা বৈশাখ)
110. Co-curricular activities (সহ-পাঠ্যক্রম কার্যাবলি)
111. Junk food (জাংক ফুড/মুখরোচক খাবার)
112. Eid-ul-Fitr (ঈদুল ফিতর)
113. Ramadan (রমযান)
114. Landing on the Moon (চাঁদে অবতরণ)
115. Grameen Bank (গ্রামীণ ব্যাংক)
116. May Day (মে দিবস)
117. The National Memorial (জাতীয় স্মৃতিসৌধ)
118. Mother Teresa (মাদার তেরেসা)
119. Dr. Muhammad Yunus (ড. মুহাম্মদ ইউনুস)
120. The Shat Gambuj Masjid (ষাট গম্বুজ মসজিদ)
121. The Statue of Liberty (স্বাধীনতার প্রতিমূর্তি)
122. International Women's Day (আন্তর্জাতিক নারী দিবস)
123. International Mother Language Day (আন্তর্জাতিক মাতৃভাষা দিবস)
124. Acid Rain (এসিড বৃষ্টি)
125. Arsenic Pollution (আর্সেনিক দূষণ)
126. A Village Doctor (একজন গ্রাম্য চিকিৎসক)
127. A Day Labourer (একজন দিনমজুর)
128. Traffic Jam (যানজট)
129. A Street Hawker (একজন রাস্তায় ফেরিওয়ালা)
130. A School Library (বিদ্যালয় গ্রন্থাগার)
131. Mobile Phone (তারবিহীন চলমান দূরালাপনী যন্ত্র)
132. Computer (কম্পিউটার)
133. Load-Shedding (বিদ্যুৎ বিভ্রাট)
134. A Rickshaw-Puller (রিক্সাচালক)
135. A Winter Morning (একটি শীতের সকাল)
136. Women's Contribution to the Development of our Country (আমাদের দেশের উন্নয়নে নারীদের অবদান)
137. My Neighbour (আমার প্রতিবেশী)
138. A Hartal Day (একটি হরতালের দিন)
139. Terrorism (সন্ত্রাস)
140. A Moon-Lit Night (একটি চাঁদনী রাত)
141. Our National Flag (আমাদের জাতীয় পতাকা)
142. Internet (যোগাযোগ বিশ্বজাল)
143. A Fair that I Visited (আমার দেখা একটি মেলা)
144. Deforestation (নির্বনীকরণ/বন শূন্যায়ন/নির্বনায়ন)
145. Environmental Pollution (পরিবেশগত দূষণ)
146. Street Children (রাস্তার ছেলেমেয়ে)
147. My Last Day at School (বিদ্যালয়ে আমার শেষ দিন)
148. A Street Accident (একটি সড়ক দুর্ঘটনা)

Paragraph Writing (অনুচ্ছেদ লিখন)

1. My First Visit to Dhaka (আমার প্রথম ঢাকা ভ্রমণ)

Suppose you visited Dhaka for the first time. You were charmed seeing many important things there. Now, write a paragraph on it. Your paragraph should include the answers to the following questions. (মনে কর, তুমি প্রথমবারের মতো ঢাকা বেড়াতে এসেছো। তুমি সেখানে অনেক গুরুত্বপূর্ণ জিনিস দেখে মুগ্ধ হয়েছ। এখন, এ সম্পর্কে একটি অনুচ্ছেদ লেখ। তোমার অনুচ্ছেদে নিচের প্রশ্নগুলোর উত্তর থাকতে হবে।)

a. What do you know about Dhaka? (ঢাকা সম্পর্কে তুমি কী জান?)
b. How did you come to the city? (কীভাবে তুমি নগরে আসলে?)
c. Why and with whom did you come to Dhaka? (কেন এবং কার সাথে তুমি ঢাকা এসেছ?)
d. What are the fascinating (ফ্যাসিনেটিং) things you saw in Dhaka? (ঢাকায় দেখেছ এমন মোহনীয় জিনিসগুলো কী?)
e. How did you feel while visiting the city? (যখন নগর পরিদর্শন করেছ তখন তোমার অনুভূতি কেমন ছিল?)
f. How did you enjoy your visit? (তুমি তোমার সফর কতটা উপভোগ করেছ?

Dhaka is the capital (ক্যাপিটাল-রাজধানী) city of Bangladesh. It is a very old city. Mughal Emperor (অ্যামপেরর-সম্রাট) Jahangir built it in 1610. However (হাউএভার-যাহোক), I had an opportunity (অপরচুনিটি-সুযোগ) to visit Dhaka for the first time during (ডিউরিং-সময়ে) the last winter. The purpose (পারপাস-উদ্দেশ্য) was to attend my cousin's marriage ceremony (সিরেমনি-অনুষ্ঠান). It was at Sher-e-Bangla Nagar. I went there by a microbus (মাইক্রোবাস). My parents and elder sister accompanied (অ্যাকামাপানিড-সঙ্গী ছিল) me in my visit. I stayed (স্টেইড-অবস্থান করা) in Dhaka for seven days. After attending (অ্যাটেনডিং) the marriage ceremony, I was lucky (লাকী-ভাগ্যবান) to have the chance to visit some historical (হিসটোরিক্যাল-ঐতিহাসিক) sites. I visited National Museum, National Memorial at Savar, Fantasy (ফেন্টাসি) Kingdom, National Zoo at Mirpur, Ahsan Manjil etc. All the sites (সাইট্স-দৃশ্য) fascinated me. When I went to Ahsan Manjil, I found the old part of the city very congested (কনগেস্টেড-ঘনবসতিপূর্ণ) and a bit dirty. But I noticed a few relics (রেলিকস-ধ্বংসাবশেষ) of Bangla there. I learnt about our glorious (গ্লোরিয়াস-গৌরবময়) history as well as about the life of the present (প্রেজেন্ট-বর্তমান) city. I enjoyed my visit very much. I will never forget (ফরগেট-ভুলে যাওয়া) my first visit to Dhaka.

অনুবাদ : ঢাকা বাংলাদেশের রাজধানী শহর। এটি খুব প্রাচীন শহর। ১৬১০ সালে মুঘল সম্রাট জাহাঙ্গীর এটি নির্মাণ করেছিলেন। গত শীতের মৌসুমে প্রথমবারের মতো আমার পরিদর্শনের সুযোগ হয়েছিল। উদ্দেশ্য ছিল আমার চাচাতো বোনের বিয়েতে যোগদান করা। সেটা ছিল শেরে বাংলা নগরে। আমি মাইক্রোবাস যোগে সেখানে গিয়েছিলাম। সেই ভ্রমণে বাবা-মা এবং বড় বোন আমার সঙ্গে ছিলেন। আমি ঢাকায় ছিলাম সাত দিন। বিয়ে অনুষ্ঠানে যোগদানের পর ঢাকার কিছু ঐতিহাসিক গুরুত্বপূর্ণ স্থান দেখার সৌভাগ্য আমার হয়েছিল। আমি জাতীয় জাদুঘর, সাভারের জাতীয় স্মৃতিসৌধ, ফ্যান্টাসি কিংডম, মিরপুরের চিড়িয়াখানা, আহসান মঞ্জিল ইত্যাদি স্থানে বেড়াতে গিয়েছিলাম। সব জায়গাতেই আমি খুব অভিভূত হয়েছিলাম। আমি যখন আহসান মঞ্জিল বেড়াতে গিয়েছিলাম, তখন এই পুরনো এলাকাটাকে খুব ঘনবসতিপূর্ণ এলাকা হিসেবে এবং খুব নোংরা স্থান হিসেবে দেখতে পেয়েছিলাম। তবে, আমি সেখানে বাংলার কিছু ধ্বংসাবশেষ দেখতে পেয়েছিলাম। আমি আমাদের গৌরবময় ইতিহাস ও সেই সঙ্গে বর্তমান শহরের জীবন ব্যবস্থা সম্পর্কে জানতে পেয়েছিলাম। আমি এই ভ্রমণে অনেক আনন্দ উপভোগ করেছিলাম। ঢাকায় প্রথম বেড়ানোর ঘটনা আমি কখনো ভুলতে পারব না।

2. My Family (আমার পরিবার)

a. How many members are there in your family? (তোমাদের পরিবারের সদস্য সংখ্যা কত?)
b. What do your parents do? (তোমার পিতামাতা কী করেন?)
c. How many brothers and sisters do you have? তোমার কয় ভাই বোন?)
d. What do they do? (তারা কী করে?)
e. What is the qualification of your family members? (তোমার পরিবারের সদস্যদের শিক্ষাগত যোগ্যতা কী?)
f. How do they spend their time at home? (তারা বাড়িতে কীভাবে সময় কাটায়?)
g. How are your family members helpful to one another? (তোমার পরিবারের সদস্যরা একে অন্যের প্রতি কীরূপ সহযোগিতাপূর্ণ?)

A family is a small group (গ্রুপ-সংঘ) consisting (কনসিস্টিং) of parents and their children. My family consists (কনসিস্টস-গঠিত হওয়া) of my parents, myself, my one brother and one sister. We are five members altogether (অলটুগেদার-সম্পূর্ণরূপে). My father is a B.A. He is a businessman. (বিজনেসমেন) and mother is also a BA. She is a housewife. My elder sister is a college student and my younger

(ইয়াংগার) brother is a primary school student. I am a student of Class VIII. My father has little time (লিটল টাইম-অল্প সময়) to spend at home. He is always busy with his business. My mother looks after the family and takes care of every member of the family. With the help of a maid-servant she does all household (হাউসহোল্ড-গৃহস্থালী) works. My elder sister and younger brother are also busy with their studies at home. Sometimes, we watch good TV programmes together (টুগেদার-একত্রে). We help one another in many ways (ওয়েজ-উপায়). My elder sister helps me and my brother in our studies. I also help my brother whenever he fails to understand (আন্ডাস্ট্যান্ড-কোনো কিছু বুঝা) anything of his lesson (লেসন-পাঠ). We can enjoy much on holidays. Sometimes, we visit the zoo (জু-চিড়িয়াখানা) or our relatives' houses on holidays. On a long vacation (ভ্যাকেশন-ছুটির দিন), we often visit our village home to meet our grandparents. Every member of our family is helpful, co-operative (কো-অপারেটিভ-সহমর্মী), sympathetic (সিমপ্যাথেটিক-সহানুভূতিশীল) and affectionate (অ্যাফেকশনেট-স্নেহপ্রবণ) to one another. So, I am proud (প্রাউড) of my family.

অনুবাদ : একটি পরিবার পিতামাতা ও সন্তানদের সমন্বয়ে গঠিত একটি ছোট জনসমষ্টি। আমি, আমার পিতামাতা, এক ভাই ও এক বোন নিয়ে আমার পরিবার গঠিত। আমরা সর্বসাকুল্যে পাঁচ সদস্যবিশিষ্ট। আমার পিতা বি.এ. পাস। তিনি একজন ব্যবসায়ী এবং আমার মাও একজন বি.এ.। তিনি একজন গৃহিণী। আমার বড় বোন কলেজের ছাত্রী এবং আমার ছোট ভাই প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র। আমি অষ্টম শ্রেণিতে পড়ি। আমার পিতা বাড়িতে সময় দিতে পারেন না বললেই চলে। তিনি সর্বদা তাঁর ব্যবসায় নিয়ে ব্যস্ত থাকেন। আমার মা পরিবারটি দেখাশোনা করেন এবং পরিবারের প্রত্যেক সদস্যের যত্ন নেন। একজন গৃহপরিচারিকার সহায়তায় তিনি গৃহস্থালীর সকল কাজ করে থাকেন। আমার বড় বোন ও ছোট ভাই তাদের পড়াশোনা নিয়ে ব্যস্ত থাকেন। মাঝে মাঝে আমরা একত্রে ভালো টিভি অনুষ্ঠান দেখি। আমরা একে অন্যকে বিভিন্নভাবে সাহায্য করি। আমার বড় বোন আমাকে এবং আমার ভাইকে পড়াশোনায় সাহায্য করেন। আমিও আমার ভাইকে সাহায্য করি, যখন সে তার কোনো পড়া বুঝতে ব্যর্থ হয়। আমরা ছুটির দিনে খুব আনন্দ করি। ছুটির দিনে মাঝে মাঝে আমরা চিড়িয়াখানায় ও আমাদের আত্মীয়-স্বজনের বাড়িতে বেড়াতে যাই। বড় ছুটিতে আমরা আমাদের দাদা দাদীর সাথে সাক্ষাৎ করতে আমাদের গ্রামের বাড়িতে যাই। আমাদের পরিবারের প্রত্যেক সদস্য একে অন্যের প্রতি সহায়ক, সহমর্মী, সহানুভূতিশীল এবং স্নেহপ্রবণ। তাই, আমি আমার পরিবারের জন্য গর্বিত।

3. My Mother (আমার মা/জননী)

a. What do you mean by the word 'Mother'? ('মা' শব্দ দ্বারা তুমি কী বুঝ?)
b. What is your mother's name? (তোমার মায়ের নাম কী?)
c. How old is she? (তাঁর বয়স কত?)
d. What is her educational qualification? (তাঁর শিক্ষাগত যোগ্যতা কী?)
e. What is she? (তিনি কী করেন?)
f. Where does she work? (তিনি কোথায় কাজ করেন?)
g. What does she do for the family? (তিনি পরিবারের জন্য কী করেন?)
h. What does she do for you on holidays? (ছুটির দিনে তিনি তোমাদের জন্য কী করেন?)

The lady who bore me in her womb (উম্) for ten months and ten days is my mother. My mother's name is Mrs. Samia Begum. She is 32 years old. She is an H.S.C.-in Ed. She is a primary school teacher. She works in Domrakanda (ডুমরাকান্দা) Govt. Primary School. She goes to school at 8 a.m. and comes back at 2 p.m. In the morning and in the evening she cooks (কুক্স) food for us. She has two children; I and my younger (ইয়াংগার) sister. She loves us equally (ইক্যুয়ালি). In the off-time she teaches us and tells interesting stories. She takes care of us all. She washes clothes and keeps the house and yard neat and clean. She looks after our family very carefully. She is a religious (রিলিজিয়াস-ধার্মিক) minded (মাইনডেড) lady. She says her prayers five times a day. She cooks dainty and tasty dishes (ডিশেস) for us on holidays. She is an ideal mother whom I love very dearly.

Vocabulary (শব্দার্থ) : Old (ওল্ড) – বয়স্ক; Primary (প্রাইমারী) – প্রাথমিক; Cook (কুক) – পাক করা/রান্না করা; Food (ফুড) – খাবার; Off-time (অফ টাইম) – অবসর সময়; Teach (টিচ) – শিক্ষা দেওয়া /পড়ানো; Interesting (ইন্টারেস্টিং) – আনন্দদায়ক/মজার; Wash (ওয়াশ) – ধৌত করা; Clothes (ক্লোথস) – কাপড়-চোপড়; Dainty (ডেইনটি) – উন্নত মুখরোচক; Tasty (টেস্টি) – সুস্বাদু; Ideal (আইডিয়াল) – আদর্শ; Very dearly (ভেরি ডিয়ারলি) – খুবই /অত্যন্ত।

অনুবাদ : যে মহিলা আমাকে দশ মাস দশ দিন গর্ভে ধারণ করেছিলেন, তিনিই আমার মা। আমার মায়ের নাম মিসেস সামিয়া বেগম। তাঁর বয়স বত্রিশ। তিনি একজন এইচ.এস.সি.-ইন.এড। তিনি একজন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা। তিনি ডুমরাকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কাজ করেন। তিনি সকাল ৮টায় বিদ্যালয়ে যান এবং দুপুর ২ টায় ফিরে আসেন। সকাল ও সন্ধ্যায় তিনি আমাদের জন্য খাবার রান্না করেন। তাঁর দু'জন সন্তান; আমি এবং আমার ছোট বোন। তিনি আমাদের একই রকম ভালোবাসেন। অবসর সময়ে তিনি আমাদের পড়ান ও মজার গল্প বলেন। তিনি আমাদের সকলের যত্ন নেন। তিনি কাপড়-চোপড় ধৌত করেন এবং বাড়ি ও আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখেন। তিনি অতিশয় যত্নসহকারে আমাদের পরিবারের দেখাশোনা করেন। তিনি একজন ধার্মিক মহিলা। তিনি দৈনিক পাঁচ ওয়াক্ত নামাজ পড়েন। ছুটির দিনে মা আমাদের জন্য উন্নত ও সুস্বাদু খাবার রান্না করেন। তিনি একজন আদর্শ মা। তাঁকে আমি খুবই ভালোবাসি।

4. Baishakhi Mela (বৈশাখী মেলা)

a. What is Baishakhi Mela? (বৈশাখী মেলা কী?)
b. When is it held? (এটি কখন অনুষ্ঠিত হয়?)
c. When have you visited a Baishakhi Mela? (তুমি কখন বৈশাখী মেলা পরিদর্শন করেছ?)
d. What are available (অ্যাভাইলেবল) there? (সেখানে কী কী দ্রব্যাদি পাওয়া হয়?)
e. What kinds of cultural functions were held there? (সেখানে কী ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়?)

Baishakhi Mela is a fair which is held regularly (রেগুলারলী-নিয়মিতভাবে) every year in the first day of Bengali month of Baishakh. Baishakhi Mela bears an image (ইমেজ-প্রতিচ্ছবি) of the rural Bangladesh. It beautifully reflects (রিফ্লেক্টস-ফুটিয়ে তোলা) the true rural picture of our country. However, I have recently (রিসেন্টলি-সম্প্রতি) visited a Baishakhi Mela in our locality (লোকালিটি-লোকালয়). I went there in the evening. I saw stalls of various (ভেরিয়াস) things and articles (আর্টিকলস) of daily necessity (নেসেসিটি-প্রয়োজনীয়). In those stalls potteries (পটেরাইস-কুমার) and traditional (ট্রেডিশনাল-ঐতিহ্যবাহী) handicrafts (হেন্ডক্রাফ্টস-হস্তশিল্প), bamboo flutes etc. were available. Besides (বিসাইডস-তাছাড়া), various cakes and sweetmeats were brought there. I bought two flutes (ফ্লুটস), some balloons and cakes of different types and taste (টেস্ট-স্বাদ). The cultural functions of the traditional Bangla folksong (ফল্কসং-লোকসংগীত), Jaree, Sharee, Bhawaiya (বাওয়াইয়া), Bhatiali and Jatra were also held there. I heard folksongs attentively (এটেনটিভলি-মনোযোগের সাথে). The songs reminded (রিমাইনডেড-স্মরণ করিয়ে দেওয়া) me of our cultural heritage (হেরিটেজ-ঐতিহ্য) and identity (আইডেন্টি-পরিচিতি). I passed my time very pleasantly (প্লেজেন্টলি). In fact, I enjoyed the Mela very much.

অনুবাদ : বৈশাখী মেলা একটি মেলা, যা প্রতি বছর বৈশাখ মাসের প্রথম দিনে নিয়মিত অনুষ্ঠিত হয়। বৈশাখী মেলা গ্রাম বাংলার ঐতিহ্য বহন করে। এটি আমাদের দেশের প্রকৃত গ্রাম্য চিত্র সুন্দরভাবে ফুটিয়ে তুলে। যাহোক, সম্প্রতি আমি আমাদের এলাকার একটি বৈশাখী মেলা পরিদর্শন করেছি। আমি সেখানে সন্ধ্যায় গিয়েছিলাম। আমি দৈনন্দিন প্রয়োজনীয় বিভিন্ন জিনিসপত্রের দোকান দেখেছিলাম। ঐ সকল দোকানে কুমারের জিনিসপত্র, ঐতিহ্যবাহী হস্তশিল্প, বাঁশের বাঁশি ইত্যাদি বেশি পাওয়া যায়। এছাড়া বিভিন্ন পিঠা এবং মিষ্টান্ন সেখানে আনা হয়েছিল। আমি দুটি বাঁশি, কিছু বেলুন এবং বিভিন্ন প্রকার স্বাদের পিঠা কিনেছিলাম। ঐতিহ্যবাহী বাংলা লোক সংগীত, জারী, সারী, ভাওয়াইয়া, ভাটিয়ালী এবং যাত্রা ইত্যাদি সাংস্কৃতিক অনুষ্ঠানও সেখানে অনুষ্ঠিত হয়েছিল। আমি মনোযোগসহকারে লোক সংগীত শুনেছিলাম। এ গান আমাকে আমাদের সাংস্কৃতিক ঐতিহ্য ও পরিচিতি মনে করে দিয়েছিল। আমি অত্যন্ত আনন্দের সাথে আমার সময়টুকু অতিক্রম করেছিলাম। সত্যিই আমি খুব ভালোভাবে মেলাটি উপভোগ করেছিলাম।

5. My Personal Account/Myself
(আমার ব্যক্তিগত বিবরণ/আমি নিজে)

a. What is your name? (তোমার নাম কী?)
b. Where do you live? (তুমি কোথায় বাস করো?)
c. What's the name of your school? (তোমার বিদ্যালয়ের নাম কী?)
d. What class do you read in? (তুমি কোন শ্রেণিতে পড়?)
e. When does the school start and break up? (কখন বিদ্যালয় আরম্ভ ও ছুটি হয়?)
f. Which subjects do you study at school? (বিদ্যালয়ে তুমি কী কী বিষয় পড়?)
g. How do you go to and return from school? (তুমি কীভাবে বিদ্যালয়ে যাতায়াত করো?)
h. What are your parents? (তোমার পিতামাতা কী করেন?)

I am Samiya Begum. I live at Chandanpur (চন্দনপুর) under Belabo Upazila (উপজেলা-উপজেলা) in the district (ডিসট্রিক্ট) of Narsingdi. I live here with my family. I have one brother. This means we are four members in our family. The name of my school is Belabo Pilot Modern High School. I am in Class VI. My school starts (শুরু) at 10 am and breaks up (ব্রেক্স আপ) at 4 pm with an hour's recess (রেসেস-বিরতি). Here I study many subjects like Bangla, English, Mathematics (ম্যাথমেটিকস-গণিত), General (জেনারেল-সাধারণ) science (সাইন্স-বিজ্ঞান), Bangladesh and Global studies, Religion (Islamic). I go to school and return (রিটার্ন-ফিরে আসা) home by rickshaw or on foot. My father is a primary (প্রাইমারি-প্রাথমিক) school teacher (শিক্ষক). My mother is a social (সোস্যাল-সামাজিক) worker and a housewife (হাউসওয়াইফ-গৃহিণী). They are very dear (ডিয়ার-প্রিয়) to me. I help them in their work (কাজ) when I get time (সময়).

অনুবাদ : আমি সামিয়া বেগম। আমি নরসিংদী জেলার বেলাব উপজেলার অন্তর্গত চন্দনপুর গ্রামে বাস করি। এখানে আমি আমার পরিবারের সাথে বাস করি। আমার একজন ভাই আছে। এর অর্থ আমাদের পরিবারের সদস্য সংখ্যা চারজন। আমার বিদ্যালয়ের নাম বেলাব পাইলট মডার্ন উচ্চ বিদ্যালয়। আমি ষষ্ঠ শ্রেণিতে পড়ি। আমার বিদ্যালয় সকাল ১০টায় শুরু হয় এবং এক ঘণ্টা বিরতিসহ বিকাল ৪টায় ছুটি হয়। আমি অনেকগুলো বিষয় যেমন : বাংলা, ইংরেজি, গণিত, সাধারণ বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্বপরিচয় ধর্মীয় শিক্ষা পড়ি। আমি রিক্সায় বা পায়ে হেঁটে বিদ্যালয়ে যাই ও বাড়ি ফিরি। আমরা পিতা প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষক। মা সমাজকর্মী ও গৃহিণী। তাঁরা আমার খুবই প্রিয়। আমি সময় পেলে তাদেরকে কাজে সহায়তা করি।

6. My Reading Room (আমার পড়ার ঘর)

a. What class do you read in? (তুমি কোন শ্রেণিতে পড়?)
b. How is your reading room? (তোমার পড়ার কক্ষটি কেমন?)
c. How many pieces of furniture does it have? (এটির কতগুলো আসবাবপত্র আছে?)
d. What do you keep in the almirah? (তুমি আলমারিতে কী রাখ?)
e. How do you keep your reading room? (তোমার পড়ার ঘরটি তুমি কেমন রাখ?)

I read in Class VIII in Baznabo Girls' High School. I have a nice (সুন্দর) reading room (রিডিং রুম-পড়ার রুম). The room faces the east. It is fairly (ফেয়ারলি-বেশ) a nice room. It has a door (ডোর-দরজা) and two windows (উইনডোস-জানালা). So, I get plenty (প্লেন্টি-প্রচুর) of light (লাইট-বাতি) and air in my room. I have also a fan (পাখা) in my room. There are two chairs, a table, a wall clock (দেয়াল ঘড়ি) and an almirah (অলমিরাহ) in my reading room. I sit on the chair and keep my books and learning materials (ম্যাটেরিয়ালস-সামগ্রী) on the table. I keep valuable (ভেলুএবল-মূল্যবান) things in the almirah. When my private tutor comes to teach me, he sits on one chair and I sit on the other. My reading room is very dear to me. I always keep it neat and clean (নীট অ্যান্ড ক্লীন-পরিপাটি/পরিচ্ছন্ন).

অনুবাদ : আমি বাজনাব বালিকা উচ্চ বিদ্যালয়ে অষ্টম শ্রেণিতে পড়ি। আমার একটি সুন্দর পড়ার ঘর আছে। ঘরটি পূর্বমুখী। এটি খুবই সুন্দর ঘর। এতে একটি দরজা ও দুটি জানালা আছে। তাই আমার ঘরে প্রচুর আলো ও বাতাস পাই। আমার ঘরে একটি পাখাও আছে। আমার পড়ার ঘরে দুটি চেয়ার, একটি টেবিল, একটি দেয়াল ঘড়ি ও একটি আলমারি আছে। আমি চেয়ারে বসি এবং বই ও শিক্ষাসামগ্রী টেবিলে রাখি। আমি মূল্যবান জিনিসগুলো আলমারিতে রাখি। আমার গৃহ শিক্ষক যখন আমাকে পড়াতে আসেন তখন তিনি একটি চেয়ারে বসেন এবং আমি অন্য চেয়ারে বসি। আমার পড়ার ঘর আমার খুবই প্রিয়। আমি সর্বদা এটি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখি।

7. Water (পানি)

a. What is water? (পানি কী?)
b. What colour and shape does it take? (এটি কী রং এবং আকার ধারণ করে?)
c. Why do we use water? (আমরা কেন পানি ব্যবহার করি?)
d. What are the sources of water? (পানির উৎসগুলো কী কী?)
e. From where can we get pure drinking water? (আমরা কোথা থেকে বিশুদ্ধ খাবার পানি পেতে পারি?)

Water is an essential (ইসেনসিয়াল-অত্যাবশ্যক) liquid (লিকুইড-তরল) substance (সাবসট্যান্স-পদার্থ) for life (লাইফ-জীবন). It is transparent (ট্রান্সপ্যারেন্ট-স্বচ্ছ) and colourless. It takes the colour (কালার-রঙ) and shape (শেইপ-আকার) of its container (কন্টেইনার-পাত্র). Water is composed (কম্পোজড-উৎপন্ন) of oxygen and hydrogen. Everyday we use water in various (ভেরিয়াস-বিভিন্ন) purposes. The sources (সোর্স-উৎস) of water are mainly (মেইনলি-প্রধানত) rains, springs (স্প্রিং), rivers, seas and oceans (ওশানস-মহাসাগর). We cannot do without water even

for a day. We drink water, wash utensils, bathe in water and clean ourselves with water. No living being can continue (কন্টিনিউ) to live without it. Trees, plants and creepers (ক্রীপার-কীটপতঙ্গ) cannot remain (রিমেইন-থাকা) fresh without water. So, water is called life. We get pure drinking (ড্রিংকিং-পানীয়) water from tube-wells.

অনুবাদ : পানি জীবনের জন্য একটি অত্যাবশ্যক তরল পদার্থ। এটি স্বচ্ছ ও বর্ণহীন। এটি পাত্রের আকার ও রঙ ধারণ করে। পানি অক্সিজেন ও হাইড্রোজেন-এর সমন্বয়ে গঠিত। আমরা প্রতিদিন বিভিন্ন উদ্দেশ্যে পানি ব্যবহার করে থাকি। প্রধানত পানির উৎস বৃষ্টি, ঝর্না, নদী, সাগর ও মহাসাগর। পানি ছাড়া আমরা একদিনও চলতে পারি না। আমরা পানি পান করি, বাসন-কোসন ধুই, গোসল করি এবং এর দ্বারা আমাদের পরিষ্কার পরিচ্ছন্ন রাখি। কোনো জীবন্ত প্রাণীই পানি ছাড়া জীবনধারণ করতে পারে না। গাছপালা, তরুলতা পানি ছাড়া সতেজ থাকতে পারে না। কাজেই পানিকে জীবন বলা হয়। আমরা নলকূপ থেকে বিশুদ্ধ পানীয় জল পেয়ে থাকি।

8. Milk (দুধ)

a. What is milk? (দুধ কী?)
b. What does it give to us? (এটি আমাদেরকে কী দেয়?)
c. From where do we get milk? (আমরা কোথা থেকে দুধ পাই?)
d. What foods are prepared from milk? (দুধ থেকে কী কী খাবার তৈরি হয়?)
e. What kinds of vitamins do we get from milk? (দুধ থেকে আমরা কী ধরনের ভিটামিন পাই?)

Milk is a liquid (লিকুইড-তরল) and nutritious (নিউট্রিসাস-পুষ্টিকর) food. It gives us health, energy (এনার্জি-শক্তি) and vigour (ভিগার-তেজ) at all stages (স্টেজেস-পর্যায়) of our growth (গ্রোথ-বৃদ্ধি). It is an ideal (আইডিয়াল-আদর্শ) food for the babies and patients (পেশেন্টস-রোগী). It is rich in vitamin and tasty (টেস্টি-সুস্বাদু). We generally get milk from cows, goats and buffaloes. But this milk is to be boiled (বয়েল্ড-সিদ্ধ করা) before it is drunk (ড্রাংক-পান করা). If it is not boiled, it does harm (হার্ম-ক্ষতি) to our health (হেলথ-স্বাস্থ্য). Many delicious (ডিলিশাস-সুস্বাদু) and nutritious items of food like butter, curd (কার্ড-দই), ghee, cheese (চীজ-পনির) and sweetmeats (সুইটমিটস-মিষ্টি দ্রব্য) are prepared (প্রিপেয়ার্ড-তৈরি) from milk. It is used in making tea. We get almost (অলমোষ্ট-প্রায়) all kinds of vitamins (ভিটামিন) from milk. It plays an important (ইমপোরটেন্ট-গুরুত্বপূর্ণ) role (রোল-ভূমিকা) in our everyday (এভরিডে-প্রতিদিন) diet (ডাইট-পথ্য/খাবার).

অনুবাদ : দুধ তরল ও পুষ্টিকর খাদ্য। এটি আমাদের দৈহিক বৃদ্ধির সকল স্তরে স্বাস্থ্য, শক্তি ও তেজস্বীতা প্রদান করে। শিশু ও রোগীদের জন্য এটি একটি আদর্শ খাদ্য। এটি খাদ্যপ্রাণে পরিপূর্ণ এবং সুস্বাদু। আমরা সাধারণত গরু, ছাগল ও মহিষ থেকে দুধ পেয়ে থাকি। তবে এ দুধ পান করার আগে সিদ্ধ করে নিতে হয়। সিদ্ধ করা না হলে এটি আমাদের স্বাস্থ্যের ক্ষতি সাধন করে। অনেক সুস্বাদু ও পুষ্টিকর খাদ্যসামগ্রী; যেমন: মাখন, দধি, ঘি, পনির ও মিষ্টি দ্রব্য দুধ হতে তৈরি হয়। আমরা প্রায় সকল প্রকার খাদ্যপ্রাণ দুধ থেকে পেয়ে থাকি। এটি আমাদের দৈনন্দিন খাদ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

9. My First Day at School (বিদ্যালয়ে আমার প্রথম দিন)

a. What is the most memorable (মেমোরেবল) day in your life? (তোমার জীবনের সবচেয়ে বেশি স্মরণীয় দিন কোনটি?)
b. When did you go to school first? (তুমি প্রথম কখন বিদ্যালয়ে গিয়েছিলে?)
c. Who took you to school? (কে তোমাকে বিদ্যালয়ে নিয়ে গিয়েছিলেন?)
d. Whom did your father talk to about your admission (অ্যাডমিশন)? (তোমার বাবা তোমার ভর্তির ব্যাপারে কার সাথে কথা বলেছিলেন?)
e. How did you feel on that day? (ঐ দিন তুমি কেমন অনুভব করেছিলে?)

My first day at school was one of the most exciting (এক্সসাইটিং-উত্তেজনাপূর্ণ) and memorable days in my life. When I was six years old, my father told me one day that he would get me admitted (এডমিটেড-ভর্তি) into a primary school. I felt very much excited when I heard it. On the fixed (ফিক্সড-নির্ধারিত) day, my mother took me to the river in the morning. I bathed (বেথ্ড-গোসল করলাম) in the river with my mother. On arrival (অ্যারাইভাল-পৌঁছানো) at home, I was given a nice breakfast. My mother dressed me tastefully with lovely clothes. Then my father took me to a local primary (প্রাইমারী-প্রাথমিক) school on foot. He entered the Headmaster's room with me. He talked to the Headmaster about my admission (এডমিশন-ভর্তি). The Headmaster asked me some questions. I could answer all the questions properly. He was highly pleased (প্লিজড-খুশি) with me and admitted me to class II (two). After a while, he called a teacher to take me to class two. He introduced (ইন্ট্রোডিউস্ড-পরিচিত করলেন) me to the other students of the class. Soon, I made friends with them and attended all the periods (পিরিয়ড) of the day. I felt very happy when I returned home.

অনুবাদ : আমার বিদ্যালয়ের প্রথম দিন আমার জীবনের অত্যন্ত স্মরণীয় ও উত্তেজনাপূর্ণ দিনগুলোর মধ্যে একটি। আমার বয়স যখন ৬ বছর তখন একদিন আমার বাবা আমাকে বললেন যে, তিনি আমাকে একটি প্রাইমারী বিদ্যালয়ে ভর্তি করাবেন। আমি যখন এটা শুনলাম, তখন খুবই উত্তেজনা অনুভব করলাম। নির্ধারিত দিনে সকাল বেলায় আমার মা আমাকে নিয়ে নদীতে গেলেন। আমি আমার মার সাথে নদীতে গোসল করলাম। বাড়িতে পৌঁছলে আমাকে ভালো নাস্তা দেওয়া হলো। আমার মা সুন্দর জামা পরিয়ে আমাকে সাজিয়ে দিলেন। তারপর আমার বাবা পায়ে হেঁটে আমাকে স্থানীয় প্রাইমারী বিদ্যালয়ে নিয়ে গেলেন। তিনি আমাকে নিয়ে প্রধান শিক্ষকের কক্ষে প্রবেশ করলেন। তিনি আমার ভর্তির ব্যাপারে প্রধান শিক্ষকের সাথে কথা বললেন। প্রধান শিক্ষক সাহেব আমাকে কিছু প্রশ্ন করলেন। আমি সকল প্রশ্নের উত্তর সঠিকভাবে দিতে পারলাম। তিনি অত্যন্ত খুশি হলেন এবং আমাকে দ্বিতীয় শ্রেণিতে ভর্তি করে দিলেন। কিছুক্ষণ পর তিনি আমাকে দ্বিতীয় শ্রেণিতে নিয়ে যাওয়ার জন্য একজন শিক্ষককে ডাকলেন। তিনি ক্লাসের অন্যান্য ছাত্রছাত্রীদের সাথে আমাকে পরিচয় করিয়ে দিলেন। শীঘ্রই আমি তাদের সাথে বন্ধুত্ব করলাম এবং ঐ দিনের সকল পিরিয়ডে অংশগ্রহণ করলাম। যখন বাড়ি ফিরলাম, তখন আমি খুব সুখ অনুভব করলাম।

10. Digital Bangladesh (তথ্যপ্রযুক্তি সমৃদ্ধ বাংলাদেশ)

a. How is Bangladesh burdened with? (বাংলাদেশ কিসে ভারাক্রান্ত?)
b. Who has aimed at making Digital Bangladesh? (কে বাংলাদেশকে ডিজিটাল বাংলাদেশ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে নিয়েছেন?)
c. How will the people be benefited it Bangladesh is degitalised? (বাংলাদেশ তথ্যপ্রযুক্তি সমৃদ্ধ হলে জনগণ কীরূপ সুবিধা পাবে?)
d. How will unemployment problem be reduced? (বেকারত্বের সমস্যা কীভাবে লাঘব হবে?)

Bangladesh is an independent country but she is still burdened with poverty, over-population, unemployment, corruption, food shortage (সর্টেজ-ঘাটতি), natural calamity, electricity (ইলেক্ট্রিসিটি) crisis (ক্রাইসিস-বৈদ্যুতিক সংকট) etc. Considering all these, the present Govt. has aimed at making a Digital Bangladesh to overcome most of those problems. The actual aim of Digital Bangladesh is to establish technology-based digital governance which will emphasize (এমফ্যাসাইজ-জোর) the overall development of the country and the nation. If Digital Bangladesh is established, the people will be múch benefited. Corruption will be drastically (ড্রাসটিকালি-অতি তীব্র/জোরালো) reduced by enhancing (এনহানসিং) accountability (অ্যাকাউন্টিবিলিটি). It will save our time and money and will reduce our unemployment problem. It will connect the people of Bangladesh with the whole world socially, politically academically, economically and culturally. It will open doors for the people to improve banking and other financial activities of money and business transactions (ট্রানজেকশন) can be made within seconds by checking the mouse of a computer. Digital Bangladesh will highly benefit in agriculture, education, trade and commerce and health sectors.

Vocabulary (শব্দার্থ) : burden (বারডেন) – বোঝা; poverty (পভার্টি) – দারিদ্র্য; unemployment (আনএমপ্লয়মেন্ট) – বেকারত্ব; corruption (করাপশন) – দুর্নীতি; consider (কনসিডার) – বিবেচনা করা; overcome (ওভারকাম) – কাটিয়ে উঠা; aim (এইম) – লক্ষ্য; establish (এস্টাবলিস) – প্রতিষ্ঠিত করা; benefited (বেনিফিটেড) – উপকৃত; reduce (রিডিউস) – কমনো; financial (ফাইনানসিয়াল) – আর্থিক/অর্থনৈতিক; sectors (সেকটর) – দপ্তর।

অনুবাদ : বাংলাদেশ একটি স্বাধীন দেশ কিন্তু দেশটি এখনো দারিদ্র্য, অধিক জনসংখ্যা, বেকারত্ব, দুর্নীতি, খাদ্য ঘাটতি, প্রাকৃতিক দুর্যোগ, বিদ্যুৎ সংকট ইত্যাদিতে ভারাক্রান্ত। এ সকল দিক বিবেচনা করে বর্তমান সরকার এসব সমস্যার অধিকাংশ কাটিয়ে উঠার জন্য ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্য নিয়েছেন। তথ্যপ্রযুক্তি

সমৃদ্ধ বাংলাদেশের প্রকৃত লক্ষ্য হচ্ছে প্রযুক্তি ভিত্তিক ডিজিটাল শাসন পদ্ধতি প্রতিষ্ঠিত করা যা দেশ ও জাতির সামগ্রিক উন্নয়নকে জোরদার করবে। যদি তথ্যপ্রযুক্তি সমৃদ্ধ বাংলাদেশ প্রতিষ্ঠিত হয় তবে জনগণ অত্যন্ত উপকৃত হবে। জবাবদিহিতা নিশ্চিত হলে দুর্নীতি কঠোরভাবে হ্রাস পাবে। এটা আমাদের সময় ও অর্থকে বাঁচাবে এবং আমাদের বেকার সমস্যার লাঘব করবে। এটা সমগ্র বিশ্বের সাথে বাংলাদেশের জনগণকে সামাজিক, রাজনৈতিক, শিক্ষা, অর্থনৈতিক ও সাংস্কৃতিক দিক দিয়ে সংযুক্ত করবে। এটা জনগণকে তাদের অবস্থা উন্নয়নের দ্বার উন্মুক্ত করবে। এটা ব্যাংকিং ও অন্যান্য আর্থিক কার্যাবলিরও উন্নয়ন সাধন করবে। টাকা হস্তান্তর ও ব্যবসায়িক আদান-প্রদান কম্পিউটারের মাউস টিপে কয়েক সেকেন্ডের মধ্যে করা যেতে পারে। তথ্যপ্রযুক্তি সমৃদ্ধ বাংলাদেশ কৃষি, শিক্ষা, ব্যবসায়-বাণিজ্য ও স্বাস্থ্য দপ্তরকে অত্যন্ত উপকৃত করবে।

11. Eve-teasing (নারী উত্ত্যক্তকরণ)

a. What is Eve-teasing? (নারী উত্ত্যক্তকরণ কী?)
b. Who are called stalkers? (উত্ত্যক্তকারী কারা?)
c. Who are the victims of Eve-teasing? (কারা নারী-উত্ত্যক্তকারীর শিকার?)
d. Who can control it? (কারা এটি প্রতিরোধ করতে পারে?)

Eve-teasing has become a familiar term nowadays in Bangladesh. Eve, the first woman, represents womenfolk and teasing means irritating (ইরিটেটিং). So, eve-teasing means irritating women to arouse (অ্যারোজ) sexual desire in some one. Those who tease women are called stalkers. Eve-teasing has been termed as sexual harassment (হ্যারাজম্যান্ট-জাগরিত করা). So, different forums of stalking and sexual harassment are widely known as eve-teasing. Women, especially the young girls, often fall victims to the stalkers. Stalkers lie in wait here and there and whenever they see girls' they try to draw their attention by gestures and slang word. They follow them and even try to touch their body. Basically, boys tease girls because these boys are not properly socialized and are not taught manners and etiquette in their families. When parents lose control over the boys, they become stalkers and become reckless (রিকলেস). To prevent this criminal activity the stalkers should be given exemplary punishment. Their guardians (গার্ডিয়ান) should also come forward to control these perverted (পারভারটেড) youths (ইয়ুথ-বিকৃতমনা যুবক-যুবতী).

Vocabulary (শব্দার্থ) : familiar (ফেমিলিয়ার) – পরিচিত; term (টার্ম) – শব্দ; especially (স্পেসিয়ালি) – বিশেষভাবে; victims (ভিকটিম) – শিকার; stalkers (স্টেকারস) – উত্ত্যক্তকারী; attention (অ্যাটেনশন) – মনোযোগ আকর্ষণ; gesture (গেসচার) – অঙ্গভঙ্গি; slang word (স্ল্যাং ওয়ার্ড) – অপভাষা; basically (বেসিকালি) – মূলত; etiquette (ইটিকুইটি) – আদব-কায়দা; threat (থ্রেট) – হুমকি; exemplary (ইগসেম্প্ল্যারি) – দৃষ্টান্তমূলক।

অনুবাদ : নারী উত্যক্তকরণ আজকাল বাংলাদেশে এক পরিচিত শব্দ হয়ে উঠেছে। ইভ (বিবি হাওয়া) প্রথম নারী স্ত্রীলোক জাতিকে বোঝায় আর টিজিং মানে উত্যক্তকরণ। কাজেই ইভ-টিজিং মানে মহিলাদেরকে উত্যক্ত করে কারো মধ্যে যৌন কামনা জাগিয়ে তোলা। যারা মহিলাদেরকে উত্যক্ত করে তাদেরকে বলা হয় গোপন নারী শিকারী। ইভ-টিজিংকে নারী উত্যক্তকরণ বলে পদবাচ্য করা হয়েছে। কাজেই বিভিন্ন ধরনের নারী-উত্যক্তায়ন ও নারী-নির্যাতন ব্যাপকভাবে ইভ-টিজিং নামে পরিচিত। মহিলা, বিশেষভাবে তরুণী মেয়েরা প্রায় উত্যক্তকারীদের শিকার হয়। উত্যক্তকারীগণ এখানে সেখানে ওঁৎ পেতে বসে থাকে এবং যখন তারা মেয়েদেরকে দেখে তখন তারা অঙ্গভঙ্গি ও অপভাষা দ্বারা তাদের মনোযোগ আকর্ষণ করতে চেষ্টা করে। তারা মেয়েদেরকে অনুসরণ করে এবং তাদের দেহ স্পর্শ করার চেষ্টাও করে। মূলত বালকেরা বালিকাদেরকে উত্যক্ত করে; কারণ এসব বালককে যথার্থভাবে সামাজিক করা হয়নি এবং তাদেরকে তাঁদের পরিবারে আদব-কায়দা ও ভদ্রতা শেখানো হয়নি। যখন পিতামাতা ছেলেদের উপর নিয়ন্ত্রণ হারায় তখনই তারা মহিলা উত্যক্তকারী হয়ে উঠে এবং বেপরোয়া হয়ে যায়। এ অপরাধমূলক কার্যকলাপ প্রতিরোধ করার জন্য উত্যক্তকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া উচিত। এসব বিপথগামী বিকৃতমনা যুবকদের নিয়ন্ত্রণ করার জন্য তাদের অভিভাবকদের সম্মুখে এগিয়ে আসা উচিত।

12. Pele : The greatest footballer (পেলে : শ্রেষ্ঠ ফুটবলার)

a. Who is Pele? (পেলে কে?)

b. How many goals did he score in his career? (তার ক্রীড়া জীবনে তিনি কতগুলো গোল করেছেন?)

c. What is he called in his country? (তার দেশে তাকে কী নামে ডাকা হয়?)

d. How many world cup winning medals has he won? (তিনি কতগুলো বিশ্বকাপ জয়ী পদক পেয়েছেন?)

Pele is widely regarded (রিগার্ডেড) as one of the greatest football players of all time. In 1999, he was voted football player of the century (সেনচুরি-শতাব্দী) by IFFHS. IFFHS stands for International Federation of Football History and Statistics (স্টেটিসটিকস্). In 1999 the International Olympic Committee (IOC) named Pele the "Athlete of the Century." In his career he scored more than 1200 goals. Thus he has become the top scorer (স্কোরার-গোলদাতা) of all time. In his own country Brazil, Pele is a national hero (হিরো-নায়ক). People call him "The king of Football," "The king Pele" or simple "The King." He is the all-time leading scorer of the Brazilian national team. He is the only footballer to be a part of three World Cup-winning squads (স্কোয়াড-দল) and the only player in the world to have three World Cup winning medals (মিডেলস্-পদক).

অনুবাদ : সর্বকালের সেরা ফুটবল খেলোয়াড় হিসেবে পেলে ব্যাপক সমাদৃত। ১৯৯৯ সালে তিনি আই.এফ.এফ.এইচ.এস. কর্তৃক শতাব্দীর ফুটবল খেলোয়াড় নির্বাচিত হয়েছেন। আই.এফ.এফ.এইচ.এস হচ্ছে আন্তর্জাতিক ফুটবল ইতিহাস এবং পরিসংখ্যান ফেডারেশন। আন্তর্জাতিক অলিম্পিক কমিটি ১৯৯৯ সালে পেলেকে "শতাব্দীর ক্রীড়াবিদ" হিসেবে মেডেল উপাধি দিয়েছেন। সে তার ক্রীড়া জীবনে ২০০টিরও বেশি গোল করেছেন। এজন্যই সে সর্বকালের সবচেয়ে বেশি গোলদাতা। পেলে তার নিজের দেশ ব্রাজিলের একজন জাতীয় নায়ক। মানুষ তাকে "ফুটবলের রাজা," "পেলে রাজা" বা 'রাজা' হিসেবে ডাকে। সে ব্রাজিল জাতীয় দলের সর্বকালের সেরা গোলদাতা। সেই একমাত্র খেলোয়াড় যিনি তিনটি বিশ্বকাপ জয়ী জাতীয় দলে ছিলেন এবং বিশ্বের একমাত্র খেলোয়াড় যে তিনটি বিশ্বকাপে মেডেল জিতেছেন।

13. Maradona : The world-famous footballer
(ম্যারাডোনা : বিশ্বখ্যাত ফুটবলার)

a. Where was Maradona born? (ম্যারাডোনা কোথায় জন্মগ্রহণ করেন?)
b. How many FIFA world cup tournaments did he play? (তিনি কতগুলো ফিফা বিশ্বকাপ টুর্নামেন্ট খেলেছেন?)
c. When did he become the tournement's best player? (কখন তিনি টুর্নামেন্টের সেরা খেলোয়ার হন?)
d. How many English players did he cross in the match? (ঐ খেলায় কতজন ইংরেজ খেলোয়াড়কে কাটিয়ে যান?)
e. When did he win the Golden Ball at the FIFA under 20 world cup? (তিনি কখন অনূর্ধ্ব ২০ ফিফা বিশ্বকাপে গোল্ডেন বল জিতেছিলেন?)

Diego Armando Maradona was born in poor family and spent his childhood in a slum (স্লাম-বস্তি). However he proved his football player talent (ট্যালেন্ট-প্রতিভা) at the age of ten only. Now he is considered (কনসিডার্ড-বিবেচিত) the greatest football player of all time. He became FIFA Player of the Century too. He played in four FIFA World Cup tournaments in 1982, 1986, 1990 and 1994. In 1986, he was captain of Argentina and won the World Cup. He became the tournament's best player in 1986 and won the Golden Ball. His second goal with England in 1986 was voted the Goal of the century. In that match, he dribbled (ড্রিবলড-অতিক্রম করেছিলেন) through six English players to cross 60 metres (66 yards). He also won the Golden Ball at the FIFA under 20 World Cup in 1979. In 1990 Argentina became the runner up in the World Cup under his captaincy too. This is why Maradona is a living legend (লেজেন্ড-কিংবদন্তী) not only in Argentina but also in the whole world.

অনুবাদ : ডিয়াগো আরমান্ডো ম্যারাডোনা একটি বস্তিতে গরিব পরিবারে জন্মগ্রহণ করেছিলেন এবং ওখানেই শিশুকাল কাটিয়েছেন। যখন তাঁর বয়স দশ বছর তখন থেকেই তাঁর ফুটবল প্রতিভার স্বাক্ষর রেখেছিলেন। এখন তিনি সর্বকালের সেরা ফুটবল খেলোয়াড় হিসেবে বিবেচিত। তিনি শতাব্দীর ফিফা খেলোয়াড়ও হয়েছেন। তিনি চারটি ফিফা বিশ্বকাপের ১৯৮২, ১৯৮৬, ১৯৯০ ও ১৯৯৪ সালের টুর্নামেন্টে অংশ নিয়েছিলেন। ১৯৮৬ সালে তিনি আর্জেন্টিনার অধিনায়ক ছিলেন এবং বিশ্বকাপ জয় করেছিলেন। তিনি ১৯৮৬ সালে টুর্নামেন্টের সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছিলেন এবং গোল্ডেন বুটও জিতেছিলেন। ১৯৮৬ সালে তার ইংল্যান্ডের বিরুদ্ধে করা দ্বিতীয় গোলটি ছিল শতাব্দীর সেরা গোল। সেই খেলায় তিনি ইংল্যান্ডের ছয়জন খেলোয়াড়কে কাটিয়ে ষাট মিটার (ছেষট্টি গজ) অতিক্রম করেছিলেন। তিনি ১৯৭৯ সালে অনূর্ধ্ব ২০ ফিফা বিশ্বকাপেও গোল্ডেন বুট জিতেছিলেন। তাঁর নেতৃত্বে আর্জেন্টিনা ১৯৯০ সালে বিশ্বকাপে রানার্স আপ হয়েছিল। এজন্য ম্যারাডোনা শুধু আর্জেন্টিনার নয় পুরো বিশ্বে একজন জীবন্ত কিংবদন্তী হয়ে আছেন।

14. Zainul Abedin (জয়নুল আবেদিন)

a. Who was Zainul Abedin? (জয়নুল আবেদিন কে ছিলেন?)
b. When was he born? (তিনি কখন জন্মগ্রহণ করেন?)
c. What is he widely acclaimed for? (কিসের জন্য তিনি ব্যাপকভাবে সমাদৃত হন?)
d. What did he depict in 1940? (তিনি ১৯৪০ সনে কী চিত্রিত করেছিলেন?)
e. Where did he get graduation degree from? (তিনি কোথায় থেকে স্নাতক ডিগ্রি লাভ করেন?)

The pioneer (পাইওনিয়ার-প্রবর্তক) of Bangladeshi modern art (মডার্ন আর্ট-আধুনিক চিত্রশিল্প), Zainul Abedin, was born in Kishoreganj on 29 December 1914. He was a great artist (আর্টিস্ট-শিল্পী) of Bangladesh. He is widely acclaimed (অ্যাক্লেমড-সমাদৃত) for his Bengal "Famine Sketches." Through a series of sketches he showed the harsh (হারশ-মন্দা) famine (ফ্যামিন-দুর্ভিক্ষ) of 1940 and similar face through the skeletal (স্কেলেটাল-কঙ্কালময়) figures of the people destined (ডিসটিন্‌ড-নির্ধারিত) to die from starvation (স্টারভেশন-অনাহার). He depicted (ডিপিকটেড-চিত্রিত করেছিলেন) these extremely shocking pictures with human compassion. He produced a series of brush and ink drawings which later became iconic images (ইমেজেস-প্রতিমূর্তি) of human sufferings (সাফারিংস-দুঃখ). He was graduated from the government school of art, Kolkata, with the first position in first class. He is considered (কনসিডার্ড-গণ্য করা হয়) the founding father of Bangladeshi

art. For his outstanding (আউটস্ট্যান্ডিং-অসাধারণ) talent in art, he is referred to as 'Shilpacharya' meaning "great teacher of art." He founded the Folk art Museum in Sonargaon and Zainul Abedin Shangrahasala in Mymensingh.

অনুবাদ : বাংলাদেশের আধুনিক চিত্রশিল্পের প্রবর্তক জয়নুল আবেদিন ১৯১৪ সালের ২৯ ডিসেম্বর কিশোরগঞ্জে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন বাংলাদেশের একজন বিখ্যাত চিত্রশিল্পী। বাংলার দুর্ভিক্ষ চিত্রের জন্য তিনি ব্যাপকভাবে সমাদৃত। চিত্রমালার মাধ্যমে তিনি ১৯৪০ সালের মহাদুর্ভিক্ষ এবং ক্ষুধায় মৃত্যুগামী মানুষের কঙ্কালময় দেহের মাধ্যমে এর অশুভ রূপকে দেখান। তিনি খুবই মর্মঘাতী এই ছবিগুলো মানবিক সমবেদনায় অঙ্কন করেছেন। ব্রাশ ও কলম দিয়ে তিনি অনেকগুলো ছবি এঁকেছেন, যা পরবর্তীতে মানুষের দুঃখের প্রতিমূর্তি হয়েছে। তিনি কলকাতা সরকারি আর্ট স্কুল থেকে প্রথম শ্রেণিতে প্রথম হয়ে স্নাতক পাস করেন। তাঁকে বাংলাদেশি শিল্পের প্রতিষ্ঠাতা জনক বলে গণ্য করা হয়। চিত্রশিল্পে তাঁর অসাধারণ মেধার জন্য তাঁকে শিল্পাচার্য অর্থাৎ 'শিল্পের বিখ্যাত শিক্ষক' হিসেবে নির্দেশ করা হয়। তিনি সোনারগাঁয়ে লোকশিল্প জাদুঘর এবং ময়মনসিংহে 'জয়নুল আবেদিন সংগ্রহশালা' প্রতিষ্ঠা করেন।

15. Lake Baikal (বৈকাল হ্রদ)

a. What is Lake Baikal? (বৈকাল হ্রদ কী?)
b. Where is it situated? (এটি কোথায় অবস্থিত?)
c. What is its area? (এর আয়তন কত?)
d. What is its length and breadth? (এর দৈর্ঘ্য প্রস্থ কত?)
e. How is the colour of its water? (এর পানির রং কীরূপ?)

Lake Baikal is the deepest (ডিপেস্ট-গভীরতম) and most ancient (এনশেনট-প্রাচীন) lake of the world. It is one of the biggest lakes. It is situated (সিচিউটেড-অবস্থিত) almost in the centre of Asia. Lake Baikal is a gigantic (জাইগ্যানটিক-বিশাল) bowl set 445 metre above sea level. It is actually located in the south of Eastern Siberia. It is grand, enormous (এনরমাস-অতিরিক্ত), unusual and charming (চারমিং-মুগ্ধকর) miracle (মিরাকল-আশ্চর্য) of nature. This lake covers 31,500 sq km. It is 630 km long and an average 48 km wide. The wider point of the lake is 79.4 km. There are hot springs (স্প্রিং-ঝরনা) in the surrounding area (সারাউন্ডিং এরিয়া-চারপাশ) of Lake Baikal. The quality (কোয়ালিটি-ধরন) of the water of these springs is excellent (একসিলেন্ট-চমৎকার). It is a stormy (স্টরমি-ঝটিকা) lake. The water of the lake looks green and dark blue (ডার্ক ব্লু-গাঢ় নীল). The beauty of Lake Baikal is exceptional (একসেপশনাল-অসাধারণ).

অনুবাদ : বৈকাল হ্রদ হচ্ছে বিশ্বের গভীরতম এবং সবচেয়ে প্রাচীন হ্রদ। এটি অন্যতম একটি বড় হ্রদ। এটি এশিয়ার প্রায় মাঝখানে অবস্থিত। বৈকাল হ্রদ হচ্ছে সমুদ্র সমতল থেকে ৪৪৫ মিটার উপরে অবস্থিত বিশাল বলের মতো একটি হ্রদ। এটি পূর্ব সাইবেরিয়ার দক্ষিণে অবস্থিত। এটি হচ্ছে চমৎকার, বিশাল, অস্বাভাবিক এবং মনোমুগ্ধকর প্রাকৃতিক আশ্চর্য। হ্রদটি ৩১,৫০০ বর্গকিলোমিটার জুড়ে অবস্থিত। এটি ৬৩০ কিলোমিটার লম্বা এবং ৪৮ কিলোমিটার প্রশস্ত। হ্রদটির সবচেয়ে প্রশস্ততম স্থানটি হচ্ছে ৭৯.৪ কিলোমিটার। বৈকাল হ্রদের চারপাশে উষ্ণ পানির ঝরনা রয়েছে। এসব ঝরনার পানির মান বেশ ভালো। এটি একটি ঝটিকা হ্রদ। হ্রদের পানি সবুজ ও গাঢ় নীল দেখায়। বৈকাল হ্রদের সৌন্দর্য অসাধারণ।

16. Good Citizenship (সুনাগরিকত্ব)

a. What is good citizenship? (সুনাগরিকত্ব কী?)
b. What is the behaviour of a good citizen? (সুনাগরিকের স্বভাব কীরূপ?)
c. Where does a good citizen live? (সুনাগরিক কোথায় বাস করে?)
d. What does he think and work? (সে কী চিন্তা করে ও কাজ করে?)
e. What is he ready for? (সে কিসের জন্য প্রস্তুত থাকে?)

Good citizenship is a kind of quality (কোয়ালিটি-ধরন/গুণ) of the citizens of a country. Good citizenship makes a man good citizen. Good citizens (সিটিজেনশিপ-নাগরিকত্ব) are those who never harm (হার্ম-ক্ষতিকর) other people. It is noble quality that is essential (ইশেনসাল-প্রয়োজন) for the people of a country. A good citizen lives in a society with calm and peace (কাম এন্ড পীস-শান্তিতে). He never quarrels (কোয়ারেলস-ঝগড়া করা) with other. He does not also become jealous (জিলাস-হিংসা) towards other members of the society (সোসাইটি-সমাজ). Rather, he becomes friendly (ফ্রেইন্ডলি-বন্ধু) to all. He thinks and works for the development (ডেভেলপমেন্ট-উন্নয়ন) of the society (সোসাইটি-সমাজ) as well as (অ্যাজ ওয়েল অ্যাজ-এবং) the country. He believes (বিলিভস-বিশ্বাস করা) in co-operation. He is ready to die for his city or country. He builds up a friendly environment (এনভায়রনমেন্ট-পরিবেশ) in the society. Actually (অ্যাকচুয়ালি-প্রকৃতপক্ষে), good citizens are the heart and soul (হার্ট এন্ড সৌল-প্রাণ) of a country.

অনুবাদ : সুনাগরিকত্ব হচ্ছে একটি দেশের নাগরিকদের এক ধরনের গুণ। সুনাগরিকত্ব একটি দেশের নাগরিকদেরকে সুনাগরিক হিসেবে গড়ে তোলে। যারা অপর লোকের ক্ষতি করে না, তারাই হচ্ছে সুনাগরিক। এটি একটি মহৎ গুণ, যা একটি দেশের জনগণের জন্য প্রয়োজন। একজন সুনাগরিক একটি সমাজে শান্তিতে বাস করে। সে কখনো অপরের সাথে ঝগড়া করে না। সে সমাজের অন্যান্য সদস্যদের প্রতি হিংসা পোষণও করে না। বরং সে সবার বন্ধু হয়ে যায়। সে সমাজ ও দেশের উন্নয়নের জন্য ভাবে এবং কাজ করে। সে সহযোগিতায় বিশ্বাস করে। সে তার শহর কিংবা দেশের জন্য মরতে প্রস্তুত থাকে। সে সমাজে একটি বন্ধুসুলভ পরিবেশ সৃষ্টি করে। প্রকৃতপক্ষে, সুনাগরিকরা হচ্ছে একটি দেশের প্রাণ।

17. Soil Pollution (মাটি দূষণ)

a. What is soil pollution? (মাটি দূষণ কী?)

b. What are the main causes of soil pollution? (মাটি দূষণের প্রধান কারণগুলো কী কী?)

c. What are the bad effect of soil pollution? (মাটি দূষণের খারাপ প্রতিক্রিয়া কী?)

d. What are used to reduce soil pollution? (মাটি দূষণ কমাতে কী ব্যবহার করা হয়?)

Soil pollution (পল্যুশ্যন-দূষণ) is one kind of pollution where soil (সয়েল-মাটি) is polluted in different ways. There are many reasons (রিজনস-কারণ) for soil pollution. The significant (সিগনিফিকেন্ট-উল্লেখযোগ্য) causes of soil pollution are the enormous (এনারমাস-বিপুল) amount of industrial waste which is being produced everyday but not disposed (ডিসপোজড-অপসারণ) properly. The mismanagement (মিসম্যানেজমেন্ট-অব্যবস্থাপনা) of household wastes, particularly (পার্টিকুলালি-বিশেষ করে) the polythene shopping bags, has caused serious threat (থ্রেট-হুমকি) to the soil and the drainage (ড্রেনেজ-বর্জ্য ব্যবস্থাপনা) system. Another cause for soil pollution is the use of agricultural pesticides (পেস্টিসাইড-কীটনাশক), fertilizers etc. Sometimes, fuel leakages from automobiles (অটোমোবিল-মোটরগাড়ি) may get wasted away by rain and seep into the nearby soil. Thus, soil is polluted. Natural fertilizers (ফ্যারটিলাইজার-সার) and compost can be used to reduce (রিডিউস-কমায়) soil pollution. Another way to reduce and control soil pollution is recycling (রিসাইক্লিং-পুনঃব্যবহার).

অনুবাদ : মাটি দূষণ হচ্ছে এমন এক ধরনের দূষণ যেখানে বিভিন্ন উপায়ে মাটি দূষিত হয়। মাটি দূষণের বিভিন্ন কারণ রয়েছে। মাটি দূষণের উল্লেখযোগ্য কারণ হচ্ছে শিল্পবর্জ্য যা প্রতিদিন বিপুল পরিমাণে উৎপাদিত হচ্ছে কিন্তু সঠিকভাবে অপসারণ করা হচ্ছে না। গৃহস্থালি বর্জ্যের অব্যবস্থাপনা বিশেষ করে পলিথিন ব্যাগ, মাটি এবং পয়ঃনিষ্কাশনের মারাত্মক হুমকি সৃষ্টি করছে। মাটি দূষণের জন্য অন্য একটি কারণ হচ্ছে কৃষিজাত কীটনাশক, সার ইত্যাদির ব্যবহার। মাঝে মাঝে মোটরগাড়ি থেকে নির্গত তেল বৃষ্টির পানিতে মিশে যেতে পারে এবং নিকটবর্তী মাটিতে চুয়ে পড়তে পারে। এভাবে মাটি দূষিত হয়। প্রাকৃতিক সার ও কম্পোস্ট ব্যবহার করে মাটির দূষণ কমানো যেতে পারে। মাটির দূষণ কমানো ও নিয়ন্ত্রণে রাখার অন্য আর একটি উপায় হচ্ছে বর্জ্য দ্রব্যের পুনঃব্যবহারকরণ।

18. Mother's Day (মাতৃ দিবস)

a. How is mother to her children? (ছেলেমেয়েদের কাছে মা কেমন?)
b. How do you help her? (তুমি কীভাবে তাকে সাহায্য কর?)
c. When is mother's day observed all over the world? (বিশ্বব্যাপী কখন মাতৃদিবস পালন করা হয়?)
d. How her advice is blessings to us? (কীভাবে তার উপদেশ আমাদের কাছে আশীর্বাদস্বরূপ?)

Mother is the most respectable (রেসপেক্ট্যাবল-শ্রদ্ধেয়) person to her off springs (অফ স্প্রিং-সন্তান). It is the duty of every son/daughter to help his/her mother. I help my mother in her homework. When she is in the kitchen, I lend support (সাপোর্ট-সহায়তা করা) to her by making the vegetables ready for cook washing the cut pitches of fishes before they are put on the pan for frying. I help her supplying oil and butter (বাটার-মাখন) and this and that. I find delight (ডিলাইট-আনন্দ) in helping her. Mother's day as a symbol of expressing gratitude (গ্রাটিচুড-কৃতজ্ঞতা) is observed all over the world. But Mother's Day as a day of festival (ফেস্টিভল-উৎসব) is not observed in our family. We know that second Sunday of May is officially recognised (রিকগনাইজড-স্বীকৃত) holiday, but the custom of the observance is yet to be established. In spite of (ইন স্পাইট অব-সত্ত্বেও) our deep regards family tradition, everyday in our domestic (ডমেস্টিক-গৃহসম্বন্ধীয়) life we do observe mother's day because we seek counsel from her before we start anything new. We believe (বিলিভ-বিশ্বাস করা) that our mothers, blessings (ব্লিসিং-আশীর্বাদ) on us in our new adventure is always an energy plus for us. She is omnipresent in our mind that can be compared with no other.

অনুবাদ : 'মা' তাঁর সন্তানের কাছে সবচেয়ে শ্রদ্ধাভাজন ব্যক্তি। মাকে সাহায্য করা প্রতিটি ছেলেমেয়ের কর্তব্য। আমি আমার মাকে ঘরের কাজে সাহায্য করি। যখন মা রান্নাঘরে থাকেন আমি রান্নার জন্য সবজি প্রস্তুত করে, মাছ ভাজার জন্য কড়াইতে দেওয়ার পূর্বে সেগুলোকে টুকরো করে কেটে দিয়ে তাঁকে সহায়তা করি। তেল, ঘি যোগান দিয়ে আমি তাকে সাহায্য করি। তাকে সাহায্য করে আমি আনন্দ পাই। মায়ের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের প্রতীক হিসেবে মা দিবস সারা বিশ্বব্যাপী পালিত হয়। কিন্তু আমাদের পরিবারে উৎসব হিসেবে মা দিবস পালন করা হয় না। আমরা জানি, মে মাসের দ্বিতীয় রবিবার আনুষ্ঠানিকভাবে স্বীকৃত ছুটির দিন। কিন্তু এটি উদযাপনের প্রথা এখনো প্রতিষ্ঠিত হয়নি। আমাদের পারিবারিক ঐতিহ্য ব্যতীত গৃহ জীবনে আমরা প্রতিদিন মা দিবস পালন করি। কারণ প্রতিটি নতুন কিছু শুরু করার পূর্বে আমরা তাঁর পরামর্শ চাই। আমরা বিশ্বাস করি প্রতিটি অভিযাত্রায় আমাদের মায়ের আশীর্বাদ আমাদের জন্য শক্তিবর্ধক। তিনি আমাদের হৃদয়ের সর্বত্র বিরাজমান, যাকে অন্য কারো সাথে তুলনা করা যায় না।

19. Visit in Sri Lanka (শ্রীলংকা ভ্রমণ)

a. How is Srilanka? (শ্রীলংকা কেমন?)

b. What are very interesting to us? (কী আমাদের কাছে অত্যন্ত আনন্দের?)

c. What was its ancient capital? (এর পুরাতন রাজধানী কী?)

d. What is very important for Ramgiri Dambulla global stadium? (রামগিরি ডামবুল্লা বৈশ্বিক স্টেডিয়ামের জন্য কী বিখ্যাত?)

e. Why is it attracted by everyone? (প্রত্যেক মানুষ কর্তৃক এটি আকর্ষণীয় কেন?)

Sri Lanka is one of the most beautiful Island countries in the world. It has many ancient (অ্যানসিয়েন্ট-প্রাচীন) cities and architecture (আরকিটেকচার-স্থাপত্য). Some of them Anuradhapura, Kalumbo and Dambulla (ডামবোল্লা) are very interesting. Anuradhapura is ancient capital of Sri Lanka. There are many significant (সিগনিফিকেন্ট-উল্লেখযোগ্য) monasteries (মনেস্টারিজ-সমাধিসৌধ) Hindu legend (লেজেনড-লৌকিক কাহিনী). Dambulla is very important (ইমপরটেন্ট-বিখ্যাত) for its temple complex (কমপ্লেক্স-জটিল) and it is also important for Ramgiri Dambulla global stadium. The city also has biggest forest. In fact (ইন ফ্যাক্ট-প্রকৃতপক্ষে), total Sri Lanka is called pearl (পার্ল-মুক্তা) of India. So, everybody has been attracted (অ্যাট্যাকটেড-আকর্ষিত) by the beauty (বিউটি-সৌন্দর্য) of this Island. To sum up it is very charming (চারমিং-মনোমুগ্ধকর) and glorious (গ্লোরিয়াস-মহিমান্বিত).

অনুবাদ : শ্রীলংকা হলো পৃথিবীর সুন্দর দ্বীপ দেশের মধ্যে অন্যতম। এর আছে অনেক পুরাতন শহর ও স্থাপত্য শিল্প। এর মধ্যে অনুরাধাপুর, কলম্বো, ডামবোল্লা আকর্ষণীয়। অনুরাধাপুর হলো শ্রীলংকার প্রাচীন রাজধানী। সেখানে অনেক তাৎপর্যময় সমাধিসৌধ ও হিন্দু লৌকিক কাহিনী আছে। ডামবোল্লা মন্দির চত্বরের জন্য বিখ্যাত। এছাড়া রামগিরি ডামবোল্লা বৈশ্বিক স্টেডিয়ামের জন্যও বিখ্যাত। এই শহরে আবার সবচেয়ে বড় বন আছে। প্রকৃতপক্ষে, শ্রীলংকাকে ভারত মহাসাগরের মুক্তা বলা হয়। সুতরাং প্রত্যেক মানুষ এই দ্বীপের সৌন্দর্য দ্বারা আকর্ষিত হয়। পরিশেষে বলা যায়, এটি খুব মনোমুগ্ধকর এবং মহিমান্বিত।

20. A Book Fair (একটি বইমেলা)

a. What is a book fair? (বইমেলা কী?)

b. What are kept in book-stalls? (বইয়ের দোকানে কী রাখা হয়?)

c. When is book fair brisk? (বইমেলা কখন কর্মচঞ্চল হয়?)

d. Who are seen in some stalls? (কিছু দোকানে কাদেরকে দেখা যায়?)

e. What are special attractions in a book fair? (বইমেলায় কী কী বিশেষ আকর্ষণীয় জিনিস থাকে?)

A book fair is a kind of fair where different (ডিফরেন্ট-পৃথক) kinds of books are displayed (ডিসপ্লেইড-প্রদর্শিত হয়) for sale in so many book-stalls (বুক-স্টলস-বইয়ের দোকান). All kinds of books, especially (স্পেসিয়ালি-বিশেষ করে) the newly-published local books are kept in the stalls for sale. There are also stalls for foods and drinks. In the evening a book fair is brisk (ব্রিস্ক-কর্মচঞ্চল). Famous writers are also seen in some stalls giving autographs (অটোগ্রাফ-স্বাক্ষর) to their admirers (অ্যাডমায়ার-শ্রদ্ধা). Sometimes in a book fair, cultural (কালচারাল-সাংস্কৃতিক) functions (ফাংকশন-অনুষ্ঠান) and seminars (সেমিনারস-সম্মেলন) are held. In our country Ekushey Boi Mela is the most famous (ফেমাস-বিখ্যাত). A Book fair meets the authors of the books to the readers as well as their books. A book fair is very important for inspiring (ইন্সপায়ারিং-অনুপ্রেরণা) the people to read books at a cheaper (চিপার-সস্তা) rate.

অনুবাদ : একটি বইমেলা হচ্ছে এক ধরনের মেলা, যেখানে বিভিন্ন ধরনের বই অনেকগুলো দোকানে বিক্রির জন্য প্রদর্শন করা হয়। সব ধরনের বই, বিশেষ করে নব প্রকাশিত বইগুলো বিক্রির জন্য দোকানগুলোতে রাখা হয়। সেখানে খাবার ও পানীয় এর দোকানও আছে। সন্ধ্যায় একটি বইমেলা কর্মচঞ্চল হয়। কিছু দোকানে বিখ্যাত লেখকদের তাদের গুণমুগ্ধ ব্যক্তিদের অটোগ্রাফ দিতে দেখা যায়। মাঝে মধ্যে বইমেলায় সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সেমিনারের আয়োজন করা হয়। আমাদের দেশে একুশে বইমেলা সর্বাপেক্ষা অধিক বিখ্যাত। বইমেলা বইয়ের সাথে সাথে পাঠকদের সাথে গ্রন্থকারদের পরিচয় করিয়ে দেয়। লোকজনদেরকে অধিকতর সস্তায় বই পড়তে অনুপ্রাণিত করার জন্য একটি বইমেলা খুবই গুরুত্বপূর্ণ।

21. Begum Rokeya (বেগম রোকেয়া)

a. Who was Begum Rokeya? (বেগম রোকেয়া কে ছিলেন?)
b. When was she born? (তিনি কখন জন্মগ্রহণ করেন?)
c. In her early age what was in our Muslim society? (তার বাল্যকালে আমাদের মুসলমান সমাজে কী ছিল?)
d. Who did she learn Bangla and English from? (কার কাছ থেকে তিনি বাংলা ও ইংরেজি শেখেন?)
e. When did she get married and with whom? (কখন ও কার সাথে তার বিয়ে হয়?)

e. How do you live in your home? (তোমার বাড়িতে তুমি কীভাবে বাস কর?)

A home is a place (প্লেস-স্থান) of dwelling (ডোয়েলিং-বাসস্থান) as well as mental (মেনটাল-মানসিক) satisfaction (স্যাটিসফেকশন-তৃপ্তি). Everyone wants a home of his/her own (অন-নিজের). I have a home on the other side (সাইড-পাশে) of the river Buriganga (বুড়িগঙ্গা). The area is called Chunkutia (চুনকুটিয়া). It is not very far (ফার-দূরে) from Dhaka City. Though (দো-যদিও) the area is very near to Dhaka, it is still backward (ব্যাকওয়ার্ড-পশ্চাদপদ). But the natural surrounding (সারাউন্ডিং-পারিপার্শ্বিক অবস্থা) of it is very charming (চার্মিং-মনোরম). In other words, I can say I live in the lap of nature. There is green everywhere around (অ্যারাউন্ড-চতুর্দিকে) my home. It soothes (সুথ-শান্ত করা) my eyes. Whenever I go out of my home, I feel homesick. I get up from bed with the chirping (চারপিং-কিচমিচ শব্দ) sounds of the bird. There is no artificial (আর্টিফিসিয়াল-কৃত্রিম) sound except (ইকসেপ্ট-ব্যতীত) some natural sound created (ক্রিয়েটেড-সৃষ্টি করল) by different natural objects. Though my home lacks in modern amenities (অ্যামেনিটিজ-বস্তু), it is full of filial and fraternal love, care and affection. My home is enriched (এনরিচড-সমৃদ্ধ) with the beauties and bounties of nature. Trees all around with fruits and flowers make me feel proud of my home. I live here with full satisfaction and peace (পিস-শান্তি) of mind.

অনুবাদ : আমার বাড়ি একটি বাসস্থান এবং মানসিক তৃপ্তি। প্রত্যেকেই নিজের একটি বাড়ি চায়। বুড়িগঙ্গা নদীর অপর পাড়ে আমার একটি বাড়ি আছে। এলাকাটিকে চুনকুটিয়া বলা হয়। এটি ঢাকা শহর থেকে খুব দূরে নয়। যদিও এলাকাটি ঢাকার খুব নিকটে তবু এটি খুবই পশ্চাদপদ। কিন্তু এটির প্রাকৃতিক দৃশ্য অত্যন্ত মনোরম। অন্য কথায়, আমি বলতে পারি যে আমি প্রকৃতির কোলে বাস করছি। আমার বাড়ির চারদিকে সর্বত্র সবুজ আর সবুজ। এটি আমার দৃষ্টিকে শান্ত করে দেয়। যখন আমি বাড়ি থেকে বাইরে যাই তখন আমি খুব ঘরকাতুরে অনুভব করি। আমি পাখির কিচিরমিচির শুনে ঘুম থেকে জেগে উঠি। বিভিন্ন প্রাকৃতিক উপাদানের সৃষ্টি কিছু প্রাকৃতিক আওয়াজ ছাড়া কোনো কৃত্রিম আওয়াজ আমি শুনি না। যদিও আমার বাড়িতে আধুনিক বিলাসবহুল বস্তু নেই, তবু এটি পারিবারিক, ভ্রাতৃত্ব, ভালোবাসা ও স্নেহ মমতায় পরিপূর্ণ। আমার বাড়ি প্রাকৃতিক সৌন্দর্যে সমৃদ্ধ। বাড়ির চারদিকে ফুল ও ফলে সুশোভিত বৃক্ষরাজি আমাকে আমার বাড়ির জন্য গর্বিত করে রেখেছে। আমি এখানে পরিপূর্ণ তৃপ্তি ও মানসিক শান্তিতে বসবাস করি।

46. A Street Beggar (একজন রাস্তার ভিক্ষুক)

a. Who is a street beggar? (রাস্তার ভিক্ষুক কাকে বলা হয়?)
b. Where is a street beggar seen? (তাকে কোথায় দেখা যায়?)
c. How is his dress? (তার পোশাক কেমন?)
d. How does a street beggar look? (সে দেখতে কেমন?)
e. What does a street beggar do to have alms? (ভিক্ষা পাওয়ার জন্য সে কী করে?)
f. What does he do to the people who give him alms? (যারা তাকে ভিক্ষা দেয় তাদের সে কী করে?)

He who begs alms (আমজ-ভিক্ষা) in streets is called a street (স্ট্রীট-রাস্তা) beggar. He is seen sitting at crowded (ক্রাউডিড-জনাকীর্ণ) places such as (সাচ অ্যাজ-যেমন) a bus stand, a railway station, a public square and on an over bridge (ব্রিজ-সেতু). A street beggar may be (মে বি-হতে পারে) a blind (ব্লাইন্ড-অন্ধ), a dumb, a lame and a disabled (ডিসঐবলড-অক্ষম) person. Many of the street beggars are of old age. A street beggar wears (অয়্যার-কাপড় পরা) dirty and torn-shabby clothes and carries a bowl with him. Whenever a street beggar sees passers-by, he begs alms by spreading (স্প্রেডিং-বিস্তৃত হওয়া) the bowl towards (টুওয়ার্ডস-দিকে) the passers-by. If he gets any alms he becomes happy and prays for the person who has given him alms. Some street beggars beg on foot from one place to another. Some street beggars are annoying. They do not easily leave (লীভ-ত্যাগ করা) a person if they do not get alms. They become unhappy (আনহ্যাপী-অসুখী) if their toil is in vain (ভেইন-ব্যর্থ) at last. A street beggar is loved by none because begging does not give anything to the society (সোসাইটি-সমাজ). In spite of (ইনইস্পাইট-সত্ত্বেও) that, we should show mercy by giving alms to a street beggar who is unable (আনঅ্যাবল-অসমর্থ) to work and fails to maintain (মেইনটেইন-ভরণ-পোষণ করা) himself or his family.

অনুবাদ : যে ব্যক্তি রাস্তায় রাস্তায় ভিক্ষা করে বেড়ায় তাকে রাস্তার ভিক্ষুক বলা হয়। তাকে জনাকীর্ণ স্থানে যেমন : বাসস্ট্যান্ডে, রেলস্টেশনে, পাবলিক স্কয়ার ও ওভারব্রিজে বসে থাকতে দেখা যায়। একজন রাস্তার ভিক্ষুক অন্ধ, বোবা, খোঁড়া এবং শারীরিক প্রতিবন্ধী হতে পারে। বেশিরভাগ রাস্তার ভিক্ষুকই বৃদ্ধ বয়সী হয়। একজন রাস্তার ভিক্ষুক ময়লা ও ছেঁড়া কাপড় পরিধান করে এবং হাতে একটি থালা রাখে। যখনই একজন রাস্তার ভিক্ষুক কোনো পথচারীকে দেখে তখন সে তার থালাটি বাড়িয়ে তার নিকট ভিক্ষা চায়। যদি সে ভিক্ষা পায় তবে যে ব্যক্তি তাকে ভিক্ষা দিল তার জন্য সে দোয়া করে। রাস্তার ভিক্ষুক পায়ে হেঁটে একস্থান হতে অন্যস্থানে গিয়ে ভিক্ষা করে। কিছু রাস্তার ভিক্ষুক খুবই বিরক্তিকর। তারা ভিক্ষা না পেলে একজনকে সহজে ছাড়তে চায় না। যদি তাদের পরিশ্রম ব্যর্থ হয় তাহলে তারা বিরক্ত হয়। একজন রাস্তার ভিক্ষুককে কেউই পছন্দ করে না। কারণ ভিক্ষাবৃত্তি সমাজকে কিছুই দেয় না। তা সত্ত্বেও, যে সমস্ত রাস্তার ভিক্ষুক কাজ করতে অক্ষম তাদের প্রতি আমাদের সদয় হওয়া উচিত যাতে তারা নিজের ও পরিবারের ভরণপোষণ করতে পারে।

47. Price-Hike of Essential Commodities
(প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধি)

a. What is Price hike? (মূল্য স্ফিতি কী?)

b. How is it increasing? (এটি কীভাবে বৃদ্ধি পাচ্ছে?)

c. Who are in a fix to see price-hike? (মূল্য স্ফিতি দেখে কারা কিংকর্তব্যবিমূঢ় হয়?)

d. Why will it cause harm to our economic system? (কেন এটি আমাদের অর্থনৈতিক পদ্ধতিতে ক্ষতি করবে?)

e. Who are responsible for price-hike? (মূল্য স্ফিতির জন্য দায়ী কারা?)

f. How can we get rid of price hike? (মূল্য স্ফিতি থেকে আমরা কীভাবে মুক্তি পেতে পারি?)

The rising in the price of the day-to-day essential commodities is called price-hike (প্রাইস হাইক-মূল্য বৃদ্ধি). Price-hike is not unusual (আনইউজুয়াল-অস্বাভাবিক) in our economy (ইকোনমি-অর্থনীতি). Nowadays, we are anxious seeing that the price of necessary (নেসেসারি-প্রয়োজনীয়) things is going up everyday. It is increasing by leaps and bounds. The situation seems to be beyond control. The poorer and the middle-class people are in a fix what to do for this continual price hike. There is no denying (ডিনাইং-অস্বীকার) the fact that with this critical (ক্রিটিক্যাল-জটিল) problem, Bangladesh is now in the grip of economic crisis. Even the high officials of the government have described it to be a serious one. The government is trying to control and regulate the market but there is little success. It is occurring in a regular way day after day. Now the situation of our people is very critical because of price-hike. If the situation goes in the same way for long, it will cause (কজ-কারণ) harm to our economic system. Besides, the law and order may collapse. It is supposed that some big merchants working in syndicate for making large profit are responsible for price hike. A number of traders are trying to manipulate the market and creating artificial crisis of day-to-day necessary goods (গুড্স-জিনিসপত্র). They are causing a problem to the whole nation to satisfy their greed. To get rid (গেট রিড মুক্তি পাওয়া) of this situation (সিচুয়েশন-অবস্থা), every conscious (সচেতন) citizen and the government should protest against (এগেইন্সট-বিরুদ্ধে) syndicating and manipulating the market by some criminals. Strict rules should be applied to find out and punish the culprits (কালপ্রিট-অপরাধী ব্যক্তি) who are involved in creating artificial (আর্টিফিসিয়াল-কৃত্রিম) crisis.

অনুবাদ : দিনে দিনে প্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর মূল্য বৃদ্ধিকে মূল্যস্ফিতি বলে। মূল্যস্ফিতি আমাদের অর্থনীতিতে অস্বাভাবিক নয়। এটা লাফিয়ে লাফিয়ে বৃদ্ধি পাচ্ছে। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে বলে মনে হয়। এই চলমান মূল্য বৃদ্ধিতে দরিদ্র ও মধ্যবিত্ত শ্রেণির লোকেরা কিংকর্তব্যবিমূঢ়। এই জটিল সমস্যাকে অস্বীকার করার কোনো উপায় নেই। বাংলাদেশে এখন চরম অর্থনৈতিক সংকট বিরাজমান। এমনকি, সরকারের উচ্চপদস্থ কর্মকর্তারাও এটিকে মারাত্মক দুরবস্থা হিসাবে বর্ণনা করেছেন। সরকার বাজার নিয়ন্ত্রণের চেষ্টা করছে কিন্তু সাফল্য নেই বললেই চলে। এটি দিনে দিনে একটি নিয়মিত অবস্থায় পরিণত হচ্ছে। এখন, আমাদের জনগণের অবস্থা খুবই জটিল মূল্যস্ফিতির কারণে। দীর্ঘদিন এ অবস্থা চলতে থাকলে আমাদের অর্থনীতি ক্ষতিগ্রস্ত হবে। এছাড়া দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটবে। মনে করা হয় যে, কিছু সংখ্যক বড় ব্যবসায়ীরা একত্রিত হয়ে অধিক মুনাফা লাভ করার চেষ্টাই মূল্যস্ফিতির জন্য দায়ী। কিছু ব্যবসায়ীর একচেটিয়া বাজার তৈরি করা এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের কৃত্রিম সংকট সৃষ্টি করার চেষ্টা করছে। তারা তাদের স্বার্থকে চরিতার্থ করতে সমগ্র জাতিকে ক্ষতিগ্রস্ত করছে। এ পরিস্থিতি থেকে মুক্তি লাভ করতে দুস্কৃতিকারীদের দল বেঁধে একচেটিয়া বাজার সৃষ্টির বিরুদ্ধে সকল সচেতন নাগরিক ও সরকারকে প্রতিবাদ করতে হবে। কৃত্রিম সংকট সৃষ্টিকারী অপরাধীদের খুঁজে বের করে শাস্তি দেয়ার জন্য কঠোর আইন প্রয়োগ করতে হবে।

48. A Terrible Fire Accident (একটি ভয়াবহ অগ্নিকাণ্ড)

a. Where did a terrible fire accident take place? (কোথায় ভয়াবহ অগ্নি দুর্ঘটনা ঘটেছিল?)
b. Who were sent to rescue the victims? (আটকে পড়াদের উদ্ধার করতে যাদের পাঠানো হয়েছিল?)
c. When did the fire Brigade come out successful to extingish fire? (কখন দমকল বাহিনী আগুন নিভাতে কৃতকার্য হয়েছিল?)
d. How many people were die and injured? (কত মানুষ মারা গিয়েছিল এবং আহত হয়েছিল?)
e. Where were the wounded people admitted for treatment? (চিকিৎসার জন্য আহত মানুষদের কোথায় ভর্তি করা হয়েছিল?)

A terrible (টেরিবল-ভয়াবহ) fire accident took place at Shahbagh in the city of Dhaka on 11 September, 2010 at 12 noon when an 11 storeyed textile and garment factory building caught fire. Smoke (স্মোক-ধোঁয়া) engulfed (এনগালফড-আবৃত) the whole building as a result (রেজাল্ট-ফলস্বরূপ) of which the people inside the building could not come out (কাম আউট-বাইরে বের হওয়া) of the building in spite of their best efforts (এফোর্ট-চেষ্টা করা). The Fire Brigade and Civil Defense rushed (রাস্ড-ছড়িয়ে পড়া) to the spot immediately (ইমেডিয়েটলী-তৎক্ষণাৎ/দ্রুত) to extinguish (এক্সটিংগুয়িশ-নির্বাপিত করা) fire. The Bangladesh Army, The Bangladesh Air Force also sent their

personnel and helicopters to rescue the people. Even, the people from all walks of life joined the rescue operation spontaneously (স্পনটেনিয়াসলি-স্বতঃস্ফূর্তভাবে). After working hard for nearly 8 hours, the Fire Brigade and Civil Defense in collaboration (কল্যাবরেশন-সহযোগিতা) with the other agencies succeeded in extinguishing (এক্সটিংগুয়িং-নিভানো) fire. The fire claimed 8 lives and many others were injured in the accident The wounded were admitted into different hospitals and clinics of the city. The cause of the fire was not ascertained (এসার্টেন্ড-নিরুপণ করা/ নির্ণয় করা). The Govt. has formed a 3 member inquiry (ইনকোয়ারী-অনুসন্ধান) committee to find out the cause of the fire.

অনুবাদ : ঢাকা শহরের শাহবাগে ১১ই সেপ্টেম্বর ২০১০ খ্রিস্টাব্দে দুপুর ১২টায় যখন একটি ১১ তলা টেক্সটাইল ও তৈরি পোশাক কারখানায় আগুন ধরে তখন এক ভয়াবহ অগ্নি দুর্ঘটনা ঘটে। সমস্ত বিল্ডিং ধোঁয়ায় আবৃত হয়ে যাওয়ার ফলে ভিতরের মানুষজন প্রাণপণ চেষ্টা করা সত্ত্বেও বের হতে পারেনি। অগ্নি নির্বাপক ও বেসামরিক প্রতিরক্ষা বাহিনী আগুন নিভানোর জন্য দ্রুত ঘটনাস্থলে ছুটে আসে। বাংলাদেশ সেনাবাহিনী এবং বাংলাদেশ বিমান বাহিনীও জনগণকে উদ্ধার করার জন্য তাদের জনবল ও হেলিকপ্টার পাঠান। এমনকি সর্বস্তরের জনগণ স্বতস্ফূর্তভাবে উদ্ধার কার্যক্রমে অংশগ্রহণ করেন। প্রায় ৮ ঘণ্টা কঠোর পরিশ্রম করে অগ্নিনির্বাপক ও বেসামরিক প্রতিরক্ষা বাহিনী এবং অন্যান্য সহায়ক শক্তির যৌথ উদ্যোগে আগুন নিভাতে সক্ষম হয়। আগুনে পুড়ে ৮ জন মারা যায় এবং অন্যান্য অনেকে আহত হয়। আহতদেরকে শহরের বিভিন্ন হাসপাতাল ও ক্লিনিকে ভর্তি করা হয়। আগুন লাগার কারণ নিরূপণ করা যায় নি। আগুনের কারণ খুঁজে বের করার জন্য সরকার তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেন।

49. Anthrax Phobia Everywhere (সর্বত্র এনথ্রাক্স আতঙ্ক)

a. How many cows were gutted underground for authrax attack? (অ্যানথ্র্যাক্সের আক্রমনের জন্য কতটি গরুকে মাটি চাপা দেওয়া হয়েছিল?)

b. How many cattle died from it? (এর জন্য কত পশু মারা গিয়েছিল?)

c. What was govt. order to ban import of any cattle or cows? (গবাদী পশু বা গরু আমদানি করা সরকারি নির্দেশ কী ছিল?)

d. What did govt. do not to spread it? (এটি না ছড়ানোর জন্য সরকার কী করেছিল?)

e. Who were under troble for financial loss? (আর্থিক ক্ষতির জন্য কারা সমস্যায় পড়েছিল?)

More than five hundred cows were gutted underground as anthrax (এনথ্রাক্স) attacked two more cattle farms (ক্যাটল ফার্মস-গরুর খামার) in Savar areas. Reports (রিপোর্ট-প্রতিবেদন) are coming of anthrax attack (অ্যাটাক-আক্রমণ করা) from other regions of the country. Since its first report of attack, about one thousand cattle have died from it and

hundreds of cattle farms have been closed. Govt. has banned import of any cattle or cow across the border and asked for taking cautions in this regard. Authorities (অথরিটিজ-কর্তৃপক্ষ) are also monitoring the matter (ম্যাটার-ব্যাপার) so that it does not hit fresh areas and spread (ইসপ্রেড-ছড়িয়ে পড়া) over. However (হাউএভার-যাহোক), reports of anthrax attack have affected (অ্যাফেকটিড-প্রভাব) beef (বিফ-গরুর মাংস) market causing prices falling down (ডাউন-নিচে), and lowering of the supplies. Farm owners are having trouble from all sides, getting financial (ফাইন্যানসিয়াল-অর্থনৈতিক) loss (লস-ক্ষতি) and fearing uncertainty about the business. Govt. as well as concerned authority has decided to provide support to cattle owners to fight anthrax and will also give monetary help to the affected cattle businessmen and beef sellers (বিফ্ সেলার-মাংস বিক্রেতা).

অনুবাদ : সাভার এলাকার দুটি গরুর খামারের পাঁচশ-এরও বেশি গরু এনথ্রাক্স আক্রান্ত হওয়ার কারণে মাটির নিচে পুঁতে ফেলা হয়েছে। দেশের অন্যান্য অঞ্চল থেকেও এনথ্রাক্স আক্রমণের খবর আসছে। ১০০০ গো-মহিষের মৃত্যু এবং শত শত গরুর খামার বন্ধ করে দেয়ার প্রথম সংবাদের প্রেক্ষিতে সরকার সীমান্ত এলাকায় গো-মহিষ আমদানী নিষিদ্ধ করে দেয় এবং এ ব্যাপারে সতর্কতা অবলম্বনের নির্দেশ দেয়। কর্তৃপক্ষ বিষয়টি পর্যবেক্ষণ করছে যাতে মুক্ত এলাকায় এনথ্রাক্স আক্রমণ করতে ও ছড়িয়ে পড়তে না পারে। যাহোক, এনথ্রাক্স আক্রমণের সংবাদ মাংসের বাজারকে প্রভাবিত করার কারণে গো-মাংসের দাম কমে গেছে এবং সরবরাহ নিম্নমুখী হয়েছে। খামারীগণ অর্থনৈতিক ক্ষতি ও ব্যবসায়িক অনিশ্চয়তার কারণে ক্ষতিগ্রস্থ হচ্ছে। সরকার এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গো-মহিষের মালিকদেরকে সহায়তা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে এবং আক্রান্ত গরু ব্যবসায়ী ও মাংস বিক্রেতাদেরকে আর্থিক সহায়তা দেয়ার সিদ্ধান্ত নিয়েছে।

50. Hobby/Your Favourite Hobby (শখ/তোমার প্রিয় শখ)

a. What is hobby? (শখ কী?)
b. How many kinds of hobby are there? (কত প্রকার শখ আছে?)
c. What is your hobby? (তোমার শখ কী?)
d. What have you planted in your garden? (তোমার বাগানে তুমি কী রোপন করেছ?)
e. Who gives you money to bear expenses? (খরচ বহন করার জন্য কে টাকা দিয়েছে?)

Hobby means (মিন্‌স-বোঝানো/অর্থ প্রকাশ করা) one's favourite occupation (অকিউপেশন-পেশা). It is not his actual work. People do it in their leisure (লেইজার-অবসর সময়) time. Different men have different hobbies. My friend Karim's hobby is to be a gymnast. He has formed a club in his college and practises gymnastics (জিমন্যাসটিকস-ব্যায়াম চর্চা ক্লাব) regularly (রেগুলারলী-নিয়মিতভাবে). He spends (ইস্‌পেন্ড-ব্যয় করা) his

leisure time in it. Like Karim, I have also a hobby and it is gardening. In front of my reading room, I have a garden. I plant here flowers and vegetables (ভেজিটেবল-শাকসবজি). I work here only in the morning and the afternoon. I take much care of it. I water it regularly. My father gives me money to bear the expenses (ইকসপেন্সেস-ব্যয়) because he also likes gardening. From my garden, my mother collects vegetables and cooks them. The fresh vegetables give us energy (এনার্জি-শক্তি) and the sweet smell (ইস্মেল-মিষ্টি গন্ধ) of flowers refreshes (রিফ্রেশেস-সতেজ) my mind. When I look over my garden, I become very astonished thinking that I myself have made such a beautiful garden.

অনুবাদ : শখ বলতে বোঝায় কারো প্রিয় পেশা। এটা তার প্রকৃত কাজ নয়। মানুষ তাদের অবসর সময়ে এটা করে। বিভিন্ন লোকের বিভিন্ন শখ থাকে। আমার বন্ধু করিমের ব্যায়ামবীর হওয়ার শখ। সে তার কলেজে একটি ব্যায়াম চর্চা ক্লাব তৈরি করেছে এবং নিয়মিত ব্যায়াম চর্চা করে। সে সেখানে তার অবসর সময় ব্যয় করে, করিমের মতো আমারও একটি শখ আছে এবং এটা হলো বাগান করা। আমার পড়ার ঘরের সামনে আমার একটি বাগান আছে। আমি এখানে ফল এবং সবজি রোপণ করেছি। আমি এখানে শুধুমাত্র সকালে ও বিকালে কাজ করি। আমি এর খুব যত্ন নেই। আমি বাগানে নিয়মিত পানি দেই। আমার পিতা এর খরচের জন্য আমাকে টাকা দেন; কারণ তিনিও বাগান করা পছন্দ করেন। আমার মা আমার বাগান থেকে সবজি নেয় এবং রান্না করে। তাজা শাকসবজি আমাদেরকে শক্তি দেয় এবং ফুলের মিষ্টি গন্ধ আমার মনকে সতেজ করে। যখন আমি আমার বাগানটি দেখি তখন আমি এই ভেবে খুব অবাক হই যে, আমি এমন একটি সুন্দর বাগান তৈরি করেছি।

51. My Visit to the National Zoo
(আমার জাতীয় চিড়িয়াখানা পরিদর্শন)

a. When did you go to the zoo? (কখন তুমি চিড়িয়াখানাতে গিয়েছিলে?)
b. How did you go there? (কীভাবে তুমি সেখানে গিয়েছিলে?)
c. What kind of animals did you see? (তুমি কী ধরনের জীব-জন্তু দেখতে পেলে?)
d. How long did you stay there? (তুমি কতক্ষণ সেখানে ছিলে?)
e. How did you like the environment? (তুমি সেখানকার পরিবেশ কতটুকু পছন্দ করেছিলে?)

Recently (রিসেন্টলী-সম্প্রতি), I visited the National Zoo at Mirpur in Dhaka. Our school was closed. So, some of my schoolmates decided (ডিসাইডিড-সিদ্ধান্ত নেওয়া) to visit the zoo. We started for the zoo early in the morning. We went there by bus. We reached (রিচ্‌ড-পৌছালাম) there at 9 am. Taking tickets, we entered the zoo. We were

astonished observing (অবজার্ভিং-দেখে/পর্যবেক্ষণ করে) various species of animals there. There were monkeys, tigers, lions, bears, elephants, crocodiles (ক্রোকোডাইল্‌স-কুমিরগুলো), snakes, deer, giraffes, zebras. etc in it. Numerous (নাম্বারস-অসংখ্য) birds enchanted (এনচেনটেড-মুগ্ধ করা) us very much. The peacock with its feather was very attractive (অ্যাট্রাকটিভ-দর্শনীয়) to us. Riding on the horse gave us a thrilling experience (একপেরিয়েন্স-অভিজ্ঞতা). We took light (লাইট-হালকা) tiffin also. But the price seemed (সিম্‌ড-মনে হওয়া) very high to us. We saw some animals such as (সাচ অ্যাজ-যেমন) the hyena, the hippopotamus (হিপপটেমাস-জলহস্তী), the rhinoceros (রাইনসেরাস-গন্ডার), etc. I dared not ride an elephant though some of my friends did it. After wandering for a long time, we grew tired. For this, we selected a spot for rest. By this time, we took our lunch. We again started to visit the other spots. We were there till evening. Then we started our return journey. On the whole, we enjoyed (ইন্‌জয়িড-উপভোগ করলাম) the day very much.

অনুবাদ : সম্প্রতি আমি ঢাকার মিরপুরে অবস্থিত জাতীয় চিড়িয়াখানায় বেড়াতে গিয়েছিলাম। আমাদের বিদ্যালয় বন্ধ ছিল। তাই, আমার স্কুলের বন্ধুরা চিড়িয়াখানায় বেড়াতে যাওয়ার সিদ্ধান্ত নিল। আমরা সকালে চিড়িয়াখানার উদ্দেশ্যে যাত্রা করি। আমরা সেখানে বাসে গিয়েছিলাম। আমরা সকাল ৯টায় সেখানে পৌঁছাই। টিকিট সংগ্রহ করে আমরা চিড়িয়াখানায় প্রবেশ করি। বিভিন্ন প্রজাতির জীব-জন্তু দেখে আমরা আশ্চর্য হয়ে গিয়েছিলাম। চিড়িয়াখানায় বানর, বাঘ, সিংহ, ভাল্লুক, হাতি, কুমির, সাপ, হরিণ, জিরাফ, জেব্রা ছিল। অসংখ্য পাখি আমাদের মুগ্ধ করেছিল। পালকসহ ময়ূর আমাদের কাছে খুব আকর্ষণীয় ছিল। ঘোড়া চালনা/উঠা আমাদের জন্য রোমাঞ্চকর অভিজ্ঞতা ছিল। আমরা হালকা নাস্তাও খেয়েছিলাম। কিন্তু দাম বেশ চড়া বলে মনে হলো। আমরা অনেক জন্তু-জানোয়ার যেমন হায়না, জলহস্তি, গন্ডার ইত্যাদি দেখলাম। আমি হাতিতে চড়তে সাহস করিনি তবে আমার বন্ধুরা চড়েছিল। অনেকক্ষণ ধরে ঘুরে বেড়ানোর পর আমরা ক্লান্ত হয়ে পড়লাম। এজন্য আমরা বিশ্রাম গ্রহণ করার জন্য একটি জায়গা নির্বাচন করলাম। এরই মাঝে আমরা দুপুরের খাবার খেয়ে ফেলি। এরপর আমরা অন্যান্য জায়গা পরিদর্শন করি। আমরা সন্ধ্যা পর্যন্ত সেখানে ছিলাম। এরপর আমরা ফিরতি ভ্রমণ শুরু করি। সার্বিকভাবে আমরা ঐ দিনটি বেশ উপভোগ করি।

52. A Railway Platform (একটি রেলওয়ে প্লাটফর্ম)

a. What is a railway platform? (রেলওয়ে প্লাটফরম কী?)
b. Why is it a busy place? (কেন এটি একটি ব্যস্তময় স্থান?)
c. What kind of shops are there? (সেখানে কত ধরনের দোকান আছে?)
d. What do the shops sell? (দোকানগুলোতে কী বিক্রি করা হয়?)
e. Where there are a large number of porters? (কোথায় অনেকগুলি কুলি থাকে?)
f. Why is a railway platform a useful place? (রেলওয়ে প্লাটফরম কেন একটি গুরুত্বপূর্ণ জায়গা?)

A railway platform is a high place at a station along the railway line. It is used by many passengers (প্যাসেঞ্জার্স-যাত্রী) to get into or get down (গেট ডাউন-নিচে নামা) from a train. It is a busy place because (বিকজ-কারণ) the trains stop here and passengers get down with their luggage (লাগেজ-মালপত্র). Another group of passengers get into the train to go to their destinations (ডেস্টিনেশন-গন্তব্যস্থান). This platform is also used by the traders (ট্রেডারস-ব্যবসায়ী) to collect and send their commodities (কমোডিটিজ-পণ্যদ্রব্য). It is a noisy (নয়জি-কোলাহলপূর্ণ) place because people of all ages and classes gather (গ্যাদার-একত্র হওয়া) here. There are different types of shops. They sell foods, fruits, newspapers, books, toys, stationeries and other essentials (ইসেনসিয়ালজ-অত্যাবশ্যক). There are a large number of porters here to carry luggage. Sometimes, one luggage is pulled by two or three porters (পোরটারস-কুলি) at different directions (ডিরেকশন-জায়গা). It is a good place for beggars to beg money sitting at one place. There are also a lot of hawkers (হকার্স-ফেরিওয়ালা) moving around in a railway station. A railway platform is really a very useful (ইউজফুল-প্রয়োজনীয়) place for railway communication (কমিউনিকেশন-যোগাযোগ).

অনুবাদ : একটি রেলওয়ে প্লাটফর্ম হচ্ছে রেলওয়ে লাইনের পাশে একটি উঁচু স্থান। যাত্রীদের ট্রেনে উঠতে এবং ট্রেন থেকে নামার জন্য এই স্থানটি ব্যবহৃত হয়। এটি একটি ব্যস্ত স্থান কারণ এখানে ট্রেন এসে থামে এবং যাত্রীগণ তাদের মালপত্র নিয়ে নামেন। আরেক দল যাত্রী তাদের গন্তব্যের উদ্দেশ্যে ট্রেনে উঠেন। ব্যবসায়ীদের পণ্যদ্রব্য সংগ্রহ এবং পাঠানোর কাজেও এই প্লাটফর্মটি ব্যবহৃত হয়। এটি একটি কোলাহলপূর্ণ স্থান কারণ বিভিন্ন বয়স এবং বিভিন্ন শ্রেণির লোকজন এখানে সমাগত হয়। এখানে বিভিন্ন ধরনের দোকান রয়েছে। এগুলো খাদ্য, ফল, সংবাদপত্র, বই, খেলনা, মালপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্র বিক্রয় করে। এখানে মালপত্র বহন করার জন্য অনেক কুলি রয়েছে। মাঝেমাঝে একটি মালই দুই বা তিনজন কুলির দ্বারা বিভিন্ন জায়গায় নিয়ে যাওয়া হয়। একস্থানে বসে ভিক্ষুকদের জন্য ভিক্ষা চাওয়ার এটি একটি ভালো জায়গা। রেলস্টেশনে অনেক ফেরিওয়ালাও রয়েছে যারা চারদিকে ঘুরে বেড়ায়। রেলওয়ে যোগাযোগের জন্য রেলওয়ে প্লাটফর্ম একটি গুরুত্বপূর্ণ স্থান।

53. A Tea Stall (একটি চায়ের দোকান)

a. What is a tea stall? (চায়ের দোকান কী?)
b. Where is it seen? (এটি কোথায় দেখা যায়?)
c. What is supplied in a tea stall? (চায়ের দোকানে কী সরবরাহ করা হয়?)
d. Where does the manager sit? (ম্যানেজার কোথায় বসে?)
e. Why does the tea stall use colour TV and cassette player? (চায়ের দোকানে রঙিন টিভি ও ক্যাসেট প্লেয়ার ব্যবহার করা হয় কেন?)

A tea stall (টি স্টল-চায়ের দোকান) is a common meeting place (প্লেস-স্থান) for the village people. It is seen everywhere (এভরিহয়্যার-সর্বত্র) in our country. All classes of people come here to take tea. Generally (জেনার‍্যালি-সাধারণত), in a tea stall hot tea is supplied (ইজ সাপ্লাইড-সরবরাহ করা হয়) to the customers (কাসটোমারস-খরিদ্দার). Sometimes (সামটাইমস-মাঝে মাঝে) bread, chanachur (চানাচুর), biscuits, bananas and other things are also found there. Every tea stall has a poor boy to supply (টু সাপ্লাই-সরবরাহ করার জন্য) hot tea. The manager sits near the cash box. Tea stall has a colour TV and cassette (ক্যাসেট) player to attract customers (কাস্টমারস-ক্রেতা). It has also some bad effects. Sometimes, the village people waste their valuable (ভেলুএবল-মূল্যবান) time by gossiping (গসিপিং-গল্পগুজব) there. After all, it is a cheap (চীপ-সস্তা) restaurant (রেসটুরেন্ট-রেস্তোরাঁ) for the villagers.

অনুবাদ : চায়ের দোকান গ্রামবাসীদের জন্য একটি সাধারণ মিলনস্থল। আমাদের দেশের সর্বত্রই এটি দেখতে পাওয়া যায়। সকল শ্রেণির লোক এখানে চা পান করতে আসে। সাধারণত চায়ের দোকানে ক্রেতাদের নিকট গরম চা সরবরাহ করা হয়। মাঝে মাঝে রুটি, চানাচুর, বিস্কুট, কলা এবং অন্যান্য জিনিসও এখানে পাওয়া যায়। প্রত্যেক চায়ের দোকানে চা সরবরাহ করার জন্য একজন দরিদ্র বালক থাকে। দোকানের ব্যবস্থাপক ক্যাশ বাক্সের নিকটে বসে থাকেন। কিছু কিছু চায়ের দোকানে রঙ্গীন টিভি, ক্যাসেট প্লেয়ার থাকে ক্রেতাদের আকর্ষণ করার জন্য। তবে চায়ের দোকানের কিছু কিছু ক্ষতিকর দিকও রয়েছে। গ্রামবাসীরা গল্পগুজব করে তাদের মূল্যবান সময় নষ্ট করে থাকে। মোটকথা এটি গ্রামবাসীদের জন্য একটি সস্তা রেস্টুরেন্ট।

54. Nursing (সেবিকা বৃত্তি)

a. What is nursing? (সেবিকা বৃত্তি কী?)
b. What kind of job is nursing? (সেবিকা বৃত্তি কী ধরনের কাজ?)
c. What qualification is needed to become a nurse? (একজন সেবিকা হতে কী ধরনের যোগ্যতা প্রয়োজন?)
d. What is the importance of a nurse? (একজন সেবিকার গুরুত্ব কী?)
e. How are the nurses treated in our country? (আমাদের দেশে সেবিকাদের সাথে কীরূপ আচরণ করা হয়?)

Man has three duties— duty to Allah, duty to parents and duty to mankind (ম্যানকাইন্ড-মানবজাতি). A nurse is such a person who dedicates (ডেডিকেট্স-উৎসর্গ করে) her whole life to the service of the people who are ill, injured and wounded. The field where she renders her dedicated service is called nursing. The job of a nurse is very noble. It enables a person to serve the suffering humanity. To be a nurse the minimum academic qualification (কোয়ালিফিক্যাশন-যোগ্যতা) is

S.S.C. in our country. Moreover, one has to study for three years in the Nurses Training Centre and this is followed by one year's practical training in any medical college hospital. This will lead one to have a B.Sc. degree in Nursing. After completing the course successfully (সাকসেসফুলি-সফলভাবে), nurses are employed in hospitals and clinics. The job of a nurse is very tiring (টায়ারিং-ক্লান্তিকর). She is always busy. She looks after the patients, pushes them injection when necessary. A doctor only prescribes medicines but it is a nurse who helps the patients in taking medicines. A nurse is very vigilant (ভিজিল্যান্ট-সতর্ক). She renders her heartfelt service to mitigate the agonies and sufferings of the patients admitted to hospitals and clinics. She shares the sorrows and sufferings of the patients. The importance of a nurse is beyond description. Hospitals and clinics cannot go even a single day without a nurse. But it is a matter of great regret that a nurse is not held in due respect. So, steps should be taken to ensure due social and financial status for the nurses so that they can keep the torch of Florence Nightingale ever illuminated (ইলুমিনেটেড-আলোকিত).

অনুবাদ : মানুষের জীবনে তিনটি কর্তব্য রয়েছে। সেগুলো হলো স্রষ্টার প্রতি কর্তব্য, পিতামাতার প্রতি কর্তব্য ও মানবজাতির প্রতি কর্তব্য। সেবিকা এমন একজন ব্যক্তি যে অসুস্থ এবং আহত লোকের সেবায় তার জীবন উৎসর্গ করে। সেবিকার পেশা খুবই মহৎ। এটা মানুষকে দুর্দশাগ্রস্থ লোকদের সেবা করার সুযোগ করে দেয়। আমাদের দেশে সেবিকা হওয়ার জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি. পাশ প্রয়োজন। অধিকন্তু, তাকে সেবিকা প্রশিক্ষণ কেন্দ্রে তিন বছর অধ্যয়ন করতে হয় এবং কোনো মেডিক্যাল কলেজ হাসপাতালে এক বৎসরের ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করতে হয়। কোর্সটি সফলতার সাথে সমাপ্ত করার পর সেবিকাকে হাসপাতাল অথবা ক্লিনিকে চাকরি দেয়া হয়। সেবিকার চাকরি খুবই ক্লান্তিকর। সে সর্বদা ব্যস্ত থাকে। সে রোগীকে দেখাশোনা করে এবং প্রয়োজনে ইনজেকশান দেয়। একজন ডাক্তার শুধুমাত্র ঔষধের ব্যবস্থাপত্র লিখে দেন কিন্তু সেবিকা রোগীকে ঔষধ গ্রহণে সহায়তা করে। একজন সেবিকা খুবই সতর্ক থাকেন। তিনি হাসপাতাল ও ক্লিনিকে ভর্তিকৃত রোগীদের কষ্ট ও যন্ত্রণা দূর করার জন্য সর্বান্তকরণে সেবা দিয়ে থাকেন। তিনি রোগীর দুঃখ-কষ্টের অংশীদার হন। সেবিকার গুরুত্ব বর্ণনাতীত। সেবিকা ছাড়া হাসপাতাল ও ক্লিনিক একদিনও চলতে পারবে না। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে, একজন সেবিকা তার যথাযথ সম্মান পাচ্ছে না। তাই, সেবিকার জন্য যথাযথ সামাজিক ও অর্থনৈতিক মর্যাদা নিশ্চিত করার পদক্ষেপ গহণ করা উচিত এজন্য যে তারা যেন ফ্লোরেন্স নাইটিংগেলের আলোক বর্তিকা প্রজ্বলিত করে স্থায়ীভাবে আলোকিত করতে পারে।

55. My Visit to a Book Fair (একটি বই মেলায় আমার ভ্রমণ)

a. When did you go to a book fair? (তুমি কখন বই মেলায় গিয়েছিলে?)
b. Who were with you? (তোমার সাথে কারা ছিল?)
c. How many book stalls were there in the fair? (মেলায় কতগুলো বইয়ের দোকান ছিল?)
d. Who took part in the fair? (কারা মেলায় অংশগ্রহণ করে?)
e. Why is it very useful? (এটি কেন বেশ উপকারী?)

The other day I went to visit a book fair. The fair is popularly (পপুলারলী-জনপ্রিয়ভাবে) known as 'Ekushey Boi Mela.' It is held every year at the Bangla Academy premises (প্রেমিসেস-প্রাঙ্গণ) for about a month from February 1 in commemoration (কমেমরেশন-স্মৃতি উৎসব) of the Language Movement. There were a large number of well-decorated and attractive (অ্যাট্রাক্টিভ্-আকর্ষণীয়) book stalls standing in circular (সার্কুলার-গোলাকার) rows. There were many books of different kinds written by the famous authors. All the leading publishers took part (টুক পার্ট-অংশগ্রহণ করেছিল) in the fair. The stalls (স্টল-দোকান) of the Bangla Academy, the Islamic Foundation and Mukta Dhara were remarkable (রিমার্কেবল-উল্লেখযোগ্য). The Education Minister inaugurated (ইনঅগুরেটিড-উদ্বোধন করল) the fair amidst great enthusiasm (এনথিউজিয়্যাম-গভীর আগ্রহ). My younger brother and sister were with me. We went round the stalls and bought some well-known (ওয়েলনোন-বিখ্যাত) books. Sanitation and security arrangements (অ্যারেনজমেনটস-ব্যবস্থা) at the fair were laudable (লডিয়্যাবল-প্রশংসনীয়). I met there some great personalities. I took their autographs (অটোগ্রাফ্স-স্বাক্ষর). The usefulness (ইউজফুলনেস-প্রয়োজনীয়তা) of such a book fair is very great. It develops reading habit (হ্যাবিট-অভ্যাস) among (অ্যামোং-মধ্যে) the people and creates (ক্রিয়েট্স-সৃষ্টি করা) in them an attraction (অ্যাট্রাকশন-আকর্ষণ) for books and awareness (অ্যাওয়ারনেস-সচেতনতা) about the importance (ইম্পর্ট্যান্স-গুরুত্ব) of study.

অনুবাদ : আমি সেদিন একটি বইমেলা ভ্রমণে গিয়েছিলাম। মেলাটি জনপ্রিয়ভাবে একুশে বইমেলা হিসেবে পরিচিত। এটি ভাষা আন্দোলনের স্মৃতি উৎসব হিসেবে ১লা বইয়ের দোকান যা গোলাকারভাবে সারিবদ্ধ ছিল। সেখানে বিখ্যাত গ্রন্থাকারদের লেখা বিভিন্ন ধরনের বই ছিল। সকল শীর্ষস্থানীয় প্রকাশকগণ বই মেলায় অংশগ্রহণ করেছিল। বাংলা একাডেমি, ইসলামিক ফাউন্ডেশন ও মুক্তধারার দোকানগুলো ছিল উল্লেখযোগ্য। শিক্ষামন্ত্রী বিশেষ আগ্রহের মধ্য দিয়ে বই মেলার উদ্বোধন করেন। আমার ছোট ভাই-বোন আমার সাথে ছিল। আমরা দোকানগুলো ঘুরে দেখলাম এবং সু-পরিচিত বই কিনলাম। বই মেলার স্বাস্থ্যকর ও নিরাপত্তা ব্যবস্থা ছিল প্রশংসনীয়। আমি সেখানে কয়েকজন মহান ব্যক্তিত্বের সাথে সাক্ষাৎ করেছিলাম। আমি তাদের অটোগ্রাফ নিলাম। এরূপ বইমেলার প্রয়োজনীয়তা অনেক। এটি জনগণের মাঝে বই পড়ার অভ্যাস বৃদ্ধি করে এবং তাদের মাঝে বইয়ের প্রতি আকর্ষণ ও শিক্ষার গুরুত্ব সম্পর্কে সচেতনতা সৃষ্টি করে।

56. The Importance of Radio in Our Life
(আমাদের জীবনে রেডিওর গুরুত্ব)

a. Why is radio important in our life? (আমাদের জীবনে রেডিও গুরুত্বপূর্ণ কেন?)
b. What types of programmes does a radio broadcast? (রেডিও কী ধরনের অনুষ্ঠান প্রচার করে থাকে?)
c. What is its role in broadcasting news? (এটা সংবাদ প্রচারে কী ভূমিকা পালন করে?)
d. What roles does it play in education and sports? (এটা শিক্ষা এবং খেলাধুলায় কী ভূমিকা পালন করে?)
e. What impact does a radio have in rural areas? (গ্রাম এলাকার জন্য রেডিও কী প্রভাব বিস্তার করে?)

Our life is meaningless (মিনিংলেস-অর্থহীন) without media like radio. We live in the age of information (ইনফর্মেশন-তথ্য). So, a strong medium (মিডিয়াম-মাধ্যম) like radio is very important in our practical (প্র্যাকটিক্যাল-ব্যবহারিক) life. Human life can not survive without (উইদাউট-ছাড়া) entertainment. Radio serves as an entertainment in our life. A radio broadcasts various sorts of programmes. Recreational programme is one of them. We want to know the current (কারেন্ট-চলতি) news of home and abroad. It is possible to know about the world message sitting home if we have a radio set. It broadcasts (ব্রডকাস্ট-সম্প্রচার) news programmes and different types of programmes. Everyday's weather news is broadcasted in the radio. Education is essential (এসেনসিয়াল-অত্যাবশ্যকীয়) for the development of a nation. There are not sufficient (সাফিসিয়েন্ট-পর্যাপ্ত) schools and colleges in our country. Radio is helpful (হেল্পফুল-সাহায্যকারী) to spread (স্প্রেড-ছড়ানো) the light of knowledge by broadcasting educational programmes. Both children and adults can get education from radio. All are interested (ইন্টারেস্টেড-আগ্রহী) in sports message. Radio broadcasts sports commentary. Radio is a favourite companion of a man in the rural area. People in the rural area get much recreation from radio. They feel proud if they have a radio set. There are many kinds of programmes in the radio. My favourite programme in the radio is cultural programme. Therefore, it is seen that all sorts of people are benefited (বেনিফিটেড-উপকৃত) from radio. It is part and parcel in our daily life.

অনুবাদ : রেডিওর মতো মাধ্যম ছাড়া আমাদের জীবন অর্থহীন। আমরা তথ্যপ্রবাহের যুগে বাস করি। তাই, আমাদের বাস্তব জীবনে রেডিওর মতো শক্তিশালী মাধ্যম অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিনোদন ছাড়া মানবজীবন টিকে থাকতে পারে না। রেডিও আমাদেরকে বিনোদন সেবা দিয়ে থাকে। রেডিও বিভিন্ন প্রকারের অনুষ্ঠান প্রচার করে থাকে। বিনোদন অনুষ্ঠান এগুলোর মধ্যে একটি। আমরা দেশ-বিদেশের চলতি সংবাদ জানতে চাই। যদি আমাদের একটি রেডিও থাকে তবে ঘরে বসে বিশ্ব সংবাদ জানা সম্ভব। এটা সংবাদ এবং বিভিন্ন প্রকারের অনুষ্ঠান প্রচার করে থাকে। প্রতিদিনের আবহাওয়ার খবর রেডিওতে প্রচারিত হয়। একটি জাতির উন্নতির জন্য শিক্ষা অত্যাবশ্যক। আমাদের দেশে পর্যাপ্ত স্কুল ও কলেজ নেই। শিক্ষামূলক অনুষ্ঠান প্রচারের মাধ্যমে রেডিও শিক্ষার আলো বিস্তারে সহায়তা করছে। শিশু এবং বয়স্ক লোক উভয়ে রেডিও থেকে শিক্ষালাভ করতে পারে। সকলেই খেলাধুলার সংবাদ শুনতে আগ্রহী। রেডিও খেলাধুলার সংবাদ প্রচার করে। রেডিও গ্রাম এলাকার মানুষদের একটি প্রিয় সঙ্গী। গ্রাম এলাকার লোকজন রেডিও থেকে প্রচুর আনন্দ পায়। তাদের যদি একটি রেডিও থাকে তবে তারা গর্ব অনুভব করে। রেডিওতে অনেক ধরনের অনুষ্ঠান আছে। আমার প্রিয় রেডিও অনুষ্ঠান হলো সাংস্কৃতিক অনুষ্ঠান। সুতরাং, সর্বস্তরের জনগণই রেডিও দ্বারা উপকৃত হয়। এটা আমাদের দৈনন্দিন জীবনের একটি অবিচ্ছেদ্য অংশ।

57. Sound Pollution (শব্দ দূষণ)

a. What is pollution? (দূষণ কী?)
b. What is sound pollution? (শব্দ দূষণ কী?)
c. What do you mean by silent zones? (নিস্তব্ধ এলাকা বলতে তুমি কী বুঝ?)
d. How is sound pollution created? (কীভাবে শব্দ দূষণ সৃষ্টি হয়?)
e. What are the effects of sound pollution? (শব্দ দূষণের প্রতিক্রিয়া কী?)
f. How can the problem be solved? (কীভাবে সমস্যার সমাধান করা যায়?)

Pollution (পলিউশন-দূষণ) is probably the most talked word of the world. Our environment is polluted in various ways (ইন ভেরিয়াস ওয়েজ-বিভিন্নভাবে) and forms. Sound pollution is one of the forms of environmental (এনভায়ারমেনটাল-পরিবেশ) pollution. It refers (রিফার্স-নির্দেশ করা) to the intolerable (ইনটলারেবল-অসহনীয়) level of sound. The normal tolerance (টলারেন্স-সহনীয়) limit (লিমিট-সীমা) of sound is 45 decibels. When sound exceeds this limit, it becomes polluted. Sound pollution is created due to many reasons (রিজন্স-কারণ). The main reasons are rapid growth (র‍্যাপিড গ্রোথ-দ্রুত বৃদ্ধি) of population, increasing use of machines, vehicle horns, indiscriminate (ইনডিসক্রিমিনেইট-নির্বিচার) use of microphones etc. The effects of sound pollution are serious. It affects our daily life badly. It is very harmful

(হার্মফুল-ক্ষতিকর) for the patients. It interrupts (ইন্টেরাপ্ট-বিঘ্নিত করে) the attention (অ্যাটেনশন-মনোযোগ) of study of the students. Often it makes people aggressive (অ্যাগ্রেসিভ-আক্রমণপ্রবণ). People may also go completely mad due to sound pollution. So, it is a bare necessity that we stop sound pollution at any cost. To prevent (প্রিভেন্ট-প্রতিরোধ করা) sound pollution some places are declared 'silent zone'. Silent (সাইলেন্ট-নিরব) zone means a place where there is little or no sound. In other words, high sound is prohibited (প্রহিবিটেড-নিষিদ্ধ) in such areas. Library, hospital etc. are such places. We can control (কনট্রোল-নিয়ন্ত্রণ করা) sound by careful (কেয়ারফুল-সযত্ন) town planning and developing public awareness (অ্যাওয়ারনেস-সচেতনতা). The law-enforcing agencies can also play a vital (ভাইটাল-গুরুত্বপূর্ণ) role in this regard (রিগার্ড-সম্বন্ধে).

অনুবাদ : পৃথিবীর সবচেয়ে আলোচিত বিষয় হলো দূষণ। আমাদের পরিবেশ বিভিন্নভাবে দূষিত হচ্ছে। পরিবেশ দূষণের একটি রূপ হলো শব্দ দূষণ। এটা দ্বারা শব্দের অসহনীয় উচ্চ মাত্রাকে বোঝায়। শব্দের স্বাভাবিক সহনীয় মাত্রা হলো ৪৫ ডিসিবেল। শব্দ যখন এই মাত্রা অতিক্রম করে তখন তাকে দূষণ বলে। শব্দ দূষণ অনেক কারণে হয়ে থাকে। প্রধান কারণগুলো হলো জনসংখ্যার দ্রুত বৃদ্ধি, যন্ত্রের বর্ধিত ব্যবহার, গাড়ির হর্ন, নির্বিচারে মাইকের ব্যবহার ইত্যাদি। শব্দ দূষণের ফলাফল মারাত্মক।- এটা আমাদের দৈনন্দিন জীবনকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করে। এটা রোগীদের জন্য খুব ক্ষতিকর। এটা ছাত্রছাত্রীদের পাঠে মনোযোগকে বিঘ্নিত করে। মাঝে মাঝে এটা মানুষকে আক্রমণপ্রবণ করে তোলে। শব্দ দূষণের কারণে মানুষ সম্পূর্ণ পাগল হয়ে যেতে পারে। তাই, যেকোনো মূল্যে শব্দ দূষণ দূর করা খুবই দরকারী। শব্দ দূষণ দূর করার জন্য কিছু স্থানকে "নীরব অঞ্চল" হিসেবে ঘোষণা করা হয়েছে। নীরব অঞ্চল বলতে অল্প অথবা শব্দ নেই বললেই চলে এমন স্থানকে বোঝায়। অন্য কথায়, এই অঞ্চলে উচ্চমাত্রার শব্দ নিষিদ্ধ। পাঠাগার, হাসপাতাল ইত্যাদি হলো এরূপ অঞ্চল। আমরা সযত্নে নগর পরিকল্পনা করে ও জনসচেতনতা বৃদ্ধি করে শব্দ দূষণ নিয়ন্ত্রণ করতে পারি। এ ব্যাপারে আইন প্রয়োগকারী সংস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

58. Sidr in Bangladesh (বাংলাদেশে সিডর)

a. Which calamities are common in Bangladesh? (বাংলাদেশে কোন দুর্যোগগুলো সাধারণ?)
b. What is cyclone sider? (ঘূর্ণিঝড় সিডর কী?)
c. Why this cyclone is called sider? (এই ঘূর্ণিঝড়কে সিডর বলা হয় কেন?)
d. What were the effects of sider? (সিডরের প্রতিক্রিয়া কী?)
e. Which diseases are broken out after sider? (সিডরের পরে কী সব রোগের প্রাদুর্ভাব দেখা যায়?)

Bangladesh is a small country. Annual visit of cyclones (সাইক্লোন্স ঘূর্ণিঝড়) and floods (ফ্লাড্স-বন্যা) are very common (কমন-সাধারণ). "The people of Bangladesh live by fighting against (এগেইন্স্ট-বিরুদ্ধে) tigers" is certainly true. This has been again proved by the recent cyclone 'Sidr' that has swept over (সোয়েপ্ট-ওভার-প্রবাহিত হওয়া) the districts of coastal (কোস্টাল-উপকূলীয়) areas. This time this cyclone has been termed Sidr because it looked like an eye. The cyclone of this time has broken (ব্রোকেন-ভেঙেছে) all the records of the past. Never before did water level rise so high. Thousands of people died and many more have become homeless (হোমলেস-গৃহহীন), foodless and clothless. Even (ইভেন-এমনকি), hundreds of the world famous Royal Bengal tigers and the beautiful deer have died due to the cyclone. Thousands of people are now living under open air. There are now scarcity of food and pure drinking (ড্রিংকিং-খাওয়ার) water. Crops have been damaged (ড্যামেইজ্ড-নষ্ট করা) greatly. Moreover, many diseases (ডিজিজেস-রোগ) like cholera, diarrohea (ডাইরিয়া), dysentery etc. have broken out here and there.

অনুবাদ : বাংলাদেশ একটি ছোট দেশ। ঝড় এবং বন্যার বার্ষিক ভ্রমণ একটি সাধারণ বিষয়। বাংলাদেশের মানুষ বাঘের বিরুদ্ধে যুদ্ধ করে বেঁচে থাকে কথাটি সত্য। সম্প্রতি ঝড় 'সিডর' উপকূলীয় এলাকাগুলোর উপর প্রবাহিত হয়ে এটা আবার প্রমাণ করেছে। এই সময়ে ঝড় সিডরের আকার নিয়েছে; কারণ এটা দেখতে চোখের মতো। এই সময়ের ঝড় অতীতের সকল রেকর্ড ভেঙেছে। পূর্বে কখনো পানির সীমা এতো উপরে উঠেনি। হাজারও মানুষ মারা গিয়েছে এবং অনেকে বাড়িহীন, খাদ্যহীন এব বস্ত্রহীন হয়েছে। এমনকি, বিশ্ববিখ্যাত শত শত রয়েল বেঙ্গল টাইগার এবং সুন্দর হরিণ সিডরের কারণে মারা গিয়েছে। হাজারো মানুষ এখন খোলা বাতাসে বাস করছে। এখানে এখন খাদ্য এবং বিশুদ্ধ খাওয়ার পানির সংকট। ফসলও অনেক নষ্ট হয়েছে। অধিকন্তু, অনেক রোগ যেমন কলেরা, ডাইরিয়া, আমাশয় রোগ ইত্যাদি এখানে সেখানে দেখা দিয়েছে।

59. Your Favourite Bangladeshi Food

(তোমার প্রিয় বাংলাদেশি খাদ্য)

a. Give a list of food you like. (তোমার পছন্দের খাদ্য তালিকা দাও।)
b. Which food do you like most? (কোন খাবার তুমি বেশি পছন্দ করো?)
c. Are there any favourite foods of yours? (তোমার কোনো প্রিয় খাবার আছে কী?)
d. Do you like seasonal home-made foods? (তুমি কী গৃহে তৈরি মৌসুমি খাদ্য পছন্দ করো?)
e. What types of fish do you like? (তুমি কী ধরনের মাছ পছন্দ করো?)
f. Have you any liking for pitha? (তুমি কী কোনো পিঠা পছন্দ করো?)

I am a Bangladeshi. So, I like Bangladeshi foods such as (যেমন) rice, fish, dal, vegetables, fruits like mangoes, jackfruits (কাঁঠাল), bananas, pineapples, black-berries (ব্ল্যাক-ব্যারিস-জাম) etc. and foods made from these fruits are my favourite (ফেভ্‌রিট-প্রিয়). Rice and fish are my favourtie food. Besides, bread (ব্রেড-রুটি) and butter (বাটার-মাখন) made in Bangladesh are my favourite food. I like Polao with beef (বীফ-গরুর মাংস) very much. Seasonal (সীজনাল-মৌসুমী) home-made foods like vapa pitha in the month of Poush are my favourite food. Actually (অ্যাকচুয়ালী-প্রকৃতপক্ষে), we have traditional (ট্রেডিশনাল-ঐতিহ্যবাহী) home-made foods and they are very delicious. I like small fish curry very much. The hilsa fish is available in Bangladesh. I like rice with hilsa fish curry (কারি-ঝোল). Various types of foods (ভেরিয়াস টাইপস অব ফুডস-বিভিন্ন প্রকার খাবার) such as pitha made from date-juice in the month of Poush and Magh are very delicious (ডেলিশ্যাস-সুস্বাদু). I like to have it early in the morning. Nevertheless, I am really habituated in having rice and fish which are very common and favourite food in Bangladesh.

অনুবাদ : আমি একজন বাংলাদেশি। তাই আমি বাংলাদেশি খাদ্য যেমন : ভাত, মাছ, ডাল, শাকসবজি, ফল যেমন : আম, কাঁঠাল, কলা, আনারস, কালজাম ইত্যাদি পছন্দ করি এবং এ সব ফল দিয়ে তৈরি খাদ্য আমার প্রিয়। আমি গরুর মাংস দিয়ে পোলাও খুব পছন্দ করি। গৃহে তৈরি মৌসুমী খাদ্য যেমন পৌষ মাসে ভাপা পিঠা আমার প্রিয় খাদ্য। প্রকৃতপক্ষে আমাদের ঐতিহ্যবাহী ঘরে তৈরি খাবার আছে এবং সেগুলো খুবই সুস্বাদু। আমি ছোট মাছের তরকারি পছন্দ করি। বাংলাদেশে ইলিশ মাছ সুলভ। আমি ইলিশ মাছের তরকারি দিয়ে ভাত পছন্দ করি। বিভিন্ন প্রকারের খাদ্য যেমন পৌষ, মাঘ মাসে খেজুরের রস দিয়ে তৈরি পিঠা খুবই সুস্বাদু। খুব সকালে আমি এটা খেতে পছন্দ করি। যাহোক, আমি সত্যিই মাছ এবং ভাত খেতে অভ্যস্ত যা বাংলাদেশে খুব সাধারণ এবং প্রিয় খাবার।

60. The Person I like Most (আমার প্রিয় ব্যক্তি)

a. Who is this person? (এ লোকটি কে?)
b. How old is he/she? (তার বয়স কত?)
c. How does he/she look? (তিনি দেখতে কেমন?)
d. What sort of a person is he/she? (তিনি কী ধরনের লোক?)
e. Why do you like him/her? (তুমি তাকে কেন পছন্দ করো?)
f. What are the things you like about him/her most? (তুমি তার কোন কোন জিনিস বেশি পছন্দ করো?)

Mr Hanif, Headmaster of our school, is my favourite person. He is 35 with good health. He is a brilliant (ব্রিলিয়ান্ট-মেধাবী) scholar (স্কলার-পন্ডিত) with a sound academic career. He is an MA in English. His method (মেথড-পদ্ধতি) of teaching is very easy and lucid (লুসিড-স্বচ্ছ). He has a strong, clear and pleasant voice. Everyday, he teaches us in a new style. He can make any grammatical (গ্রামাটিক্যাল-ব্যাকরণগত) problem easy. He knows well how to increase (ইনক্রিস-বৃদ্ধি করা) the curiosity of the students. In the classroom, he is just like an Englishman. His pronunciation (প্রোনানসিয়েইশন-উচ্চারণ) is good and he speaks English with a foreign (ফরেন-বিদেশি) accent. In his class, he creates an English environment. We never feel boring in his class. Rather, I feel encouraged in his class. He is very well-behaved and co-operative. He is never rude but friendly with his students. If any student fails to understand (আন্ডারস্ট্যান্ড-বুঝা) any grammatical problem (প্রবলেম-সমস্যা), he then and there helps the student to understand it. He is very kind-hearted to the poor students. He is honest (অনেস্ট-সৎ), sincere (সিনসিয়ার-আন্তরিক) and dutiful. He is very strict to law (ল-আইন) and to his principles. He has left a permanent impression (ইমপ্রেশন-ছাপ) in my mind. He is my best teacher, guide and friend. For all these reasons, I like him most.

অনুবাদ : আমাদের বিদ্যালয়ের প্রধান শিক্ষক হানিফ সাহেব আমার প্রিয় ব্যক্তি। তিনি সু-স্বাস্থ্যবান ৩৫ বছর বয়স্ক একজন লোক। তিনি ভালো শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন একজন মেধাবী পণ্ডিত। তিনি ইংরেজিতে এম.এ.। তাঁর শিক্ষাদান পদ্ধতি অত্যন্ত সহজ ও স্বচ্ছ। তাঁর কণ্ঠস্বর শক্তিশালী, পরিষ্কার ও মধুর। প্রতিদিন তিনি আমাদেরকে নতুন আঙ্গিকে পড়ান। তিনি যেকোনো ব্যাকরণগত সমস্যাকে সহজ করে দিতে পারেন। কীভাবে শিক্ষার্থীর আগ্রহ বৃদ্ধি করা যায় তা তিনি ভালো জানেন। শ্রেণিকক্ষে তিনি ঠিক একজন ইংরেজ। তার উচ্চারণ ভালো এবং তিনি ইংরেজি বলেন বিদেশি স্বরে। তার ক্লাশে তিনি ইংরেজির পরিবেশ সৃষ্টি করেন। তিনি তার ক্লাসে কখনো একঘেয়েবোধ করেন না। অন্যদিকে তিনি তার ক্লাসে উৎসাহিত বোধ করেন। তিনি খুব সদাচারী ও সহায়ক। তিনি কখনো কর্কশ নন বরং তিনি তার শিক্ষার্থীদের প্রতি বন্ধুসুলভ। যদি কোনো শিক্ষার্থী কোনো ব্যাকরণগত সমস্যা বুঝতে ব্যর্থ হয় তৎক্ষণাৎ তিনি তা শিক্ষার্থীকে বুঝতে সাহায্য করেন। দরিদ্র শিক্ষার্থীদের প্রতি তিনি অত্যন্ত সদয়। তিনি সৎ, আন্তরিক ও কর্তব্যপরায়ণ। তিনি আইন ও নীতির প্রতি অত্যন্ত কঠোর। তিনি আমার মনে একটি স্থায়ী ছাপ রেখেছেন। তিনি আমার সবচেয়ে ভালো শিক্ষক, পথপ্রদর্শক ও বন্ধু। এ সকল কারণে আমি তাকে সবচেয়ে বেশি পছন্দ করি।

61. A Farmer (একজন কৃষক)

a. Who is a farmer? (কৃষক কে?)

b. How is the condition of a Bangladeshi farmer? (বাংলাদেশি কৃষকের অবস্থা কেমন?)

How does he plough the land? (সে কীভাবে জমি চাষ করে?)

. When does he get up and go to the field? (সে কখন ঘুম থেকে উঠে এবং মাঠে যায়?)

e How is his financial condition? (তার অর্থনৈতিক অবস্থা কেমন?)

The person who does the work of farming is known as a farmer. In Bangladesh, the life of a farmer is not so good. He inherits a little land (লিটল ল্যান্ড-অল্প জমি). He is illiterate (ইলিটারেট-অশিক্ষিত/মূর্খ). He does not know how to plough (প্লাউ-হাল দেয়া) his land scientifically (সাইনটিফিক্যালী-বিজ্ঞানসম্মতভাবে). He cannot apply scientific method (মেথড-পদ্ধতি). He has only a pair of bullocks (বুলক-বলদ) and some hand-made tools. Often he has not enough money to buy seeds, fertilizer or pesticide. As a result, he cannot produce (প্রডিউস-উৎপাদন করা) more food for himself and his family. He cannot make proper use of his land. He gets up early in the morning, goes to his land, ploughs (প্লাউজ-লাঙল) it, sows the seeds and weeds out. He comes home at noon, eats his meal, takes rest and again goes to his land. He is born poor. Sometimes he takes loan from the money lenders. If he cannot repay (রিপে-পরিশোধ করা) the loan; he sells the piece of land. A farmer is left on the mercy of nature. He has pleasures and pains in life. If he gets a good harvest, his face beams with joy. On the other hand (অন দ্যা আদার হ্যান্ড-অন্যদিকে), if the crops are not good, his sorrows know no bounds. He and his family starve. He leads a very poor life. Though he works hard, he cannot lead a decent life. He cannot raise his head from the fear of wants His life is meant for struggle (স্ট্রাগল-সংগ্রাম করা) of existence (এগজিসটেন্স-অস্তিত্ব).

অনুবাদ : যে লোক কৃষিকাজ করে তাকে কৃষক বলা হয়। বাংলাদেশে কৃষকের জীবন ভালো নয়। সে অল্প জমির মালিক। সে অশিক্ষিত বৈজ্ঞানিক পদ্ধতিতে কীভাবে চাষাবাদ করতে হয় তা সে জানে না। তার একজোড়া বলদ ও হাতে তৈরি কিছু যন্ত্রপাতি আছে। প্রায়ই তার বীজ, সার বা কীটনাশক কেনার টাকা থাকে না। ফলে সে তার ও তার পরিবারের জন্য যথেষ্ট খাদ্য উৎপাদন করতে পারে না। সে সঠিকভাবে তার জমি চাষ করতে পারে না। সে খুব ভোরে ঘুম থেকে উঠে, মাঠে যায়, জমি চাষ করে, বীজ বপন করে এবং আগাছা নিড়ায়। সে দুপুরে বাড়িতে আসে, তার খাবার খায়, বিশ্রাম নেয় এবং আবার মাঠে যায়। সে গরিব হিসেবে জন্মগ্রহণ করে।

মাঝেমাঝে সে ঋণদাতার কাছ থেকে টাকা ধার নেয়। সে যদি টাকা পরিশোধ করতে না পারে তবে তার জমি বিক্রি করে দেয়। একজন কৃষক প্রকৃতির দয়া অপেক্ষা করে থাকে। তার জীবনে আনন্দ-বেদনা আছে। সে যদি ভালো ফসল পায় তবে তার মুখে হাসি ফোটে। পক্ষান্তরে, যদি ভালো ফসল না হয়, তবে তার দুঃখের সীমা থাকে না। সে এবং তার পরিবার অনাহারে থাকে। সে অতি দরিদ্র জীবন যাপন করে। যদিও সে কঠোর পরিশ্রম করে তবুও সচ্ছল জীবন যাপন করতে পারে না। সে অভাবের ভয়ে তার মাথা তুলতে পারেনা। তার জীবনের অর্থ অস্তিত্বের সংগ্রামে টিকে থাকা।

62. An Eid day I Celebrated (আমার উদযাপিত একটি ঈদের দিন)
Or, A Religious Festival I Celebrated
(আমার উদযাপিত একটি ধর্মীয় উৎসব)

a. How did you celebrate the Eid-ul-Fitr this year? (তুমি এ বছর ঈদুল-ফিতর কীভাবে উদযাপন করেছ?)

b. What did you find your mother and sisters doing in the morning of the Eid-day? (ঈদের দিন সকালে তুমি তোমার মা ও বোনদের কী করতে দেখেছিলে?)

c. What did you do in the morning? (সকালে তুমি কী করেছিলে?)

d. What did you find when you went to the Eidgah? (তুমি যখন ঈদগাহে গিয়েছিলে তখন কী দেখেছিলে?)

e. What kind of feast was arranged at your residence for this occasion? (এ উৎসব উপলক্ষে তোমাদের বাড়িতে কী ধরনের ভোজের আয়োজন করা হয়েছিল?)

f. How did you spend the afternoon? (বিকালটা তুমি কীভাবে কাটিয়েছিলে?)

I have enjoyed (ইনজয়িড-উপভোগ করা) many festivals (ফেস্টিভাল-উৎসব) in my life. The Eid festival is one of them. I celebrated the Eid-ul-Fitr this year very superbly (সুপার্বলি-চমৎকারভাবে). Before (বিফোর-পূর্বে) the Eid day, at night I could not sleep due to (ডিউ টু-কারণে) excitement (এক্সাইটমেন্ট-উত্তেজনা). In the very early morning, I jumped out (জাম্পড আউট-লাফিয়ে উঠলাম) from bed. I found mother and sisters cooking different (ডিফরেন্ট-বিভিন্ন) food items. I took my bath (বাথ-গোসল) with the boys of my age and put on new dress. Mother served us sweets, shemai, firni and other tasty foods. After eating, I along with my father and brother got prepared to go to the Eidgah. I saw lots of people gathering there and said the Eid-prayer. I also exchanged (একসচেঞ্জড-বিনিময় করলাম) greetings (গ্রিটিংস-শুভেচ্ছা) embracing (ইমব্রাসিং-আলিঙ্গন করে) with some of my friends and

relatives (রিলেটিভ্স-আত্মীয়-স্বজন). Returing from the Eidgah (ঈদগাহ), I went out and visited our neighbours (নেইবারস-প্রতিবেশী) and friends. At noon, I came back home. All the members of our family had our lunch with great pleasure. Then I along with my father visited "Shishu Park" and bought some attractive (অ্যাট্রাক্টিভ্-আকর্ষণীয়) things. At night, we enjoyed different TV programmes. That day will remain ever fresh in my life.

অনুবাদ : আমি আমার জীবনে অনেক উৎসব উদযাপন করেছি। ঈদ উৎসব এর মধ্যে একটি। আমি এ বছর অত্যন্ত চমৎকারভাবে ঈদুল ফিতর উদযাপন করেছি। উত্তেজনার কারণে ঈদের পূর্ব রাত্রিতে আমি ঘুমাতে পারিনি। খুব সকালে আমি বিছানা থেকে লাফ দিয়ে উঠি, মা এবং বোনদেরকে বিভিন্ন খাবার রান্না করতে দেখি। আমি সমবয়সী বালকদের সাথে গোসল করি এবং নতুন জামা পড়ি। মা আমাদেরকে মিষ্টি, সেমাই, ফিরনি এবং অন্যান্য সুস্বাদু খাবার দেন। খাবার পর আমি আমার পিতা ও ভাইয়ের সাথে ঈদগাহে যাবার জন্য প্রস্তুত হই। আমি অনেক লোককে সেখানে সমবেত হয়ে ঈদের নামাজ পড়তে দেখি। আমি আমার কিছু বন্ধু ও আত্মীয়ের সাথে শুভেচ্ছা বিনিময় করি ও আলিঙ্গন করি। ঈদগাহ থেকে ফিরে আমি আমার প্রতিবেশী ও বন্ধুদের সাথে দেখা করতে বেরিয়ে যাই। দুপুরে আমি বাড়িতে ফিরে আসি। আমাদের পরিবারের সবাই খুব তৃপ্তির সাথে দুপুরের খাবার খাই। তারপর আমি আমার পিতার সাথে শিশু পার্ক দেখতে যাই এবং কিছু আকর্ষণীয় জিনিস কিনি। রাতে আমরা বিভিন্ন টিভি অনুষ্ঠান উপভোগ করি। ঐ দিনটি আমার জীবনে চিরস্মরণীয় হয়ে থাকবে।

63. A Journey by Boat you have made
(তোমার করা একটি নৌকা ভ্রমণ)

a. What was the occasion? (উপলক্ষটি কী ছিল?)
b. When and from where did you start your journey? (কখন এবং কোথা থেকে তুমি তোমার যাত্রা শুরু করেছিলে?)
c. What was your destination? (তোমার গন্তব্যস্থল কোনটি ছিল?)
d. How were the river, the sky and the weather? (নদী, আকাশ এবং আবহাওয়া কেমন ছিল?)
e. How were the boatmen? (মাঝিরা কেমন ছিল?)
f. What were the sights you enjoyed? (তোমার দেখা দৃশ্যগুলো কেমন ছিল?)
g. How did you enjoy the journey? (তুমি ভ্রমণটি কেমন উপভোগ করেছিলে?)

A few days (অ্যা ফিউ ডেজ-কিছুদিন) ago (এগো-পূর্বে), I with some of my friends made a journey by boat from Mongla to Paikgachha on the occasion (অকেশন-উপলক্ষ) of autumn vacation. We were four in

number. We hired a big boat. We had our breakfast early in the morning. We started at 8 am. The sky (স্কাই-আকাশ) was clear and the weather (ওয়েদার-আবহাওয়া) was fine. The river was calm (কাম-শান্ত). It was full to the brim (ব্রিম-কানায় কানায়). Our boatmen rowed (রোউড-দাঁড় বাওয়া) for a while and then set sail (সেইল-পাল). The boat began to move smoothly (ইস্মুদলী-সুন্দরভাবে/ধীরগতিতে). There were small waves (ওয়েভ-ঢেউ) on the river. We enjoyed the scenes on both sides of the river. There were green fields, paddy fields and jute fields, rows of trees which were full of flowers and fruits. These things charmed (চারমড-বিমোহিত) our eyes. We saw many boys and girls bathing and swimming (সুইমিং-সাঁতার কাটতে) in the river. Fishermen were catching (ওয়ার ক্যাচিং-ধরছিল) fish. Women were seen fetching water in pitchers (পিচার-কলস). We reached a market at 12 o'clock. We bought rice, egg, a big hilsa fish spices and sweets. We cooked the food ourselves. We took our meal. Again, we started our journey. It was late afternoon. The sun was setting. We enjoyed the sunset scene. The boat moved slowly and we reached our destination (ডেসটিনেসন-গন্তব্যস্থল). It was dark (ডার্ক-অন্ধকার) all around. The journey gave me much pleasure. It was one of the most memorable (মেমরেবল-স্মরনীয়) days in my life indeed (ইনডিড-বস্তুত)।

অনুবাদ : কিছুদিন পূর্বে শারদীয় ছুটিতে আমি আমার কিছু বন্ধুর সাথে মংলা থেকে পাইকগাছায় নৌকা ভ্রমণ করি। আমরা ছিলাম চারজন। আমরা একটা বড় নৌকা ভাড়া করি। আমরা খুব সকালে নাস্তা করি। আমরা সকাল ৮টায় যাত্রা করি। আকাশ ছিল পরিষ্কার এবং আবহাওয়া ছিল ভালো। নদী ছিল শান্ত। এটি কানায় কানায় ভর্তি ছিল। আমাদের মাঝিরা কিছুক্ষণ দাঁড় বাইল এবং পরে পাল তুলে দিল। নৌকাটি সুন্দরভাবে চলতে আরম্ভ করল। নদীতে ছোট ছোট ঢেউ ছিল। নদীর উভয় তীরের দৃশ্য আমরা উপভোগ করি। সবুজ মাঠ, ধানক্ষেত, পাট ক্ষেত এবং সারি সারি গাছপালা যেগুলো ছিল ফুলে ফলে পরিপূর্ণ। এ জিনিসগুলো আমাদের নয়নকে বিমোহিত করে। আমরা অনেক বালক বালিকাকে নদীতে গোসল করতে ও সাঁতার কাটতে দেখি। জেলেরা মাছ ধরছিল। মহিলাদেরকে কলসী দিয়ে পানি নিতে দেখা গেল। আমরা ১২টার সময় একটি বাজারে পৌঁছলাম। আমরা চাল, ডিম, একটি বড় ইলিশ মাছ, মশলা এবং মিষ্টি কিনলাম। আমরা নিজেরাই রান্না করলাম। আমরা খাওয়া-দাওয়া করলাম। আবার আমরা যাত্রা শুরু করলাম। এ ছিল শেষ বিকাল। সূর্য অস্ত যাচ্ছিল। আমরা সূর্যাস্তের দৃশ্য উপভোগ করলাম। নৌকা ধীরে ধীরে চলল এবং আমরা আমাদের গন্তব্যে পৌঁছলাম। চতুর্দিকে অন্ধকার হয়ে গেল। ভ্রমণটি আমাকে খুব আনন্দ দিয়েছিল। প্রকৃতপক্ষে, এ ছিল আমার জীবনের সবচেয়ে স্মরণীয় দিনগুলোর মধ্যে একটি।

64. A Journey by Train you have made
(তোমার করা একটি ট্রেন ভ্রমণ)

a. When and from where did you start your journey? (কখন এবং কোথা থেকে তুমি-তোমার ভ্রমণ শুরু করেছিলে?)
b. What was your destination? (তোমার গন্তব্যস্থল কোথায় ছিল?)
c. What was the condition of the compartment? (কামরার অবস্থা কেমন ছিল?)
d. What scenery did you enjoy? (তুমি কী দৃশ্য উপভোগ করেছিলে?)
e. What was your feeling?.(তোমার অনুভূতি কী ছিল?)

In the last autumn vacation, I got sufficient (সাফিশানট-যথেষ্ট) time. So, I made up my mind to make a journey by train from Khulna to Rajshahi. I reached the station about half an hour before the departure (ডিপার্চার-ছেড়ে যাওয়া) of the train. It was then a very busy time. Rickshaws, motor cars and other vehicles (ভেইকলস-যানবাহন) were coming to the station with passengers. After sometime hearing a whistle, the passengers stood in a queue (কিউ-সারি) before the ticket counter. I also stood in the line and bought a second-class ticket. At the right time, the train came and the guard whistled and waved his flag. Everybody (এভ্রিবডি-প্রত্যেকে) tried to get into the train first. After much difficulty, I got into a second-class compartment. The compartment (কমপার্টমেন্ট-কামরা) was full to its capacity. The train left (লেফ্‌ট-ত্যাগ করল) the station. I looked outside (আউট সাইড-বাহির) and found the beauty of nature. The train was running through green paddy fields. There were jute and sugarcane (শ্যুগ্যারকেইন-আখ) plants here and there. They were tossing (টোসিং-নাড়ছিল) their heads in the breeze (ব্রীজ-বায়ু). The compartment presented a good scene (সিন-দৃশ্য). Some of the passengers were talking (ওয়্যার টকিং-কথা বলছিল) on various matters. Some were reading newspapers and magazines. Hawkers came up to us with their goods for sale. The train reached at the Rajshahi Station at 10 pm. I got down (গড ডাউন-নিচে নামলাম). It gave me much pleasure. Indeed, it was one of the most memorable days in my life.

অনুবাদ : গত শারদীয় ছুটিতে আমি যথেষ্ট সময় পেয়েছিলাম। তাই আমি খুলনা থেকে রাজশাহীতে একটি ট্রেন ভ্রমণ করার পরিকল্পনা করলাম। ট্রেন ছাড়ার প্রায় আধা ঘণ্টা পূর্বে আমি স্টেশনে পৌঁছলাম। তখন এটি ছিল অত্যন্ত ব্যস্ত সময়। রিক্সা, মটর গাড়ি এবং অন্য যানবাহন যাত্রী নিয়ে স্টেশনে আসছিল। কিছুক্ষণ পর একটি বাঁশি শুনে যাত্রীরা টিকিট কাউন্টারের সামনে সারিবদ্ধভাবে দাঁড়ালো। আমিও সারিতে দাঁড়ালাম এবং একটি দ্বিতীয় শ্রেণির টিকিট কিনলাম। সঠিক সময়ে ট্রেন আসল এবং গার্ড বাঁশি

বাজাল ও পতাকা নাড়াল। প্রত্যেকেই প্রথমে ট্রেনে উঠতে চেষ্টা করল। অনেক কষ্টে আমি একটি দ্বিতীয় শ্রেণির কামরায় উঠলাম। কামরাটি পরিপূর্ণ ছিল। ট্রেনটি স্টেশন ত্যাগ করল। আমি বাইরে তাকালাম এবং সুন্দর প্রাকৃতিক দৃশ্য দেখতে পেলাম। সবুজ ধানের মাঠ দিয়ে ট্রেনটি যাচ্ছিল। এখানে সেখানে পাট এবং আখ ক্ষেত ছিল। মৃদু বাতাসে তারা তাদের মাথা নাড়ছিল। কামরাটি একটি সুন্দর দৃশ্য উপহার দিল। কিছু যাত্রী বিভিন্ন বিষয় নিয়ে কথা বলছিল। কেউ কেউ সংবাদপত্র ও ম্যাগাজিন পড়ছিল। হকাররা তাদের জিনিস বিক্রয়ের জন্য আমাদের কাছে আসল। রাত ১০টায় ট্রেনটি রাজশাহী স্টেশনে পৌঁছল। এটা আমাকে অনেক আনন্দ দিয়েছে। বস্তুত, আমার জীবনের একটা স্মরণীয় দিন।

65. A Journey by Bus you have made
(তোমার করা একটি বাস ভ্রমণ)

a. What was the occasion? (উপলক্ষটি কী ছিল?)
b. What was your destination? (তোমার গন্তব্যস্থল কোথায় ছিল?)
c. When did you start your journey? (তুমি কখন যাত্রা শুরু করেছিলে?)
d. What scenery did you enjoy? (তুমি কী কী দৃশ্যাবলি উপভোগ করেছিলে?)
e. What was your feeling? (তোমার অনুভূতি কী ছিল?)
f. When did your bus reach the destination? (তোমার বাস কখন গন্তব্যে পৌঁছেছিল?)

My matenal (ম্যাটারনাল-আংকল/মামা) uncle serves (সার্ভ্স-চাকরি করে) in Khulna. He invited me to pay a visit to Khulna. I accepted the invitation (ইনভাইটেশন-দাওয়াত) gladly. On the 5th September, I got into Dhaka–Khulna coach at Gabtali Bus Stand. I procured a ticket the day before. The bus started at 7 am. The bus started running at a good speed and soon we were far from the din and bustle of the city. Our bus was passing the road of Savar. We enjoyed (এনজয়ড-উপভোগ করা) beautiful green fields, orchards, and trees on the both sides of the highway. I also enjoyed the beautiful campus of Jahangir Nagar University, the Savar Dairy Farm and Savar Cantonment (ক্যানটনমেন্ট-সেনানিবাস). The bus was moving (ওয়াজ মুভিং-চলছিল) ahead (এহেড-সামনে) leaving behind the trees, houses and small shops on either side of the road. It was really very delightful to see the green beauties of nature. Our bus reached Daulatdia ghat. Again, I took my seat. The bus began (বিগ্যান-আরম্ভ করল) to run at a high speed. We crossed Rajbari and Faridpur on the way. We also crossed Magura and Jhenidah on the way and reached Jessore town at about 2 pm. When our bus stopped at Jessore, some passengers got down (গট ডাউন-নিচে নামল). Our bus reached Khulna at 3.30 pm. My uncle

received me at the bus stand. The journey gave me much pleasure. It was one of the most memorable (মেমোরেবল-স্মরণীয়) days in my life. I bore the journey in my heart (হার্ট-হৃদয়).

অনুবাদ : আমার মামা খুলনায় চাকরি করেন। তিনি আমাকে খুলনা যাওয়ার জন্য দাওয়াত করলেন। আমি আন্তরিকতার সাথে তার দাওয়াত গ্রহণ করলাম। পাঁচ সেপ্টেম্বর গাবতলী বাস স্টেশন থেকে আমি ঢাকা-খুলনা কোচে উঠলাম। একদিন পূর্বেই টিকিট সংগ্রহ করেছিলাম। সকাল ৭টায় বাসটি যাত্রা শুরু করল। বাসটি দ্রুতগতিতে দৌড়াতে শুরু করল এবং শীঘ্রই আমরা শহরের কোলাহল থেকে দূরে চলে আসলাম। আমাদের বাসটি সাভারের রাস্তা অতিক্রম করছিল। মহাসড়কের উভয়পাশের সবুজ মাঠ, ফলের বাগন এবং গাছপালার সৌন্দর্য আমরা উপভোগ করছিলাম। আমি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সুন্দর ক্যাম্পাস, সাভারের দুগ্ধ খামার এবং সাভার সেনানিবাস দেখলাম। রাস্তার উভয় পাশের গাছপালা, বাড়িঘর এবং ছোট ছোট দোকানগুলো পিছনে ফেলে বাসটি সামনে এগিয়ে যাচ্ছিল। প্রকৃতির সৌন্দর্য দেখতে পারা সত্যিই খুব আনন্দদায়ক। আমাদের বাস দৌলতদিয়া ঘাটে পৌঁছল। পুনরায় আমি আমার আসনে বসলাম। বাসটি দ্রুতগতিতে চলতে শুরু করল। রাস্তায় আমরা রাজবাড়ি এবং ফরিদপুর অতিক্রম করলাম। আমরা মাগুরা ও ঝিনাইদহও অতিক্রম করলাম এবং বেলা ২টায় যশোর শহরে পৌঁছলাম। আমাদের বাস যশোর পৌঁছলে কিছু যাত্রী নেমে গেল। বেলা ৩-৩০ মিনিটে আমাদের বাস খুলনা পৌঁছল। মামা বাস স্টেশনে এসে আমাকে গ্রহণ করলেন। ভ্রমণটি আমাকে অনেক আনন্দ দিয়েছিল। এটা আমার-জীবনের সবচেয়ে স্মরণীয় দিনগুলোর মধ্যে একটি। এ ভ্রমণটি আমি আমার হৃদয়ে ধারণ করেছি।

66. My Visit to a Place of Historical Interest
(একটি ঐতিহাসিক স্থানে আমার ভ্রমণ)

a. When did you go? (তুমি কখন গিয়েছিলে?)
b. Who went with you? (কে তোমার সাথে গিয়েছিল?)
c. Where did you go? (তুমি কোথায় গিয়েছিলে?)
d. How long did you stay there? (তুমি কতদিন সেখানে অবস্থান করেছিলে?)
e. What did you see there? (তুমি সেখানে কী দেখেছিলে?)

Man is not satisfied (স্যাটিসফাইড-পরিতৃপ্ত) with what he has seen and known. So as a student, I have a keen interest (কীন ইন্টারেস্ট-প্রবল আগ্রহ) to know the historical (হিস্টোরিকাল-ঐতিহাসিক) places of my country. During the last autumn (অটাম-শরৎকাল) vacation, I got an opportunity (অপরচুনিটি-সুযোগ) to visit Bager at, a great historical place. I along with some of my friends visited the place. The place is famous for the Mazar of Khan Jahan Ali, the Dighi of Khan Jahan Ali, the Shat Gambuj Mosque (ষাট গম্বুজ মসজিদ) and the Ghora Dighi (ঘোড়াদীঘি). The Mazar of Khan Jahan Ali is a fine one-storeyed

building where he was buried. On the night of full moon of the month of Chaitra, a big fair is held beside (বিসাইড়-পাশে) the Mazar. The Dighi of Khan Jahan Ali is in front of the Mazar. It is a big tank (ট্যাঙ্ক-জলাশয়). There are some crocodiles (ক্রোকোডাইলস-কুমির) in this big tank. We also visited the Shat Gambuj Mosque. The Mosque is beautifully (বিউটিফুলী-সুন্দরভাবে) decorated (ডেকোরেটিড-সজ্জিত). The Ghora Dighi is also big. It is near the Shat Gambuj Mosque. We visited the place (প্লেস-স্থান) for about four hours. At that time, I felt very happy and gathered some new experience (এক্সপেরিয়েন্স-অভিজ্ঞতা). It was my memorable (মেমোরেবল-স্মরণীয়) event (ইভেন্ট-ঘটনা) in my life.

অনুবাদ : মানুষ যা দেখেছে ও জেনেছে তাতে সে সন্তুষ্ট নয়। তাই একজন ছাত্র হিসেবে আমাদের দেশের ঐতিহাসিক স্থানগুলো দেখার আগ্রহ আমার প্রবল। গত শরৎকালীন ছুটিতে আমি এক মহান ঐতিহাসিক স্থান বাগেরহাট দর্শনের সুযোগ পাই। আমি আমার কয়েক বন্ধুসহ স্থানটি পরিদর্শন করেছিলাম। স্থানটি 'খান জাহান আলীর মাজার', 'খান জাহান আলীর দীঘি', 'ষাট গম্বুজ মসজিদ' এবং 'ঘোড়া দীঘি'র জন্য বিখ্যাত। খান জাহান আলীর মাজারটি একটি সুন্দর-একতলা ভবন, যেখানে তাকে সমাধিস্থ করা হয়। চৈত্র মাসের পূর্ণিমা রাতে মাজারের পাশে এক বিরাট মেলা অনুষ্ঠিত হয়। খান জাহান আলীর দীঘিটি মাজারের সামনে অবস্থিত। এটি একটি বিরাট জলাশয়। এই বৃহৎ জলাশয়ে কিছু কুমির আছে। আমরা ষাট গম্বুজ মসজিদও পরিদর্শন করি। মসজিদটি সুন্দরভাবে সজ্জিত। ঘোড়া দীঘিটিও বিশাল। এটি ষাট গম্বুজ মসজিদের নিকটে অবস্থিত। আমরা প্রায় চারঘণ্টা স্থানটি পরিদর্শন করি। আমি ঐ সময় খুবই আনন্দিত হয়েছিলাম এবং কিছু নতুন অভিজ্ঞতা লাভ করেছিলাম। এটি ছিল আমার জীবনে স্মরণীয় ঘটনা।

67. A Wedding Ceremony I Attended
(একটি বিবাহ অনুষ্ঠানে আমার উপস্থিতি)

a. Whose wedding ceremony was it? (এটি কার বিবাহ অনুষ্ঠান ছিল?)
b. Where did it take place? (এটি কোথায় অনুষ্ঠিত হয়েছিল?)
c. How was the place decorated? (স্থানটি কীভাবে সাজানো হয়েছিল?)
d. How many guests attended there? (কতজন অতিথি সেখানে এসেছিলেন?)
e. How were the guests entertained? (কীভাবে অতিথিদের আপ্যায়ন করা হয়েছিল?)

A few days ago, I had the opportunity (অপরচুনিটি-সুযোগ) to enjoy the feasts (ফীস্টস-ভোজন) and festivities (ফেসটিভিটিস-উৎসব) that were provided on the occasion (অকেশন-উপলক্ষ) of the marriage ceremony of the daughter of Mr A. Rahim, one of our rich and respectable

(রেসপেকট্যাবল-মাননীয়) neighbours. A big pandal with shamiana above was erected. A big and tastefully designed gate was made at the entrance of the pandal. In the evening, the big house of Mr Rahim, the pandal and the gate were illuminated (ইলুমিনেট-আলোকিত করা) with multi-coloured electric bulbs in a manner that made a splendid show. Mr Rahim invited (ইনভাইটেড-নিমন্ত্রণ করলেন) his friends and relatives to attend the wedding of his daughter. The invited guests began to come in the evening in motor cars, scooters or rickshaws. The bridegroom's party started from Maghbazar at 7 pm. The party proceeded in a motor cavalcade (ক্যাভ্যালকেড) and reached the bride's house at 7.45 pm. Then the bridal guests were given seats with great decorum. The bridegroom had his special seat prepared (প্রিপেয়ার্ড-প্রস্তুত) and decorated for him. About one thousand guests attended the ceremony. A little later sweet sharbat was served to the guests. After a short time, the guests were treated to a sumptuous (সাম্পটিউয়াস-ব্যয়বহুল) dinner. Then betel-leaf and cigarettes were distributed and the guests went for relaxation. I felt delighted that the occasion gave me an opportunity to meet many at one place and to enjoy a pleasant evening.

অনুবাদ : কয়েকদিন পূর্বে আমাদের অন্যতম ধনী ও মাননীয় প্রতিবেশী জনাব আব্দুর রহিমের কন্যার বিবাহ উৎসব উপলক্ষে প্রদত্ত ভোজ সভা উপভোগ করার সুযোগ আমার হয়েছিল। উপরে শামিয়ানাসহ একটি বড় প্যান্ডেল নির্মাণ করা হয়েছিল। প্যান্ডেলের প্রবেশদ্বারে একটি বড় সুসজ্জিত তোরণদ্বার তৈরি করা হয়েছিল। সন্ধ্যায় জনাব রহিম সাহেবের উদ্দেশ্যে আলোকি করা হয়েছিল। সন্ধ্যায় জনাব রহিম সাহেব তার কন্যার বিবাহে উপস্থিত হওয়ার জন্য তার বন্ধু-বান্ধব ও আত্মীয়স্বজনদের দাওয়াত দিয়েছিলেন। সন্ধ্যায় দাওয়াতপ্রাপ্ত অতিথিগণ মটরগাড়ি, স্কুটার বা রিকশায় চড়ে আসতে শুরু করলেন। বরযাত্রী সন্ধ্যা ৭ টায় মগবাজার থেকে যাত্রা শুরু করেছেন। বরযাত্রী মটরগাড়ি বহরে অগ্রসর হচ্ছিলেন এবং রাতে ৭:৪৫ টায় কনের বাড়িতে এসে পৌছেন। অত:পর বরযাত্রীদের স্বসম্মানে বসার আসন দেওয়া হলো। বরকে বিশেষভাবে সজ্জিত আসনে বসতে দেওয়া হলো। এ অনুষ্ঠানে প্রায় এক হাজার অতিথি উপস্থিত ছিলেন। কিছুক্ষণ পরে অতিথিদের মিষ্ট শরবত পরিবেশন করা হলো। অল্প কিছুক্ষণের মধ্যে অতিথিদেরকে একটি ব্যয়বহুল ৈ শভোজ দ্বারা আপ্যায়ন করা হলো। অতঃপর পান-সুপারি ও সিগারেট সরবরাহ কর' হলো এবং অতিথিগণ আরাম করলেন। আমি আনন্দ উপভোগ করলাম যে এ অনুষ্ঠান আমাকে এক জায়গায় অনেক লোকের সাথে সাক্ষাৎ করার এবং এক আনন্দঘন সন্ধ্যা উপভোগ করার সুযোগ করে দিল।

68. Natural Disaster (প্রাকৃতিক দুর্যোগ)

a. What is natural disaster (প্রাকৃতিক দুর্যোগ কী?)
b. What is the condition of natural disaster in Bangladesh? (বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগের অবস্থা কেমন?)
c. When does it occur? (এটা কখন ঘটে থাকে?)
d. What are natural disasters that we usually face? (আমরা সাধারণত কোন কোন প্রাকৃতিক দুর্যোগের মুখোমুখি হই?)
   Or, What is the most common natural calamity here? (এখানে সবচেয়ে সাধারণ প্রাকৃতিক দুর্যোগ কোনটি?)
e. What do they cause in our life? (তারা আমাদের জীবনে কী ঘটায়?)
   Or, What is its effect? (এর প্রভাব কী?)
f. What do we lose during the natural disasters? (প্রাকৃতিক দুর্যোগের সময় আমরা কী হারাই?)
g. Why are we helpless before the natural disasters? (প্রাকৃতিক দুর্যোগের কাছে আমরা অসহায় কেন?)
h. What steps /measures can we take to lessen the sufferings of the victims? (দুর্গতদের দুঃখ-কষ্ট লাঘব করার জন্য আমরা কী কী পদক্ষেপ গ্রহণ করতে পারি?)

Natural disaster/calamity is an event that causes great harm or damage on the whole environment. Natural disasters are common in Bangladesh. In recent years, they are becoming more destructive (ডেস্ট্রাকটিভ-ধ্বংসাত্মক). Every year, some common natural disasters like floods, cyclones, tidal-bores (টাইডাল বোর্স-জলোচ্ছ্বাস), excessive rainfall, earthquake (আর্থকোয়েক-ভূমিকম্প), drought (ড্রট-খরা) visit Bangladesh. Another furious (ফিউরিয়াস-ভয়ানক) natural disaster, greenhouse effect, is creeping (ইজ ক্রিপিং-এগিয়ে আসছে) towards us. Natural disaster causes a heavy loss in our country. Many people are killed, many are lost and many become houseless. Many cattle (ক্যাটল-গবাদিপশু) die, many houses collapse (কল্যাপ্স-ধ্বসে পড়ে), many diseases break out because of natural disasters. Educational institutions and trees are damaged; communication (কমিউনিকেশন-যোগাযোগ) system becomes out of order after the natural disasters. Any natural disaster causes untold sufferings (সাফারিং-দুঃখ-কষ্ট) to people. In fact, we are helpless before the natural disasters. We cannot protect them, we can only take some measures (মিজার্স-পদক্ষেপ) to lessen the sufferings of the victims. We can raise awareness (অ্যাওয়ারনেস-সচেতনতা) among people. We can train them to be protected from the havoc of natural disasters.

অনুবাদ : প্রাকৃতিক দুর্যোগ এমন একটি ঘটনা, যা সমগ্র পরিবেশের মারাত্মক ক্ষতি ঘটায়। বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগ অতি সাধারণ। সাম্প্রতিক বছরগুলোতে এগুলো অধিকতর ধ্বংসাত্মক রূপ ধারণ করছে। প্রতি বছর কিছু সাধারণ প্রাকৃতিক দুর্যোগ যেমন বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, অতিবৃষ্টি, ভূমিকম্প, খরা ইত্যাদি বাংলাদেশে সংঘটিত হয়ে থাকে। অন্য একটি ভয়ানক প্রাকৃতিক দুর্যোগ, গ্রিনহাউজ প্রতিক্রিয়া আমাদের দিকে এগিয়ে আসছে। প্রাকৃতিক দুর্যোগ আমাদের দেশের ব্যাপক ক্ষতি করে। অনেক লোক মারা যায়, অনেকে হারিয়ে যায়, অনেকে গৃহহীন হয়ে যায়। প্রাকৃতিক দুর্যোগের কারণে অনেক গবাদিপশু মারা যায়, অনেক বাড়ি ভেঙে যায়, অনেক রোগের প্রাদুর্ভাব ঘটে। যেকোনো প্রাকৃতিক দুর্যোগ মানুষের অবর্ণনীয় ক্ষতিসাধন করে। প্রকৃতপক্ষে, প্রাকৃতিক দুর্যোগের কাছে আমরা অসহায়। আমরা এগুলোকে প্রতিরোধ করতে পারি না, শুধুমাত্র আক্রান্তদের দুঃখ-দুর্দশা লাঘবে কিছু পদক্ষেপ নিতে পারি। আমরা জনগণকে সচেতন করতে পারি। আমরা তাদেরকে প্রাকৃতিক দুর্যোগের ধ্বংসের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য প্রশিক্ষণ দিতে পারি।

69. Friendship (বন্ধুত্ব)

a. What's your idea about friendship? (বন্ধুত্ব সম্পর্কে তোমার ধারণা কী?)
b. What should be the characteristics of a good friend? (ভালো বন্ধুর কী কী বৈশিষ্ট্য থাকতে হবে?)
c. On what criteria will you choose your friend? (কিসের উপর তোমার বন্ধুকে তুমি পছন্দ করবে?)
d. How do you evaluate friendship? (কীভাবে তুমি বন্ধুত্ব মূল্যায়ন করো?)
e. What may be the consequences of unpleasant friendship? (অপ্রীতিকর বন্ধুত্বের পরিণাম কী হতে পারে?)

A friend is a person whom we know well and like. He is not usually a member of our family. The relationship that exists between friends is called friendship. It is regarded as divine (ডিভাইন-স্বর্গীয়). So, friendship is a positive term and the term 'friend' actually refers to good companion (কম্প্যানিয়ন-সঙ্গী). There are some important qualities of a good friend. He is always easy and helpful (হেল্পফুল-সাহায্যকারী) to his friends. He possesses (পজেসেস-পোষণ করা) a sense of gratitude (গ্র্যাটিচিউড-কৃতজ্ঞতাবোধ) and a sacrificing attitude. Though there are several points about making friendship, it may be made up anywhere, anytime and considering almost no reason. Yet, I expect my friend to have a good understanding. He should be the same to me in taste and temperament (টেম্পারেমেন্ট-মেজাজ), in attitude to life and in values and beliefs (বিলীফস-বিশ্বাস). I think friendship is a divine blessing. A good friend always helps his friend in need and remains faithful (ফেইথফুল-বিশ্বস্ত). But sometimes friendship may turn

unpleasant. We all must remember that we are left in this world to survive (সারভাইভ-টিকে থাকার জন্য) through struggle. We cannot succeed in this struggle without at least the company of a good friend. So, let's be friends and be happy.

অনুবাদ : একজন বন্ধু যাকে আমরা খুব ভালোভাবে চিনি এবং ভালোবাসি। সচরাচর সে আমাদের পরিবারের সদস্য নয়। বন্ধুদের মাঝে যখন আত্মীয়তা গঠিত হয় তখন তাকে বন্ধুত্ব বলে। এটাকে স্বর্গীয় বিবেচনা করা হয়। তাই বন্ধুত্ব একটি ইতিবাচক বিষয় এবং প্রকৃতপক্ষে বন্ধু বলতে বোঝায় ভালো সঙ্গী। ভালো বন্ধুর কিছু গুরুত্বপূর্ণ গুণ আছে। সে তার বন্ধুর প্রতি সহজ এবং সাহায্যকারী হবে। সে কৃতজ্ঞতাবোধ এবং ত্যাগের মানসিকতা পোষণ করে। যদিও বন্ধুত্ব তৈরিতে কিছু পয়েন্ট আছে। এটা হতে পারে যে কোথাও কোনো সময় এবং কোনো কারণ ব্যতিরেখেই। তবু আমি চাই যেন আমার বন্ধুর ভালো বুঝবার ক্ষমতা থাকে। সে আমার মেজাজ এবং রুচিতে জীবনের দৃষ্টিভঙ্গি এবং মূল্যবোধ ও বিশ্বাসে আমার মতোই হবে। আমি মনে করি বন্ধুত্ব একটি স্বর্গীয় আশীর্বাদ। একজন প্রকৃত বন্ধু তার বন্ধুকে সর্বদা সাহায্য করে এবং বিশ্বস্ত হয়। কিন্তু মাঝে মাঝে বন্ধুত্ব নিরানন্দ হতে পারে। আমাদের মনে রাখতে হবে যে সংগ্রাম করে আমাদের এ পৃথিবীতে টিকে থাকতে হবে। আমরা এই সংগ্রামে কমপক্ষে একজন ভালো বন্ধুর সঙ্গ ছাড়া সফল হতে পারব না। চল আমরা বন্ধু হই এবং সুখী হই।

70. Girls' Education (নারী শিক্ষা)

a. Are girls neglected or maltreated in our society? (বালিকারা কী আমাদের সমাজে অবহেলিত ও অত্যাচারিত?)
b. What are the effects of their being neglected and uneducated? (তাদের এ অবহেলা ও অশিক্ষার ফলাফল কী?)
c. What is the importance you think of girls' education? (তোমার মতে মেয়েদের শিক্ষার অপরিহার্যতা কী?)
d. How do women contribute to nation building activities? (নারীরা কীভাবে জাতি গঠনমূলক কর্মকাণ্ডে অবদান রাখতে পারে?)
e. What should be our attitude towards girls' education? (নারী শিক্ষার প্রতি আমাদের দৃষ্টিভঙ্গী কী হওয়া উচিত?)

The prosperity (প্রসপারিটি-সমৃদ্ধি) of a country mainly depends on the education of her population. About 50% of the total population of our country is female. But girls are tremendously neglected and maltreated (ম্যালট্রেটেড-অত্যাচারিত) in our society. Even, sometimes they are deprived of education. As a result, the nation suffers terribly. In no way, we can expect our prosperity avoiding (অ্যাভইডিং-বঞ্চিত) half of our population. Education is the prerequisite (প্রী-রিকুইজিট – পূর্বশর্ত) of any development. So, girls' education is a must for our overall development. Girls' education improves health and

nutritional (নিউট্রিশন্যাল-উন্নয়ন) status of the country. It also reduces population growth, increases economic productivity. In fact, women's contribution (কন্ট্রিবিউশন-অবদান) to nation building activities cannot be described in words. But it is very shocking to note that even today many parents are unwilling to educate their daughters. Religious misinterpretation (মিসইন্টারপ্রিটেশন --অপব্যাখ্যা) and social superstition contribute largely to it. It is high time we took the issue of girls' education with due importance. For this, first of all, we have to change our outlook towards (টুওয়ার্ডস-প্রতি) girls' education realising the importance of educating girls. All necessary steps should also be taken to encourage girls' education.

অনুবাদ : একটি দেশের সমৃদ্ধি প্রধানত তার জনসংখ্যার শিক্ষার উপর নির্ভর করে। আমাদের দেশের মোট লোকসংখ্যার প্রায় ৫০% মহিলা। কিন্তু মেয়েরা আমাদের সমাজে মারাত্মকভাবে অবহেলিত এবং অত্যাচারিত। এমনকি, মাঝে মাঝে তারা শিক্ষা থেকে বঞ্চিত। ফলে, জাতি চরমভাবে দুর্ভোগ পোহায়। আমরা জানি যে আমাদের অর্ধেক জনসংখ্যাকে অবজ্ঞা করে আমরা আমাদের উন্নতি আশা করতে পারি না। শিক্ষা উন্নতির পূর্বশর্ত। তাই আমাদের সার্বিক উন্নয়নের জন্য নারী শিক্ষা আবশ্যক। নারী শিক্ষা দেশের জনগণের স্বাস্থ্য ও উন্নয়ন সাধন করে। এটা আরো জনসংখ্যা বৃদ্ধি কমিয়ে আনে, অর্থনৈতিক উৎপাদনতা বৃদ্ধি করে। বস্তুত, জাতি গঠনে নারীদের অবদান ভাষায় বর্ণনা করে শেষ করা যাবে না। কিন্তু বড়ই দুঃখের বিষয় যে, অনেক পিতামাতা তাদের মেয়েসন্তানকে শিক্ষিত করতে অনিচ্ছুক। ধর্মীয় অপব্যাখ্যা এবং সামাজিক কুসংস্কার এতে বিরাট ভূমিকা রাখে। এখনই সময় নারী শিক্ষার বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করার। এজন্য, প্রথমে আমাদের সকলকে নারীদের প্রতি দৃষ্টিভঙ্গি পরিবর্তন করতে হবে এবং শিক্ষিত মেয়েদের গুরুত্ব অনুভব করতে হবে। নারী শিক্ষাকে উৎসাহিত করার জন্য সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

71. Education (শিক্ষা)

a. What is education? (শিক্ষা কী?)
b. What are the aims of education? (শিক্ষার উদ্দেশ্যসমূহ কী?)
c. What is compared with light? (আলোর সাথে কিসের তুলনা করা হয়?)
d. What sort of capacity can a person acquire through education? (শিক্ষার মাধ্যমে একজন লোক কী ধরনের যোগ্যতা অর্জন করে?)
e. How does education shape a person's character? (শিক্ষা কীভাবে মানুষের চরিত্র গঠন করে?)
f. Why should we be educated? (আমাদের শিক্ষিত হওয়া প্রয়োজন কেন?)

Education is the driving force (ফোর্স-চালিকাশক্তি) in the ways of development. No nation can prosper without education. Education is the process by which our mind develops through formal (ফরমাল-আনুষ্ঠানিক) learning. We get education from various institutions

(ইনস্টিটিউশন-প্রতিষ্ঠান) like school, college and university. It enlightens (এনলাইটেনস-আলোকিত করে) our mind. It inspires (ইন্সপায়ার্স-অনুপ্রাণিত করে) us to earn and enjoy a better life. Education makes us know how to earn better and how to live better. It makes us aware (অ্যাওয়ার-সচেতন) of our rights (রাইটস-অধিকার) and responsibilities (রেসপনসিবিলিটিজ-দায়িত্ব). The aim of education is to train individuals (ইনডিভিজুয়্যাল-ব্যক্তি) to make the right choices to go ahead. It ennobles (এনোবলস-উন্নত করে) our mind and refines our sensibility (সেনসিবিলিটি-বোধশক্তি). It also broadens (ব্রডেন্স-প্রসারিত করে) our outlook (আউটলুক-দৃষ্টিভঙ্গি). An educated man earns the capability (ক্যাপাবিলিটি-যোগ্যতা) of judging better. He can easily distinguish (ডিসটিংগুয়িস-পৃথক করতে পারে) what is good and what is bad, what is just and what is unjust. Education is often compared (কম্পেয়ার্ড-তুলনা করা) to light. It removes (রিমোভস-দূরীভূত করে) the darkness (ডার্কনেস-অন্ধকার) of ignorance (ইগনোরেন্স-অজ্ঞতা). Education liberates man from the restrictions (রেসট্রিকশন্স-সীমাবদ্ধতা) of habits and attitudes which limit his humanity. We should be educated to promote (প্রমোট-উন্নত করতে) humanity (হিউম্যানিটি-মনুষ্যত্ব) and universal brotherhood (ব্রাদারহুড-ভ্রাতৃত্ব). Above all (অ্যাবাভ অল-সর্বোপরি), we should use it as a catalyst (ক্যাটালিস্ট-প্রভাবক) for a change for the better.

অনুবাদ : শিক্ষা হচ্ছে উন্নয়নের পথের চালিকাশক্তি। কোনো জাতি শিক্ষা ছাড়া উন্নতি করতে পারে না। শিক্ষা হচ্ছে এমন একটি প্রক্রিয়া যা দ্বারা আমাদের মন প্রচলিত রীতির মাধ্যমে উন্নত হচ্ছে। আমরা বিভিন্ন রকমের প্রতিষ্ঠান থেকে শিক্ষা পাই যেমন : স্কুল, কলেজ এবং ইউনিভারসিটি। এটা আমাদের মনকে আলোকিত করে। এটা আমাদের উপার্জন করতে এবং উন্নত জীবনযাপন করতে অনুপ্রাণিত করে। শিক্ষা আমাদেরকে ভালো উপার্জন করতে এবং উন্নত জীবনযাপন করতে শেখায়। এটা আমাদের অধিকার এবং দায়িত্ব সম্পর্কে সচেতন করে। শিক্ষার উদ্দেশ্য হচ্ছে কোনো ব্যক্তিকে তার সঠিক সিদ্ধান্ত গ্রহণে প্রশিক্ষণ দেয়া। এটা আমাদের মনকে উন্নত করে এবং বোধশক্তিকে সংশোধন করে। এটা আমাদের দৃষ্টিভঙ্গিকেও প্রসারিত করে। একজন শিক্ষিত লোক সঠিক বিচারের যোগ্যতা অর্জন করে। সে খুব সহজে পৃথক করতে পারে কোনটি ভালো আর কোনটি মন্দ, কোনটি ঠিক আর কোনটি বেঠিক। শিক্ষাকে প্রায়ই আলোর সাথে তুলনা করা হয়। এটা অজ্ঞতার অন্ধকার দূর করে। শিক্ষা মানুষকে অভ্যাস এবং দৃষ্টিভঙ্গির সীমাবদ্ধতা থেকে মুক্ত করে। মনুষ্যত্ব ও বিশ্ব ভ্রাতৃত্বকে উন্নত করার জন্য আমাদের শিক্ষিত হওয়া উচিত। সর্বোপরি, আমাদের উচিত একে উন্নত জীবনের প্রভাবক হিসেবে ব্যবহার করা।

72. Your Favourite Teacher (তোমার প্রিয় শিক্ষক)

a. What is the name of your school? (তোমাদের বিদ্যালয়ের নাম কী?)
b. Who is your favourite teacher? (তোমার প্রিয় শিক্ষক কে?)
c. What is his qualification? (তার শিক্ষাগত যোগ্যতা কী?)
d. What does he teach? (তিনি কী পড়ান?)
e. What does he do for the students? (তিনি ছাত্রছাত্রীদের জন্য কী করেন?)

I am a student of class seven of Begum Rahima Girls' High School. I have a favourite (ফেভরিট-প্রিয়) teacher. Yes, he is Mostafa Kamal. He is our class teacher. He is a B.Sc., B.Ed. He teaches us mathematics (ম্যাথমেটিক্স-গণিত). He is a very active (অ্যাকটিভ-কর্মঠ) and honest man. He has a very nice vice technique of teaching. He simplifies (সিমপিলফাইস-সহজ করা) all complex (কমপ্লেক্স-জটিল) problems. In the class, he can finish his lesson properly. He is 35 years old. My favourite teacher is very friendly and helpful (হেল্পফুল-সহায়ক) to all. My favourite teacher is a very gentle (জেনটাল-ভদ্র) and sweet-tongued (সুইট-টাংড্-মিষ্টভাষী) person. He makes our lessons easy and interesting (ইন্টারেসটিং-মজাদার). He is very dear to us. We respect (রেসপেক্ট-শ্রদ্ধা করা) him very much. We are proud (প্রাউড-গর্বিত) of him.

অনুবাদ : আমি বেগম রহিমা বালিকা উচ্চ বিদ্যালয়ের সপ্তম শ্রেণির একজন ছাত্রী। আমার একজন প্রিয় শিক্ষক আছেন। হ্যাঁ, তিনি হচ্ছেন মোস্তফা কামাল সাহেব। তিনি আমাদের শ্রেণিশিক্ষক। তিনি বি.এস.সি, বি-এড। তিনি আমাদের গণিত পড়ান। তিনি অত্যন্ত কর্মঠ এবং সৎ মানুষ। তাঁর রয়েছে শিক্ষাদানের এক চমৎকার কৌশল। সকল জটিল সমস্যাকে তিনি সহজ করে তুলেন। ক্লাসেই পাঠকে যথাযথভাবে তিনি সম্পন্ন করতে পারেন। তাঁর বয়স ৩৫ বছর। আমার প্রিয় শিক্ষক বন্ধুভাবাপন্ন এবং আমাদের প্রতি সহায়ক। আমার প্রিয় শিক্ষক খুবই ভদ্র এবং মিষ্টভাষী ব্যক্তি। তিনি আমাদের পাঠকে সহজ এবং মজাদার করে তোলেন। তিনি আমাদের প্রতি খুবই স্নেহশীল। আমরা তাঁকে খুবই শ্রদ্ধা করি। আমরা তাঁর জন্য গর্বিত।

73. A Fisherman (একজন জেলে)

a. Who is a fisherman? (জেলে কে?)
b. Where does he generally live? (তিনি সাধারণত কোথায় বাস করেন?)
c. Where does he catch fish? (তিনি কোথায় মাছ ধরেন?)
d. How is the life of a fisherman? (একজন জেলের জীবন কেমন?)
e. When does he become happy? (তিনি কখন খুশি হন?)

A fisherman is he who lives by fishing. Generally, (জেনারাল্যি-সাধারণত) a fisherman lives in a village near (নিয়ার-নিকটে) a river. He is very labourious (ল্যাবরিয়াস-পরিশ্রমী). He catches (ক্যাচেস-ধরা) fish in the seas, rivers and ponds (পণ্ডস-পুকুর). He catches fish by nets and boats (বোটস-নৌকা). Most of the fishermen are poor. They have no net and boat. The life of a fisherman is very risky (রিস্কি-ঝুঁকিপূর্ণ). So, they work in groups (গ্রুপস-দল). He often (অফেন-প্রায়ই) has to go to fish at night in the seas. When he catches a lot of fish, his joy (জয়-আনন্দ) knows (নোস-জানা) no bounds (বাউন্ডস-সীমা). He serves (সারভস-সেবা করা) the nation as he provides (প্রোভাইডস-সরবরাহ করা) us with fish. So, we should be sympathetic (সিমপ্যাথিটিক-সহানুভূতিশীল) to him. As they are often poor, the govt. should do something for them.

অনুবাদ : যে মাছ ধরে জীবিকা নির্বাহ করে তাকে জেলে বলে। সাধারণত একজন জেলে নদীর কাছের গ্রামে বাস করে। সে খুবই পরিশ্রমী। সে সাগর, নদী এবং পুকুরে মাছ ধরে। সে জাল ও নৌকা দিয়ে মাছ ধরে। অধিকাংশ জেলেই গরিব। তাদের জাল ও নৌকা কিছুই নেই। একজন জেলের জীবন খুবই ঝুঁকিপূর্ণ। তাই তারা দলবদ্ধভাবে কাজ করে। তাকে প্রায়ই রাতে মাছ ধরতে বড় সাগরে যেতে হয়। যখন সে প্রচুর মাছ পায়, তখন তার আনন্দের সীমা থাকে না। সে জাতির সেবা করে যেহেতু সে আমাদেরকে মাছ সরবরাহ করে। সুতরাং আমাদের উচিত তাদের প্রতি সহানুভূতিশীল হওয়া। যেহেতু তারা প্রায় ক্ষেত্রেই দরিদ্র সেহেতু সরকারের উচিত তাদের জন্য কিছু করা।

74. Gardening (বাগান করা)

a. What is gardening? (বাগান করা কী?)
b. How many kinds of gardens are there? (কত প্রকারের বাগান আছে?)
c. When does a man's heart leap up with joy? (কখন একজন মানুষের হৃদয় আনন্দে নেচে উঠে?)
d. How does gardening help us? (বাগান করা কীভাবে আমাদের সহায়তা করে?)
e. What is the source of health, wealth and pleasure? (স্বাস্থ্য, সম্পদ ও আনন্দের উৎস কী?)

Gardening is pleasant (প্লিজেন্ট-আনন্দদায়ক) and it is an expression (এক্সপ্রেশন-প্রকাশ) of refreshment (রিফ্রেশমেন্ট-সতেজতা) and taste. It is an embodiment (এমবোডিমেন্ট-নিদর্শন) of men's love for trees and plants of nature. There are many kinds of garden such as flower gardens, kitchen (কিচেন-গৃহস্থালী) gardens, fruits gardens etc. Each of them plays a very important role. To work in a garden and spend some time among trees and nice flowers is spending (স্পেনডিং-সময় কাটানো)

with nature. When a man finds the garden full of various (ভেরিয়াস-বিভিন্ন) flowers, fruits etc., his heart leaps (লিপস-নেচে উঠে) up with joy. It makes his body strong and helps him to forget sorrows and sufferings (সাফারিংস-কষ্ট). So, gardening is a source of health, wealth and pleasure (প্লিজার-আনন্দ).

অনুবাদ : বাগান করা আনন্দদায়ক এবং এটি সতেজতা ও রুচি প্রকাশের মাধ্যম। এটি প্রকৃতির গাছপালার প্রতি মানুষের ভালোবাসার একটি নিদর্শন। বিভিন্ন ধরনের বাগান আছে। যথা : ফুলের বাগান, শাকসবজির বাগান, ফলের বাগান ইত্যাদি। তাদের প্রত্যেকেই একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাগানে কাজ করা ও কিছু সময় গাছ ও সুন্দর ফুলের মধ্যে কাটানো প্রকৃতির সাথে কাটানোর মতোই। যখনই একজন ব্যক্তি তার বাগানে বিভিন্ন প্রকার ফুল ও ফলমূলে পরিপূর্ণ দেখে তখন তার হৃদয় আনন্দে নেচে উঠে। এটি তার দেহকে মজবুত করে এবং এটি তাকে তার দুঃখ-কষ্ট ভুলে যেতে সাহায্য করে। তাই, বাগান করা স্বাস্থ্য, সম্পদ ও আনন্দের উৎস।

75. A Flower Garden (একটি ফুলের বাগান)

a. What is a flower garden? (একটি ফুলের বাগান কী?)
b. What is grown in the flower garden? (ফুলের বাগানে কী জন্মানো হয়?)
c. Who works in the garden? (বাগানে কে কাজ করে?)
d. What does the flower garden do for us? (ফুলের বাগান আমাদের জন্য কী করে?)
e. What is the source of beauty and refreshment? (সৌন্দর্য ও সতেজতার উৎস কী?)

A flower garden means (মিনস-অর্থ) a piece of land around (এরাউন্ড-পাশে) one's house where one can grow (গ্রো-জন্মানো) flowers. So, a flower garden is a place of home where only flowers are grown (আর গ্রোন-উৎপাদন করা হয়). People grow various (ভেরিয়াস-বিভিন্ন) kinds of flowers in their garden. Almost (অলমোস্ট-প্রায়) every flower garden belongs (বিলংস-অধিকারে থাকা) to a family. The family members (মেম্বারস-সদস্যগণ) work in the garden. In fact, he is the owner (ওনার-মালিক) of the garden who weeds out the garden, waters the plants and does other necessary (নেসেসারি-অপরিহার্য) works. A flower garden refreshes (রিফ্রেসেস-সতেজ) our mind. Nowadays (নাউএডেস-আজকাল), flower garden is also considered (ইজ অলসো কনসিডার্ড-বিবেচনা করা হয়) to be a money-maker. So, a flower garden is a source (সোরস-উৎস) of beauty and refreshment (রিফ্রেসমেন্ট-সতেজতা).

অনুবাদ : বাড়ির পাশের একখণ্ড জমি যেখানে মানুষ ফুল জন্মাতে পারে তাকে ফুলের বাগান বলে। তাই ফুলের বাগান হচ্ছে বাড়ির এমন স্থান যেখানে কেবল ফুল জন্মানো হয়। মানুষ তাদের বাগানে বিভিন্ন ধরনের ফুল জন্মায়। প্রায় প্রতিটি ফুল বাগানই একেকটি পরিবারের সম্পত্তি। পরিবারের সদস্যরা ফুল বাগানে কাজ করে। প্রকৃতপক্ষে, তিনিই বাগানের মালিক, যিনি আগাছা পরিষ্কার করেন, গাছে পানি দেন এবং অন্যান্য দরকারি কাজ করেন। ফুল বাগান আমাদের মনকে সতেজ করে। বর্তমানে ফুল বাগানকে অর্থোপার্জনের পন্থা হিসেবে দেখা হয়। তাই ফুল বাগান সৌন্দর্য ও সতেজতার উৎস।

76. Air Pollution (বায়ু দূষণ)

a. What is air? (বায়ু কী?)
b. How can it be polluted? (এটি কীভাবে দূষিত হয়?)
c. What is the most common element that pollutes air? (বায়ু দূষণের সবচেয়ে সাধারণ উপাদান কোনটি?)
d. How is smoke produced? (কীভাবে ধোঁয়া উৎপাদিত হয়?)
e. What happens when we inhale polluted air? (দূষিত বায়ু সেবন করলে কী হয়?)

Air is an important element (এলিমেন্ট-উপাদান) in our environment (এনভাইরনমেন্ট-পরিবেশ). No one can live without (উইথআউট-ছাড়া) air. Fresh air is necessary (নেসেসারি-অপরিহার্য) for us but polluted air is very dangerous (ড্যানজারাস-বিপদজনক). It can be polluted in many ways. The most (মোস্ট-সবচেয়ে) common agent (এজেন্ট-উপাদান) that pollutes (পোলিউটস-দূষণ করা) air is smoke. Smoke is produced (প্রোডিউসড-উৎপন্ন) when we cook foods, burn (বার্ণ-পোড়ানো) bricks and refuses (রিফিউজেস-বর্জ্য). Innumerable (ইনিনিউমেরাবল-অসংখ্য) buses, trucks and cars plying (প্লাইং-চলাচলকারী) in big cities use petrol, diesel and oil. By inhaling (বাই ইনহেলিং-সেবন করে) this polluted air, we become sick. So, we should (শুড-উচিত) keep (কীপ-রাখা) our environment free (ফ্রি-মুক্ত) from air pollution (পলুশন-দূষণ).

অনুবাদ : বায়ু আমাদের পরিবেশের খুব গুরুত্বপূর্ণ একটি উপাদান। বায়ু ছাড়া কেউই বাঁচতে পারে না। তাই, বিশুদ্ধ বায়ু অপরিহার্য কিন্তু দূষিত বায়ু খুবই বিপদজনক। এটি বিভিন্ন উপায়ে দূষিত হয়। বায়ু দূষণের সবচেয়ে সাধারণ উপাদান হলো ধোঁয়া। আমরা যখন রান্না করি, ইট এবং আবর্জনা পোড়াই তখন ধোঁয়া উৎপন্ন হয়। বড় বড় শহরের ওপর দিয়ে চলাচলকারী অসংখ্য বাস, ট্রাক এবং গাড়ি পেট্রোল, ডিজেল এবং তৈল ব্যবহার করে। এ দূষিত বায়ু সেবন করে আমরা অসুস্থ হয়ে পড়ি। তাই, আমাদের পরিবেশকে বায়ু দূষণ থেকে মুক্ত রাখা উচিত।

77. Water Pollution (পানি দূষণ)

a. What is water? (পানি কী?)
b. What is very harmful? (কোনটি অত্যন্ত ক্ষতিকর?)
c. How can water be polluted? (পানি কীভাবে দূষিত হয়?)
d. How do motor launches pollute water? (মোটর লঞ্চ কীভাবে পানি দূষিত করে?)
e. What should Government do to prevent water pollution? (পানি দূষণ প্রতিরোধ করতে সরকারের কী করা উচিত?)

Water is an important element in our environment (এনভাইরোনমেন্ট-পরিবেশ). It is a necessary (নেসেসারি-গুরুত্বপূর্ণ) element of nature because it saves all kinds of lives on earth. Fresh water is healthy but polluted water is very harmful (হার্মফুল-ক্ষতিকর). It can be polluted in many ways. Water is polluted by our using chemical fertilizers (ফারটিলাইজারস-সার) and various insecticides (ইনসেকটিসাইড-কীটনাশক) in the land. Again, motor launches, steamers pollute water by throwing oil, food-waste etc. By drinking this polluted water, we often get sick. So, we should prevent (প্রিভেন্ট-প্রতিরোধ) water pollution. Govt. should (শুড-উচিত) take necessary programme to prevent water pollution.

অনুবাদ : পানি আমাদের পরিবেশের একটি গুরুত্বপূর্ণ উপাদান। এটি প্রকৃতির একটি গুরুত্বপূর্ণ উপাদান, কারণ এটি পৃথিবীর সকল প্রাণীর জীবন বাঁচায়। বিশুদ্ধ পানি স্বাস্থ্যকর কিন্তু দূষিত পানি ক্ষতিকর। এটি বিভিন্ন উপায়ে দূষিত হয়ে থাকে। জমিতে ব্যবহৃত রাসায়নিক সার ও বিভিন্ন কীটনাশক ঔষধ পানি দূষিত করে। আবার ইঞ্জিন চালিত লঞ্চ, স্টিমার, তৈল, উচ্ছিষ্ট খাদ্য ফেলে পানি দূষিত করে। এ দূষিত পানি পান করে আমরা প্রায়ই রোগে আক্রান্ত হই। তাই, আমাদের পানি দূষণ প্রতিরোধ করা উচিত। সরকারের পানি দূষণ রোধের জন্য প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ করা উচিত।

78. How to Make a Cup of Coffee
(কীভাবে এক পেয়ালা কফি বানাতে হয়)

a. What is the first step to make a cup of coffee? (এক পেয়ালা কফি তৈরি করতে প্রথম পদক্ষেপ কী?)
b. How much time should we boil water? (কতক্ষণ আমাদের পানি ফুটানো উচিত?)
c. How much coffee powder should we mix with boiling water? (ফুটন্ত পানির সাথে কী পরিমাণ কফির গুঁড়া মেশাতে হবে?)
d. What will be the next step? (পরবর্তী পদক্ষেপ কী হবে?)
e. When should we mix milk and sugar with it? (এর সাথে কখন আমাদের দুধ ও চিনি মিশাতে হবে?)
f. How much time does it take to make a cup of coffee? (এক পেয়ালা কফি তৈরি করতে কতক্ষণ সময় লাগে?)

Making a cup of coffee is easy (ইজি-সহজ), but to make it properly (প্রপারলি-যথাযথভাবে) we have to follow (ফলো-অনুসরণ করা) a certain process (প্রসেস-প্রক্রিয়া). The first step of the process is boiling (বয়েলিং-ফুটানো) water in a pot or container. The quantity of water should be according to (অ্যাকরডিং টু-অনুসারে) the cups of coffee we need. After

boiling (বয়েলিং-ফুটানো) water for at least (অ্যাট লিস্ট-কমপক্ষে) five minutes, we have to pour (পোর-ঢালা) this water into a cup. Then, we have to add two or three spoons (ইস্পুন-চামচ) of coffee powder to it. The quantity depends (ডিপেন্ডস-নির্ভর করা) on the colour of coffee. Next step (স্টেপ-ধাপ) is adding sugar and mixing (মিক্সিং-মিশ্রিত করা) with a spoon. Then, we have to add (অ্যাড-মিশান) milk or coffee. Making milk coffee requires (রিকোয়ার-প্রয়োজন বোধ করা) more coffee powder than the raw or black coffee. Thus, making a cup of coffee takes only 7 to 8 minutes.

অনুবাদ : এক পেয়ালা কফি বানানো সহজ তবে যথাযথভাবে বানানোর জন্য আমাদের কিছু নির্দিষ্ট প্রক্রিয়া অনুসরণ করতে হবে। এই প্রক্রিয়ার প্রথম ধাপ হচ্ছে একটি পাত্রে পানি ফুটানো। আমাদের কত পেয়ালা কফি প্রয়োজন সে পরিমাণে পানি নিতে হবে। পানি পাঁচ মিনিট ফুটানোর পর আমাদের এটি একটি পেয়ালায় ঢেলে নিতে হবে। এরপর এর সাথে আমাদের দুই বা তিন চামচ কফি পাউডার মিশাতে হবে। কফির রং এর উপর পরিমাণ নির্ভর করে। পরবর্তী ধাপ হচ্ছে এর সাথে চিনি মিশানো এবং একটি চামচ দিয়ে তা মিশ্রিত করা। এরপর আমাদের দুধ বা কফি যোগ করতে হবে। কড়া বা কালো কফির চেয়ে দুধ কফিতে অধিক পরিমাণে কফি পাউডারের প্রয়োজন হয়। এভাবে এক কাপ কফি তৈরিতে সাত বা আট মিনিট সময় লাগে।

79. How to Be a Good Student
(কীভাবে তোমার একজন ভালো ছাত্র হওয়া যায়)

a. Who is your younger sister? (তোমার ছোট বোন কে?)
b. What is your suggestion for her? (তার জন্য তোমার উপদেশ কী?)
c. What should she do at first? (প্রথমে তার কী করা উচিত?)
d. What should she do next? (পরবর্তীতে সে কী করবে?)
e. What should she do finally? (সবশেষে তার কী করা উচিত?)

My younger sister Kakoli reads in Class six. But she is not a good student. So, I gave (গেভ-দিয়েছিলাম) her some simple (সিম্পল-সহজ) suggestions (সাজেশন্স-পরামর্শ) about (অ্যাবাউট-সম্পর্কে) it. At first, she should study (স্টাডি-লেখাপড়া করা) regularly (রেগুলারলী-নিয়মিতভাবে). Then she should make her own notes herself and revise (রিভাইজ-বার বার পড়া) them again and again. Next, she should make good relationship (রিলেশনসিপ-সম্পর্ক) with her classmates (ক্লাসমেটস-সহপাঠী) and discuss (ডিসকাস-আলোচনা) with them what she studies regularly (রেগুল্যারলি-নিয়মিত). After that, if she finds any difficulty (ডিফিকাল্টি-সমস্যা), she will consult with her teachers. Finally (ফাইন্যালি-সবশেষে) she should obey the teachers and tutors (টিউটর-গৃহশিক্ষক) who will help her in the matter (ম্যাটার-বিষয়ে).

অনুবাদ : আমার ছোট বোন কাকলী ষষ্ঠ শ্রেণিতে পড়ে কিন্তু সে ভালো ছাত্রী নয়। তাই আমি তাকে এ ব্যাপারে কিছু সহজ সরল পরামর্শ দিলাম। প্রথমে তাকে নিয়মিত লেখাপড়া করা দরকার। তারপর তাকে নিজস্ব নোট করা উচিত এবং এগুলো বারবার পড়া উচিত। পরবর্তীতে তাকে তার সহপাঠীদের সাথে ভালো সম্পর্ক রাখা উচিত এবং প্রতিদিন যা সে পড়ে তা আলোচনা করা দরকার। এরপরে যদি সে কোনো সমস্যা দেখতে পায় তার শিক্ষকদের সাথে কথা বলা প্রয়োজন। সবশেষে, তার শিক্ষক ও গৃহশিক্ষককে মেনে চলা উচিত যারা তাকে এ ব্যাপারে সাহায্য করে।

80. How to Improve Your English
(কীভাবে তোমার ইংরেজি বিষয়ে জ্ঞান বৃদ্ধি করা যায়)

a. What is English? (ইংরেজি কী?)
b. What is your sister's name? (তোমার বোনের নাম কী?)
c. What should she do at first to improve her English? (ইংরেজির উন্নতির জন্য তার সর্বপ্রথম কী করা উচিত?)
d. What should she do next? (পরবর্তীতে তার কী করা উচিত?)
e. What should she do finally? (সবশেষে তার কী করা উচিত?)

English is a foreign language. So, it is very hard for my younger (ইয়ংগার-ছোট) sister Beauty. She does not know how to learn English. So, I gave her some instructions (ইনস্ট্রাকশনস-নির্দেশনা) about it. At first, she should read regularly and listen to her teachers. Then she should understand (আন্ডাস্ট্যান্ড-বুঝা) what she reads. She must not cram. Next, she should enrich her vocabulary (ভোকাবিউলারী-শব্দভাণ্ডার) by consulting a dictionary (ডিকসনারী-অভিধান) and a grammar book. After that, she should always keep a diary and write down the important (ইমপোরটেন্ট-গুরুত্বপূর্ণ) words in it. Finally, she should try to speak in English with her classmates (ক্লাসমেটস-সহপাঠী).

অনুবাদ : ইংরেজি একটি বিদেশি ভাষা। তাই, এটা আমার ছোট বোন বিউটির জন্য কঠিন। সে জানে না কীভাবে ইংরেজি শিখতে হবে। তাই, আমি তাকে এ ব্যাপারে কিছু নির্দেশনা দিলাম। প্রথমে তার নিয়মিত লেখাপড়া করা উচিত এবং শিক্ষকরা যা বলেন তা শোনা উচিত। তারপর সে যা পড়ে তাকে তা বুঝতে হবে। মুখস্থ করা উচিত নয়। পরবর্তীতে তাকে অভিধান ও ব্যাকরণ আলোচনা করে শব্দভাণ্ডার বাড়াতে হবে। এরপর তাকে সবসময় একটি ডায়েরী রাখতে হবে এবং গুরুত্বপূর্ণ শব্দ লিখে রাখতে হবে। সবশেষে, তাকে তার সহপাঠীদের সাথে ইংরেজিতে কথা বলার চেষ্টা করতে হবে।

81. How to Keep Your Classroom Clean
(কীভাবে তোমাদের শ্রেণিকক্ষ পরিষ্কার রাখা যায়)

a. What is your younger sister's name? (তোমার ছোট বোনের নাম কী?)
b. What doesn't she know? (সে কী জানে না?)
c. What should she do at first? (প্রথমে তাকে কী করতে হবে?)
d. What will one group do? (একদল কী করবে?)
e. What will the other group do? (অন্য দল কী করবে?)

The keeping of classroom clean (ক্লিন-পরিষ্কার) is a very simpl (সিমপল-সরল) and easy work. But my younger (ইয়ংগার-ছোট) sist Sadia does not know (নো-জানা) how to clean (ক্লীন-পরিষ্কার) it. So, gave her some suggestions (সাজেশন্স-পরামর্শ) about it. At first, she wi call a meeting of her classmates (ক্লাসমেটস-সহপাঠী) and make them i some groups (গ্রুপ-দল). Then one group will remove (রিমোভ-সরাবে the chairs, tables and the benches (বেঞ্চেস) and the other group wi sweep (উইল সুয়িপ-পরিষ্কার করবে) the cobweb (কবওয়েব-মাকড়সার জাল and the floor. Next, the another (অ্যানাদার-অন্য) group will rearrang (রিঅ্যারেঞ্জ-পুনরায় সাজানো) them. After that, they will clean the dus (ডাস্ট-ধুলা) from them. Finally, they should clean their faces an hands with clean water.

অনুবাদ : শ্রেণিকক্ষ পরিষ্কার করা অত্যন্ত সহজ সরল কাজ। কিন্তু আমার ছোটবোন সাদিয়া জানে না কীভাবে এটি পরিষ্কার রাখা যায়। তাই, আমি তাকে এ সম্পর্কে কি পরামর্শ দিলাম। প্রথমে তাকে তার সহপাঠীদের নিয়ে একটি সভা করতে হবে এব তদেরকে কয়েকটি দলে পরিণত করতে হবে। তারপর একটি দলকে চেয়ার, টেবিল ও বেঞ্চগুলোকে সরাতে হবে এবং অন্যদলকে মাকড়সার জাল এবং মেঝে পরিষ্কার করতে হবে। তারপর অন্যদলকে এগুলো পুনরায় সাজাতে হবে। তারপর এগুলো থেকে ময়লা পরিষ্কার করতে হবে। অবশেষে, তাদেরকে পরিষ্কার পানি দিয়ে হাত-মুখ পরিষ্কার করতে হবে।

82. How to Make A Cup of Tea
(কীভাবে এক কাপ চা তৈরি করা যায়)

a. What is tea? (চা কী?)
b. Who does not know how to make a cup of tea? (এক পেয়ালা চা কীভাবে তৈরি করতে হয় তা কে জানে না?)
c. What should she do first? (তাকে প্রথমে কী করতে হবে?)
d. How much tea dust will be mixed in the pot? (পাত্রে কী পরিমাণ চায়ের গুঁড়া মেশাতে হবে?)
e. When will she mix sugar and milk with liquor? (কখন লিকারের সাথে সে চিনি ও দুধ মিশাবে?)

Tea is a very popular (পপুলার-জনপ্রিয়) drink. It is a very cheap (চীপ-সস্তা) and refreshing (রিফ্রেসিং-সতেজ) drink in the modern (মডার্ন-আধুনিক) world. But my younger sister does not know how to make a cup of tea. So, I gave her advice (অ্যাডভাইস-উপদেশ) about making tea. First, you have to boil (বয়েল-সিদ্ধ করা) some water as you need in a kettle or pot. Then, you will put necessary quantity (কোয়ানটিটি-পরিমাণ) of tea-dust into the pot. Wait a bit until (আনটিল-না হওয়া পর্যন্ত) the liquor turns red (টার্নস রেড-লাল রঙ ধারণ করে). After that, remove (রিমুভ-সরান) the pot from the stove oven. Next, you will have to pour (পোর-ঢালা) the liquor (লিকার-তরল) into a cup or cups through (থ্রু-মাধ্যমে) a sieve (সিভ-ছাঁকনি). Add sugar (সুগার-চিনি) and milk with tea-liquor and stir it with a spoon (স্পুন-চামচ) for sugar to dissolve (ডিজাল্ভ-গলে যাওয়া). Thus, you can have a cup of tea to drink.

অনুবাদ : চা অত্যন্ত জনপ্রিয় পানীয়। এটি আধুনিক বিশ্বের অত্যন্ত সস্তা এবং সতেজ পানীয়। কিন্তু আমার ছোট বোন জানে না কিভাবে এক কাপ চা তৈরি করতে হয়। তাই, আমি তাকে চা তৈরি সম্বন্ধে উপদেশ দিলাম। প্রথমে তুমি প্রয়োজন মতো পানি একটি কেটলী বা পাত্রে সিদ্ধ করবে। তারপর প্রয়োজন মতো চা পাতার পাউডার ঐ পাত্রে রাখবে। লিকার লাল না হওয়া পর্যন্ত অপেক্ষা করো। তারপর স্টোভের উপর থেকে পাত্রটি সরাও। এরপর তুমি লিকার একটি কাপে ছাঁকনী দিয়ে ঢালবে। চায়ের লিকারে চিনি ও দুধ মিশাও এবং চামচ দিয়ে নেড়ে মিশিয়ে দাও। এভাবে, তুমি পান করার জন্য এক কাপ চা পাবে।

83. How to Arrange a Picnic Party
(কীভাবে একটি বনভোজনের আয়োজন করা যায়)

a. How is to arrange a picnic party? (পিকনিক পার্টি আয়োজন করা কীরূপ?)
b. What is the name of your younger brother? (তোমার ছোট ভাইয়ের নাম কী?)
c. What should he do first? (প্রথমে তাকে কী করতে হবে?)
d. When should they make a fund? (কখন তাদের আর্থিক ফাণ্ড যোগাড় করা উচিত?)
e. When will they go for shopping? (কখন তারা কেনাকাটা করতে যাবে?)
f. What will they do on the fixed date? (নির্দিষ্ট তারিখে তারা কী করবে?)

Arranging a picnic party is not a difficult (ডিফিকাল্ট-কঠিন) work. But my younger (ইয়ংগার-ছোট) brother Faruq does not know how to

arrange a picnic party (পারটি). So, I gave some suggestions (সাজেশ পরামর্শ) about picnic. Call a meeting of your classmates (ক্লাসমে সহপাঠী) and select the place and date. Settle amount (অ্যামাউন্ট-পরিমা of expenditure (একসপেনডিচার-ব্যয়) and collect it. Make a list shopping items and have a shopping (শপিং-কেনাকাটা) done. Make schedule (শিডিউল-তালিকা) of the day and take steps to ensure implementation (ইমপ্লিমেনটেশন-বাস্তবায়ন). Manage the means transport (ট্রান্সপোর্ট-যানবাহন) and cook before the schedule (সিডিউ নির্দিষ্ট) time, make arrangements (অ্যারেঞ্জমেন্টস্-ব্যবস্থা), e.g. mus cultural (কালচার্যাল-সাংস্কৃতিক) competition, (কমপিটিশন-প্রতিযোগি lottery etc. Finally, start for a picnic on the fixed time from particular (পারটিকুলার-নির্দিষ্ট) place.

অনুবাদ : একটি পিকনিক পার্টির আয়োজন করা কঠিন কাজ নয়। কিন্তু আমার ফারুক জানে না কিভাবে এর আয়োজন করা যায়। তাই, আমি তাকে এ সম্পর্কে পরামর্শ দিয়েছিলাম। তোমার সহপাঠীদের নিয়ে একটি সভা ডাক এবং স্থান ও তা ঠিক করো। এজন্য কত ব্যয় হবে তা নির্ধারণ করো এবং সংগ্রহ করো। কেনাকা একটি তালিকা তৈরি করো এবং কেনাকাটা করো। এর একটি চার্ট তৈরি করো সকল প্রকার সরঞ্জামাদি সংগ্রহ নিশ্চিত করো। নিদিষ্ট সময়ের পূর্বেই যাতায়াত রান্নার ব্যবস্থা নিতে হবে। বিনোদনের ব্যবস্থা করো; যেমন : সঙ্গীত, সাংস্কৃ প্রতিযোগিতা, লটারি ইত্যাদি। সবশেষে, নির্দিষ্ট স্থানের উদ্দেশ্যে নির্দিষ্ট সম পিকনিকের জন্য যাত্রা করো।

84. How to Make Oral Saline
(কীভাবে খাওয়ার স্যালাইন তৈরি করা যায়)

a. How is to make oral saline? (খাওয়ার স্যালাইন তৈরি করা কেমন?)
b. What will one do at first? (প্রথমে একজন কী করবে?)
c. Why should one have to wait until hot water to be cool? (একজনকে গরম পানিতে ঠান্ডা হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে?)
d. What items will be mixed with cool water? (ঠান্ডা পানির সাথে কী মিশাতে হবে?)
e. When will the oral saline be prepared? (কখন খাওয়ার স্যালাইন তৈ হবে?)

To make oral saline is not a difficult (ডিফিকাল্ট-কঠিন) work. If yo want to make oral saline, at first, you have to take half a liter pu tube-well (টিউবয়েল) water in a clean pot. Boil (বয়েল-গরম) it on

stove (স্টোভ-চুলা) and wait until (আনটিল-যতক্ষণ না) the hot water becomes cool. Put a handful (হ্যান্ডফুল-মুঠো) of sugar and a pinch (পিনচ-চিমটি) of salt into the water. Stir the water with a clean spoon (স্পুন-চামুচ) until the sugar and the salt are melted (মেলটেড-মিশ্রিত) with water. At last, the oral saline is prepared (প্রিপ্যায়ারড-তৈরি/প্রস্তুত) to drink.

অনুবাদ : খাওয়ার স্যালাইন তৈরি করা কোনো কঠিন কাজ নয়। তুমি যদি খাওয়ার স্যালাইন তৈরি করতে চাও তাহলে তোমাকে প্রথমে অর্ধ-লিটার বিশুদ্ধ টিউবওয়েলের পানি একটি পরিষ্কার পাত্রে নিতে হবে। তারপর এটি চুলায় গরম করতে হবে এবং পানি যতক্ষণ ঠাণ্ডা না হয় ততক্ষণ অপেক্ষা করতে হবে। তারপর তোমাকে এক মুঠো গুড় এবং একটি চিমটি লবণ নিতে হবে। যতক্ষণ পর্যন্ত গুড় ও লবণ পানিতে মিশ্রিত না হয়েছে ততক্ষণ পর্যন্ত পরিষ্কার চামচ দিয়ে নাড়তে হবে। অবশেষে, পান করার জন্য খাওয়ার স্যালাইন প্রস্তুত হয়ে গেল।

85. How to Arrange a Birthday Party
(কীভাবে একটি জন্মদিন অনুষ্ঠানের আয়োজন করা যায়)

A scientist is a person who discovers something new. In the text, the scientist shows us how to boil water. He informs us that the water of ponds, canals, rivers is not safe (সেফ-নিরাপদ). If we want to drink such kind of water, we have to boil it. People use kerosene, electricity, gas or wood to boil water. The scientist discovers that the sun rays are enough to boil water. In 1976, AD a scientist taught about this problem. At last, he discovers that sunrays shines into a mirror it become very hot. The sun rays may be used to boil water. The scientist taught us how to boil water. We get much benefit from discovering something by the scientist.

Vocabulary (শব্দার্থ) : scientist – (সাইনটিস্ট) – বিজ্ঞানি; person (পার্সন) – ব্যক্তি; discover – (ডিসকাভার) – আবিষ্কার করা; something (সামথিং) – কোনোকিছু; boil (বয়েল) – গরম করা; kerosene (কেরোসিন) – কেরোসিন; electricity (ইলেকট্রিসিটি) – বিদ্যুৎ; discovered (ডিসকাভারড) – আবিষ্কার করেছিল; sunrays (সানরেজ) – সূর্যরশ্মি; enough (এনাফ) – যথেষ্ট; taught (টট) – শিক্ষা দিয়েছিল; problem (প্রোবলেম) – সমস্যা; at last (এট লাস্ট) – অবশেষে; shine (শাইন) – কিরণ বা আলো দেওয়া; into (ইনটু) – মধ্যে। mirror (মিরর) – আয়না; became (বিকেইম) – হয়েছিল; used (ইউজড) – ব্যবহৃত হয়েছিল; how (হাউ) – কেমন; much (মাচ) – প্রচুর; benefit (বিনিফিট) – লাভ।

অনুবাদ : বিজ্ঞানী হলেন এমন এক ব্যক্তি যিনি নতুন কিছু আবিষ্কার করেন। পাঠ্যাংশে বিজ্ঞানী আমাদের কীভাবে পানি ফুটানো যায় তা দেখিয়েছেন। তিনি আমাদের জানিয়েছেন যে পুকুর, খাল, নদীর পানি নিরাপদ নয়। যদি আমরা ঐ ধরনের পানি পান করতে চাই আমাদেরকে এটা ফুটাতে হবে। পানি গরম করতে জনগণ কেরোসিন, বিদ্যুৎ, গ্যাস ও কাঠ ব্যবহার করে। বিজ্ঞানী আবিষ্কার করেছে। সূর্যরশ্মি পানি গরম করতে যথেষ্ট। ১৯৭৬ সালে একজন বিজ্ঞানী এ সমস্যা নিয়ে ভাবলেন। পরিশেষে, তিনি আবিষ্কার করলেন যে, সূর্যকিরণ আয়নার উপর পড়ে এবং খুব গরম হয়। সূর্যকিরণ পানি গরমে ব্যবহার করতে পারে। বিজ্ঞানী আমাদের শিখালেন কীভাবে পানি গরম করতে হয়। বিজ্ঞানীর কোনকিছু আবিস্কৃত জিনিস দ্বারা আমরা অনেক উপকৃত হই।

107. The Village Blacksmith (গ্রাম্য কামার)

a. Who is a blacksmith? (কামার কে?)

b. Who is his friend? (কে তার বন্ধু?)

c. Where does he generally sit? (সাধারণত সে কোথায় বসে?)

d. How are his muscles? (তার পেশি কেমন?)

e. What does he make? (সে কী তৈরি করে?)

The village blacksmith (ব্ল্যাকস্মিথ-কামার) is an important person. He is familiar to the villagers. Specially, he is the friend (ফ্রেন্ড-বন্ধু) of farmers. Farmers get their necessary things from the village blacksmith. He sits under the spreading mango trees. The blacksmith is a strong and mighty man. His muscles are very strong. The blacksmith is an honest man. He does not owe to anyone. When he makes his tools, forges are flown. Boys and girls like to see the forge. The forge flies on the air. The village blacksmith makes hoe, spade and rake. The farmers get benefits from the village blacksmith.

Vocabulary (শব্দার্থ) : important (ইমপোর্টেন্ট) – গুরুত্বপূর্ণ; person (পার্সন) – ব্যক্তি; farmer (ফার্মার) – কৃষক; necessary (নেসেসারি) – প্রয়োজনীয়; things (থিংস) – জিনিসপত্র; spreading (স্প্রেডিং) – বিস্তৃত; mango (ম্যাঙ্গো) – আম; trees (ট্রিজ) – গাছগুলো; strong and mighty (স্ট্রং অ্যান্ড মাইটি) – বলবান এবং শক্তিশালী; owe (ঔ) – ঋণী থাকা; muscles (মাসলস) – পেশিগুলো; strong (স্ট্রং) – বলবান; enough (এনাফ) – যথেষ্ট; honest (অনেস্ট) – সৎ; anyone (এ্যানিওয়ান) – যে কেউ; to see (টু সি) – দেখতে; forge (ফর্জ) – স্ফুলিঙ্গ; flies (ফ্লাইজ) – উড়া; spade (স্পেড) – কোদাল; rake (রেক) – আঁচড়ানী; benefit (বিনিফিট) – লাভ/মুনাফা; familiar (ফ্যামিলিয়্যার) – সুপরিচিত; specially (স্পেশ্যালি) – বিশেষভাবে।

অনুবাদ : গ্রাম্য কামার একজন গুরুত্বপূর্ণ ব্যক্তি। সে গ্রামবাসীর কাছে সুপরিচিত। বিশেষ করে সে কৃষকের বন্ধু। কৃষকেরা গ্রাম্য কামারের কাছ থেকে তাদের প্রয়োজনীয় জিনিসপত্র পায়। সে বিস্তৃত আম গাছের নিচে বসে। কামার একজন বলবান এবং শক্তিশালী মানুষ। তার পেশিগুলো খুব শক্তিশালী। কামার একজন সৎ মানুষ। সে কারো কাছে ঋণী নয়। যখন সে তার যন্ত্রপাতি তৈরি করে, স্ফুলিঙ্গ উড়ে। বালক বালিকারা স্ফুলিঙ্গ দেখতে পছন্দ করে। স্ফুলিঙ্গ বাতাসে ভেসে যায়। গ্রাম্য কামার নিড়ানী, কোদাল এবং আঁচড়ানি তৈরি করে। কৃষকেরা গ্রাম্য কামারের কাছ থেকে উপকৃত হয়।

108. Water Hyacinths (কচুরিপানা)

a. What are water hyacinths? (কচুরিপানা কী?)

b. Where are they found? (এগুলো কোথায় পাওয়া যায়?)

c. What are their colours? (এগুলোর রং কী?)

d. What can we make with them? (এগুলো দিয়ে আমরা কী তৈরি করতে পারি?)

e. How should we use it? (আমরা কীভাবে এটি ব্যবহার করব?)

Water hyacinths (ওয়াটার হায়াসিন্থ-কচুরিপানা) are a kind of plants. They are found in stagnant (স্টেগান্যান্ট-স্থির) water. They grow very fast (ফাস্ট-দ্রুত). They can cover (কাভার-আবৃত করা) a whole (হোল-সমগ্র) pond within a few days. They are green in colour (কালার-রঙ). They grow flowers of purple (পারপল-নীল-বেগুনি) colour. When they are in full bloom (ব্লুম-ফুটা) with their flowers, they look very nice. Water hyacinths are not useless (ইউসলেস-অকেজো) at all. They can be made into good manure. Besides, we can make different (ডিফ্রেন্ট-পার্থক্য) types of furniture (ফার্নিচার-আসবাবপত্র) from them. Even, paper can be made from water hyacinths. Bangladesh is a land of water. So, we have huge (হিউজ-প্রচুর) water hyacinths. We should (শুড-উচিত) make good use of them.

অনুবাদ : কচুরিপানা এক ধরনের গাছ। এগুলো স্থির পানিতে পাওয়া যায়। তারা খুবই দ্রুত জন্মায়। তারা কয়েকদিনের ভিতরে একটি সমগ্র পুকুরকে আবৃত করতে পারে। এদের রং হয় সবুজ। তাদের ফুলের রং হয় নীল-বেগুনি। যখন তাদের ফুল সম্পূর্ণরূপে ফুটে তখন এগুলো খুবই সুন্দর দেখায়। কচুরিপানা একেবারে অকেজো নয়। এ থেকে আমরা উত্তম সার উৎপাদন করতে পারি। এছাড়াও, কচুরিপানা থেকে বিভিন্ন ধরনের আসবাবপত্রও তৈরি করা যায়। এমনকি, কচুরিপানা থেকে কাগজও উৎপন্ন হয়ে থাকে। বাংলাদেশকে পানির দেশ বলা হয়। আমাদের প্রচুর পরিমাণে কচুরিপানা রয়েছে। আমাদের এগুলোর সদ্ব্যবহার করা উচিত।

109. Pahela Baishakh (পহেলা বৈশাখ)

a. Which day is called Pahela Baishakh? (কোন দিনকে পহেলা বৈশাখ বলে?)
b. Why do we celebrate it? (আমরা কেন এটি উদযাপন করি?)
c. What do rural people arrange on that day? (ঐ দিন গ্রামের লোকজন কিসের আয়োজন করে?)
d. How do the urban people observe it? (শহুরে লোকজন কীভাবে এটি উদযাপন করে?)
e. What do they put on? (তারা কী পরিধান করে?)
f. What do people bring out? (লোকজন কী বের করে?)
g. What do different organisations arrange? (বিভিন্ন সংগঠন কিসের আয়োজন করে?)
h. What is the significance of the day? (দিনটির তাৎপর্য কী?)

The first day of Bengali year is called Pahela Baishakh. We celebrate (সেলিব্রেইট-উদযাপন করা) this day with traditional (ট্র্যাডিশনাল-ঐতিহ্যবাহী) festivities (ফেসটিভিটিজ-উৎসব) across the country. The village people arrange Baishakhi Mela on this day. Shopkeepers (শপকিপার-দোকানদার) and traders open new account books and offer sweets to

their customers (কাস্টমারস-ক্রেতা) and clients (ক্লায়েন্টস-মক্কেল). The day has a special attraction (এট্রাকশন-আকর্ষণ) for the urban people. They rise early in the morning. They put on their best dress that is payjama and Panjabi. They take stale (পান্তা) rice with hilsha (হিলসা-ইলিশ) fish. They pass the whole day in great joy and forget the sufferings (সাফারিংস-দুঃখ-কষ্ট) of life for the time being. In the town, different organisations (অরগ্যানাইজেশন-সংগঠন) arrange meetings, seminars, symposium, discussion etc. Different cultural organisations arrange various kinds of cultural function (ফাংশন-অনুষ্ঠান). Pahela Baishakh has a great significance (সিগনিফিক্যান্স-তাৎপর্য) for the Bangalees. It reflects (রিফ্লেক্টস-প্রতিফলিত করা) our age-old tradition and culture. It bears the testimony (টেস্টিমনি-প্রমাণ) to the fact that we have a culture of our own. It is the manifestation (মেনিফেসটেশন-বহিঃপ্রকাশ) of our cultural heritage (হেরিটেজ-ঐতিহ্য).

অনুবাদ : বাংলাবর্ষের প্রথম দিনকে "পহেলা বৈশাখ" বলা হয়। আমরা এই দিনটিকে দেশের সর্বত্র ঐতিহ্যবাহী উৎসবাদিসহকারে উদযাপিত করি। এই দিন গ্রামের লোকেরা বৈশাখী মেলার আয়োজন করে। দোকানদার ও ব্যবসায়ীরা নতুন হালখাতা খোলে এবং ক্রেতা ও মক্কেলদেরকে মিষ্টি দেয়া হয়। শহরে লোকদের জন্য দিনটির বিশেষ আকর্ষণ রয়েছে। তারা খুব সকালে ঘুম থেকে ওঠে। তারা সবচেয়ে ভালো পোশাক অর্থাৎ পায়জামা-পাঞ্জাবী পরিধান করে। তারা ইলিশ মাছ দিয়ে পান্তা ভাত খায়। তারা খুব আনন্দে সারাদিন কাটায় এবং ক্ষণিকের জন্য জীবনের দুঃখ কষ্ট ভুলে যায়। শহরে বিভিন্ন সংঘসভা, সেমিনার, সিম্পোজিয়াম, আলোচনা ইত্যাদির আয়োজন করা হয়। বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন নানা প্রকার সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। বাঙালিদের জন্য পহেলা বৈশাখের বিশেষ তাৎপর্য আছে। এটা আমাদের পুরাতন ঐতিহ্য ও সংস্কৃতিকে প্রতিফলিত করে। আমাদের নিজস্ব যে সংস্কৃতি আছে তারই প্রমাণ এটি বহন করে। এটা আমাদের সাংস্কৃতিক ঐতিহ্যের বহিঃপ্রকাশ।

110. Co-curricular activities (সহ-পাঠ্যক্রম কার্যাবলি)

a. What is the true aim of education? (শিক্ষার সঠিক উদ্দেশ্য কী?)
b. Why are co-curricular activities important? (পাঠ্য বহির্ভূত কার্যক্রম কেন গুরুত্বপূর্ণ?)
c. What do co-curricular activities include? (পাঠ্য বহির্ভূত কার্যক্রম কী অন্তর্ভুক্ত করে?)
d. How can co-curricular activities help a man? (পাঠ্য বহির্ভূত কার্যক্রম কীভাবে একজন মানুষকে সাহায্য করে?)
e. How can games help a man? (কীভাবে খেলাধুলা মানুষকে সাহায্য করে?)

The true aim of education is the harmonious (হারমোনিয়াস-মিলিত) development (ডেভেলপমেন্ট-উন্নতি) of body, mind and soul (সোল-আত্মা). But bookish (বুকিশ-পুঁথিগত) knowledge is not enough. Without co-

curricular activities the full blooming (ব্লুমিং-বিকাশ) of body, mind and soul is quite impossible. Co-curricular (কো-কারিকুল্যার-সহপাঠ্যক্রমিক) activities include (ইনক্লুড্-অন্তর্ভুক্ত করা) debate, publication (পাবলিকেশন-প্রকাশনা) of magazine, cultural activities such as singing, dancing etc. They provide (প্রোভাইড-প্রদান করা) ample opportunity (অপরচিউনিটি-সুযোগ) to develop their faculty (ফ্যাকাল্টি-ক্ষমতা). Again, games and sports are part and parcel of study because without a sound health a student can not concentrate (কনসেনট্রেইট-মনোনিবেশ করা) on his study. We know the fact that health is wealth. Games and sports prove the way of building (বিল্ডিং-গঠন) sound health. Moreover, co-curricular activities help the students to foster (ফোস্টার-লালন-পালন করা) good will. They teach the students to be polite (পোলাইট-ভদ্র), modest, gentle, loyal, diligent (ডিলিজেন্ট-পরিশ্রমী) and persevering (পারসেভারিং-অধ্যবসায়ী). They also tighten the bondage (বন্ডেজ-বন্ধন) of friendship and brotherhood (ব্রাদারহুড-ভ্রাতৃত্ব) among the students.

অনুবাদ : দেহ, মন ও আত্মার মিলিত উন্নতিই শিক্ষার সত্যিকার লক্ষ্য। কিন্তু পুস্তকের জ্ঞানই যথেষ্ট নয়। সহ-পাঠ্যক্রমিক কার্যাবলি ব্যতীত দেহ, মন ও আত্মার পূর্ণ বিকাশ সম্পূর্ণরূপে অসম্ভব। বিতর্ক, ম্যাগাজিন প্রকাশ, সাংস্কৃতিক কার্যকলাপ যেমন সঙ্গীত, নৃত্য ইত্যাদি সহপাঠ্যক্রম কার্যাবলির অন্তর্ভুক্ত। এসব কার্যক্রম তাদের অন্তর্নিহিত ক্ষমতাকে উন্নত করতে যথেষ্ট সুযোগ প্রদান করে। আবার খেলাধুলাও শিক্ষার অঙ্গ; কারণ সুস্বাস্থ্য ব্যতীত শিক্ষার্থী পড়াশোনায় মনোনিবেশ করতে পারে না। আমরা সকলেই কথাটি জানি যে স্বাস্থ্যই সম্পদ। খেলাধুলা সুস্বাস্থ্য গঠনের পথ সুগম করে। অধিকন্তু, সহ-পাঠ্যক্রম কার্যকলাপ ছাত্রছাত্রীদেরকে শুভ ইচ্ছা লালন করতে সহায়তা করে। এসব কার্যকলাপ ছাত্রছাত্রীদেরকে ভদ্র, বিনয়ী, নম্র, অনুগত, পরিশ্রমী ও অধ্যবসায়ী হতে শিক্ষা দেয়। এসব কার্যক্রম ছাত্রছাত্রীদের মধ্যে বন্ধুত্ব ও ভ্রাতৃত্বের বন্ধনকে দৃঢ় করে।

111. Junk food (জাংক ফুড/মুখরোচক খাবার)

a. What is junk food? (জাঙ্ক ফুড কী?)
b. What does it contain? (এর মধ্যে কী থাকে?)
c. How does junk food harm teeth and skin? (জাঙ্ক ফুড কীভাবে দাঁত ও ত্বকের ক্ষতি করে?)
d. Why should we avoid having junk food? (কেন আমরা জাঙ্ক ফুড খাওয়া থেকে বিরত থাকব?)
e. What is home-made food? (বাসায় তৈরি খাবার কী?

Junk food is a food that has been produced (প্রডিউসড-প্রস্তুত) for its pungent (পানজেন্ট-ঝাঁঝালো) taste rather (র‍্যাদার-ব্যতীত) than for its health value (ভেল্যু-মূল্য). It is great fun to eat and it looks very

appealing (অ্যাপিলিং-আকর্ষণীয়). But it is not good for the body. It often contains (কন্টেইন্স-ধারণ করা) added chemicals (কেমিক্যালস-রাসায়নিক পদার্থ) which make it taste soothing (সুদিং-উপশম করে) but are unhealthy (আনহেলদি-অস্বাস্থ্যকর). It usually contains (কনটেইলস-ধারণ করা) a lot of animal fat sugar and salt. Foods like chips, burgers, crisps, cakes, biscuits are high in animal fats. Sweets and fizzy drinks like cola and lemonade (লেমনেড-লেবুর শরবত) are high in sugar. When we eat a large amount (এমাউন্ট-পরিমাণ) of fat, our bodies turn them into fatty tissue and a large amount of sugar can damage our teeth and skin. Junk food lacks (ল্যাকস-হ্রাস পায়) the vitamins and minerals we need. Though people occasionally (অকেশন্যালি-মাঝে মাঝে) eat junk food, the body does best when it is given a healthy balance of nutrients (নিউট্রিয়েন্টস-পুষ্টিমান) from fresh vegetables from garden homemade (হোমম্যাড-বাড়িতে তৈরি) foods.

অনুবাদ : সুস্বাস্থ্যের চেয়ে বরং ঝাঁঝালো স্বাদের জন্য প্রস্তুত যে খাদ্য তাকেই জাংক ফুড বলে। এটা খেতে ভারী মজা ও দেখতে খুবই আকর্ষণীয়। কিন্তু এটা দেহের জন্য ভালো নয়। এতে প্রায়ই অতিরিক্ত রাসায়নিক পদার্থ থাকে যা একে সুস্বাদু করে তোলে তবে অস্বাস্থ্যকর। স্বভাবতই এতে প্রচুর প্রাণিজ চর্বি, চিনি এবং লবণ থাকে। চিপস, বার্গার, ক্রিপস, কেইকস, বিস্কিটস এর মতো খাদ্যগুলো উচ্চমাত্রায় প্রাণীজ চর্বিযুক্ত। মিষ্টি দ্রব্য এবং কোলা লেমনেড-এর মতো গ্যাস নির্গমকারী পানীয়গুলো অতিমাত্রায় চিনিযুক্ত। আমরা বেশি পরিমাণ চর্বি খেলে আমাদের শরীর চর্বিযুক্ত কোষে পরিণত হয় আর অধিক পরিমাণ চিনি আমাদের দাঁত ও ত্বক নষ্ট করে। আমাদের যে যে খাদ্যপ্রাণ ও খনিজ পদার্থ দরকার জাংক ফুডে সেসব নেই। যদিও মানুষ মাঝে মাঝে জাংক ফুড খায় তথাপি বাগানের তাজা শাক-সবজি বাড়িতে তৈরি খাবার থেকে স্বাস্থ্যপ্রদ সুষম পুষ্টিমান পাওয়া গেলে শরীর সবচেয়ে ভালো লাগে।

112. Eid-ul-Fitr (ঈদুল ফিতর)

a. What is the biggest religious festival of the Muslims? (মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব কী?)

b. Why is the holy month of Ramadan a great opportunity for the Muslims? (পবিত্র রমজান মাস কেন একজন মুসলমানের জন্য একটা বড় সুযোগ?)

c. What is the significance of the Eid-ul-Fitr for the Muslims? (মুসলমানদের জন্য ঈদুল ফিতরের তাৎপর্য কী?)

d. What do the children and women do? (শিশুরা এবং মহিলারা কী করে?)

e. What do the people do after the prayer? (ঈদের নামাজের পরে লোকজন কী করে?)

Eid-ul-Fitr is the biggest religious (রিলিজিয়াস-ধর্মীয়) festiv (ফেসটিভাল-উৎসব) of the Muslims. The holy month of Ramadan is great opportunity (অপরচিউনিটি-সুযোগ) for the Muslims to reshap (রিশেপ-পুনঃরূপায়ণ) their life in accordance (অ্যাকরড্যান্স) with th teachings of Islam. It is a month of self- judgment (সেলফ-জাজমে আত্মবিচার). It prohibits a Muslim to commit any sin or evil activitie It is a day of giving thanks to the Almighty (অলমাইটি-সর্বশক্তিমান). O the occasion (অকেশন-উপলক্ষ) of Eid-ul-Fitr the Muslims get chance t exchange (এক্সচেইঞ্জ-বিনিময়) greetings (গ্রিটিংস-শুভেচ্ছা) among their nea and dear ones. It is celebrated with great joy and amusemen (এমিউজমেন্ট-স্ফূর্তি) throughout the Muslim world on the occasion o Eid-ul-Fitr. The Muslims give fitra to the poor early in the morning On this day, all rise very early. Children pass the night i excitements (এক্সসাইটমেন্টস-উত্তেজনা) and make various preparation (প্রিপার‍্যাশন্স-প্রস্তুতি). They go to ponds or rivers and take their baths Then they dress themselves in the best clothes. Meanwhile (মিনহোয়াইল-ইত্যবসরে), the womenfolk (মহিলারা) prepare differen kinds of sweets. Then all take sweets. This being over, all proceeds towards the maidan to offer prayer in congregation (কনগ্রেগেশন-ধর্মসভা). At the end of the prayer, people embrace (এমব্রেস-আলিঙ্গন করা) one another forgetting all enmity. Then they come back home. At mid-day, they take rich items of food.

অনুবাদ : ঈদুল-ফিতর মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব। পবিত্র রমজান মাস ইসলামের শিক্ষানুসারে মুসলমানকে জীবনের পুনঃরূপায়ণ করার সবচেয়ে বড় সুযোগ। এটা আত্মবিচারের মাস। এটা মুসলমানকে কোনো পাপ বা খারাপ কাজ করতে নিষেধ করে। এটা (সর্বশক্তিমানকে) আল্লাহকে ধন্যবাদ জ্ঞাপনের দিন। ঈদুল-ফিতর উপলক্ষে মুসলমানরা তাদের নিকট ও প্রিয় আত্মীয়ের মধ্যে শুভেচ্ছা বিনিময়ের সুযোগ পায়। অনেক আনন্দ ও স্ফূর্তিতে সারা মুসলিম জগতে এটা উদযাপিত হয়। ঈদুল-ফিতর উপলক্ষে খুব সকালেই মুসলমানরা গরিবদেরকে ফেতরা প্রদান করে। এদিন সকলেই খুব সকালে উঠে। ছেলেমেয়েরা উত্তেজনার মাঝে রাত কাটায় ও বিভিন্ন পূর্ব-প্রস্তুতি গ্রহণ করে। তারা পুকুর বা নদীতে গোসল করে। তারপর তারা সবচেয়ে ভালো পোশাকাদি পরিধান করে। ইত্যবসরে মহিলারা বিভিন্ন মিষ্টিদ্রব্য প্রস্তুত করে। তারপর সকলেই মিষ্টিদ্রব্য খায়। এ পর্ব শেষে সকলেই জামাতে নামাজ আদায়ের জন্য মাঠের দিকে অগ্রসর হয়। নামাজ শেষে সকল শত্রুতা ভুলে গিয়ে জনগণ পরস্পর পরস্পরকে আলিঙ্গন করে। তারপর তারা বাড়ি ফিরে। দুপুরে তারা উন্নতমানের খাবার খায়।

113. Ramadan (রমযান)

a. What has Allah said about Siam? (সিয়াম সম্পর্কে আল্লাহ কী বলেছেন?)
b. What has the prophet said about Ramadan? (রমযান সম্পর্কে মহানবি (স.) কী বলেছেন?)
c. What is the religious importance of Siam? (সিয়ামের ধর্মীয় গুরুত্ব কী?)
d. What is the social importance of Ramadan? (রমযানের সামাজিক গুরুত্ব কী?)
e. What is the physical benefit of Ramadan? (রমযানের শারীরিক উপকারিতা কী?)

Fasting is another important pillar (পিলার-স্তম্ভ) of Islam. Its importance (ইমপরট্যান্স-গুরুত্ব) is just after Salat. Allah has made Siam compulsory (কমপালসারি-বাধ্যতামূলক) for all grown-up Muslim men and women so that they can attain (এটেইন-লক্ষ্যে পৌঁছানো) Taqwa. In the hadith, it is said that Allah Himself (হিমসেল্‌ফ-সে নিজে) will reward (রিওয়ারড-পুরস্কৃত করা) those Muslim men and women who fast for the satisfaction (স্যাটিসফেকশন-সন্তুষ্টি) of Allah and no one knows what reward Allah will give. Now, we can realise the importance of Ramadan. The Holy Prophet (প্রফেট-নবীজি) has said that the holy Ramadan is the shield (সীল্ড-ঢাল) of the soul. In a battle (ব্যাটল-যুদ্ধ) field, a soldier protects (প্রোটেক্টস-রক্ষা করা) himself from the attack of the enemies with his shield. Similarly, the holy Ramadan acts as a shield for a Muslim and prevents (প্রিভেন্টস-প্রতিরোধ) him from committing (কমিটিং-কার্য করা) crime, sin or doing any evil deeds. The holy Ramadan saves a Muslim from Jahannam (জাহান্নাম). This is the religious side of the holy Ramadan. It has got many other values. It makes the rich feel the hunger (হাংগার-ক্ষুধা) of the poor. Thus, it brings the rich closer to the poor. All the year round the rich take rich items of food and as a result, they suffer (সাফার-ভোগ করা) from various diseases. But during the month of Ramadan, they cannot take rich food three times a day and thus get relief from various diseases. Actually, the importance (ইমপোরট্যান্স-গুরুত্ব) of the holy Ramadan cannot be described in word.

অনুবাদ : রোজা ইসলামের আরেকটি গুরুত্বপূর্ণ স্তম্ভ। সালাতের ঠিক পরেই এর গুরুত্ব। আল্লাহ সকল বয়স্ক নর-নারীর জন্য সিয়াম বাধ্যতামূলক করে দিয়েছেন যাতে তারা তাকওয়া অর্জন করতে পারে। হাদিসে বলা হয়েছে যে আল্লাহর সন্তুষ্টি বিধানের জন্য যে সকল মুসলমান নর-নারী রোজা রাখে তাদেরকে আল্লাহ নিজে পুরস্কৃত করবেন আর কেউ জানে না আল্লাহ তাদেরকে কী পুরস্কার দিবেন। এবার আমরা রমযানের গুরুত্ব উপলব্ধি করতে পারছি। নবীজী বলেছেন যে পবিত্র রমযান আত্মার ঢালস্বরূপ। যুদ্ধক্ষেত্রে একজন সৈনিক ঢালের সাহায্যে নিজেকে শত্রুর আক্রমণ থেকে

রক্ষা করে। একইভাবে পবিত্র রমযান মুসলমানদের জন্য ঢাল হিসেবে কাজ করে এবং কোনো অপরাধ, পাপ বা কোনো প্রকার খারাপ কর্ম করা থেকে তাকে প্রতিরোধ করে। পবিত্র রমযান মুসলমানকে জাহান্নাম থেকে রক্ষা করে। এটা হচ্ছে পবিত্র রমযানের ধর্মীয় দিক। এর আরো অনেক মূল্যবোধ আছে। এটা ধনীদেরকে গরিবদের ক্ষুধা উপলব্ধি করতে শেখায়। এভাবে এটা ধনীদেরকে গরিবদের নিকটতর করে তোলে। সারা বছর ধনীরা উন্নত খাবার খায় এবং এর ফলে তারা বিভিন্ন রোগে ভোগে। কিন্তু রমযান মাসে তারা রোজ তিনবার উন্নত খাবার খেতে পারে না আর এভাবে তারা বিভিন্ন রোগ থেকে মুক্তি পায়। প্রকৃতপক্ষে, পবিত্র রমযানের গুরুত্ব ভাষায় বর্ণনা করা যায় না।

114. Landing on the Moon (চাঁদে অবতরণ)

a. Who were the astronauts? (নভোচারীগণ কারা ছিলেন?)
b. When did they start for the moon? (কখন তারা চাঁদের উদ্দেশ্যে যাত্রা করেছিলেন?)
c. Who first stepped on the moon? (কে প্রথম চাঁদে অবতরণ করলেন?)
d. Who followed him? (কে তাকে অনুসরণ করলেন?)
e. What did they set on the moon? (তারা চাঁদে কী স্থাপন করলেন?)
f. When did they come back to the earth? (কখন তারা পৃথিবীতে ফিরে আসলেন?)

It was July, 1969. Three American astronauts (এস্ট্রোনাটস-নভোচারী) were waiting in a spaceship (স্পেইসশিপ-মহাশূন্যযান) called Apollo-11. The astronauts were Neil Armstrong, Edwin Aldrin and Michael Collins. They were sitting on a rocket that was 30 stories high. The astronauts were about to go on a great journey. Their destination (ডেসটিনেশন-গন্তব্যস্থল) was the moon, a quarter of a million miles away. They fired rocket and bloated (ব্লোটেড-উৎক্ষিপ্ত করা) off into outer space. They travelled at a great speed. Just 76 hours later, they were orbiting (অরবিটিং-পরিভ্রমণ) the moon. After a while, two of the astronauts, Armstrong and Aldrin left their spaceship in a lunar landing (লেন্ডিং-আবতরণকারী) module and prepared (প্রিপেয়্যার্ড-প্রস্তুতি) to land on the moon. Armstrong was the first to step on to the surface of the moon. Just after 20 minutes Aldrin followed Armstrong and stepped on to the moon. They both explored (এক্সপ্লোরড-অনুসন্ধান) the surface of the moon, took pictures (পিকচারস-ছবি), set up scientific (সাইন্টিফিক-বৈজ্ঞানিক) equipment (ইকুইপমেন্ট-সজ্জিতাবস্থা) and collected sixty pounds of rocks and moon soil. They also set a television camera on the moon so that the whole world could watch. As the astronauts completed their mission, they were now ready to begin their return journey. Firing another rocket they came out of the lunar orbit and headed back to earth. On July, 24, Apollo-11 splashed

(সপ্ল্যাশড-ছড়িয়ে ছিটিয়ে পড়ল) down about 20 kilometres southeast of Hawaii in the Pacific Ocean (প্রশস্ত মহাসাগর). The astronauts came out of the spaceship smiling gladly. Their names will certainly go down in the history as heroes.

অনুবাদ : এটা ছিল ১৯৬৯ সালের জুলাই মাস। তিনজন নভোচারী এপলো-১১ নামক মহাশূন্যযানে অপেক্ষা করছিলেন। নভোচারীগণ ছিলেন নেইল আর্মস্ট্রং, এডুইন অলড্রিন ও মাইকেল কলিন্স। তারা ৩০ তলা উঁচু এক রকেটে উপবিষ্ট ছিলেন। নভোচারীগণ এক মহাভ্রমণ যাত্রায় যেতে প্রস্তুত ছিল। তাদের গন্তব্যস্থল ছিল এক-চতুর্থাংশ মিলিয়ন মাইল দূরবর্তী চাঁদ। তারা রকেট উৎক্ষিপ্ত করে মহাশূন্যে প্রবেশ করেন। তারা খুব দ্রুতগতিতে ভ্রমণ শুরু করলেন। ঠিক ৭৬ ঘণ্টা পর তারা চাঁদের কক্ষপথ পরিভ্রমণ করছিলেন। কিছুক্ষণ পরে দুজন নভোচারী, আর্মস্ট্রং ও অলড্রিন চন্দ্রে অবতরণকারী যানে মহাশূন্যযান ত্যাগ করে চাঁদে অবতরণ করতে প্রস্তুত হন। আর্মস্ট্রংই প্রথম চন্দ্রপৃষ্ঠে অবতরণ করেন। ঠিক বিশ মিনিট পর আর্মস্ট্রংকে অনুসরণ করে অলড্রিন চাঁদে অবতরণ করেন। তারা উভয়েই চন্দ্রপৃষ্ঠে অনুসন্ধান চালান, ছবি তোলেন, বৈজ্ঞানিক যন্ত্রপাতি স্থাপন করেন এবং ৬০ পাউন্ড চন্দ্রশিলা ও মাটি সংগ্রহ করেন। তারা চাঁদে একটি টেলিভিশন ক্যামেরাও স্থাপন করেন যাতে সমস্ত পৃথিবী দেখতে পারে। নভোচারীগণ তাদের উদ্দিষ্ট লক্ষ্য সম্পন্ন করায় তারা এখন প্রত্যাবর্তন যাত্রা শুরু করতে প্রস্তুত হলেন। অন্য একটি রকেট উৎক্ষিপ্ত করে চন্দ্রের কক্ষপথ থেকে তারা বেরিয়ে এলেন এবং পৃথিবী অভিমুখে এগুতে লাগলেন। ২৪ জুলাই এ্যাপোলো-১১ প্রশান্ত মহাসাগরের হাওয়াই দ্বীপের প্রায় ২০ কি.মি. দক্ষিণ-পূর্ব দিকে ছিটকে পড়েছিল। নভোচারীগণ আনন্দে হাসতে হাসতে মহাশূন্যযান থেকে বেরিয়ে এলেন। তাদের নাম ইতিহাসে বীর হিসেবে লিপিবদ্ধ হবে।

115. Grameen Bank (গ্রামীণ ব্যাংক)

a. What is Grameen Bank? (গ্রামীণ ব্যাংক কী?)
b. Who has founded the bank? (ব্যাংকটি কে প্রতিষ্ঠিত করেছেন?)
c. What is the aim of the bank? (ব্যাংকটির উদ্দেশ্য কী?)
d. How does the bank help the poor? (ব্যাংকটি কীভাবে দরিদ্রদেরকে সাহায্য করে?)
e. How does the bank perform its activities? (ব্যাংকটি কীভাবে এর কার্যকলাপ সম্পাদন করে?)
f. How was the concept of Grameen Bank accepted abroad? (গ্রামীণ ব্যাংকের পরিকল্পনাকে বিদেশ কীভাবে গ্রহণ করেছে?)

The Grameen Bank is a bank that works for the welfare (ওয়েলফেয়ার-উন্নতি) of the poor, the landless (ল্যান্ডলেস-ভূমিহীন) and the helpless. Dr. Muhammad Yunus, the eminent (ইমিনেন্ট-প্রখ্যাত) Professor of Economics (ইকোনোমিকস-অর্থনীতি) at Chittangong University

(ইউনিভারসিটি-বিশ্ববিদ্যালয়) is the founder and Managing Director of the Grameen Bank. The aim of the bank is to alleviate (এলিভিয়েট-দূর করা) poverty (পভার্টি-অভাব) from the country by changing the lot of the poor people. It opens its branches in the rural (রুরাল-গ্রাম) areas where the rootless poor people live. The bank provides (প্রভাইডস-দেয়া) loans to the poor for productive (প্রডাকটিভ-উৎপাদনশীল) activities. The system of lending money of this bank is so easy that one can repay the money from the profit. They must follow the rules and regulations (রিগুলেশান্স-কানুন) to get loans from a Grameen Bank branch. First, they have to make 5-6 groups of workers each having five members. Then they have to set up a centre (সেন্টার-কেন্দ্র) where the bank gives loan and receives repayment of loans. Each member of the groups is given a registered number. The members conduct (কনডাক্ট-পরিচালনা করা) their business with the bank through the chairperson (চেয়ারপারসন-সভানেত্রী). This bank has gained (গেইন-অর্জন করা) popularity (পোপিউলারিটি-জনপ্রিয়তা) at home and abroad. Many countries of the world have accepted the principles of the model of Grameen Bank.

অনুবাদ : গ্রামীণ ব্যাংক এমন একটি ব্যাংক যা দরিদ্র ভূমিহীন ও অসহায়দের কল্যাণে কাজ করে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির প্রখ্যাত অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুস গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক। দরিদ্র লোকদের ভাগ্যের পরিবর্তন করে দেশ থেকে দরিদ্রতা বিমোচন করা ব্যাংকটির লক্ষ্য। এ ব্যাংকটি গ্রামাঞ্চলে এর শাখা খোলে যেখানে ছিন্নমূল গরিব লোক বাস করে। উৎপাদনশীল কার্যকলাপের জন্য ব্যাংক গরিবদেরকে ঋণ দিয়ে থাকে। এ ব্যাংকের টাকা ধার দেওয়ার পদ্ধতিটি এত সহজ যে তারা প্রাপ্য লাভ থেকেই টাকা পরিশোধ করতে পারে। গ্রামীণ ব্যাংক থেকে ঋণ পেতে হলে তাদেরকে অবশ্যই নিয়ম-কানুন মানতে হবে। প্রথমত, ৫ সদস্য বিশিষ্ট ৫-৬টি দল গঠন করতে হবে। তারপর তাদেরকে একটি কেন্দ্র স্থাপন করতে হবে, সেখানে ব্যাংক ঋণ দিবে ও ঋণ পরিশোধের টাকা গ্রহণ করবে। দলগুলোর প্রত্যেক সদস্যকে একটি নিবন্ধনকৃত নাম্বার (সংখ্যা) দেওয়া হয়। সদস্যরা সভানেত্রীর মাধ্যমে ব্যাংকের সাথে তাদের ব্যবসায় পরিচালনা করে। এ ব্যাংক দেশে ও বিদেশে জনপ্রিয়তা অর্জন করেছে। বিশ্বের অনেক দেশ গ্রামীণ ব্যাংকের নমুনা নীতিমালা গ্রহণ করেছে।

116. May Day (মে দিবস)

a. Which day is observed as May Day? (মে দিবস হিসেবে কোন দিনটি পালিত হয়?)
b. Why is the day observed? (দিনটি কেন পালিত হয়?)
c. Where is it observed? (এটা কোথায় পালিত হয়?)
d. What is the history behind it? (এর পেছনের ইতিহাস কী?)
e. How long did people work at the beginning of Industrial Revolution? (শিল্প বিপ্লবের শুরুতে মানুষ কতক্ষণ কাজ করত?)
f. Why did the workers strike? (কেন শ্রমিকরা ধর্মঘট করেছিল?)
g. When did the strikers demand their rights? (কখন ধর্মঘটকারীরা তাদের অধিকার দাবি করেছিল?)
h. What happened then? (তখন কী ঘটেছিল?)
i. For whom is the day most important? (কাদের জন্য দিনটি সবচেয়ে গুরুত্বপূর্ণ?)

Some days are internationally (ইন্টারন্যাশনালি-আন্তর্জাতিকভাবে) important. The 1st May is one of them. It is known as May Day or the International Workers Day. The Day is observed (অবজারভড-পালিত হয়) to commemorate (কমেমুরেট-স্মরণ করা) the historic struggle (স্ট্রাগল-সংগ্রাম) of working people. May Day is now observed in most of the countries of the world. The day has a historical background (ব্যাকগ্রাউন্ড-পটভূমি). At the beginning of the Industrial Revolution (রিভোলিউশন-বিপ্লব) people worked for a long time. They had to work fourteen or even more hours a day. So, they felt the necessity (নেসেসিটি-প্রয়োজনীয়তা) of a minimum wage, safety laws and eight-hour workday. For this purpose on May 2, 1886 many strikers demanded (ডিমানডেড-দাবি করা) their rights gathering (গ্যাদারিং-সমবেত) in Chicago. Then police fired at a crowd of strikers. At this, at least one striker (স্ট্রাইকার-ধর্মঘটকারী) was killed, five or six strikers were wounded (ঔনডেড-আহত হয়েছিল) and many of the workers were injured. Through their sacrifices (স্যাকরিফাইসেস-আত্মত্যাগ), to-day's workers are enjoying some privileges (প্রিভিলেজ-সুযোগ-সুবিধা). But the rights and privileges (প্রিভিলেজস) offered to the workers are not sufficient (সাফিসিয়েন্ট-যথেষ্ট) for the maintenance (মেইনটেন্যান্স-ভরণ-পোষণ) of their family. So, the day is much important for the working people all over the world.

অনুবাদ : কতকগুলো দিন আন্তর্জাতিকভাবে গুরুত্বপূর্ণ। ১ মে এদের মধ্যে অন্যতম। এটা মে দিবস বা আন্তর্জাতিক শ্রমিক দিবস নামে পরিচিত। শ্রমবজীবী মানুষের ঐতিহাসিক সংগ্রামকে স্মরণ করার জন্য দিনটি পালিত হয়। মে দিবস এখন পৃথিবীর অধিকাংশ দেশে পালিত হয়। দিনটির একটি ঐতিহাসিক পটভূমি আছে। শিল্প বিপ্লবের প্রথমদিকে লোকেরা দীর্ঘ সময় কাজ করত। তাদেরকে ১৪ ঘণ্টা বা এমনকি আরো অধিক সময় কাজ করতে হতো। কাজেই তারা নিম্নতম বেতন, নি[illegible]া আইন এবং আট ঘণ্টা কর্মদিবসের প্রয়োজনীয়তা বোধ করেছিল। এ উদ্দেশ্যে ১৮৮৩ সালের ২ মে ধর্মঘটিরা চিকাগোতে সমবেত হয়ে তাদের অধিকার দাবী করেছিল। তখন পুলিশ ধর্মঘটীদের একটি দলে গুলি ছুঁড়ে। এতে কমপক্ষে একজন ধর্মঘটী নিহত, ৫/৬ জন আঘাতপ্রাপ্ত এবং আরো অনেক শ্রমিক আহত হয়েছিল। তাদের আত্মত্যাগের মাধ্যমে আজকালকার শ্রমিকরা কিছু সুবিধা ভোগ করছে। কিন্তু শ্রমিকদেরকে প্রদত্ত অধিকার ও সুবিধাদি তাদের পরিবারের ভরণপোষণের জন্য পর্যাপ্ত নয়। কাজেই দিনটি পৃথিবীর সর্বত্র শ্রমিক লোকদের জন্য অধিক গুরুত্বপূর্ণ।

117. The National Memorial (জাতীয় স্মৃতিসৌধ)

a. What is the National Memorial? (জাতীয় স্মৃতিসৌধ কী?)
b. When and where was it built? (কখন এবং কোথায় এটি নির্মিত হয়?)
c. What is'its significance? (এর তাৎপর্য কী?)
d. What is the height of the memorial? (স্মৃতিসৌধের উচ্চতা কত?)
e. How many towers does it have? (এর কতটি চূড়া আছে?)
f. How much area does it cover? (কতটুকু জায়গা জুড়ে এটি অবস্থিত?)

The National Memorial is a monument (মনুমেন্ট-স্মৃতিস্তম্ভ) which shows the nation's respect for the martyrs of the War of Liberation (লিবারেশন-স্বাধীনতা). It stands at Savar for the millions of martrys who laid their lives for the liberation of Bangladesh. Its foundation (ফাউন্ডেশন-ভিত্তি) was laid on the first anniversary (এনিভার্সারি-বার্ষিকী) of the Victory (ভিক্টরি-বিজয়) Day in 1972. It is a symbol of respect (রিসপেক্ট-সম্মান) for the immeasurable (ইমেজারাব্যাবল-অপরিমেয়) achievement (এচিভমেন্ট-কীর্তি) of the martyred (মার্টার্ড-শহিদ) freedom fighter. It is 150 feet tall and stands on a base measuring (মেজারিং-পরিমাণ) 130 feet wide, There is a series of 7 towers that rise by stages to a height of 150 feet. The proposed complex covers an area of 126 acres. The plan of this complex includes (ইনক্লুডস-অন্তর্ভুক্ত) a mosque, a library and a museum (মিউজিয়াম-জাদুঘর). The relics of the Liberation War will be kept in the museum. The most moving sight of the

complex is the several graves (গ্রেভস-কবর) of the martyred freedom fighters. The National Memorial encourages (ইনকারেজ-উৎসাহিত করা) us to live in honour and dignity (ডিগনিটি-মর্যাদা) among the nations of the world. Standing before the graves we bow down our heads in respect (রেসপেক্ট-শ্রদ্ধা) on every 26th March and 16th December.

অনুবাদ : জাতীয় স্মৃতিসৌধ হচ্ছে মুক্তিযুদ্ধের শহিদদের প্রতি জাতির সম্মান প্রদর্শনের স্মৃতিস্তম্ভ। বাংলাদেশের স্বাধীনতার জন্য জীবন উৎসর্গকারী লক্ষ শহিদের জন্য নির্মিত এটা সাভারে অবস্থিত। ১৯৭২ সালের বিজয় দিবসের প্রথম বার্ষিকীতে এর ভিত্তি প্রস্তর স্থাপিত হয়। এটা শহিদ মুক্তিযোদ্ধাদের অপরিমেয় কীর্তির সম্মানের প্রতীক। এটা ১৫০ ফুট উঁচু এবং ১৩০ ফুট প্রশস্ত ভিত্তির উপর অবস্থিত। এখানে ৭টি টাওয়ারের একটি সোপান আছে, যা ধাপে ধাপে ১৫০ ফুট উচ্চতায় পৌঁছে গেছে। প্রস্তাবিত সংলগ্ন ভবনটি ১২৬ একর আয়তন জায়গা জুড়ে আছে। এ কমপ্লেক্সটির পরিকল্পনায় একটি মসজিদ, একটি লাইব্রেরি ও একটি জাদুঘর অন্তর্ভুক্ত আছে। মুক্তিযুদ্ধের নিদর্শনগুলো এ যাদুঘরে সংরক্ষিত থাকবে। কমপ্লেক্সটির সবচেয়ে হৃদয়স্পর্শী দৃশ্য হচ্ছে শহিদ মুক্তিযোদ্ধাদের কয়েকটি কবর। জাতীয় স্মৃতিসৌধ আমাদেরকে বিশ্বের জাতিগুলোর মাঝে সম্মান ও মর্যাদায় বেঁচে থাকতে উৎসাহিত করে। সমাধিগুলোর সম্মুখে দাঁড়িয়ে প্রতি ২৬শে মার্চ ও ১৬ই ডিসেম্বর আমরা শ্রদ্ধায় মাথা অবনত করি।

118. Mother Teresa (মাদার তেরেসা)

a. Where was Mother Teresa born? (মাদার তেরেসা কোথায় জন্মগ্রহণ করেছিলেন?)
b. What was her father? (তাঁর পিতা কী করতেন?)
c. What do you know about her behaviour? (তাঁর আচরণ সম্বন্ধে কী জান?)
d. What did she want to do? (তিনি কী করতে চেয়েছিলেন?)
e. When did she join the order of the sisters of our Lady of Loreto in Ireland? (তিনি কখন আয়ারল্যান্ডের লরেটো কুমারী মেরির সন্ন্যাসিনী বোনদের সম্প্রদায়ে যোগদান করেছিলেন?)
f. What were her activities in India? (ভারতে তাঁর কার্যক্রম কী ছিল?)
g. When and why did Mother Teresa receive Nobel Prize? (কখন এবং কেন মাদার তেরেসা নোবেল পুরস্কার পান?)
h. When did she die? (তিনি কখন মারা যান?)

Mother Teresa was born in Skopje in Macedonia on the 26th August, 1910. Her father was an Albanian builder (বিল্ডার-নির্মাতা). She was the third child of her parents (প্যারেন্টস-পিতামাতা). She was by nature very polite (পোলাইট-ভদ্র) and modest (মডেস্ট-লজ্জাশীল). She intended (ইনটেন্ডেড-চেয়েছিলেন) to be a helping hand to the destitute (ডিসটিটিউট-

নিঃস্ব). At the age of 18, she joined the order of the sisters of our Lady of Loreto in Ireland. In 1928, she began her journey to India. In 1931 she began her teaching practice at a Calcutta Girls' School. To make her vision fruitful (ফ্রুটফুল-সফল) she set up 'Nirmal Hriday' in 1952. In 1953, she started an orphanage (অরফ্যানেজ-এতিমখানা). Then she and her Missionaries (মিশনারিজ) of charity began working with lepers. She continued all her programmes with lepers (লেপার-কুষ্ঠ রোগী). She continued (কন্টিনিউড-চালিয়ে যাওয়া) all her programmes (প্রোগ্র্যামস-কর্মসূচী) with the fund she collected from the charity of some wealthy (অয়েলদি-ধনী) people. As recognition (রিকগনিশন-স্বীকৃতি) of her work she got Nobel Prize in 1979. She breathed (ব্রীদড-নিঃশেষ ত্যাগ করা) her last on the 5th September, 1997 at the age of 87. At her death, the world lost a great social worker.

অনুবাদ : মাদার তেরেসা ১৯১০ সালের ২৬ শে আগস্ট ম্যাসিডনিয়ার স্কোপজেতে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা আলবেনিয়ার একজন নির্মাতা ছিলেন। তিনি তাঁর পিতামাতার তৃতীয় সন্তান ছিলেন। তিনি স্বভাবত খুবই ভদ্র ও নম্র ছিলেন। তিনি নিঃস্বদের সহায়ক হতে চেয়েছিলেন। তিনি ১৮ বছর বয়সে আয়ারল্যান্ডের লরেটোতে কুমারী মেরীর সন্ন্যাসিনী বোনদের সম্প্রদায়ে যোগদান করেছিলেন। ১৯২৮ সালে তিনি ভারত ভ্রমণ শুরু করেন। ১৯৩১ সালে তিনি কলকাতার এক বালিকা বিদ্যালয়ে শিক্ষকতা চর্চা শুরু করেন। তিনি তাঁর উদ্দেশ্য সফল করার জন্য ১৯৫২ সালে "নির্মল হৃদয়" স্থাপন করেন। ১৯৫৩ সালে তিনি একটি এতিমখানা শুরু করেন। তখন তিনি ও তাঁর বদান্যতার মিশনারী কুষ্ঠব্যাধীগ্রস্তদের নিয়ে কাজ করতে শুরু করেন। কিছু ধনী লোকের বদান্যতা থেকে সংগৃহীত তহবিল দ্বারা তিনি তার সকল কর্মসূচি চালিয়ে যান। তাঁর কাজের স্বীকৃতিস্বরূপ তিনি ১৯৯৭ সালে নোবেল পুরস্কার লাভ করেন। ১৯৯৭ সালের ৫ই সেপ্টেম্বর ৮৭ বছর বয়সে তিনি তাঁর শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তাঁর মৃত্যুতে বিশ্ব এক মহিয়সী নারী হারায়।

119. Dr. Muhammad Yunus (ড. মুহাম্মদ ইউনুস)

a. When and where was Muhammad Yunus born? (কখন ও কোথায় মুহাম্মদ ইউনুস জন্মগ্রহণ করেন?)

b. What do you know about his education and service? (তুমি তাঁর শিক্ষা ও চাকরি সম্পর্কে কী জান?)

c. What were his important achievements? (তাঁর গুরুত্বপূর্ণ কৃতিত্ব কী কী ছিল?)

d. Where did he introduce micro-credit system and set up Grameen Bank? (কোথায় তিনি ক্ষুদ্র ঋণ ব্যবস্থার প্রবর্তন ও গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠা করেন?)

e. How did his institutions help the poor? (তাঁর প্রতিষ্ঠান কীভাবে গরিবদের সাহায্য করেছিল?)

Muhammad Yunus was born in 1940 in Chittagong, the business centre of Eastern Bangladesh. He was educated in Chittagong and was awarded (অ্যাওয়ার্ডড-পুরস্কার) a full bright scholarship. He received his Ph.D from Vanderbilt University in USA. In 1972, he became Head of the Economics (ইকোনোমিকস-অর্থনীতি) Department (ডিপার্টমেন্ট-বিভাগ) at Chittagong University. He is the Founder (ফাউন্ডার-প্রতিষ্ঠাতা) and Managing Director of the Grameen Bank. Through this bank he worked for the poor and gave financial (ফিনানসিয়াল-আর্থিক) support (সাপোর্ট-সাহায্য) to make them self-employed. His programmes (প্রোগ্রামস-কর্মসূচি) were crowned (ক্রাউন্ড-সম্মানিত হন) with a grand success (সাকসেস-সাফল্য) and thousands of poor landless (ল্যান্ডলেস-ভূমিহীন) and helpless people could have the chance of escaping (ইস্কেপিং-মুক্তি পাওয়া) from chill poverty (পোভার্টি-দারিদ্র্য). Thus, micro-credit brought (ব্রট-এনে দিল) wealth to the under-privileged (আন্ডার-প্রিভিলেজড-সুবিধাবঞ্চিত) of many nations in the world. He was awarded Nobel Prize for peace in 2006.

অনুবাদ : মুহাম্মদ ইউনুস বাংলাদেশের পূর্বাঞ্চলের ব্যবসাকেন্দ্র চট্টগ্রামে ১৯৪০ সালে জন্মগ্রহণ করেন। তিনি চট্টগ্রামে শিক্ষালাভ করেন। তিনি পূর্ণ মেধা বৃত্তি পান এবং আমেরিকা যুক্তরাষ্ট্রের ভ্যান্ডারবিল্ট বিশ্ববিদ্যালয় থেকে পিএইচ.ডি ডিগ্রী লাভ করেন। ১৯৭২ সালে তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রধান হন। তিনি গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক। এই ব্যাংকের মাধ্যমে তিনি গরিবদের জন্য কাজ করতেন এবং তাদেরকে আত্মকর্মশীল করে তোলার জন্য আর্থিক সাহায্য দিতেন। তাঁর কর্মসূচি বিরাট সাফল্য অর্জন করল এবং হাজার হাজার গরিব, ভূমিহীন ও অসহায় লোক নিদারুণ দারিদ্র্য থেকে মুক্তি পাওয়ার সুযোগ গ্রহণ করতে পারল। এভাবে তাঁর ক্ষুদ্র ঋণ ব্যবস্থা বিশ্বের অনেক জাতির সুযোগ-সুবিধা বঞ্চিত লোকদের সম্পদ এনে দিল। তিনি ২০০৬ সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন।

120. The Shat Gambuj Masjid
Or, The Sixty-domed Mosque (ষাট গম্বুজ মসজিদ)

a. What is the Shat Gambuj Masjid? (ষাট গম্বুজ মসজিদ কী?)
b. Where is it situated? (এটি কোথায় অবস্থিত?)
c. How many domes are there in the mosque? (মসজিদে কতটি গম্বুজ আছে?)
d. Describe the prayer hall of the mosque. (মসজিদের প্রার্থনা কক্ষের বর্ণনা দাও।)
e. How was the interior and exterior of the mosque decorated? (মসজিদের অভ্যন্তরীণ ও বহির্ভাগ কীভাবে সজ্জিত হয়েছিল?)
f. For what purpose was the mosque used? (মসজিদটি কী উদ্দেশ্যে ব্যবহৃত হতো?)
g. What is the importance of the mosque nowadays? (আজকাল মসজিদটির গুরুত্ব কতটুকু?)

The Shat Gambuj Masjid is the most imposing (ইমপজিং-আকর্ষণীয়) multi-domed mosque in Bangladesh. It is situated (সিচুয়েটেড-অবস্থিত) in Bagerhat on the eastern (ইস্টার্ন-পূর্ব) bank of a sweet-water tank called Ghora Digi. Saint Ulugh Khan Jahan Ali, the earliest (আরলিয়েস্ট-প্রাথমিক) torchbearer (টর্চবিয়ারার-অগ্রদূত) of Islam, founded (ফাউন্ডেড-প্রতিষ্ঠা করেছিলেন) this. The mosque is roofed over with 77 squat domes including 7 chauchala or four-sided domes in the middle row. The vast prayer hall is provided with 11 arched (আর্চড-ধনুকাকৃতি) doorways on east and 7 each on north and south for ventilation (ভেন্টিলেশন-আলো-বাতাস) and light. It has 7 longitudinal isles (আইলস-দ্বীপসমূহ) and 11 deep bays by a forest of slender stone columns. From these columns, spring rows of endless arches supporting the domes. The arches are six feet in thickness (থিকনেস-পুরু) and have slightly tapering (ট্যাপারিং-সরু হওয়া) hollow (হলো-অবতল) and round walls. The interior and exterior of the mosque give a view of rather plain architecture (আরকিটেকচার-স্থাপত্য) but the interior (ইন্টেরিয়ার-ভিতরের) western wall of the mosque was beautifully decorated with terracotta (টেরাকোটা-পোড়ামাটি) flowers and foliage. Besides being as a prayer hall, the mosque was also used as the court of Khan Jahan Ali. Now it is one of the greatest (গ্রেটেস্ট-সেরা) tourist attractions and best architectural beauties of Bangladesh. The mosque is declared (ডিকলার্ড-ঘোষণা করা হয়েছে) as a World Heritage (হেরিটেজ-ঐতিহ্য) Site.

অনুবাদ : ষাট গম্বুজ মসজিদ বাংলাদেশের সবচেয়ে আকর্ষণীয় বহু গম্বুজ বিশিষ্ট মসজিদ। এটি বাগেরহাটে ঘোড়াদিঘি নামক এক মিঠা পানির দীঘির পূর্ব তীরে অবস্থিত। ইসলাম ধর্মের প্রাথমিক আলোক বর্তিকাবাহী দরবেশ খান জাহান আলী এই মসজিদটি প্রতিষ্ঠা করেছিলেন। মসজিদটিতে ছাদ তৈরি করা হয়েছে মাঝের সারিতে ৭টি চৌচালা বা চারকোণা আকৃতির গম্বুজসহ ৭৭টি প্রশস্ত গম্বুজ দিয়ে। বিশাল নামাজের কক্ষটিতে ১১টি গোলাকৃতি প্রবেশ পথ পূর্বদিকে, ৭টি করে উত্তর এবং দক্ষিণ দিকে রয়েছে আলো ও বাতাস চলাচলের জন্য। এতে সরু পাথরের স্তম্ভগুচ্ছের সাহায্যে ৭টি আনুভূমিক গলি এবং ১১টি গভীর বারান্দার গলি রয়েছে। এই স্তম্ভগুলো থেকে গম্বুজগুলোর ভারবহনকারী অসংখ্য ধনুকাকৃতির খিলান বেরিয়েছে। খিলানগুলো ছয় ফুট পুরু এবং কিছুটা ক্রমান্বয়ে সরু হওয়া গর্ত ও গোলাকার দেওয়াল আছে। মসজিদের বাইরের ও ভিতরের দিক বরং সাদাসিদে স্থাপত্য শিল্পের দৃশ্য প্রদান করে কিন্তু মসজিদের ভিতরের পশ্চিম দিকের দেওয়ালটি পোড়ামাটির ফুল ও পল্লবে সুন্দরভাবে সুসজ্জিত। প্রার্থনা কক্ষ হিসেবে ব্যবহৃত হওয়া ছাড়াও মসজিদটি খান জাহান আলীর দরবার কক্ষ হিসেবে ব্যবহৃত হতো। এখন, এটা পর্যটকদের সেরা আকর্ষণীয় বস্তু ও বাংলাদেশের স্থাপত্য শিল্পগত সৌন্দর্যের অন্যতম। মসজিদটিকে বিশ্ব ঐতিহ্যের একটি স্থান হিসেবে ঘোষণা করা হয়েছে।

121. The Statue of Liberty (স্বাধীনতার প্রতিমূর্তি)

a. What is the Statue of Liberty originally called? (স্বাধীনতার প্রতিমূর্তিকে মূলত কী বলা হয়?)
b. Where is it situated? (এটি কোথায় অবস্থিত?)
c. What do the statue and the broken chain symbolise? (প্রতিমূর্তি ও খণ্ডিত শিকল কিসের প্রতীকস্বরূপ কাজ করে?)
d. By who was the statue given to the United States and why? (কে প্রতিমূর্তিটি যুক্তরাষ্ট্রকে প্রদান করে এবং কেন?)
e. Who designed the statue? (কে প্রতিমূর্তিটির নক্সা করেছিল?)
f. When was it declared a national monument? (কখন এটিকে জাতীয় স্মৃতিস্তম্ভ হিসেবে ঘোষণা করা হয়?)
h. What is its global significance? (এর বিশ্বব্যাপী তাৎপর্য কী?)

The Statue of Liberty is originally called Liberty Enlightening the world. It is situated on Liberty Island (formerly Bedloes Island) in the harbour of New York. The statue symbolises liberty in the form of a woman wearing flowing robes and a spiked crown. She holds a torch aloft in her right hand and carries in her left hand a book inscribed "July 4, 1776." Broken chain symbolizing the overthrow of tyranny lies at her feet. The statue was designed by the French sculptor Frederio Bartholdi and was given by France to the United States to commemorate the centennial of US independence in 1876. France raised funds by popular subscription to pay for the statue. US donors financed the pedestal and installation of the monument. President Grover Cleveland dedicated (ডেডিক্যাটেড-উৎসর্গ করা) the work on October 28, 1886. The statue, the island and nearby Ellis Island were declared a national monument in 1924. The statue is formed of copper sheets riveted to an iron framework. It is one of the largest statues in the world. Originally, it was conceived as a gesture of a global symbol of freedom marking the arrival of millions of immigrants to the United States.

Vocabulary (শব্দার্থ) : statue (স্ট্যাচু) – প্রতিমূর্তি; liberty (লিবারটি) – স্বাধীনতা; originally (অরিজিন্যালি) – মূলত; enlightening (এ্যানলাইটেনিং) – আলোকিত; situated (সিচ্যুয়েটেড) – অবস্থিত; island (আইল্যান্ড) – দ্বীপ; formerly (ফরমারলি) – আগের/পূর্বের/ভূতপূর্ব; harbour (হার্ভার) – পোতাশ্রয়; inscribed (ইনস্ক্রাইবড) – পরিলিখিত; symbolise (সিম্বলাইজ) – প্রতীক হিসেবে কাজ করা, প্রতীকায়ন করা; spiked crown (স্পাইকড ক্রাউন) – কাঁটাওয়ালা মুকুট; overthrow (ওভারথ্রো) – পরাজয়; tyranny (টির‍্যানি) – অত্যাচার; designed

(ডিজাইনড) – নক্সা করা/পরিকল্পিত; sculptor (স্কাল্পটার) – ভাস্কর; commemorate (কোমেমোরেট) – স্মরণীয় করে রাখা; centennial (সেন্টেনিয়েল) – শত বার্ষিকী; independence (ইনডিপেনডেন্স) – স্বাধীনতা; raise funds (রেইজ ফান্ডস) – তহবিল গঠন করা; subscription (সাবস্ক্রিপশন) – চাঁদা, টাকা তোলা; national monument (ন্যাশন্যাল মনুমেন্ট) – জাতীয় স্মৃতিসৌধ; finance (ফিন্যান্স) – অর্থ প্রদান করা; framework (ফ্রেমওয়ার্ক) – কাঠামো; installation (ইনস্টল্যাশন) – স্থাপন; immigrant (ইমিগ্র্যান্ট) – অভিবাসী।

অনুবাদ : স্বাধীনতার প্রতিমূর্তিকে মূলত বিশ্ব আলোকিত স্বাধীনতা' নামে অভিহিত করা হয়। নিউইয়র্কের পোতাশ্রয়ে স্বাধীনতা দ্বীপে (পূর্বের বেডলোজ দ্বীপে) অবস্থিত এটা একটি প্রতিমূর্তি। প্রতিমূর্তিটি প্রবাহমান ঢিলে পোশাক ও কাঁটাওয়ালা মুকুট পরিহিতা নারী মূর্তির আকারে স্বাধীনতার প্রতীকায়ন করছে। মূর্তিটি ডান হাতে উঁচু করে একটি মশাল ধারণ করছে এবং বাম হাতে "৪ই জুলাই ১৭৭৬" পরিলিখিত একটি বই বহন করছে। ভগ্ন শিকল অত্যাচারের পরাজয়ের প্রতীক হিসেবে কাজ করে। এটা তার পদতলে পড়ে আছে। প্রতিমূর্তিটি ফরাসী ভাস্কর ফ্রেডেরিক বারথোল্ডি কর্তৃক নক্সা করা হয়েছিল এবং ফ্রান্স কর্তৃক ১৮৭৬ সালে আমেরিকার স্বাধীনতার শত বার্ষিকী স্মরণীয় করে রাখার জন্য যুক্তরাষ্ট্রকে প্রদান করা হয়েছিল। ফ্রান্স জনগণের চাঁদা দ্বারা মূর্তির টাকা পরিশোধ করার জন্য তহবিল গঠন করেছিল। যুক্তরাষ্ট্রের দাতাগণ মূর্তিটির পদতলের ভিত্তি ও স্থাপনের জন্য অর্থায়ন করেছিল। প্রেসিডেন্ট গ্রোভার ক্লীভল্যান্ড ২৮ অক্টোবর এ শিল্পকর্মটি উৎসর্গ করেছিলেন। ১৯২৪ সালে প্রতিমূর্তি, দ্বীপ এবং নিকটবর্তী এলিস দ্বীপকে জাতীয় স্মৃতিস্তম্ভ হিসেবে ঘোষণা করা হয়। প্রতিমূর্তিটি লৌহ কাঠামোর সাথে পেরেক দ্বারা আটকানো তামার পাতের তৈরি। এটা বিশ্বের বৃহত্তম প্রতিমূর্তিগুলোর অন্যতম। মূলত প্রতিমূর্তিটি আন্তর্জাতিক বন্ধুত্বের দৃষ্টিভঙ্গিস্বরূপ। পরিকল্পিত প্রতিমূর্তিটি লক্ষ লক্ষ অভিবাসীদের যুক্তরাষ্ট্রে আগমন বার্তাকে চিহ্নিত করে স্বাধীনতার বিশ্ব প্রতীক হয়ে উঠেছে।

122. International Women's Day (আন্তর্জাতিক নারী দিবস)

a. How are women treated? (নারীদেরকে কেমন বিবেচনা করা হয়?)

b. How are they thought about their birth? (তাদের জন্ম সম্পর্কে কী ভাবা হয়?)

c. Why do they not get right food? (তারা সঠিক খাবার পায় না কেন)

d. Why are they deprived of all human rights? (তারা কেন সব মানবিক অধিকার থেকে বঞ্চিত?)

e. Why do the women join in an organisation? (মহিলারা কেন একটি সংগঠনে যোগ দেয়?)

Women are the worse sufferers. Desparity between men and women is going on. It begins at their birth. It is thought that girls are born to do household work. They are not fit to work in an office or somewhere else. They are seen engaged in heavy physical labour. They do not get the right food. They are deprived of educational rights. In a word, they are deprived of all human rights. So women all over the world got united and formed an international women organisation to realise all their due rights. Firstly, common women fought for equal rights. Then women of all spheres came out and joined the organisation to enhance (এনহ্যান্স-বর্ধিত করা) the movement (মুভমেন্ট-আন্দোলন) for realizing their equal rights in all walks of life. 8 March is the International Women's Day. This day is observed by women's groups around the world. The day is a national holiday in many countries of the world. The UNO also observes the day. They are also divided (ডিভাইডেড-বিভক্ত) by ethnic, linguistic (লিংগুয়িসটিক-ভাষাসম্বন্ধিয়), cultural, religious, economic (ইকোনোমিক-অর্থনৈতিক) and political differences. Hence they come together to celebrate their day. The day represents their struggle for equality, justice, peace and development. The International Women's Day is the story of ordinary women who have fought for equal rights.

Vocabulary (শব্দার্থ) : international (ইন্টারন্যাশনাল) – আন্তর্জাতিক; worse (ওরস) – অধিকতর খারাপ; disparity (ডিস্প্যারিটি) – বৈষম্য; engaged (ইনগেইজড) – কাজে নিয়োজিত; deprive (ডিপ্রাইভ) – বঞ্চিত; realise (রিয়্যালিজ) – উপলব্ধি করা; equal (ইকোয়্যাল) – সমান; all spheres (অল স্ফেয়ারস) – সকল স্তরের; occasion (অকেজন) – উপলক্ষ; represent (রিপ্রেজেনট) – প্রতিনিধিত্ব করা/জ্ঞাত করা।

অনুবাদ : মহিলারা সবচেয়ে বেশি দুঃখ কষ্ট ভোগী। নারী ও পুরুষের মধ্যে বৈষম্য চলছে। জন্ম থেকে এর শুরু হয়। ভাবা হয় যে মেয়েরা গৃহকর্ম করার জন্যই জন্ম গ্রহণ করে। তারা অফিসে বা অন্য কোথাও কাজ করার যোগ্য নয়। তাদেরকে ভারী শারীরিক কাজে নিয়োজিত দেখা যায়। তারা যথাযথ খাবার পায় না। তারা শিক্ষাগত অধিকার থেকে বঞ্চিত। এক কথায় তারা সকল মানবীয় মৌলিক অধিকার থেকে বঞ্চিত। তাই বিশ্বের সর্বত্র মহিলারা ঐক্যবদ্ধ হয়ে তাদের সকল ন্যায্য অধিকার বাস্তবায়নের জন্য আন্তর্জাতিক মহিলা সংস্থা গঠন করেছিল। প্রথমত, সাধারণ মহিলা সমান অধিকারের জন্য সংগ্রাম করেছিল। তারপর সকল স্তরের মহিলারা বেরিয়ে এল এবং জীবনের সকল ক্ষেত্রে তাদের সমান অধিকার আদায়ের আন্দোলনকে জোরদার করার জন্য সংস্থায় যোগ দিল। ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস। এ দিনটি বিশ্বের সর্বত্র নারী দলগুলো কর্তৃক উদযাপিত হয়। দিনটি বিশ্বের অনেক দেশেই জাতীয় ছুটির দিন। সম্মিলিত জাতিসংঘও এদিনটি উদযাপন করে। তারা জাতিগত, ভাষাগত, সাংস্কৃতিক, ধর্মীয়, অর্থনৈতিক ও রাজনৈতিক পার্থক্য বিভক্ত। তাই তারা দিনটি উদযাপিত করার জন্য একত্র হয়। দিনটি সাম্যতা, ন্যায়বিচার, শান্তি ও উন্নয়নের জন্য তাদের সংগ্রামকে বোঝায়। আন্তর্জাতিক নারী দিবস সাধারণ মহিলাদের কাহিনী যারা সমান অধিকারের জন্য সংগ্রাম করেছে।

123. International Mother Language Day
(আন্তর্জাতিক মাতৃভাষা দিবস)

a. What does the holy Quran say about the mother tongue? (পবিত্র কুরআনে মাতৃভাষা সম্পর্কে কী বলা হয়েছে?)

b. Why is mother tongue important? (মাতৃভাষা গুরুত্বপূর্ণ কেন?)

c. What is the historical background of the day? (দিবসটির ঐতিহাসিক পটভূমি কী?)

d. What was the declaration of UNESCO regarding the day? (দিবসটি সম্পর্কে ইউনেস্কোর ঘোষণাটি কী?)

e. Why was the declaration made? (কেন ঘোষণাটি দেওয়া হয়েছিল?)

Mother tongue is a divine gift. From the holy Quran we come to know that the most Merciful (মারসিফুল-দয়ালু) Almighty has bestowed (বিস্টোড-দান করা) a mother tongue upon each and every caste, creed and colour. Mother tongue is so important that people of a country express their ideas, thoughts, feelings, emotions etc. clearly through mother tongue. But it is an irony of fate that the rulers of Pakistan tried to impose Urdu as the only state language of Pakistan. But the people of our country raised their voice against this unlawful (আনলফুল-বে আইনি) decision. Some of the heroic sons came forward and sacrificed their glorious life for the cause of our mother tongue on the 21st February, 1952. Since then this day is called the Shaheed Dibash. Every year we observe this day with solemnity and pay them profound tribute. Now it is a great pleasure for us that the UNESCO (ইউনেস্কো) has announced February 21 as International Mother Language Day to be observed globally in recognition of the sacrifices of the martyrs for establishing the rightful place of Bangla. It is a great tribute and glowing homage paid by the international community to the language martyrs of Bangladesh. The sacrifices of all the martyrs for championing the cause of their mother tongue have received now a glorious recognition by the people of the world.

Vocabulary (শব্দার্থ) : background (ব্যাকগ্রাউনড) – পটভূমি; declaration (ডিকল্যারেশন) – ঘোষণা; divine (ডিভাইন) – স্বর্গীয়; bestow (বেস্টো) – দান করা; creed (ক্রীড) – ধর্মমত; impose (ইম্পোজ) – আরোপ করা; instead (ইনস্টেড) – পরিবর্তে; voice (ভয়স) – কণ্ঠ; heroic (হিরোয়িক) – বীর সম্বন্ধীয়/বীরসদৃশ; glorious (গ্লোরিয়াস) – মহিমান্বিত; solemnity (সলেমনিটি) – ভাবগাম্ভীর্য; glowing homage (গ্লোয়িং হোমেজ) – উজ্জ্বল সম্মান; recognition (রিকগনিশন) – স্বীকৃতি।

অনুবাদ : মাতৃভাষা একটি স্বর্গীয় উপহার/দান। কোরআন শরীফ থেকে আমরা জানতে পাই যে মহান করুণাময় সর্বশক্তিমান প্রভু প্রত্যেক ও প্রতিটি জাতি, ধর্ম ও বর্ণকে একটি মাতৃভাষা প্রদান করেছেন। মাতৃভাষা এতই গুরুত্বপূর্ণ যে একটি দেশের জনগণ মাতৃভাষার মাধ্যমে তাদের চিন্তা, ভাবনা, আবেগ-অনুভূতি প্রভৃতি স্পষ্টভাবে প্রকাশ করে থাকে। কিন্তু ভাগ্যের পরিহাসে তখনকার পাকিস্তানী শাসকগণ উর্দুকে পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা হিসেবে আমাদের উপর আরোপিত করতে সচেষ্ট হয়েছিল। কিন্তু আমাদের দেশের জনগণ এ বেআইনী সিদ্ধান্তের বিরুদ্ধে সোচ্চার হয়ে উঠেছিল। কতক বীর সন্তান এগিয়ে এসে ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি আমাদের মাতৃভাষার জন্য তাদের মহিমান্বিত জীবন উৎসর্গ করেছিল। তখন থেকেই দিনটি শহিদ দিবস নামে অভিহিত হয়। প্রতি বছর আমরা এ দিনটি ভাবগাম্ভীর্যের সাথে স্মরণ করি এবং তাদের গভীর শ্রদ্ধা নিবেদন করি। এখন এটা আমাদের পরম আনন্দের বিষয় যে বাংলার ন্যায়সঙ্গত স্থান প্রতিষ্ঠার জন্য শহিদদের আত্মত্যাগের স্বীকৃতিস্বরূপ ইউনেস্কো ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে বিশ্বব্যাপী উদযাপিত করার ঘোষণা দিয়েছে। এটা বাংলাদেশের ভাষা শহিদদের প্রতি আন্তর্জাতিক সম্প্রদায় কর্তৃক পরম শ্রদ্ধা ও উজ্জ্বল সম্মান প্রদর্শন। মাতৃভাষার উদ্দেশ্য রক্ষা করার জন্য সকল শহিদদের আত্মত্যাগ এখন বিশ্বজনতা কর্তৃক মহিমান্বিত স্বীকৃতি লাভ করেছে।

124. Acid Rain (এসিড বৃষ্টি)

a. What does acid rain contain? (এসিড বৃষ্টি কী ধারণ করে?)
b. What effects does acid rain have on environment? (এসিড বৃষ্টি পরিবেশের উপর কী প্রভাব ফেলে?)
c. How does acid rain affect people's health? (এসিড বৃষ্টি কীভাবে জনস্বাস্থ্যের ক্ষতি করে?)
d. How is drinking water affected by acid rain? (কীভাবে পানীয় জল এসিড বৃষ্টিতে আক্রান্ত হয়?)
e. What effect does acid rain have on stained windows? (রঙিন জানালায় এসিড বৃষ্টির কী প্রভাব পড়ে?)
f. What does the damage of Taj Mahal indicate? (তাজমহলের ক্ষতি হওয়ায় কী বুঝা যায়?)

Acid rain is a kind of rain which contains harmful chemicals. But in severely polluted areas rain can be as acidic as the acids of lemon juice or vinegar. This rain which is very acidic can cause damage to trees, lakes, wild life, building and human health. Acid rain also damages human health. Breathing in chemicals can harm people. It causes chest illness. When acid rain causes the release of chemicals and metals into drinking water, it pollutes the water. That is how acid rain affects drinking water. Fading of the colours of the glass is a common result of the acid rain. In the last thirty years, some 1000 year old stained glass windows have been damaged by acid rain. The damage of Taj Mahal indicates that acid pollution is occurring in the developing countries of the world.

Vocabulary (শব্দার্থ) : contain (কনটেইন) – অন্তর্ভুক্ত করা; effects (ইফেকটস) – প্রভাব; affect (এফেকট) – ক্ষতি করা; indicate (ইন্ডিকেইট) – নির্দেশ করা; damage (ড্যামেজ) – ক্ষতি করা; breath (ব্রিদ) – শ্বাসপ্রশ্বাস; fade (ফেড) – ম্লান হওয়া; chemicals (কেমিক্যাল) – রাসায়নিক পদার্থ; harm (হার্ম) – ক্ষতি করা; cause (কজ) – কারণ; colour (কালার) – রং/বর্ণ; result (রিজাল্ট) – ফলাফল; occur (অকার) – ঘটা।

অনুবাদ : এসিড বৃষ্টি এক ধরনের বৃষ্টি যাতে ক্ষতিকর রাসায়নিক পদার্থ থাকে। কিন্তু অত্যন্ত দূষিত এলাকায় বৃষ্টি লেবুর রস বা ভিনেগারের অম্লের ন্যায় অম্লাত্মক হতে পারে। এ বৃষ্টি যা খুবই অম্লাত্মক তা গাছপালা, হ্রদ, বন্য জীবন, দালান ও মানব স্বাস্থ্যের ক্ষতি করতে পারে। অম্লবৃষ্টি মানব স্বাস্থ্যের ক্ষতিও করে। রাসায়নিক পদার্থে শ্বাসপ্রশ্বাস গ্রহণ মানুষের ক্ষতি করে। এটা বক্ষরোগ সৃষ্টি করে। যখন এসিড বৃষ্টি রাসায়নিক পদার্থ ও ধাতব বস্তু পানীয় জলে যুক্ত করে তখন এটা জলটুকুকে দূষিত করে দেয়। অর্থাৎ এসিড বৃষ্টি কিভাবে পানীয় জলকে দূষিত করে। কাচের রঙ ম্লান হওয়াটা অম্লবৃষ্টির সাধারণ ফলাফল। গত ত্রিশ বছরে হাজার বছরের পুরাতন কতক রঙিন জানালা এসিড বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত হয়েছে। তাজমহলের ক্ষতি নির্দেশ করে যে এসিড দূষণ বিশ্বের উন্নয়নশীল দেশে ঘটছে।

125. Arsenic Pollution (আর্সেনিক দূষণ)
Or. Arsenic Problem (আর্সেনিক সমস্যা)

a. What is arsenic? (আর্সেনিক কী?)
b. Where is it found? (এটা কোথায় দেখা যায়?)
c. What does it cause into human body? (মানবদেহে এটি কী ঘটায়?)
d. What are its effects? (এর ফলাফল কী কী?)
e. How do people get affected by arsenic? (লোকজন কীভাবে আর্সেনিকে আক্রান্ত হয়?)
f. How can we get rid of it? (আমরা কীভাবে এটা থেকে মুক্তি পেতে পারি?)
g. How can the problem be solved? (কীভাবে সমস্যাটি সমাধান করা যেতে পারে?)

Arsenic is a kind of poison that causes great harm to human beings when it mixes with drinking water. This white toxic element is found in tube-well water. The people of the affected areas suffer from serious skin diseases. The people of North Bengal are the worst sufferers of arsenic pollution. People get affected by it only when they drink this contaminated water. But washing hands, clothes and bathing in this water are not injurious. An arsenic- affected man loses his stamina to work and the skin of his palm, legs and back become sore which leads to skin cancer. Arsenic poisoning slowly develops in human body and causes death if not treated in time. As it is a great threat to human body, necessary steps should be taken to

eradicate this problem. All the tube-wells across the country should be examined by DPHE to separate the safe from the unsafe. Safe tube-wells should be painted green while the unsafe ones should be painted red. More tube-wells should be set up which are free from arsenic and bacteria. We along with the government should try to save ourselves from the growing menace of arsenic and find out the remedy to this problem.

Vocabulary (শব্দার্থ) : get rid (গেট রিড) – মুক্তি পাওয়া; problem (প্রব্লেম) – সমস্যা; poison (পয়জন) – বিষ; diseases (ডিজিজ) – রোগ; palm (পাম) – হাতের তালু; poisoning (পয়জনিং) – বিষ প্রয়োগ; separate (সিপারেট) – আলাদা করা/পৃথক করা; bacteria (ব্যাকটেরিয়া)– জীবাণু; menace (মিনেক) – ভয়াবহতা; find out (ফাইন্ড আউট) – বের করা; remedy (রিমেডি) – প্রতিকার।

অনুবাদ : আর্সেনিক একপ্রকার বিষ যা পানীয় জলে মিশলে মানুষের প্রভূত ক্ষতি সাধন করে। এ সাদা রঙের বিষাক্ত উপাদানটি নলকূপের পানিতে পাওয়া যায়। আক্রান্ত এলাকার মানুষ গুরুতর চর্মরোগে ভোগে। উত্তরবঙ্গের লোকেরা আর্সেনিক দূষণের সবচেয়ে বেশি মারাত্মক ভুক্তভোগী। জনগণ এ দূষিত পানি পান করলেই আর্সেনিকে আক্রান্ত হয়। কিন্তু এ পানিতে হাত ধোওয়া, কাপড়চোপড় ধোওয়া এবং গোসল করা ক্ষতিকর নয়। আর্সেনিক আক্রান্ত লোক কর্মোদ্যম হারায় এবং তার হাতের তালু, পা এবং পিঠের চামড়ায় ক্ষত হয় যা ত্বকের ক্যান্সার সৃষ্টি করে। আর্সেনিক বিষক্রিয়া ধীরে ধীরে মানবদেহে বিকাশ লাভ করে এবং সময়মত চিকিৎসা না করলে মৃত্যু ঘটায়। যেহেতু এটা মানবদেহে বিরাট হুমকিস্বরূপ, তাই এ সমস্যা দূর করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা উচিত। দেশের সর্বত্র নলকূপগুলোকে নিরাপদহীন থেকে নিরাপদগুলো পৃথক করার জন্য ডিপিএইচই কর্তৃক পরীক্ষা করা উচিত। নিরাপদ নলকূপগুলোকে সবুজ রঙে আর নিরাপদহীনগুলোকে লাল রঙে চিহ্নিত করতে হবে। আর্সেনিক ও ব্যাকটেরিয়া মুক্ত আরো নলকূপ বসানো উচিত। আর্সেনিকের ক্রমবর্ধমান ভয়াবহতা থেকে নিজেদেরকে রক্ষা করা এবং এ সমস্যার প্রতিকার বের করার জন্য সরকারের সাথে আমাদেরও চেষ্টা করা উচিত।

126. A Village Doctor (একজন গ্রাম্য চিকিৎসক)

a. Who is a village doctor? (কে গ্রাম্য ডাক্তার?)
b. Where is his dispensary? (তার ঔষধের দোকান কোথায়?)
c. How long does he work? (সে কতক্ষণ কাজ করে?)
d. How is he to the village people? (গ্রামের লোকদের কাছে তার পরিচিতি কী?)
e. What service does he render? (সে কী ধরনের সেবা প্রদান করে?)

A village doctor is a well-known (ওয়েল নোন-সুপরিচিত) person who renders services to the villagers. A village doctor usually does not have higher knowledge (নলেজ-জ্ঞান) on medicine and treatment. Very

few of them may do short course on the primary (প্রাইমারি-প্রাথমিক) knowledge of this profession. Most of them become a village doctor after serving (সারভিং-কাজ করা) for several (সেভারেল-কয়েক) years as an assistant in a dispensary. However, their experiences help a lot in their profession. He is the person to whom the villagers come to have the treatment for their diseases. Sometimes, he has to go to the house of a patient who is seriously ill. Though he cannot perform (পারফর্ম-সম্পাদন করা) major operations, he offers the villagers a ready service. It helps them not to go to the town. His dispensary though not rich in medicine contains all which are very necessary. The village doctor has a honourable position in the village as he pays the villagers an important service any time. He is somewhat responsible for the health condition (কন্ডিশন-অবস্থা) of the villagers. Therefore he should be trained more practically by the government for a better treatment to the villagers.

Vocabulary (শব্দার্থ) : render (রেনডার) – প্রদান করা; treatment (ট্রিটমেন্ট) – চিকিৎসা; profession (প্রফেশন) – পেশা; assistant (এসিসট্যানট) – সহকারী; dispensary (ডিসপেনস্যারি) – দোকান; diseases (ডিজিজ) – রোগ; seriously (সেরিয়াসলি) – গুরুতরভাবে; major (মেজর) – বড়; operation (অপারেশন) – অস্ত্রোপচার; honourable (অনার‍্যাবল) – সম্মানজনক; necessary (নেসেস্যারি) – প্রয়োজনীয়; offer (অফার) – প্রস্তাব।

অনুবাদ : গ্রাম্য চিকিৎসক গ্রামবাসীকে সেবা দানকারি এক সুপরিচিত ব্যক্তি। গ্রাম্য চিকিৎসকের স্বভাবতই ঔষধ ও চিকিৎসা বিষয়ে উন্নততর জ্ঞান থাকে না। তাদের অনেকেই এই পেশার প্রাথমিক জ্ঞান সম্পর্কে সংক্ষিপ্ত পাঠ্যক্রম সম্পন্ন করতে পারে। তাদের অধিকাংশ ব্যক্তিই ঔষধালয়ে সহকারী হিসেবে কয়েক বছর কাজ করার পর গ্রাম্য ডাক্তার বনে যায়। যাহোক, তাদের অভিজ্ঞতা তাদের পেশায় প্রভূত সহায়তা প্রদান করে। তার কাছেই গ্রাম্যবাসী তাদের রোগব্যাধির চিকিৎসা করাতে আসে। মাঝে মাঝে তাকে গুরুতর অসুস্থ রোগীর বাড়ি যেতে হয়। যদিও সে জটিল অস্ত্রোপচার করতে পারে না, তথাপি সে গ্রামবাসীকে উপস্থিত সেবা প্রদান করে থাকে। এটি তাদেরকে শহরে না যেতে সহায়তা করে। তার ঔষধালয় যদিও ঔষধপত্রে উন্নত নয় তথাপি অতি প্রয়োজনীয় সকল ঔষধই তাতে থাকে। গ্রাম্য ডাক্তারের গ্রামে এক সম্মানজনক অবস্থান আছে কারণ সে গ্রামবাসীকে যেকোনো সময় গুরুত্বপূর্ণ সেবা প্রদান করে থাকে। সে গ্রামবাসীদের স্বাস্থ্য সম্পর্কিত অবস্থার জন্য অনেকাংশে দায়িত্বশীল। কাজেই গ্রামীণ জনগণের উন্নততর চিকিৎসার জন্য তাকে সরকার কর্তৃক আরো ব্যবহারিকভাবে প্রশিক্ষণ প্রদান করা উচিত।

127. A Day Labourer (একজন দিনমজুর)

a. Who is a day labourer? (দিনমজুর কে?)
b. What work does he usually do? (সে সচরাচর কী কাজ করে?)
c. What sort of life does he lead? (সে কী ধরনের জীবনযাপন করে?)
d. What happens when he earns more? (সে যখন বেশি আয় করে তখন কী হয়?)
e. What happens when he cannot find work? (কাজ না পেলে তখন তার কী হয়?)

A day labourer (ল্যাবারার-মুজুর) is a man or woman who does hard physical work for living everyday but he/she is not skilled. Generally (জেনারেলি-সাধারণত), he has no land or property of his own. He renders his manual labour for others to earn some money. He has to work hard in various (ভ্যারিয়াস-বিভিন্ন) fields or sectors. Everyday he rises early in the morning and goes out for work. He has to work from dawn to dusk. He gets his wages at the end of the day. On some days, he earns more and then he and his family can eat well. It makes him happy. But it does not happen regularly as he sometimes find no work. Then he and his family have to suffer much or even to starve. Sorrows (সরোস-দুঃখ) and sufferings are his daily companions. Besides, many people maltreat them. But the service of a day labourer is very essential and valuable (ভ্যালুঅ্যাবল-মূল্যবান) for us and our society as well. Considering all these, the government should take steps so that he can lead a human and decent life.

Vocabulary (শব্দার্থ) : skill (স্কীল) – দক্ষতা; property (প্রপার্টি) – সম্পত্তি; render (রেন্ডার) – প্রদান করা; manual (মেনুয়্যাল) – কায়িক; sector (সেক্টর) – ক্ষেত্রে; dawn to dusk (ডান টু ডাস্ক) – সকাল থেকে সন্ধ্যা; wage (ওয়েজ) – মজুরী; happen (হ্যাপেন) – ঘটা; suffer (সাফার) – ভোগা; starve (স্টার্ভ) – অনাহারে থাকা; companions (কম্প্যানিয়নস) – সঙ্গী; maltreat (মালট্রিট) – দুর্ব্যবহার করা; consider (কনসিডার) – বিবেচনা করা।

অনুবাদ : যে নর বা নারী জীবিকার জন্য প্রতিদিন কঠোর পরিশ্রম করে সেই দিনমজুর তবে সে দক্ষ নয়। সাধারণত তার নিজস্ব কোনো জমি বা সম্পত্তি নেই। অর্থ উপার্জনের জন্য সে অপরের জন্য কায়িক পরিশ্রম প্রদান করে। তাকে বিভিন্ন ক্ষেত্রে বা এলাকায় কঠোর পরিশ্রম করতে হয়। প্রতিদিন সে ভোরে উঠে কাজের উদ্দেশ্যে বের হয়। তাকে সকাল থেকে সন্ধ্যা বেলা অবধি কাজ করতে হয়। দিন শেষে সে তার মজুরী পায়। কোনো কোনো দিন সে অধিক উপার্জন করে। আর তখন সে ও তার পরিবার ভালোভাবে খেতে পারে। এতে সে খুশি হয়। কিন্তু নিয়মিত এরকম ঘটে না কারণ সে মাঝে মাঝে কাজ পায় না। তখন তাকে ও তার পরিবারকে অনেক কষ্ট করতে হয়, এমনকি অনাহারে থাকতে হয়। দুঃখ-কষ্ট তার নিত্যদিনের সঙ্গী। তাছাড়া, অনেকে তাদের সাথে দুর্ব্যবহার করে। কিন্তু দিনমজুরের সেবাকর্ম আমাদের এবং সমাজের জন্য অত্যন্ত অত্যাবশ্যক ও মূল্যবান। এসব বিবেচনা করে সরকারের পদক্ষেপ নেওয়া উচিত যাতে সে মানবোচিত সুন্দর জীবনযাপন করতে পারে।

128. Traffic Jam (যানজট)

a. What is traffic jam? (যানজট কী?)
b. What is the nature of traffic jam? (যানজটের বৈশিষ্ট্য কী?)
c. Why does traffic jam occur? (যানজট হয় কেন?)
d. What is your feeling at the time of traffic jam? (যানজটের সময় তোমার অনুভূতি কীরূপ হয়?)
e. How can traffic jam be removed? (যানজট কীভাবে দূর করা যেতে পারে?)

Traffic jam is a long queue of vehicles on a road. It is a great nuisance for the modern society. It causes unspeakable (আনস্পীকেবল-অবর্ণনীয়) sufferings for urban people. Many vehicles moving along the same road at the same time cause traffic (ট্রাফিক) jam. Besides, our traffic police are not sincere. They often do not do their duties honestly. The drivers are indifferent to traffic rules (রুলস-নিয়ম). They try to get more passengers stopping their buses here and there. All these things together (টুগেদার) cause traffic jam. This trouble should not be allowed to continue. Strict laws should be imposed to control traffic jam. Exemplary punishment should be given to the drivers who violate the traffic rules. Above all, the traffic authority should be more active to enforce traffic rules and maintain discipline on the road.

Vocabulary (শব্দার্থ) : nature (নেচার) – প্রকৃতি; occur (অকার) – ঘটা; removed (রিমুভ) – দূর করা; queue (কিউ) – সারি; vehicles (ভেইকিলস) – যানবাহন; nuisance (নূস্যানস) – বিড়ম্বনা; urban (আর্বান) – শহর; indifferent (ইনডিফারেন্ট) – উদাসীন; trouble (ট্রাবল) – সমস্যা; punishment (পানিশমেনট) – শাস্তি; exemplary (এক্সেমপ্লারি) – দৃষ্টান্তমূলক; above all (অ্যাবভ অল) – সর্বোপরি; authority (অথরিটি) – কর্তৃপক্ষ; enforce (ইনফোর্স) – বলবৎ করা, কার্যকরী করা।

অনুবাদ : রাস্তায় যানবাহনের অপেক্ষমান দীর্ঘ সারিকে যানজট বলে। আধুনিক সমাজের জন্য এটা এক বড় বিড়ম্বনা। এটা শহরবাসী লোকের অবর্ণনীয় কষ্টের সৃষ্টি করে। একই রাস্তায় একই সময় বহু যানবাহন চলাচলই যানজটের সৃষ্টি করে। তাছাড়া, আমাদের ট্রাফিক পুলিশ ততটা আন্তরিক নয়। তারা প্রায়ই তাদের কর্তব্য সততার সাথে পালন করে না। চালকেরা ট্রাফিক নিয়ম-কানুনের প্রতি উদাসীন থাকে। এখানে সেখানে বাস থামিয়ে তারা অধিক যাত্রী পাওয়ার চেষ্টা করে। এসব মিলিয়ে যানজটের সৃষ্টি করে। এ অসুবিধা চলতে দেওয়া উচিত নয়। যানজট নিয়ন্ত্রণ করার জন্য কঠোর আইন আরোপ করা উচিত। ট্রাফিক আইন-কানুন লঙ্ঘনকারী চালকদেরকে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া উচিত। সর্বোপরি, ট্রাফিক কর্তৃক আইন-কানুন বলবৎ করে রাস্তায় শৃঙ্খলা বজায় রাখতে অধিক সক্রিয় হওয়া উচিত।

129. A Street Hawker (একজন রাস্তার ফেরিওয়ালা)

a. Who is a street hawker? (রাস্তার ফেরিওয়ালা কে?)
b. What does a street hawker do? (রাস্তার ফেরিওয়ালা কী করে?)
c. What does he sell? (সে কী বিক্রি করে?)
d. When does he come out to sell things? (কখন সে জিনিস বিক্রয় করতে বেরিয়ে আসে?)
e. How does he attract the attention of the customers? (কীভাবে সে ক্রেতাদের মনোযোগ আকর্ষণ করে?)

A street hawker is a man who moves from place to place to sell his goods. He is seen mostly in the morning. Sometimes he sells newspapers. Sometimes (সামটাইমস-মাঝেমধ্যে) he sells various (ভ্যারিয়াস-বিভিন্ন) items such as toys, clothes, fruits, vegetables, earthen pots, utensils and so on. He shouts the names of the items he sells. Children are fond of him because sometimes he wears strange (স্ট্রেঞ্জ-অদ্ভুত) and variegated pied dress, sings songs of captivation or plays sensational (সেনস্যাশনাল) enthralling tunes on his flute. He walks along roads and streets from dawn to dusk. He is a man of dignity because he earns his bread by honest toll. The service that a street hawker does to our society is simply great. He presents the goods that we need daily in front of our house. He sells his goods at cheaper rates. But sometimes he cheats customers (কাস্টমারস-ক্রেতা). So, we should be careful of the street hawkers who are cheats. He lives from hand to mouth and leads a simple (সিম্পল-সরল) life. However, as a whole, a street hawker should never be neglected. We should respect his hard labour and never look down upon him.

Vocabulary (শব্দার্থ) : customer (কাস্টোমার) – ক্রেতা; goods (গুডস) – মালপত্র/জিনিসপত্র; captivation (ক্যাপটিভেশন) – আকর্ষণীয়; earthen pot (আর্দেন পট) – মাটির পাত্র; utensil (ইউটেনসিল) – পাত্র/বাসন-কোসন; shout (শাউট) – চিৎকার করা; wear (ওয়্যার) – পরিধান করা / কাপড় পরা; variegate (ভেয়্যারইগেইট) – রঙীন; dawn to dusk (ডান টু ডাস্ক) – সকাল থেকে সন্ধ্যা; cheap (চীপ) – সস্তা; cheat (চীট) – প্রতারণা করা; neglect (নিগ্লেক্ট) – অবহেলা করা; dignity (ডিগনিটি)-মর্যাদাশীল।

অনুবাদ : মালামাল বিক্রি করার উদ্দেশ্যে বিভিন্ন জায়গায় ঘুরে বেড়ায় যে ব্যক্তি তাকে ফেরিওয়ালা বলে। বেশিরভাগ ক্ষেত্রে সকালেই তাকে দেখতে পাওয়া যায়। মাঝে মাঝে সে খবরের কাগজ বিক্রি করে। মাঝে মাঝে সে বিভিন্ন দ্রব্যাদি যেমন : খেলনা, কাপড়-চোপড়, ফলমূল, শাকসব্জি, মাটির পাত্র, বাসন-কোসন ইত্যাদি বিক্রি করে। যেসব দ্রব্যাদি সে বিক্রি করে, সেসবের নাম চিৎকার করে বলে। ছেলেমেয়েরা তাকে ভালোবাসে কারণ, মাঝে মাঝে সে অদ্ভুত চিত্র-বিচিত্র রঙের পোশাক পরিধান করে,

আকর্ষণীয় গান করে বা তার বাঁশরিতে সাড়া জাগানো মনোমুগ্ধকর সুর বাজায়। ভোরবেলা থেকে সাঁঝের বেলা অবধি রাস্তা-সড়ক দিয়ে হাঁটতে থাকে। সে মর্যাদা ব্যক্তি কারণ, সে সৎ পরিশ্রমের দ্বারা জীবিকা উপার্জন করে। রাস্তার ফেরিওয়া আমাদের সমাজকে যে সেবা প্রদান করে তা সাধারণত মহান। প্রত্যহ যে জিনিসপত্রের আমাদের প্রয়োজন হয় তা সে আমাদের গৃহের সম্মুখে উপস্থিত করে। তার সকল মালামাল অধিকতর সস্তা দরে বিক্রি করে। তবে মাঝে মাঝে ক্রেতাদেরকে ঠকায় (প্রতারিত করে)। কাজেই যে সব রাস্তার ফেরিওয়ালা প্রতার আমাদের তাদের সম্পর্কে সতর্ক থাকা উচিত। সে দিন আনে দিন খায় এবং সর জীবনযাপন করে। যাহোক, মোটের উপর একজন রাস্তার ফেরিওয়ালাকে কখনে অবহেলা করা উচিত নয়। তার কঠোর শ্রমকে আমাদের সম্মান করা উচিত এব কখনো তাকে ঘৃণা করা উচিত নয়।

130. A School Library (বিদ্যালয় গ্রন্থাগার)

a. What is a school library? (বিদ্যালয় গ্রন্থাগার কী?)
b. What is the importance of a school library? (বিদ্যালয় গ্রন্থাগারের গুরুত্ব কী?)
c. Where is it located? (এটা কোথায় অবস্থিত?)
d. How are the books arranged? (কীভাবে বই সাজানো হয়?)
e. How are the books issued for the students? (ছাত্রছাত্রীদের জন্য কীভাবে বইগুলো বিতরণ করা হয়?)
f. How do you feel of your school library? (তোমার বিদ্যালয়ের গ্রন্থাগারকে তুমি কীভাবে দেখ?)

A school library is a place where various kinds of books are kept for readers. Most students need it to enrich their knowledge. We have a library in our school compound. It has a good collection (কালেকশন-সংগ্রহ) of books. We use them to prepare (প্রিপেয়ার-প্রস্তুত করা) notes by studying various books. We also use it to pass our leisure hours. Our school library is located on the first floor of our-institution (ইনস্টিটিউশন-প্রতিষ্ঠান). It is spacious and well-ventilated. It has books from different branches of knowledge like literature, history (হিসটোরি-ইতিহাস), science, commerce (কমার্স-বাণিজ্য), geography and so on. Every student has a library card. We can borrow two books at a time. We can keep the books for seven days. In the library, discipline is strictly (স্ট্রিক্টলি-কঠোরভাবে) maintained. There is an environment of quietness in the library. Our school library is very helpful to increase our knowledge. It also provides (প্রোভাইডস-প্রদান করে) us with daily newspapers. Every school should have a resourceful library.

Vocabulary (শব্দার্থ) : various (ভেরিয়্যাস) – বিভিন্ন; enrich (ইনরিচ) – সমৃদ্ধ করা /উন্নত করা; knowledge (নৌলেজ) – জ্ঞান; compound (কম্পাউন্ড) – আঙ্গিনা; leisure (লেজ্যার) – অবসর; spacious (স্পেশ্যাস) – প্রশস্ত; ventilated (ভেনটিলেটেড) – আলো-বাতাসময়; literature (লিট্যারেচার) – সাহিত্য; geography (জিওগ্রাফি) – ভূগোল; borrow (বরো) – ধার করা; discipline (ডিসিপ্লিন) – নিয়ম-শৃঙ্খলা; quiet (কোয়াইট) – শান্ত; increase (ইনক্রিজ) – বৃদ্ধি করা; resourceful (রিসোর্সফুল) – সমৃদ্ধশালী।

অনুবাদ : বিদ্যালয় গ্রন্থাগার এমন একটি স্থান যেখানে বিভিন্ন প্রকার বই পাঠকের জন্য রাখা হয়। অধিকাংশ ছাত্রছাত্রীর জ্ঞান উন্নত করার জন্য গ্রন্থাগার প্রয়োজন হয়। আমাদের স্কুল প্রাঙ্গনে একটি গ্রন্থাগার আছে। এতে বইয়ের ভালো সংগ্রহ রয়েছে। আমরা বিভিন্ন বই পড়ে নোট তৈরি করার জন্য এগুলোকে ব্যবহার করি। অবসর সময় কাটানোর জন্যও আমরা লাইব্রেরি ব্যবহার করি। আমাদের লাইব্রেরি আমাদের প্রতিষ্ঠানের দ্বিতীয় তলায় অবস্থিত। এটা প্রশস্ত ও আলো বাতাসময়। সাহিত্য, ইতিহাস, বিজ্ঞান, বাণিজ্য, ভূগোল প্রভৃতি বিষয়ে জ্ঞানের বিভিন্ন বিভাগের বই আছে। প্রত্যেক ছাত্রের লাইব্রেরি কার্ড আছে। আমরা একবারে দুটি বই ধার নিতে পারি। আমরা সাত দিন বই রাখতে পারি। গ্রন্থাগারে কঠোরভাবে নিয়ম-শৃঙ্খলা বজায় রাখা হয়। লাইব্রেরিতে শান্ত পরিবেশ থাকে। আমাদের স্কুল লাইব্রেরি জ্ঞান বৃদ্ধির পক্ষে অত্যন্ত সহায়ক। এটা আমাদেরকে দৈনিক সংবাদপত্রাদিও প্রদান করে। প্রত্যেক বিদ্যালয়েরই একটি সমৃদ্ধশালী গ্রন্থাগার থাকা উচিত।

131. Mobile Phone (তারবিহীন চলমান দূরালাপনী যন্ত্র)

a. What is a mobile phone? (মোবাইল ফোন কী?)
b. How does it function? (এটা কীভাবে কাজ করে?)
c. Who are the users of mobile phone? (মোবাইল ফোনের ব্যবহারকারী কারা?)
d. What role does it play in the field of communication? (যোগাযোগের ক্ষেত্রে এর ভূমিকা কী?)
e. How does it contribute to the economy of the country? (দেশের অর্থনীতিতে এর অবদান কী?)
f. What are the demerits of mobile phone? (মোবাইল ফোনের অপকারিতা কী?)
g. Who are the providers of the mobile services in our country? (আমাদের দেশে মোবাইল ফোনের সেবাদানকারী প্রতিষ্ঠান কারা?)

A mobile phone is one of the amazing (অ্যামেজিং-বিস্ময়কর) inventions (ইনভেনশন্স-আবিষ্কার) of modern science and technology. A mobile phone is a scientific device by which we can communicate with others. The communication system (সিসটেম-পদ্ধতি) of the mobile

phone is operated without any cable. A mobile phone has lessened the distance of the world in communication. It is pragmatic and interesting that nowadays messaging and internet system have been included in it. Though people are getting benefits from it, a mobile phone sometimes becomes the cause of health hazards. It causes brain tumour, genetic damage and many other incurable diseases. If a user continues his/her conversation more than two minutes, the "blood brain balance" gets damaged. The blood pressure gets high and red blood cells are damaged if a person is continually exposed to radiation (রেইডিএশন-রশ্মি বিচ্ছুরণ) caused by cellular phone. It is also harmful for a pregnant woman to use a cellular phone. First, it was a sign of aristocracy to use a mobile phone but now it is found in everybody's hand. Grameen Phone, Citycell, Robi, Banglalink, Tele Talk and Airtel provide (প্রোভাইড-প্রদান করা) us with mobile phone services. Though (দো-যদিও) it has some demerits, it is truly a blessing to our civilization (সিভিলিজেশন-সভ্যতা). But a mobile phone will do more benefits to us if it is used carefully in a controlled (কন্ট্রোলড-নিয়ন্ত্রিতভাবে) way.

Vocabulary (শব্দার্থ) : communication (কমিউনিকেশন) – যোগাযোগ; contribute (কন্ট্রিবিউট) – অবদান রাখা; demerit (ডিমেরিট) – দোষ-ত্রুটি/অপকার; technology (টেকনলোজি) – প্রযুক্তি; amazing (এমেজিং) – চমকপ্রদ; invention (ইনভেনশন) – আবিষ্কার; scientific (সাইন্টিফিক) – বৈজ্ঞানিক; device (ডিভাইস) – যন্ত্র; cable (ক্যাবল) – তার; consumer (কনজিউমার) – ব্যবহারকারী; pragmatic (প্রাগমেটিক)– প্রায়োগিক; benefit (বেনিফিট) – উপকার; regrettable (রেগ্রেট্যাবল) – দুঃখজনক; conversation (কনভার্সেশন) – কথোপোকথন।

অনুবাদ : মোবাইল ফোন আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির চমকপ্রদ আবিষ্কারগুলোর অন্যতম। মোবাইল ফোন একটি বৈজ্ঞানিক যন্ত্র যার দ্বারা আমরা অন্যের সাথে পারস্পরিক যোগাযোগ করতে পারি। মোবাইল ফোনের যোগাযোগ ব্যবস্থাটি তার ছাড়াই সম্পন্ন করা যায়। মোবাইল ফোন যোগাযোগের ক্ষেত্রে বিশ্বের দূরত্ব কমিয়ে দিয়েছে। এটা প্রায়োগিক ও আনন্দদায়ক যে আজকাল বার্তা প্রেরণ এবং ইন্টারনেট ব্যবস্থাও এতে অন্তর্ভুক্ত করা হয়েছে। যদিও জনগণ মোবাইল ফোন থেকে উপকার পাচ্ছে তথাপি এটা মাঝে মাঝে স্বাস্থ্য ঝুঁকির কারণ হয়ে থাকে। এটা ব্রেইনটিউমার, প্রজনন সম্বন্ধীয় বংশগতির ক্ষতি এবং আরো অনেক অনারোগ্য ব্যাধির জন্ম দেয়। যদি ব্যবহারকারী দুই মিনিটের অধিক সময় কথোপকথন চালিয়ে যায় তবে তার রক্ত-মস্তিষ্কের সামঞ্জস্যতা ক্ষতিগ্রস্থ হয়। রক্তচাপ বৃদ্ধি পায় এবং লাল রক্ত কোষগুলো ক্ষতিগ্রস্থ হয় যদি কেউ অনবরত সেলিউলার ফোন কর্তৃক সৃষ্ট রশ্মি বিকিরণে নিজেকে অনাবৃত

রাখে। অন্তঃসত্ত্বা রমণীর ক্ষেত্রে সেলিউলার ফোন ব্যবহার করাটাও ক্ষতিকর। প্রথমে মোবাইল ফোন ব্যবহার করাটা আভিজাত্যের প্রতীক ছিল কিন্তু বর্তমানে এটা আমাদের দেশের সকলের হাতেই দেখতে পাওয়া যায়। গ্রামীণ ফোন, সিটিসেল, রবি, বাংলালিংকে, টেলিটক ও এয়ারটেল আমাদেরকে মোবাইল ফোন সেবা প্রদান করে থাকে। যদিও এর কিছু দোষত্রুটি আছে তথাপি এটা আমাদের সভ্যতার জন্য সত্যিকারভাবে একটি আশীর্বাদ। তবে নিয়ন্ত্রিতভাবে সতর্কতার সাথে ব্যবহৃত হলে মোবাইল ফোন আমাদের অনেক উপকার করবে।

132. Computer (কম্পিউটার)

a. What is a computer? (কম্পিউটার কী?)
b. Who invented it? (কে এটি আবিষ্কার করেন?)
c. When was it invented? (কখন এটি আবিস্কৃত হয়?)
d. What is the classification of computer? (কম্পিউটার শ্রেণিবিভাগ কী?)
e. What are the usefulness of it? (এর উপকারিতা কী কী?)

Computer is a wonderful scientific invention. Charles Babez offered a primary concept (কনসেপ্ট-ধারণা) of computer. On the basis of his concept, the first automatic electronic (ইলেক্ট্রনিক-বৈদ্যুতিক) computer was invented in 1946. And so he is called the father of computer. It is such an electronic machine as gives decision very swiftly by receiving messages of data and analysing (এন্যালাইজিং-বিশ্লেষণ) them automatically. In accordance with the act and activities, computer can be divided (ডিভাইডেড-বিভক্ত) into three classes. They are analogue, digital and hybrid computer. According to form and formation computer can be divided into four classes. They are super computer, mainframe (ম্যাইনফ্রেম) computer, mini computer and micro-computer. Micro-computer is also called PC (Personal computer). Computer has some specific parts. These are input device, CPU (Central Processing Unit) and output device. However, computer is of great use to diseases, entertainment (ইনটারটেইনমেন্ট-চিত্তবিনোদন), games and sports, transport, educational sector, researching space and what not. It has worked a great wonder in inventing e-mail, internet. Present lives cannot be led without computer. Truly speaking, we are dependent on computer.

Vocabulary (শব্দার্থ) : wonderful (ওয়ান্ডারফুল) – বিস্ময়কর; scientific (সাইন্টিফিক) – বৈজ্ঞানিক; automatically (অটোম্যাটিক্যালি) – স্বয়ংক্রিয়ভাবে; invention (ইনভেনশন) – আবিষ্কার; accordance (একর্ড্যানস) – অনুসারে; act (এ্যাকট) – কাজ; specific (স্পেসিফিক) – বিশেষ; bless (ব্লেস) – আশীর্বাদ; without (উইদাউট) – ছাড়া; depend on – নির্ভর করা; wide (ওয়্যাইড) – ব্যাপক; diseases – রোগ।

অনুবাদ : কম্পিউটার একটি বিস্ময়কর বৈজ্ঞানিক আবিষ্কার। চার্লস ব্যাবেজ কম্পিউটারের প্রাথমিক ধারণা প্রদান করেন। তার ধারণার উপর ভিত্তি করে প্রথম স্বয়ংক্রিয় ইলেকট্রনিক কম্পিউটার ১৯৪৬ সালে আবিষ্কৃত হয় এবং তাই তাকে কম্পিউটারের জনক বলা হয়। এটা এমন একটি ইলেকট্রনিক যন্ত্র যা বিপুল উপাত্ত গ্রহণ করে ও এগুলোকে স্বয়ংক্রিয়ভাবে বিশ্লেষণ করে খুব দ্রুত সিদ্ধান্ত প্রদান করে। কাজ ও কার্যকলাপ অনুসারে কম্পিউটারকে তিনটি শ্রেণিতে বিভক্ত করা যেতে পারে। এগুলো হচ্ছে এ্যানালগ, ডিজিটাল ও হাইব্রিড কম্পিউটার। আকার ও প্রকারের দিক দিয়ে কম্পিউটারকে চার শ্রেণিতে বিভক্ত করা যেতে পারে। এগুলো হচ্ছে : সুপার কম্পিউটার, ম্যাইনফ্রেম কম্পিউটার, মিনি কম্পিউটার ও মাইক্রো কম্পিউটার। মাইক্রো কম্পিউটারকে পি.সি (পারসন্যাল কম্পিউটার)ও বলা হয়। কম্পিউটারের বিশেষ কতকগুলো অংশ আছে। এগুলো হচ্ছে ইনপুট ডিভাইস, সিপিইউ (সেন্ট্রাল প্রসেসিং ইউনিট) এবং আউটপুট ডিভাইস। যাহোক, কম্পিউটার রোগব্যাধি, চিত্তবিনোদন, খেলাধুলা, পরিবহন, শিক্ষা খাত, গবেষণাক্ষেত্র, আরো অনেক কিছুতে প্রভূত প্রয়োজনীয়। এটা ই-মেইল, ইন্টারনেট আবিষ্কারে এক বিরাট বিস্ময়ের সৃষ্টি করেছে, বর্তমান জীবন কম্পিউটার ছাড়া চলতে পারে না। সত্যিকারভাবে বলতে গেলে, আমরা কম্পিউটারের উপর নির্ভরশীল।

133. Load-Shedding (বিদ্যুৎ বিভ্রাট)

a. What do you mean by load-shedding? (বিদ্যুৎ-বিভ্রাট বলতে কী বুঝ?)
b. Why does it happen? (কেন এটা ঘটে?)
c. What problems does load-shedding create? (বিদ্যুৎ বিভ্রাট কী কী সমস্যার সৃষ্টি করে?)
d. Who suffer most? (কারা সবচেয়ে বেশি কষ্ট ভোগ করে?)
e. What steps should be taken to stop load-shedding? (বিদ্যুৎ-বিভ্রাট রোধ করার জন্য কী কী পদক্ষেপ নেওয়া উচিত?)

Nowadays, load-shedding has become a household word. Load-shedding means the discontinuation (ডিসকন্টিনিউয়েশন-বন্ধ থাকা) of the supply of electricity for the time being. It happens when the generation of power is less than the demand. The concerned authority stops the flow of electricity to some areas for some time to cope with the shortage (স্টোরেজ-সঞ্চয়) of power generation. Load-shedding is almost a daily occurrence (অকারেন্স-ঘটনা) in cities, towns, suburbs and villages. There is hardly any area which is not affected by it. Shops, factories, hospitals etc. are all affected by it. Industries and mills are paralysed for the time being. Production is nampered owing to this. Even, operations stops in hospitals for load-shedding. Students close their books and sit idle in darkness. They curse the authority especially (ইসপেসিয়ালি-বিশেষভাবে) if electricity fails before

the examinations. In fact, load-shedding is a great problem of our country. It should not be allowed to continue in the present situation (সিচুয়েশন-অবস্থা). The whole country is bound to collapse if the present condition of load-shedding is not improved (ইমপ্রুভড-উন্নত করা). The government is to take necessary steps to check it as early as possible. Accordingly the government should set up more power stations in the country. Corruptions in this sector must be curbed with an iron hand.

Vocabulary (শব্দার্থ) : supply (সাপ্লাই) – সরবরাহ; happen (হ্যাপেন) – ঘটা; generation (জেনারেশন) –উৎপাদন; demand (ডিম্যানড) – চাহিদা; almost (অলমোস্ট) – প্রায়ই; paralyse (প্যার্যালাইজ) – অচল; production (প্রোডাকশন) – উৎপাদন; hamper (হ্যাম্পার) – ক্ষতি /ব্যাহত; owing to (ওয়িং টু) – কারণে; darkness – অন্ধকার; curse – অভিশাপ দেওয়া; accordingly (অ্যাকর্ডিংলি)– তদনুসারে; corruption (কারাপশন)–দুর্নীতি।

অনুবাদ : আজকাল বিদ্যুৎ-বিভ্রাট একটি সাধারণ বিষয় হয়ে দাঁড়িয়েছে। বিদ্যুৎ-বিভ্রাট বলতে কিছুক্ষণ বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকাকে বোঝায়। যখন চাহিদা থেকে বিদ্যুৎ উৎপাদন কম থাকে তখন এটা ঘটে। বিদ্যুৎ উৎপাদনের ঘাটতির সাথে তাল মিলিয়ে চলার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কিছু সময়ের জন্য কোনো কোনো এলাকায় বিদ্যুৎ প্রবাহ বন্ধ করে দেয়। শহর, নগরী, শহরতলী ও গ্রামে বিদ্যুৎ-বিভ্রাট তো প্রায় নিত্যদিনের ঘটনা। এমন কোনো এলাকা নেই যেখানে বিদ্যুৎ-বিভ্রাট ঘটে না। এতে দোকান, কারখানা, হাসপাতাল প্রভৃতি সবই আক্রান্ত হয়। শিল্প-কারখানা আপাতত অচল হয়ে যায়। এর কারণে উৎপাদন ব্যাহত হয়। এমনকি হাসপাতালে অস্ত্রোপচারের কাজও বিদ্যুৎ-বিভ্রাটের জন্য বন্ধ হয়ে যায়। ছাত্রছাত্রীরা বই বন্ধ করে অন্ধকারে অলস বসে থাকে। বিশেষ করে পরীক্ষার আগে বিদ্যুৎ না থাকলে তারা কর্তৃপক্ষকে অভিশাপ দেয়। প্রকৃতপক্ষে, বিদ্যুৎ-বিভ্রাট আমাদের দেশের একটি বড় সমস্যা। বর্তমান অবস্থায় এটাকে আর চলতে দেওয়া উচিত হবে না। বিদ্যুৎ-বিভ্রাটের বর্তমান অবস্থার উন্নতি না হলে সমগ্র দেশ ধ্বংসের সম্মুখীন হতে বাধ্য। যত শীঘ্র সম্ভব সরকারের এটা নিয়ন্ত্রণ করার প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। তদনুসারে সরকারকে দেশে আরো বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন করা উচিত। বিদ্যুৎ-খাতে দুর্নীতিকে কঠোর হস্তে নিয়ন্ত্রণ করতে হবে।

134. A Rickshaw-Puller (রিক্সাচালক)

a. Who is a rickshaw puller? (রিকশাচালক কে?)
b. Where does he live? (সে কোথায় বাস করে?)
c. Why does he not consider foul weather? (সে খারাপ আবহাওয়া পরোয়া করে না কেন?)
d. How is his income? (তার উপার্জন কেমন?)
e. How is his life? (তার জীবন কেমন?)

A rickshaw-puller is a person who earns his bread by driving a rickshaw. Very often he drives the rickshaw of others. He is quite familiar (ফ্যামিলিয়ার-পরিচিত) both in cities and towns. Generally, he lives in a slum. Though he works hard upto late night, he leads a poor life. He does not consider the condition (কন্ডিশন-অবস্থা) of the weather. He works hard despite foul weather. Sometimes there arises a dispute between him and the passenger (প্যাসেনজার-যাত্রী) for fare. If he falls sick, his family members fall in distress. All of them have to starve. He cannot enjoy peace and happiness. He also suffers from inferiority complex. His children cannot hope for a bright future. Sometimes, passengers behave roughly with him. But he does not have sufficient strength to tackle it. Some rickshaw-pullers try to cheat the passengers. He takes rest here and there or sitting on his rickshaw. On the whole, his life is full of sufferings. To support (সাপোর্ট-ভরনপোষণ) his family, he has to drive the rickshaw despite his illness. In fact, he leads a very poor and subhuman life.

Vocabulary (শব্দার্থ) : often (ওফেন)–প্রায়ই; slum (স্লাম)–বস্তি; till –পর্যন্ত; consider–বিবেচনা করা; weather (ওয়েদার)–আবহাওয়া; foul (ফাউল)– খারাপ; dispute (ডিসপিউট)–বিতর্ক/বিবাদ করা; fare–গাড়ি ভাড়া; distress–দুর্দশা; starve (ষ্টার্ভ)–অনাহারে থাকা; inferiority (ইনফেরিওরিটি)–হীনতাবোধ; bright (ব্রাইট)–উজ্জ্বল; behave (বিহেভ)–আচরণ করা; sufficient (সাফিসিয়েন্ট)–পর্যাপ্ত; strength (স্ট্রেংথ)–শক্তি; subhuman (সাবহিউম্যান)– মানবেতর।

অনুবাদ : রিক্সা চালিয়ে যে ব্যক্তি জীবিকা উপার্জন করে তাকে রিক্সাচালক বলে। প্রায়ই সে অপরের রিক্সা চালায়। শহর, নগরীতে সে খুবই পরিচিত ব্যক্তি। সাধারণত সে বস্তি এলাকায় বসবাস করে। যদিও সে গভীর রাত অবধি কঠোর পরিশ্রম করে তথাপি সে দরিদ্র জীবনযাপন করে। সে আবহাওয়ার অবস্থা বিবেচনা করে না। সে খারাপ আবহাওয়া সত্ত্বেও কঠোর পরিশ্রম করে। মাঝে মাঝে ভাড়া নিয়ে তার ও যাত্রীর মধ্যে বিতর্ক দেখা দেয়। যদি সে অসুস্থ হয়ে পড়ে তবে তার পরিবারের সদস্যরা দুর্দশায় পড়ে। তাদের সকলকে অনাহারে থাকতে হয়। সে সুখ-শান্তি ভোগ করতে পারে না। সে হীনম্মন্যতাবোধেও কষ্ট পায়। তার ছেলেমেয়েরা উজ্জ্বল ভবিষ্যতের আশা করতে পারে না। মাঝে মাঝে যাত্রীরা তার সাথে খারাপ ব্যবহার করে। কিন্তু তা মোকাবেলা করার যথেষ্ট সামর্থ্য তার নেই। কতক রিক্সাচালক যাত্রীকে ঠকাতে চেষ্টা করে। সে এখানে সেখানে বা তার রিক্সায় বসে বিশ্রাম করে। মোটের উপর, তার জীবন দুঃখ-কষ্টে পরিপূর্ণ। তার পরিবারের ভরণপোষণ করার জন্য তাকে অসুস্থতা উপেক্ষা করে রিক্সা চালাতে হয়। প্রকৃতপক্ষে, সে খুবই দরিদ্র ও মানবেতর জীবনযাপন করে।

135. A Winter Morning (একটি শীতের সকাল)

a. What is a winter morning? (শীতের সকাল কী?)
b. To whom it is heinous? (যাদের কাছে এটি ঘৃণ্য?)
c. Generally, what ca we see in the morning? (সাধারণত সকালে আমরা কী দেখতে পাই?)
d. What does a winter morning present us? (শীতের সকাল আমাদের কী উপহার দেয়?)
e. Who enjoy a winter morning gladly? (কারা শীতের সকাল আনন্দের সাথে উপভোগ করে?)

A winter morning is either romantic or sad. This morning is beneficial to the protection and preservation of man's health. A winter morning is sometimes heinous to the poor people as they have nothing to wear for protecting themselves from severe (সিভিয়ার-কড়া) cold. A winter morning presents us different sights (সাইট-দৃশ্য) such as basking in the sun and what not. Apart from this a winter morning presents us sweet juice of the date, fresh vegetables and fresh natural (ন্যাচারাল-প্রাকৃতিক) foods. People who have the habit (হ্যাবিট-অভ্যাস) of going on morning walk get up early in the morning not fearing (ফিয়ারিং-ভয় করা) the biting cold. But the rich people do not get up early in the morning as they are interested to enjoy (ইনজয়-উপভোগ করা) morning best on the bed in the lap of warm clothes and wrapper. Really, the diversity that we observe in the winter morning sometimes stirs up us or sometimes elates us.

Vocabulary (শব্দার্থ) : romantic (রোম্যান্টিক) – রোমাঞ্চকর; beneficial (বেনিফিশ্যাল) – উপকারি; protection (প্রোটেকশন) – প্রতিরক্ষা; preservation (প্রিজার্ভেশন) – সংরক্ষণ; heinous (হেইন্যাস) – ঘৃণ্য; wrapper (র‍্যাপার) – চাদর; really (রিয়েলি) – বাস্তবিক; diversity (ডাইভারসিটি) – বৈচিত্র্য; observe (অবজার্ভ) – লক্ষ্য করা; stir (স্ট্যার) – নাড়ানো; elate (ইলেইট) – উল্লসিত করা।

অনুবাদ : শীতের সকাল হয় রোমাঞ্চকর নয় দুঃখজনক। মানব স্বাস্থ্যের প্রতিরক্ষা ও সংরক্ষণে শীতের এ সকাল উপকারী। শীতের সকাল মাঝে মাঝে দরিদ্র লোকের কাছে ঘৃণ্য কারণ তীব্র ঠান্ডা থেকে নিজেদেরকে রক্ষা করার জন্য তাদের পরিধেয় কিছুই থাকে না। শীতের সকাল আমাদিগকে বিভিন্ন দৃশ্য প্রদান করে যেমন, রৌদ্র পোহানো আরো কত কী। এছাড়া, শীতের সকাল আমাদিগকে খেজুরের রস, টাটকা শাকসবজি এবং সতেজ প্রাকৃতিক খাবার। যেসব লোকের প্রাতঃভ্রমণের অভ্যাস আছে তারা তীব্র শীত উপেক্ষা করে খুব সকালে ঘুম থেকে উঠে। কিন্তু ধনী লোকেরা খুব সকালে জেগে উঠে না; কারণ তারা গরম কাপড় ও চাদর মুড়ি দিয়ে বিছানায় সকালকে সবচেয়ে বেশি উপভোগ করতে আগ্রহী। বাস্তবিকভাবে, যে বৈচিত্র্য আমরা শীতের সকালে লক্ষ করি তা মাঝে মাঝে আমাদিগকে নাড়া দেয় বা মাঝে মাঝে আমাদিগকে উল্লসিত করে।

136. Women's Contribution to the Development of our Country (আমাদের দেশের উন্নয়নে নারীদের অবদান)

a. What is the percentage of women of our population? (আমাদের জনসংখ্যার শতকরা কত অংশ মহিলা?)

b. What are the areas that women contribute to? (কী কী ক্ষেত্রে মহিলারা অবদান রাখে?)

c. What role do women play in garment, medical and educational institutions? (পোশাক, চিকিৎসা ও শিক্ষা প্রতিষ্ঠানের নারীরা কী ভূমিকা পালন করে?)

d. What role do women play in the administrative area? (প্রশাসনিক ক্ষেত্রে নারীদের ভূমিকা কী?)

e. Can you cite any example of women serving nation significantly? (তাৎপর্যপূর্ণভাবে জাতির সেবা করছে এমন কিছু মহিলাদের দৃষ্টান্ত দিতে পার কি?)

About fifty percent of the total population (পোপুলেইশন-জনসংখ্যা) of our country is women. There is no denying the fact that our womenhood (উইম্যানহুড-নারী সম্প্রদায়) plays a significant role in the development of our country. Earlier in our society, women were forced and kept inside the home. But that time is over. Now women have proved their ability (অ্যাবিলিটি-সক্ষমতা) and talent. They are working in every field of life in offices, banks, schools, trade and commerce. The bringing up of the children, the management (ম্যানেজমেন্ট-ব্যবস্থাপনা) of the family and even the shopping and marketing are done by our women. In every sector of production, women play a major part. Our ready-made garment sector almost totally depends on women. More than 70 per cent of our garment workers are women. Then in our poultry (পৌলট্রি-হাঁস মুরগি) industries, the participation of women has increased the total production (প্রোডাকশন-উৎপাদন) of the country. Nowadays, in every respect women are being given priority. In the field of education, medical science, culture the government (গভার্নমেন্ট-সরকার) takes special care of women. At present, in Bangladesh the Prime Minister and the main opposition party leader are women. So, we can see that in every walk of life our women are contributing (কনট্রিবিউটিং-অবদান রাখা) to the development of the country.

Vocabulary (শব্দার্থ) : cite (সাইট)–দৃষ্টান্তস্বরূপ উল্লেখ করা; significantly (সিগনিফিক্যান্টলি)–তাৎপর্যপূর্ণভাবে; deny (ডিনাই)–অস্বীকার করা; earlier (আর্লিয়ার) – পূর্বে; inside (ইনসাইড)–ভিতরে; proved (প্রুভড)–প্রমাণ করা হয়েছে; talent (ট্যালেনট)-মেধা; commerce (কমার্স)–বাণিজ্য; production (প্রোডাকশন)–উৎপাদন; major (ম্যাজর)–বড়/বিরাট; participation (পার্টিসিপেশন)–অংশগ্রহণ; increase (ইনক্রিজ)–বৃদ্ধি পাওয়া; priority (প্রায়রিটি)–প্রাধান্য; opposite (অপজিট) –বিরোধী।

অনুবাদ : আমাদের দেশের মোট জনসংখ্যার শতকরা প্রায় ৫০ জন নারী। এ কথা অস্বীকার করা যায় না যে আমাদের দেশের উন্নয়নে নারী সম্প্রদায় এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। পূর্বে আমাদের সমাজে নারীদেরকে বলপ্রয়োগ করে গৃহাভ্যন্তরে রাখা হত। কিন্তু ঐ সময় আর নেই। এখন নারীরা তাদের সামর্থ্য ও মেধার প্রমাণ দিয়েছে। তারা জীবনের প্রতি ক্ষেত্রে অফিস, ব্যাংক, বিদ্যালয়, ব্যবসায় ও বাণিজ্যের কাজ করছে। ছেলেমেয়ে লালন-পালন, পরিবারের ব্যবস্থাপনা, এমনকি কেনাকাটা ও বাজার মহিলারাই করে। উৎপাদনের প্রতিক্ষেত্রে নারীরা অগ্রণী ভূমিকা পালন করে। আমাদের নারীদের উপর নির্ভরশীল আমাদের পোশাক শিল্প শ্রমিকদের শতকরা ৭০ ভাগেরও বেশি মহিলা। তারপর পোল্ট্রি শিল্পে নারীদের অংশগ্রহণ দেশের মোট উৎপাদনকে বৃদ্ধি করেছে। আজকাল প্রতিক্ষেত্রে নারীদেরকে প্রাধান্য দেওয়া হচ্ছে। শিক্ষা, চিকিৎসা বিজ্ঞান, সংস্কৃতির ক্ষেত্রে সরকার নারীদের বিশেষ যত্ন নেয়। বর্তমানে বাংলাদেশের প্রধানমন্ত্রী ও প্রধান বিরোধী দলীয় নেত্রী নারী। সুতরাং আমরা দেখতে পাচ্ছি যে, জীবনের প্রতিক্ষেত্রে আমাদের নারীরা দেশের উন্নয়নে অবদান রাখছে।

137. My Neighbour (আমার প্রতিবেশী)

a. Who is called neighbour? (কাকে প্রতিবেশী বলে?)
b. Who is your neighbour? (তোমার প্রতিবেশী কে?)
c. What is he? (তিনি কী করেন?)
d. How is he as a man? (মানুষ হিসেবে তিনি কেমন?)
e. Why do you like him? (তুমি কেন তাকে পছন্দ কর?)

We are social (সোসিয়াল-সামাজিক) beings. We live in a society. We cannot live alone (অ্যালন-একা). We need people around (অ্যারাউনড-সর্বত্র) us with whom we live in collaboration. These people living in adjacent houses are called neighbours (নেইবারস-প্রতিবেশী). We live in a city. Our most close neighbour is Mr Kamal. He is a very simple man. His life style is very ordinary (ওরডিনারি-সাধারণ). He lives in our locality with co-operation and collaboration. The objective of his life is mental (মেন্টাল-মানসিক) peace. He does not quarrel with the neighbours. He wears simple clothes and does not like contentiousness (কনটেনিউসেস-জাঁকজমক). He is a very easy-going man, very hospitable and amicable. He never gets angry with his

neighbours. He tries his best to help us. He is never arrogant (অ্যারগ্যানট-উদ্ধত) but a taciturn man. He works in a private bank. He is financially well off (ওয়েল অফ-সচ্ছল). As a whole, he is a nice neighbour to live with.

Vocabulary (শব্দার্থ) : society – সমাজ; collaboration (ক্যাল্যাবরেশন) – সহযোগিতা; adjacent (এডজ্যাসেনট) – নিকটবর্তী; ordinary (অর্ডিনারি) – সাধারণ; co-operation – সাহায্য; objective – উদ্দেশ্য/লক্ষ্য; hospitable (হসপিট্যাবল) – অতিথিপরায়ণ; amicable (এমিক্যাবল) – অমায়িক; taciturn (ট্যাসিটার্ন) – শান্তশিষ্ট; financially (ফিনেনসিয়্যালি) – আর্থিকভাবে; employee (ইম্পলয়ী) – কর্মচারী।

অনুবাদ : আমরা সামাজিক জীব। আমরা সমাজে বসবাস করি। আমরা একাকী বাস করতে পারি না। আমাদের চারপাশে লোকের প্রয়োজন যাদের সাথে আমরা সহযোগিতায় বসবাস করি। সন্নিকটবর্তী গৃহে বসবাসকারী জনগণকেই প্রতিবেশী বলা হয়। আমরা এক শহরে বাস করি। আমাদের সবচেয়ে ঘনিষ্ঠ প্রতিবেশী কামাল সাহেব। তিনি খুবই সরল লোক। তার জীবনধারা খুবই সাধারণ। তিনি সাহায্য ও সহযোগিতা সহকারে আমাদের এলাকায় বাস করেন। তার জীবনের লক্ষ্য হচ্ছে মানসিক প্রশান্তি। তিনি প্রতিবেশীদের সাথে ঝগড়া করেন না। সাদাসিধে পোশাক পরেন এবং জাঁকজমক পছন্দ করেন না। তিনি খুবই শান্তি-প্রিয় লোক, খুবই অতিথিপরায়ণ ও অমায়িক। তিনি কখনো তার প্রতিবেশীদের প্রতি রাগ করেন না। তিনি আমাদিগকে সাহায্য করতে যথাসাধ্য চেষ্টা করেন। তিনি কখনো উদ্ধত হন না বরং শান্তশিষ্ট লোক। তিনি ব্যক্তিমালিকাধীন একটি ব্যাংকে কাজ করেন। তিনি আর্থিক দিক দিয়ে সচ্ছল। মোটের উপর আমাদের সাথে বাস করার মতো তিনি একজন ভালো মানুষ বটে।

138. A Hartal Day (একটি হরতালের দিন)

a. What is hartal? (হরতাল কী?)
b. What are happened on a hertal day? (হরতালের দিন কী কী ঘটে?)
c. What happens to general people on a hartal day? (হরতালের দিন সাধারণ মানুষের কী ঘটে?)
d. Why do the businessment count heavy loss? (ব্যবসায়ীদের বড় ধরনের ক্ষতি হয় কেন?)
e. Why should we give up this type of political practice? (আমাদের এ ধরনের রাজনৈতিক চর্চা পরিত্যাগ করা উচিত কেন?)

Hartal is generally called a sign of protest against any religious (রিলিজাস-ধর্মীয়), social or special (স্পেশাল-বিশেষ) political issue in the country. During hartal days the organisers (অরগানাইজার-সংগঠক) hold protest, meeting, rally etc. Vehicles (ভীহিকলস-যানবাহন) remain off the

road. Sometimes agitated people runsack the offices, shops and various organisations and also vehicles and other transports (ট্রান্সপোর্টস-পরিবহন) during hartal days. People have to suffer much on a hartal day. They can not go to the offices. They can not go to market. The businessmen have to count heavy loss for hartal. After all, the economical (ইকোনোমিক্যাল-অর্থনৈতিক) condition of the country breaks down for hartal. So, a hartal appears as a curse to our nation. That is why we should give up this type of political practice.

Vocabulary (শব্দার্থ) : generally (জেনের‍্যালি) – সাধারণত; protest (প্রটেস্ট) – প্রতিবাদ করা; political (পলিটিক্যাল) – রাজনৈতিক; issue (ইস্যু) – বিষয়; agitated (এজিটেটেড) – উত্তেজিত; runsack (রানস্যাক) – তছনছ করা; suffer (সাফার) – কষ্ট ভোগ করা; heavy (হেভি) – খুব; condition (কন্ডিশন) – অবস্থা; appear (এপিয়্যার) – মনে হওয়া / দৃষ্টিগোচর হওয়া; give up – ত্যাগ করা।

অনুবাদ : দেশের কোনো ধর্মীয়, সামাজিক বা বিশেষ রাজনৈতিক প্রসঙ্গ সম্বন্ধে প্রতিবাদের প্রতীককে সাধারণত হরতাল বলা হয়। হরতালের দিন সংগঠকরা প্রতিবাদ সভা, মিছিল ইত্যাদি করে থাকে। যানবাহন রাস্তায় নামা বন্ধ রাখে। মাঝে মাঝে উত্তেজিত বিক্ষুব্ধ লোকেরা হরতালের দিনে অফিস, দোকানপাট, বিভিন্ন সংস্থা; যানবাহন ও অন্যান্য পরিবহন তছনছ করে। হরতালের দিনে জনগণকে খুব কষ্ট ভোগ করতে হয়। তারা অফিসে যেতে পারে না। তারা বাজারে যেতে পারে না। হরতালের জন্য ব্যবসায়ীদের অনেক গুরুতর ক্ষতির স্বীকার হতে হয়। মোটের উপর দেশের অর্থনৈতিক অবস্থা হরতালের দরুন ভেঙে পড়ে। কাজেই হরতাল আমাদের জাতির কাছে অভিশাপস্বরূপ মনে হয়। ঐ কারণে এ ধরনের রাজনৈতিক চর্চা আমাদের পরিত্যাগ করা উচিত।

139. Terrorism (সন্ত্রাস)

a. What is terrorism? (সন্ত্রাস কী?)
b. What does it destroy? (এটা কী ধ্বংস করে?)
c. Why cannot people move freely? (জনগণ স্বাধীনভাবে চলাফেরা করতে পারে না কেন?)
d. When do the terrorists demand ransom? (সন্ত্রাসীরা কখন মুক্তিপণ দাবি করে?)
e. How can this problem be solved? (কীভাবে এ সমস্যা সমাধান করা যেতে পারে?)

Terrorism (টেররিজম-সন্ত্রাস) is a much-talked topic of the country. Its claw has spread (স্প্রেড-প্রসারিত হওয়া) over the entire (ইনটায়ার-সম্পূর্ণ) country. It is one of the worst social problems. It destroys peace and order of the society. The public life has become very miserable in the face of organised terrorism. From the common people to businessmen, landed gentry to high officials (অফিশালস-কর্মকর্তা)

nobody is safe from terrorist activities (অ্যাকটিভিটিস-কার্যক্রম). It is a common threat to business and industry (ইনডাসট্রি-শিল্প). People cannot move freely for fear of terrorists. Women can hardly go out wearing jewellery and come back home safely. Each day many school and college girls as well as businessmen are kidnapped by the powerful (পাউয়ারফুল-শক্তিশালী) terrorist groups and subsequently (সাবসিকোয়েন্টলি-পরবর্তীতে) they demand high ransom for the release of the victim. The incidents of killing, mugging (মাগিং-ছিনতাই) and extortion are very common occurrences of the daily life of the people. This problem can be solved only by having united (ইউনাইটেড-ঐক্যবদ্ধ) effort. The law-enforcing (ল-এনফোরসিং-আইন প্রয়োগকারী) bodies should play a strict (স্ট্রিক্ট-কঠোর) role in this regard.

Vocabulary (শব্দার্থ) : topic (টপিক)– বিষয়; claw (ক্ল)– থাবা; worst (ওরস্ট) – সবচেয়ে খারাপ; destroy (ডেসট্রয়) – নষ্ট করা; miserable (মিজার‍্যাবল) – দুর্বিষহ; threat – হুমকি; jewellery (জুয়েলারি) – গহনা; kidnap (কিডন্যাপ) – অপহরণ করা; ransom (র‍্যানসম) – মুক্তিপণ; solve (সল্‌ভ) – সমাধান করা; effort (ইফর্ট) – প্রচেষ্টা।

অনুবাদ : সন্ত্রাস দেশের বহুল আলোচিত প্রসঙ্গ। এর থাবা সমগ্র দেশে প্রসারিত হয়েছে। এটা সবচেয়ে খারাপ সমস্যাগুলোর অন্যতম। এটা সমাজের শান্তি ও শৃঙ্খলা বিনষ্ট করে। সংগঠিত সন্ত্রাসের সম্মুখে জীবন খুবই দুর্বিষহ হয়ে উঠেছে। সাধারণ লোক থেকে ব্যবসায়ীরা, ধনী সম্প্রদায় থেকে উঁচু শ্রেণির কর্মকর্তা পর্যন্ত কেউই সন্ত্রাসীদের কার্যকলাপ থেকে মুক্ত নয়। এটা ব্যবসায় ও শিল্পের ক্ষেত্রে সাধারণ লোকজন সন্ত্রাসীদের ভয়ে স্বাধীনভাবে চলাফেরা করতে পারে না। মহিলারা অলঙ্কার পরিধান করে বাইরে যেতে পারে না এবং নিরাপদে বাড়ি ফিরতে পারে না। প্রতিদিন বহু স্কুল ও কলেজের মেয়ে এবং ব্যবসায়ী লোককে শক্তিশালী সন্ত্রাসী দল কর্তৃক অপহরণ করা হয় এবং পরবর্তীতে তারা তাদের শিকারের মুক্তির জন্য উচ্চ মুক্তিপণ দাবী করে। হত্যা, ছিনতাই ও চাঁদাবাজির ঘটনা জনগণের দৈনন্দিন জীবনের খুব সাধারণ ব্যাপার। ঐক্যবদ্ধ প্রচেষ্টা দ্বারাই কেবল এ সমস্যার সমাধান করা যেতে পারে। আইন প্রয়োগকারী সংস্থাগুলোর এ বিষয়ে কঠোর ভূমিকা পালন করা উচিত।

140. A Moon-Lit Night (একটি চাঁদনী রাত)

a. How is a moon-lit night? (চাঁদনী রাত কেমন?)
b. When did you enjoy a moon-lit night? (কখন তুমি একটি চাঁদনী রাত উপভোগ করেছিলে?)
c. Who was your companion? (কে তোমার সঙ্গী ছিল?)
d. How was the sky? (আকাশ কেমন ছিল?)
e. How were the rivers, canals and ponds? (নদী, খাল ও পুকুর কেমন ছিল?)
f. How did the trees and creepers look like? (গাছপালা ও তরুলতা কেমন দেখাচ্ছিল?)

A moon-lit-night is always pleasing. It gives a nice view. It is not exaggeration (এক্সাগেরেশন-অত্যুক্তি) to say that a moon-lit night enchants (এনচ্যান্ট-মুগ্ধ করা) everyone, even a baby in the lap (ল্যাপ-কোল). A few days ago, I enjoyed (ইনজয়ড-উপভোগ করা) a moon-lit night deeply. I with my friend Titu went on the roof of our building. The moon shone in the cloudy (ক্লাউডি-মেঘলা) sky. The sky looked like a canopy beautified with the shining moon and glittering stars. The moon washed the whole world away with her silvery light. Everything appeared (অ্যাপিয়ারড-দৃশ্যমান হওয়া) to be coated (কৌটেড-মোড়া) with silver. Rivers, canals and ponds seemed to smile in the splendid (স্পেলনডিড-জমকালো) moon beam. The trees and creepers looked bright and sparkling. Dazzling (ড্যাজলিং-চোখ ধাঁধানো) light removed the gloom of night and it looked like a day. It offered us a beautiful sight. Really, it offered a sight that cheered our mind and left a deep impression (ইমপ্রেশন-প্রভাব) on us.

যখন কোনো ব্যক্তি একটি দেশের নাগরিক হয়, সে বিশেষ কিছু করার অধিকারসমূহ লাভ করে। একজন নাগরিকের বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া এবং পরিবার গঠন তার সামাজিক অধিকার। তার অর্থনৈতিক অধিকার রয়েছে নিজের সম্পত্তির উপর। শান্তিপূর্ণ জনসভা/ ধর্মসভা, সামাজিকরণ, মুক্ত চলাচল, ব্যক্তি জীবনে কোনো হস্তক্ষেপ পারিবারিক জীবনপত্র বিনিময় হলো তার সামাজিক অধিকার। চাকরিতে (সরকারি) সমান অধিকার পাওয়ার দাবি, জাতীয়তা এবং ভোটাধিকার এবং প্রশাসনে অংশগ্রহণ করা রাজনৈতিক অধিকার। মুক্ত চিন্তার অধিকার তার সাংস্কৃতিক অধিকার।

Unit-5	Essay/Composition Writing
অধ্যায়-৫	রচনা লিখন

Essay/Composition সম্পর্কে কিছু কথা

NCTB প্রদত্ত নতুন সিলেবাস অনুসারে নবম, দশম শ্রেণির শিক্ষার্থীদের ও এস.এস.সি. পরীক্ষার্থীদের ইংরেজি ২য় পত্রের Composition (কম্পোজিশন-রচনা) অংশে কোনো ঘটনা বা বিষয় সম্পর্কে নিজের অভিজ্ঞতা ও চিন্তাশক্তিকে কাজে লাগিয়ে ২০০ শব্দের মধ্যে একটি Composition লিখতে বলা হবে। সিলেবাসে Composition-এর সীমা ২০০ শব্দে নির্ধারণ করে দেয়া হলেও সামান্য কিছু শব্দের কম-বেশি হলে সমস্যা হবে না। Composition-এর জন্য নম্বর থাকবে ১৫।

কোনো Topic বা বিষয়ের বিভিন্ন দিক সম্পর্কে একটি সুচিন্তিত আলোচনা ধারাবাহিকভাবে প্রাঞ্জল ভাষায় ব্যক্ত করাকে Composition Writing বলে।

Composition শব্দটির সাথে Essay শব্দটির তুলনা করতে গিয়ে অনেকেই দ্বিধা-দ্বন্দ্বে পড়ে যান। Composition হচ্ছে একটি Short essay, এতে কোনো বিষয়ের একটি নির্দিষ্ট দিক বা বৈশিষ্ট্য সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। অন্যদিকে Essay-তে একটি বিষয়ের সকল দিক বা বৈশিষ্ট্য সম্পর্কে ব্যাপক আলোচনা করা হয়ে থাকে। Composition-এ তিনটি অংশ থাকে–

(i) Introduction (ইন্ট্রডাকশন-ভূমিকা),
(ii) Description (ডিসক্রিপশন-বর্ণনা) ও
(iii) Conclusion (কনক্লুজন-উপসংহার)।

Short Composition-এর বিষয়বস্তু বিবেচনা করে একে তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে। যেমন–

(a) Narrative (ন্যারেটিভ-বৃত্তান্ত বা বিবৃতিমূলক),
(b) Descriptive (ডিসক্রিপটিভ-বর্ণনামূলক) ও
(c) Reflective or Argumentative (রিফ্লেকটিভ অর আরগুম্যানটেটিভ-চিন্তামূলক ও যুক্তিনির্ভর)।

বর্তমান সিলেবাস অনুসারে Composition-এ Point-এর উল্লেখ থাকবে কি-না এ বিষয়টি নিয়েও অনেক শিক্ষক-শিক্ষার্থী দ্বিধা-দ্বন্দ্বে থাকেন। প্রকৃত অর্থে এতে পয়েন্ট থাকতে পারে, আবার নাও থাকতে পারে। তাই পরীক্ষায় ছাত্রছাত্রীদের Point উল্লেখ না করে Composition লেখা বাঞ্ছনীয়।

Essay/Composition-এর সূচিপত্র

24. Student Life (ছাত্র জীবন)
25. My Daily Life (আমার প্রাত্যহিক জীবন)
26. My Aim in Life (আমার জীবনের লক্ষ্য)
27. Flood (বন্যা)
28. Value of Time (সময়ের মূল্য)
29. Discipline (নিয়মানুবর্তিতা)
30. Physical Exercise (শারীরিক ব্যায়াম)
31. The Rivers of Bangladesh (বাংলাদেশের নদ-নদী)
32. A Village Fair (একটি গ্রাম্য মেলা)
33. A Village Market (একটি গ্রাম্য বাজার)
34. The Season I like Most (আমার প্রিয় ঋতু)
35. The Postman (ডাকপিয়ন)
36. A Journey by Boat (নৌকা ভ্রমণ)
37. A Railway Journey (একটি রেল ভ্রমণ)
38. A Journey by Bus (একটি বাস ভ্রমণ)
39. The Blessings of Modern Science (আধুনিক বিজ্ঞানের আশীর্বাদ)
40. The Independence Day (স্বাধীনতা দিবস)
41. The Last Victory Day I Celebrated (আমার উদযাপন করা সর্বশেষ বিজয় দিবস)
42. International Mother Language Day (আন্তর্জাতিক মাতৃভাষা দিবস)
43. Population Problem (জনসংখ্যা সমস্যা)
44. An Exciting Cricket Match I Have Witnessed (আমার দেখা একটি উত্তেজনাকর ক্রিকেট ম্যাচ)
45. My Favourite Game (আমার প্রিয় খেলা)
46. Seasons of Bangladesh. (বাংলাদেশের ঋতু)
47. My Visit to A Computer Fair (আমার কম্পিউটার মেলা পরিদর্শন)
48. What I Would Do after My S.S.C. Examination (আমি এস.এস.সি. পরীক্ষার পর যা করব)
49. A Memorable Incident/Event of My Life (আমার জীবনের একটি স্মরণীয় মুহূর্ত/ঘটনা)
50. Fruits of Bangladesh (বাংলাদেশের ফল)

Essay/Composition Writing (রচনা লিখন)

1. Write a composition about 'Your Favourite Teacher'. ('তোমার প্রিয় শিক্ষক' সম্পর্কে একটি রচনা লেখ।)

My Favourite Teacher (আমার প্রিয় শিক্ষক)

Introduction (ভূমিকা) : In student life the person with whom the best relation exists is a teacher. Good education is a must to build up our life. To impart (ইমপার্ট-দান করা/দেওয়া) good education we need an ideal teacher who is a man of good character. Thousands of teachers have devoted themselves in imparting education. Accordingly, in the very start of my educational life, I had got some teachers while I was a student of class five. Each teacher is equally respectful (রেসপেক্টফুল-শ্রদ্ধেয়) to the students. Besides this, some teachers become exceptionally (একসেপশনালি-ব্যক্তিগতভাবে) of good qualities and character. Our school teacher Md. Mostofa Kamal is my favourite teacher.

Reasons of becoming favourite (প্রিয় হওয়ার কারণ) : For some of his sterling (স্টারলিং-খাঁটি) qualities, he is my favourite teacher.

Firstly (প্রথমত) : He teaches us well. No one can deceive (ডিসিভ-ফাঁকি দেওয়া) him in the course of learning.

Secondly (দ্বিতীয়ত) : He comes to school regularly (রেগুলারলি-নিয়মিত) and in time. If there's any home work, he takes it. Then he starts teaching. He sites different examples to make us understand the lesson. He completes the lesson in the class so that no student finds any problem to read the same at home.

Thirdly (তৃতীয়ত) : He is very much cautious (কোশাস-সতর্ক) about regular attendence and regular study. If any students do not attend school for two or three days, he himself goes to their houses to know the matter. He informs the guardians (গার্ডিয়ানস-অভিভাবক) of the case. This is why students can not intentionally be absent or flee from school.

Forthly (চতুর্থত) : He is very much angry. However, he loves very much those who attend classes regularly and learn their lessons well. He enquires (এনকোয়ারস-জানতে চাওয়া) of everybody's condition and situation (সিচুয়েশন-অবস্থান). This is why students take him as their near and dear one.

Fifthly (পঞ্চমত) : Sometimes, he visits students' houses to see whether they study as per their routine. For all these reasons, I love him.

Qualification (যোগ্যতা) : He is an M. A. He has taken M.Ed. training. Besides, he has an experience (এক্সপেরিয়েন্স-অভিজ্ঞতা) of teaching for about twenty years. His many students are now serving this country as engineers and doctors.

Character (চরিত্র) : He has been teaching us in our school for about an age/era. We have never heard of his rude behaviour. As a man, he is ideal. We hold him in great respect (রেসপেক্ট-সম্মান করা).

Conclusion (উপসংহার) : To end up, if all the teachers of Bangladesh become such ideal teachers, men of perfect mind our country and our nation would advance rapidly. Literacy rate would increase. Our country will be developed soon and we would be proud of our motherland Bangladesh.

আমার প্রিয় শিক্ষক

ভূমিকা : ছাত্রজীবনে যার সাথে সবচেয়ে বেশি সম্পর্ক থাকে তিনি হলেন শিক্ষক। আমাদের জীবন গড়ার জন্য সুশিক্ষা আবশ্যক। সুশিক্ষা দানের জন্য প্রয়োজন আদর্শ শিক্ষক যিনি ভালো চরিত্রের অধিকারী। শিক্ষকতায় আত্মনিয়োগ করেছেন হাজারো শিক্ষাগুরু। ঠিক তেমনি আমার শিক্ষা জীবনের প্রারম্ভে পঞ্চম শ্রেণিতে অধ্যয়নরত অবস্থায় আমার কয়েকজন শিক্ষক ছিলেন। সব শিক্ষকই ছাত্রছাত্রীদের নিকট সমভাবে শ্রদ্ধেয়। তবু এর মধ্যে কোনো কোনো শিক্ষক বিশেষ গুণ ও আচরণের অধিকারী হন। আমাদের স্কুলের শিক্ষক মোঃ মোস্তফা কামাল আমার প্রিয় শিক্ষক।

প্রিয় হওয়ার কারণ : বেশ কয়েকটি বিশেষ গুণের কারণে তিনি আমার প্রিয় শিক্ষক।

প্রথমত : তিনি ভালো পড়ান। তাঁর পড়া কেউ ফাঁকি দিতে পারে না।

দ্বিতীয়ত : তিনি প্রতিদিন ঠিক সময়ে ক্লাসে আসেন। বাড়ির কাজ থাকলে তা আদায় করেন। তারপর তিনি যা পড়ান নানান উদাহরণ দিয়ে তা বুঝিয়ে দেন এবং তা শ্রেণিতেই পড়িয়ে-শিখিয়ে দেন যাতে ছাত্রছাত্রীদের বাড়িতে গিয়ে পড়তে অসুবিধা না হয়।

তৃতীয়ত : তিনি বিদ্যালয়ে উপস্থিতির ব্যাপারে ও নিয়মিত পড়ানোর প্রতি যথেষ্ট যত্নবান। কোনো ছাত্র বিদ্যালয়ে দুই তিনদিন না এলে তিনি বাসায় খোঁজ-খবর নেন। অভিভাবককে অবহিত করেন। এতে ছেলেমেয়েরা ইচ্ছাকৃত অনুপস্থিত থাকতে বা স্কুল পালাতে পারে না।

চতুর্থত : তিনি খুব রাগী। কিন্তু যারা রীতিমত পড়া শেখে এবং বাড়ির কাজ করে আনে, তাদেরকে খুব আদর করেন। তিনি প্রত্যেকের সুবিধা-অসুবিধার কথা জানতে চান। এতে ছাত্রছাত্রীরা তাঁকে পরিবারের খুব কাছাকাছি ও আপন একজন বলে মনে করে।

পঞ্চমত : ছেলেমেয়েরা রীতিমত ও রুটিন অনুযায়ী পড়াশুনা করছে কিনা তা দেখার জন্য মাঝেমধ্যে তিনি তাদের বাড়িতে গিয়েও থাকেন। এসব কারণে আমি তাকে ভালোবাসি।

যোগ্যতা : তিনি এম.এ. ডিগ্রিধারী। তিনি এম.এড. প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তাছাড়া তাঁর রয়েছে প্রায় ২০ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। তাঁর অনেক ছাত্রছাত্রীই আজ দেশে ইঞ্জিনিয়ার ও ডাক্তার হিসেবে দেশ সেবায় নিয়োজিত।

চরিত্র : তিনি প্রায় এক যুগ ধরে আমাদের বিদ্যালয়ে পড়াচ্ছেন। আজ পর্যন্ত তাঁর কঠোর ব্যবহার ও বদ মেজাজের কথা শুনিনি। একজন মানুষ হিসেবে তাঁকে আদর্শ ধরা যায়। আমরা তাঁকে শ্রদ্ধা ও ভক্তি করি।

উপসংহার : পরিশেষে বলা যায়, বাংলাদেশের সকল শিক্ষকই যদি এমন আদর্শবান ও খাঁটি মনের মানুষ হতেন তাহলে দেশ ও জাতি অনেক উন্নত হতো। শিক্ষার হার বাড়তো। দেশ হতো দ্রুত উন্নত এবং আমরা আমাদের মাতৃভূমি নিয়ে হতাম গর্বিত।

2. **Write a composition about 'A study tour'. ('শিক্ষা সফর' সম্পর্কে একটি রচনা লেখ।)**

A Study Tour (শিক্ষা সফর)

A study tour (স্টাডি ট্যুর-শিক্ষা সফর) is a part and parcel of knowledge (নলেজ-জ্ঞান) and education. It spreads the horizon (হরাইজন-দিগন্ত) of our mind and experience (ইক্সপীরিয়েন্স-অভিজ্ঞতা). Our school organized (অর্গানাইজড-আয়োজন করল) a study tour for us. I greeted (গ্রীটেড-অভিবাদন গ্রহণ করলাম) this arrangement (অ্যারেন্‌জমেন্ট-আয়োজন).

On the first day of our tour, we went to Mainamati and visited Lalmai-Mainamati range of hills, Shalban Vihara, Ananda Vihara and the museum. We found the museum (মিউজিয়াম-জাদুঘর) decorated (ডেকোরেটেড-সজ্জিত) with bronze statues (স্টেচ্যু-মূর্তি). They were the achievements (অ্যাচিভমেন্টস-সাফল্য) of Pala reign in Bangla.

On the second day, we reached Cox's Bazar sea-beach (সী-বিচ-সমুদ্র সৈকত). I was surprised (সারপ্রাইজড-বিস্মিত হওয়া) to see the beautiful (বিউটিফুল-সুন্দর) scenery (সীনারি-দৃশ্য) of the sea-beach. We walked along the beach and enjoyed the musical murmuring sound (মারমারিং সাউন্ড-কল কল ধ্বনি) of the sea.

We passed the next three days in the hilly areas of Rangamati and Bandarban and Khagrachari. We climbed (ক্লাইমব্‌ড-আরোহণ করলাম) up several (সেভারেল-কতক) hills and from the top of the hills, observed (অবজারভড-দেখা) the beauty and splendour (স্প্লেনডার-চাকচিক্যময়) of the hilly (হিলি-পাহাড়ি) areas.

On the 6th and 7th days we visited Chittagong seaports (সীপোর্টস-সমুদ্র বন্দর) and Karnafuli Electricity (ইলেক্‌ট্রিসিটি-বিদ্যুৎ) Project at Kaptai. These places also offered us much practical (প্রেক্টিকেল-ব্যবহারিক/বাস্তব) knowledge, experience and pleasure (প্লীজার-আনন্দ).

My study tour opened a new world before my eyes. It has deepened (ডীপেন্ড-গভীর) and broadened (ব্রডেন্ড-বিস্তৃত) my knowledge

শিক্ষা সফর

শিক্ষা সফর জ্ঞান ও শিক্ষার একটি অবিচ্ছেদ্য অংশ। এটি আমাদের মনের দিগন্ত ও অভিজ্ঞতাকে বিস্তৃত করে। আমাদের বিদ্যালয় আমাদের জন্য শিক্ষা সফরের আয়োজন করেছিল। আমি এই আয়োজন আনন্দভরে গ্রহণ করেছিলাম।

সফরের প্রথম দিন আমরা ময়নামতি গিয়ে লালমাই-ময়নামতি পাহাড়, শালবন বিহার, আনন্দ বিহার এবং জাদুঘর পরিদর্শন করলাম। জাদুঘরটি ব্রোঞ্জ মূর্তি দিয়ে সজ্জিত দেখলাম। ওগুলো বাংলার পাল শাসন আমলের সাফল্য।

সফরের দ্বিতীয় দিনে আমরা কক্সবাজার সমুদ্র সৈকতে পৌঁছলাম। আমি সমুদ্র সৈকতের মনোরম দৃশ্যাবলি দেখে বিস্ময়াভিভূত হলাম। আমরা সমুদ্র সৈকতে হাঁটলাম এবং সমুদ্রের সুরসমৃদ্ধ কলকল ধ্বনি উপভোগ করলাম।

আমরা পরবর্তী তিন দিন রাঙামাটি, বান্দরবান এবং খাগড়াছড়ির পাহাড়ি এলাকাসমূহে কাটালাম। আমরা কয়েকটি পাহাড়ে আরোহণ করলাম এবং পাহাড়গুলোর শীর্ষ থেকে পাহাড়ি এলাকার সুন্দর ও চাকচিক্যময় এলাকাসমূহ দেখলাম।

৬ষ্ঠ ও ৭ম দিনগুলোতে আমরা চট্টগ্রামের সমুদ্রবন্দর এবং কাপ্তাইয়ে কর্ণফুলী বিদ্যুৎ কেন্দ্রটি পরিদর্শন করেছিলাম। এসব স্থানও আমাদের অনেক বাস্তব জ্ঞান, অভিজ্ঞতা ও আনন্দ দিয়েছিল।

আমার শিক্ষা সফর আমার চোখের সামনে একটি নতুন বিশ্ব উন্মুক্ত করেছিল। এটি আমার জ্ঞানকে গভীর ও বিস্তৃত করে দিল।

3. Write a composition about 'Eve-teasing'. ('নারী উত্ত্যক্তকরণ' সম্পর্কে একটি রচনা লেখ।)

Eve-teasing (নারী উত্ত্যক্তকরণ)
Or, 'Eve-teasing' A Social Curse
('ইভটিজিং' একটি সামাজিক অভিশাপ)

Introduction (সূচনা) : Eve-teasing means harassment (হ্যারাসমেন্ট-উত্ত্যক্ত করা) of girls and women. It is a worst (ওরস্ট-সবচেয়ে খারাপ) social curse (কার্স-অভিশাপ). School and college gates or the street is the main target (টার্গেট-উদ্দেশ্য) of the naughty (নটি-দুষ্ট) men to disturb girls and women.

Impact of Eve-teasing on women (মহিলাদের উপর ইভটিজিং-এর প্রভাব) : Eve-teasing has resulted (রিজল্টেড-ফলাফল এনেছে) into many unfortunate (আনফর্চুনেট-দুর্ভাগ্যজনক) events in the lives of women. Sometimes, it has made parents keeping (কীপিং-রাখা) their daughters at home away from school or even marrying (ম্যারিইং-বিবাহ দেওয়া হয়) them off at an early age. It makes them negative (নেগেটিভ-নেতিবাচক) about everything in life. They no longer feel inclined (ইনক্লাইন্ড-ইচ্ছুক) to trust (ট্রাস্ট-বিশ্বাস) their male friends.

Causes of increasing eve-teasing (ইভটিজিং বৃদ্ধির কারণ) : There are many causes of eve-teasing. The following causes are considered (কনসিডার্ড-বিবেচনা করা হয়) mainly for increasing (ইনক্রীসিং-বৃদ্ধি করা) eve-teasing.

i. **Negligence (নেগলিজেন্স) of the guardians (অভিভাবকের অবহেলা) :** Most of the guardians do not observe (অবজার্ভ-পর্যবেক্ষণ করা) the activities of their sons. It creates the scopes for the young boys to involve (ইনভল্ভ-জড়িয়ে পড়া) themselves in the crime (ক্রাইম-অপরাধ) like eve-teasing.

ii. **Lack of education (শিক্ষার অভাব) :** Lack (ল্যাক-অভাব) of education is the another cause (কজ-কারণ) of eve-teasing. Social crime (ক্রাইম-অপরাধ) like eve-teasing is increasing (ইনক্রীসিং-বৃদ্ধি পাওয়া) for the lacking of education in our country.

iii. **Limitation of the laws (আইনের সীমাবদ্ধতা) :** The existing (এক্সিসটিং-থাকা) laws of our country is not enough (এনাফ-যথেষ্ট) to protect (প্রটেক্ট-বাধা দেওয়া) eve-teasing. So, it is one of the significant (সিগনিফিকেন্ট-তাৎপর্যপূর্ণ) causes for increasing eve-teasing.

iv. **Lacking of social movement** (সামাজিক আন্দোলনের অভাব) **:** We do not find strong social movement (মুভমেন্ট-আন্দোলন) against the harassment (হ্যারাসমেন্ট-উত্যক্ত করা) of the girls. It is also one of the vital causes of increasing eve-teasing.

Conclusion (উপসংহার) **:** Eve-teasing is a complex (কমপ্লেক্স-জটিল) social problem. Actually (অ্যাকচুয়্যালি-প্রকৃতপক্ষে), western cultures are responsible (রেসপনসিবল-দায়ী) for eve-teasing. It is also an important cause of increasing crime like eve-teasing. So, our government should take necessary steps to solve this problem.

নারী উত্ত্যক্তকরণ
অথবা, 'ইভটিজিং' একটি সামাজিক অভিশাপ

সূচনা : ইভটিজিং বলতে বালিকা ও নারীদের উত্ত্যক্তকরণকে বোঝায়। এটি একটি খারাপ সামাজিক অভিশাপ। মেয়ে এবং নারীদের বিরক্ত করার জন্য দুষ্ট লোকদের প্রধান লক্ষ্যস্থান হলো স্কুল এবং কলেজ গেইট অথবা রাস্তা।

মহিলাদের উপর ইভটিজিং-এর প্রভাব : ইভটিজিং মহিলাদের জীবনের উপর এক অশুভ মুহূর্ত এনেছে। মাঝে মধ্যে তাদের পিতা-মাতারা তাদের মেয়েদের স্কুল ছাড়িয়ে ঘরে বসিয়ে রাখে অথবা এমনকি তাদের অল্প বয়সে তাদের বিয়ে দিয়ে দেয়। এটা তাদের জীবনের সবকিছু সম্পর্কে নেতিবাচক করে তোলে। তারা তাদের ছেলে বন্ধুদের বিশ্বস্ত মনে করে না।

ইভটিজিং বৃদ্ধির কারণ : ইভটিজিং-এর অনেক কারণ আছে। নিচের কারণগুলো ইভটিজিং বৃদ্ধির কারণ হিসেবে বিবেচনা করা হয়।

১. **অভিভাবকের অবহেলা :** অধিকাংশ অভিভাবকেরা তাদের ছেলেদের কর্মকাণ্ড পর্যবেক্ষণ করে না। এটা যুবক ছেলেদের ইভটিজিংয়ের মতো অপরাধ করার সুযোগ করে দেয়।

২. **শিক্ষার অভাব :** শিক্ষার অভাব ইভটিজিং-এর আরো একটি কারণ। শিক্ষার অভাবে ইভটিজিং-এর মতো সামাজিক অপরাধ আমাদের দেশে বৃদ্ধি পাচ্ছে।

৩. **আইনের সীমাবদ্ধতা :** ইভটিজিং প্রতিকারের জন্য আমাদের দেশের আইন যথেষ্ট নয়। তাই ইভটিজিং বৃদ্ধির জন্য এটি একটি তাৎপর্যপূর্ণ কারণ।

৪. **সামাজিক আন্দোলনের অভাব :** আমরা মেয়েদের উত্ত্যক্তকারীদের বিরুদ্ধে সামাজিক কোনো আন্দোলন দেখতে পাই না। ইভটিজিং বৃদ্ধির জন্য এটি মুল কারণ।

উপসংহার : ইভটিজিং একটি জটিল সামাজিক সমস্যা। প্রকৃতপক্ষে, পশ্চিমা সংস্কৃতি ইভটিজিং-এর জন্য দায়ী। ইভটিজিং-এর মতো অপরাধ বৃদ্ধির জন্য এটি একটি গুরুত্বপূর্ণ কারণ। তাই আমাদের সরকারকে এ সমস্যা সমাধান করার জন্য যথাযথ পদক্ষেপ নিতে হবে।

4. **Write a composition about 'Uses of Internet'. ('ইন্টারনেটের ব্যবহার' সম্পর্কে একটি রচনা লেখ।)**

Uses of Internet (ইন্টারনেটের ব্যবহার)

The word 'Internet' is the abbreviated (অ্যাব্রিভিয়েটেড-সংক্ষিপ্ত) form of International Network. (ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক-আন্তর্জাতিক বিস্তৃত জাল) Network after network joining together (টুগেদার-একত্রে) has created (ক্রিয়েটেড-সৃষ্টি করেছে) a large dimensioned (ডাইমেনসন্ড-পরিমাণগত) network throughout (থ্রুআউট-সর্বত্র) the world. Internet is the latest miracle (মিরাকল-অলৌকিক ব্যাপার) that has ushered (আশারড-অগ্রবর্তী হওয়া) in a revolution (রিভোলিউশন-বিপ্লব) in the application (এপ্লিকেশন-প্রয়োগ) of science for the benefit (বেনিফিট-উপকার) of mankind (ম্যানকাইন্ড-মনুষ্যজাতি). It is the computer-based global (গ্লোবাল-বৈশ্বিক) information system.

By accessing (অ্যাকসেসিং-প্রবেশ) to internet today the vast treasure (ট্রেজার-ভাণ্ডার) of all forms of knowledge, information (ইনফরমেশন-তথ্য), invention (ইনভেনশন-আবিষ্কার), techniques (টেকনিকস-কৌশল), process, technologies (টেকনোলজিস-প্রযুক্তি), art, literature (লিটারেচার-সাহিত্য) etc can be made available (অ্যাভেইল্যাবল-সহজলভ্য). It has made inroads (ইনরোডস-প্রবেশ) into all walks of our life. Today through internet people all over the world can communicate (কমিউনিকেট-যোগাযোগ করা) effectively (এফেকটিভলি-কার্যকরভাবে) and inexpensively (ইনএক্সপেনসিভলি-স্বল্প ব্যয়) with one another unlike traditional (ট্রাডিশনাল-ঐতিহ্যগত) broadcasting (ব্রডকাস্টিং-সম্প্রচার) media such as radio and television. The internet has brought about new opportunities (অপরচুনিটিস-সুযোগ) to government, business and education.

Government uses the internet for internal communication (কমিউনিকেশন-যোগাযোগ করা) distribution (ডিস্ট্রিবিউশন-বণ্টন) of information and automated (অটোমেটেড-স্বয়ংক্রিয়) tax processing. Educational institutions (ইন্সটিটিউশন-প্রতিষ্ঠান) use the internet. Darkness (ডার্কনেস-অন্ধকার) behind light and evil behind good is a fact of life. In the some way some abuses also lurk (লার্ক-ওঁৎ পেতে থাকা) behind the innumerable (ইনিউমার‍্যাবল-অসংখ্য) uses of internet. Sometimes criminals (ক্রিমিন্যালস-অপরাধীরা) and terrorists

(টেরোরিস্ট-সন্ত্রাসীরা) take the advantage of internet to actualize (অ্যাকচুয়্যালাইজড-চরিতার্থ করা) their heinous (হেইনাস-ঘৃণ্য) target. They exploit cyber cafe as their means of fulfilling their task. It is called "Cyber bullying." Even, some heinous (হেইনাস-জঘন্য) and immoral persons to belittle (বিলিটল-তুচ্ছ-তাচ্ছিল্য করা) and derogate (ডেরগেট-হেয় করা) others mail many messages and vulgar (ভালগ্যার-অমার্জিত) pictures to different addresses.

To keep pace with (টু কীপ প্যাচ উইথ-তাল মিলিয়ে চলা) the rest of the world in every sector, we must be connected with internet.

ইন্টারনেটের ব্যবহার

আন্তর্জাতিক বিস্তৃত জালের সংক্ষিপ্ত রূপ হলো 'ইন্টারনেট' শব্দটি। নেটওয়ার্কের সাথে নেটওয়ার্ক একত্রে যুক্ত হয়ে পৃথিবীব্যাপী একটি বৃহৎ নেটওয়ার্কের মাত্রা সৃষ্টি হয়েছে। ইন্টারনেট সাম্প্রতিক অলৌকিক ব্যাপার যা মানবজাতির কল্যাণে বিজ্ঞানের প্রয়োগের ক্ষেত্রে এক বিপ্লব আনয়ন করেছে। এটি কম্পিউটারভিত্তিক বিশ্বতথ্যের ব্যবস্থা।

আজকাল ইন্টারনেটে প্রবেশ করে সকল ধরনের জ্ঞান, তথ্য, আবিষ্কার, কৌশল, প্রযুক্তি, শিল্প, সাহিত্য প্রভৃতির বিপুল সম্পদ লাভ করা যেতে পারে। এটি আমাদের জীবনের সকল স্তরে প্রবেশ করেছে। আজকাল ইন্টারনেটের মাধ্যমে জনগণ বিশ্বের সর্বত্র ফলপ্রসূভাবে ও স্বল্প ব্যয়ে পরস্পর যোগাযোগ করতে পারে ঐতিহ্যগত সম্প্রচার মাধ্যম যেমন রেডিও, টেলিভিশনের মাধ্যমে। ইন্টারনেট সরকার, ব্যবসায় ও শিক্ষার ক্ষেত্রে নতুন সুযোগ সৃষ্টি করেছে।

সরকার অভ্যন্তরীণ যোগাযোগ, তথ্যের পরিবর্তন এবং স্বয়ংক্রিয় পদ্ধতি প্রয়োগে কর প্রক্রিয়াকরণের জন্য ইন্টারনেট ব্যবহার করে। শিক্ষা প্রতিষ্ঠানগুলো ইন্টারনেট ব্যবহার করে। আলোর পিছনে অন্ধকার এবং ভালোর পিছনে মন্দ থাকা জীবনের একটি ঘটনা। ঠিক একইভাবে ইন্টারনেটের বহুল ব্যবহারের মধ্যে কিছু অপব্যবহার ওঁৎ পেতে আছে। অপরাধী ও সন্ত্রাসীরা মাঝে মাঝে তাদের ঘৃণ্য উদ্দেশ্য চরিতার্থ করার লক্ষ্যে ইন্টারনেটের সুবিধা গ্রহণ করে থাকে। তারা তাদের করণীয় কাজ সম্পূর্ণ করার উপায় হিসেবে "সাইবার ক্যাফ"-কে কাজে লাগায়। এটাকে সাইবার উত্যক্তায়ন বলা হয়। এমনকি কিছু জঘন্য ও নীতিগর্হিত লোক অপরকে তুচ্ছতাচ্ছিল্য ও হেয় করার জন্য বিভিন্ন ঠিকানায় বহু বার্তা ও অরুচিশীল অমার্জিত ছবি পাঠান।

প্রতি পর্যায়ে বিশ্বের অবশিষ্ট অঞ্চলের সাথে তাল মিলিয়ে চলার জন্য আমাদেরকে অবশ্যই ইন্টারনেটের সাথে সংযুক্ত থাকতে হবে।

5. **Write a composition about 'Computer'.** ('কম্পিউটার' সম্পর্কে একটি রচনা লেখ।)

Hints : Introduction, inventor of computer, main parts of a computer, kinds of computer, language of computer, functions performed by it, conclusion. (ভূমিকা, আবিষ্কারক, কম্পিউটারের প্রধান প্রধান অংশ, প্রকারভেদ, কম্পিউটারের ভাষা, এর কাজ, উপসংহার।)

Computer (কম্পিউটার)

We are living in the age (এইজ-যুগ) of science. Science plays the most vital (মোস্ট ভাইটাল-গুরুত্বপূর্ণ) role in modern civilization. Now it has raised human civilization (সিভিলাইজেশন-সভ্যতা) up to the highest peak (পীক-শিখর). So far we were enjoying the benefits of cinema, radio, television, telegraph (টেলিগ্রাফ), telephone, X-ray and so on. But now we are enjoying the benefit of another wonderful invention (ইনভেনশন-আবিষ্কার) of science. It has come forward (ফরওয়ার্ড-সম্মুখে) to work as a substitute (সাবসটিটিউট-বিকল্প) for human (হিউম্যান-মানুষ) brain. The machine (মেশীন-যন্ত্র) is called the computer.

A British professor of Mathematics (ম্যাথম্যাটিকস-গণিত) named Charles Babez (চার্লস ব্যাবেজ) deserves (ডিজার্ভ-অর্জন করা) the credit of the invention (ইনভেনশন-আবিষ্কার) of the computer.

A computer has three main parts- (i) Central Processing Unit; (ii) Input Device and (iii) Output Device. The Central (সেন্ট্রাল-কেন্দ্রীয়) Processing Unit is the brain (ব্রেইন-মস্তিষ্ক) of the computer.

Computers are of two kinds- the Analogue (অ্যানালগ) and the Digital. A Digital Computer can do varieties of works. Now-a-days (নাউ-এ-ডেইজ-আজকাল) a computer means (মিনস-অর্থ প্রকাশ করা) a Digital Computer.

The questions are arranged through some signals (সিগনালস-সংকেত) and sent to the machine. This signalling is called a Programme. (প্রোগ্রাম). Different programming languages are used in different computers.

Computers now help man in innumerable (ইনিউম্যারাবল-অসংখ্য) ways. It calculates (ক্যালকুলেটস-গণনা করা) sums correctly. It can translate literature (লিটারেচার-সাহিত্য). The computer is helping the scientists (সাইনটিস্ট-বিজ্ঞানী) a lot in conquering (কনকোয়ারি-জয় করা) the space (স্পেস-মহাশূন্য).

Considering (কনসিডারিং-বিবেচনা করে) its importance, all of our schools and colleges should have arrangements (অ্যারেন্জমেন্ট-বিন্যাস) for giving training (ট্রেনিং-প্রশিক্ষণ) in computer.

কম্পিউটার

অনুবাদ : আমরা বিজ্ঞানের জগতে বাস করছি। আধুনিক সভ্যতায় বিজ্ঞান খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এখন এটা মানবসভ্যতাকে সুউচ্চ শিখরে তুলে ধরেছে। দীর্ঘদিন ধরে আমরা সিনেমা, রেডিও, টেলিভিশন, টেলিগ্রাফ, টেলিফোন, এক্সরে এবং আরও কিছুর সুবিধা ভোগ করে আসছি। কিন্তু বর্তমানে আমরা বিজ্ঞানের আরেকটি বিস্ময়কর আবিষ্কারের সুবিধা ভোগ করছি। এটা মানব মস্তিষ্কের বিকল্প হিসেবে কাজ চালিয়ে আসছে। এ যন্ত্রের নাম কম্পিউটার। গণিতের একজন ব্রিটিশ অধ্যাপক চার্লস্ ব্যাবেজ কম্পিউটার আবিষ্কারের কৃতিত্ব অর্জন করেছেন।

মূলত একটি কম্পিউটারের তিনটি প্রধান অংশ (১) সেন্ট্রাল প্রসেসিং ইউনিট, (২) ইনপুট ডিভাইস, (৩) আউটপুট ডিভাইস। সেন্ট্রাল প্রসেসিং ইউনিট কম্পিউটারের মস্তিষ্ক।

কম্পিউটার দুই প্রকার— এ্যানালগ ও ডিজিটাল। একটি ডিজিটাল কম্পিউটার বিভিন্ন কাজ করতে পারে। আজকাল কম্পিউটার বলতে ডিজিটাল কম্পিউটারকেই বুঝায়।

প্রশ্নাবলি বিভিন্ন সিগন্যালের সংকেত যে মাধ্যমে সাজানো হয় এবং যন্ত্রে প্রেরণ করা হয়। এই সিগন্যালিংকে প্রোগ্রাম বলা হয়। বিভিন্ন প্রোগ্রামের ভাষা বিভিন্ন কম্পিউটারে ব্যবহার করা হয়।

কম্পিউটার এখন মানুষকে অসংখ্য উপায়ে সাহায্য করে। এটা সঠিকভাবে অংক কষে। এটা সাহিত্য অনুবাদ করতে পারে। কম্পিউটার বিজ্ঞানীদেরকে মহাশূন্য জয় করার জন্য সাহায্য প্রদান করছে।

এর গুরুত্ব বিবেচনা করে আমাদের সকল স্কুল ও কলেজে কম্পিউটারের উপর প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করা উচিত।

6. Write a composition about 'The TV Programme I Enjoy Most'. ('যে টেলিভিশন অনুষ্ঠান আমি সবচেয়ে বেশি উপভোগ করি' সে সম্পর্কে একটি রচনা লেখ।)

The TV Programme I Enjoy Most
(যে টেলিভিশন অনুষ্ঠান আমি সবচেয়ে বেশি উপভোগ করি)

Television is one of the blessings of modern science. As a medium (মিডিয়াম-মাধ্যম) of entertainment (এন্টারটেইনমেন্ট-বিনোদন), television is watched in every nook and corner (নূক অ্যান্ড কর্ণার-সর্বত্র) of the world. It has also a great educative (এডিউকেটিভ-শিক্ষামূলক) value. I am also a regular viewer (ভিউয়ার-দর্শক) of television.

Various (ভেরিয়াস-বিভিন্ন) programmes are telecast (টেলিকাস্ট-সম্প্রচার) on TV everyday. Among them, my most favourite one is the debate programme (ডিবেট প্রোগ্রাম-বিতর্ক অনুষ্ঠান). It is telecast on Bangladesh Television every Tuesday at 5:00 pm. Since I remain (রিমেইন-থাকা) free in the afternoon, I easily manage (ম্যানেজ-ব্যবস্থা করা) to watch the programme. I hardly (হার্ডলি-কদাচিৎ) miss it.

The debate programme is normally (নরম্যালি-সাধারণত) held between two groups. A subject is selected for the debate beforehand (বিফোরহ্যান্ড-পূর্বেই) between the two groups. One group says in favour of the topic (টপিক-বিষয়) and the other against the topic. In each group, their are three debaters. Each group tries their level best to support (সাপোর্ট-সমর্থন) their cause. And in this way a verbal (ভারবাল-বাক) war grows between the two groups. The programme includes (ইনক্লুডস-অন্তর্ভুক্ত) an interesting (ইন্টারেস্টিং-চিত্তাকর্ষক) item on current topics. But the programme is divided into two parts. In the first part, each debater (ডিবেটার-বিতার্কিক) of the two groups gets 5 minutes to deliver his/her speech. And in the second part, the leader of the each group gets two minutes to refute (রিফিউট-খণ্ডন করা) logics (লজিকস-যুক্তি) of the opposition party. Moreover, there are a president and some evaluators (ইভ্যালিউয়েটরস-মূল্যায়নকারী) to evaluate the speeches (স্পীচেস-বক্তব্য) of the speakers.

I enjoy this programme because the debaters present various information and up-to-date data on various subjects. The way in which they sometimes refute each other's logic (লজিক-যুক্তি) is really interesting as well as educative Thus, we can improve our knowledge, logic and power of judgement (জাজমেন্ট-বিচার). This programme also inspires me to study more and more. Really, this is a programme (ইন্সপায়ার-অনুপ্রাণিত করা) which is worth-watching (ওয়ারথ ওয়াচিং-দেখার যোগ্য). Anybody can choose it as a medium of instruction as well as recreation.

যে টেলিভিশন অনুষ্ঠান আমি সবচেয়ে বেশি উপভোগ করি

দূরদর্শন যন্ত্র আধুনিক বিজ্ঞানের অন্যতম আশীর্বাদ। বিনোদনের মাধ্যম হিসেবে টেলিভিশন বিশ্বের সর্বত্র দেখা হয়। এর শিক্ষামূলক মূল্যও রয়েছে। আমি নিয়মিত একজন টেলিভিশন দর্শকও।

প্রতিদিন টিভিতে বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচার করা হয়। এগুলোর মধ্যে বিতর্ক কর্মসূচি আমার সবচেয়ে বেশি প্রিয়। এটা প্রতি মঙ্গলবার বিকাল ৫টায় বাংলাদেশ টেলিভিশনে সম্প্রচার করা হয়। যেহেতু আমি বিকেলে অবসর থাকি, তাই আমি অনুষ্ঠানটি দেখার সহজেই ব্যবস্থা করে থাকি। আমি কদাচিৎ এটা উপভোগ করতে ব্যর্থ হই।

বিতর্ক প্রতিযোগিতা স্বাভাবিকভাবে দুই দলের মধ্যে অনুষ্ঠিত হয়। পূর্বেই একটা বিষয় নির্বাচিত করা হয়। দুই দলের মধ্যে একদল প্রসঙ্গের পক্ষে বলে এবং অন্যদল প্রসঙ্গের বিপক্ষে বলে। প্রত্যেক দলে তিনজন করে বিতার্কিক থাকে। প্রত্যেক দলই তাদের স্বপক্ষকে সমর্থন করার যথাসাধ্য চেষ্টা করে এবং এভাবেই দুই দলের মধ্যে এক বাকযুদ্ধের সৃষ্টি হয়। চলতি প্রসঙ্গের একটি আনন্দদায়ক বিষয় বিতর্কের অন্তর্ভুক্ত থাকে। তবে অনুষ্ঠানটি দুই ভাগে বিভক্ত থাকে। প্রথম অংশে দুই দলের প্রত্যেক বিতার্কিক তার বক্তব্য পেশ করার জন্য ৫ মিনিট সময় পায়। আর দ্বিতীয় অংশে প্রত্যেক দলের নেতা বিরোধী দলের যুক্তি খণ্ডানোর জন্য দুই মিনিট সময় পায়। তাছাড়া, বক্তাদের বক্তব্যের মূল্যায়ন করার জন্য একজন সভাপতি ও কয়েকজন মূল্যায়নকারী থাকে। আমি এ অনুষ্ঠান উপভোগ করি কারণ বিতার্কিকরা বিভিন্ন বিষয়ে বিভিন্ন তথ্য ও হালনাগাদ উপাত্ত প্রদান করে। যেভাবে তারা মাঝে মাঝে পরস্পরের যুক্তিকে খণ্ডন করে তা বাস্তবিকই আনন্দদায়ক ও শিক্ষাপ্রদ। এভাবে, আমরা আমাদের জ্ঞান, যুক্তি ও বিচার ক্ষমতা উন্নয়ন সাধন করতে পারি। এ অনুষ্ঠান আমাকে আরো অধিক অধ্যয়ন করতে অনুপ্রাণিতও করে। বাস্তবিকই এটা দেখার যোগ্য একটি অনুষ্ঠান। যে কেউ এটাকে শিক্ষা ও বিনোদনের মাধ্যম হিসেবে বেছে নিতে পারে।

7. **Write a composition about 'The Annual Prize-giving Ceremony of Our School'.** ('আমাদের বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান' সম্পর্কে একটি রচনা লেখ।)

The Annual Prize-giving Ceremony of Our School
(আমাদের বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান)

Our school arranges (অ্যারেঞ্জেস-আয়োজন করা) a prize-giving ceremony in our school every year. On this day, the best boys of every class and the students who do well in various (ভেরিয়াস-নানা ধরনের) games and sports, and cultural activities (অ্যাকটিভিটিজ-কার্যক্রম) get prizes.

The prize-giving ceremony is very encouraging (এনকারেজিং-উৎসাহদায়ক) to all the students. This day inspires (ইন্সপায়ারস-অনুপ্রাণিত করা) the students to become serious in their studies as well as in their extra curricular activities (এক্সট্রা কারিকুলার অ্যাকটিভিটিস-পাঠ্য বহির্ভূত কার্যক্রম). Generally, the prize-giving ceremony in our school is held (হেল্ড-অনুষ্ঠিত হয়) in the month of February.

The last prize-giving ceremony of our school is still very fresh in my memory. A day was fixed and the DC of our district himself had consented (কনসেনটেড-সম্মতি প্রদান করা) to preside over the function (প্রেসাইড ওভার দ্যা ফাংশন-সভার সভাপতিত্ব করা). We had decorated our school premises (প্রিমিসেস-প্রাঙ্গণ) with flowers and festoons.

By 3:00 pm the invited guests began to come and the president arrived at 4:00 pm and was accorded guard of honour by the BNCC of our school. The guardians of the students took their seats in the rows allotted (অ্যালোটেড-বরাদ্দকৃত) for them. Gradually, the back seats and side spaces were crowded by the students who were in the merriest mood. The proceedings began recitation (রিসাইটেশন-আবৃত্তি) from the Holy Quran and then with the singing of our national anthem (ন্যাশনাল অ্যানথেম-জাতীয় সংগীত). The headmaster then read out the annual report of our school. He also recalled the progress of our school made in the past years, the achievements of our present and ex-students in various fields of activities.

Then the main ceremony began. The headmaster called each recipient of prize by name, announced (অ্যানাউন্সড-ঘোষণা করা) the subject in which the award was made and the place of honour he occupied. The sportsmen, I could see, were the most popular when the prizes were awarded. The cheering was loud enough to be heard from a long distance (ডিস্ট্যান্স-দূর).

Finally, the president rose to speak. He congratulated (কংগ্রাচুলেটেড-অভিনন্দন জানানো) the institution, the teachers', the students and in fact, everybody for the good works done in the past years.
With the complimentary (কমপ্লিমেন্টারি-প্রশংসাসূচক) speech of the president and with the customary voice of thanks to the school authority and organizers, the function came to a close.

আমাদের বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান

আমাদের বিদ্যালয় প্রতি বছর আমাদের বিদ্যালয়ে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করে। এ দিন প্রত্যেক শ্রেণির সবচেয়ে ভালো ছেলেরা ও মেধাবী ছাত্ররা বিভিন্ন খেলাধুলায় এবং সাংস্কৃতিক কর্মকাণ্ডে ভালো করে পুরস্কার পায়।
পুরস্কার বিতরণী অনুষ্ঠান সকল ছাত্রছাত্রীর কাছেই উৎসাহদায়ক। এ দিবসটি ছাত্রছাত্রীকে তাদের লেখাপড়ায় ও পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রমে গুরুত্বশীল হতে অনুপ্রাণিত করে। সাধারণত আমাদের বিদ্যালয়ের পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠিত হয়।
আমাদের বিদ্যালয়ের বিগত পুরস্কার বিতরণী অনুষ্ঠানটি এখনও আমার স্মৃতিপটে বেশ উজ্জ্বল আছে। একটি দিন নির্ধারিত করা হয়েছিল এবং আমাদের জেলার জেলা প্রশাসক স্বয়ং অনুষ্ঠানে সভাপতিত্ব করার সম্মতি দিয়েছিলেন। আমরা ফুল ও ফেস্টুনে আমাদের বিদ্যালয় প্রাঙ্গণ সাজিয়েছিলাম।
বিকাল তিনটায় আমন্ত্রিত অতিথিগণ আসতে শুরু করল। সভাপতি ৪টায় আগমন করলেন এবং আমাদের স্কুলের বিএনসিসি কর্তৃক তাকে 'গার্ড অব অনার' প্রদান করা হলো। ছাত্রছাত্রীদের অভিভাবকগণ তাদের জন্য বরাদ্দকৃত সারিতে আসন গ্রহণ করেন।
ক্রমান্বয়ে পিছনের আসন ও পাশের জায়গাগুলো আনন্দোচ্ছল ছাত্রছাত্রী কর্তৃক ভরে গেল। কোরআন তেলাওয়াত ও তারপর জাতীয় সঙ্গীত গাওয়ার সাথে সাথে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। অতঃপর প্রধান শিক্ষক বিদ্যালয়ে বার্ষিক প্রতিবেদন পড়ে শোনান। তিনি বিগত বছরগুলোতে আমাদের বিদ্যালয়ের অগ্রগতি তথা আমাদের বর্তমান ও প্রাক্তন ছাত্রদের বিভিন্ন কর্মক্ষেত্রে অর্জিত কৃতিত্বের কথাও স্মরণ করেন।
তারপর প্রধান অনুষ্ঠান শুরু হয়। প্রধান শিক্ষক প্রত্যেক পুরস্কার বিজয়ীকে নাম ধরে ডাকেন, যে বিষয়ে পুরস্কার দেওয়া হলো এবং যে সম্মানের স্থান সে পেল তা ঘোষণা করেন।
আমি দেখতে পেয়েছিলাম খেলোয়াড়রা ছিল সবচেয়ে জনপ্রিয়। যখন পুরস্কার প্রদান করা হলো, তখন আনন্দোল্লাস ধ্বনি বহু দূর থেকে শোনার মতো যথেষ্ট মুখরিত ছিল।
পরিশেষে সভাপতি বক্তৃতা দিতে দাঁড়ালেন। তিনি প্রতিষ্ঠান, শিক্ষকমণ্ডলী, ছাত্রছাত্রীগণকে এবং অতীতের কৃতকর্মের জন্য প্রকৃতপক্ষে সকলকে অভিনন্দন জ্ঞাপন করলেন।
সভাপতির সমাপনী ভাষণ ও বিদ্যালয় কর্তৃপক্ষ এবং সংগঠকদের প্রতি নিয়ম মাফিক ধন্যবাদ জ্ঞাপনের সাথে সাথে অনুষ্ঠান সমাপ্ত হলো।

8. **Write a composition about 'The Importance of TV in Our Lives'. (আমাদের জীবনে টেলিভিশনের গুরুত্ব' সম্পর্কে একটি রচনা লেখ।)**

The Importance of TV in Our Lives
(আমাদের জীবনে টেলিভিশনের গুরুত্ব)

Television is one of the wonders of modern science. It is the most up-to-date means of entertainment (এন্টারটেইনমেন্ট-বিনোদন). It provides (প্রোভাইড-প্রদান করে) both sound and pictures to entertain the viewers (ভিউয়ারস-দর্শক). It amuses us with its charms.

A German scientist Paul Nepkov invented television. Then John Baird modernized (মর্ডানাইজড-আধুনিকায়ন করেন) it. Basically, it is based on electronic photography. The word tele means distance and vision means sight. So, the word television means seeing from distance. Two principles work behind television— transmission of pictures and transmission (ট্রান্সমিশন-চালানো) of sound. It is the combination (কম্বিনেশন-সমন্বয়) of audio and video. It has a great likeness to cinema. We can see the events of the different parts of the world through it. Now it is a very common means of entertainment to various classes of people.

The merits (মেরিটস-উপকারিতা) of television are very great. It informs (ইনফর্মস-জানানো) us of the current affairs— sports, politics, science, business and other events. It is a good means of communication (কমিউনিকেশন-যোগাযোগ).

It is the most popular (পপুলার-জনপ্রিয়) means of entertainment and mass communication (মাস কমিউনিকেশন-গণযোগাযোগ). Various dramas, cinemas, musical programmes etc. are shown on it.

It is a unique medium to instruct us on various things. It can teach both the illiterate and the literate. Television is a very effective means of advertisements. Television recreates us greatly to remove boredom (বোরডম-ক্লান্তি) of our routine work. Common people can easily entertain themselves by watching television.

My favourite TV programme is 'Ittadi'. It is a funny, satirical and social reformative (রিফরমেটিভ-সংস্কারমূলক) programme. It is telecast on Friday every three months.

However, it has some abuses as well. Our young boys and girls prefer watching it to studying. They sometimes neglect their studies because of it. Too much viewing and a close viewing of television may cause harm to the eye-sight (আই-সাইট-দৃষ্টিশক্তি) of

the viewers. Many children waste their valuable time by watching it.
Television is a great contribution (কন্ট্রিবিউশন-অবদান) of science to modern life. It entertains as well as instructs (ইন্সট্রাক্টস-শিক্ষা প্রদান) us. It has made our life more enjoyable. We should use it wisely.

আমাদের জীবনে টিভির গুরুত্ব

দূরদর্শন যন্ত্র আধুনিক বিজ্ঞানের বিস্ময়কর বস্তুগুলোর অন্যতম। এটি বিনোদনের সবচেয়ে আধুনিকতম উপায়। এটি দর্শকদেরকে আনন্দদান করার জন্য শব্দ ও ছবি উভয় প্রদান করে। এটি আমাদিগকে তার মনোহারিত্যে আমোদিত করে।
পল নেপকোভ নামক এক জার্মান বিজ্ঞানী দূরদর্শন যন্ত্র আবিষ্কার করেন। তারপর জনব্যায়ার্ড এটিকে আধুনিকায়ন করেন। মূলত এটি ইলেকট্রনিক আলোকচিত্র বিজ্ঞানের উপর ভিত্তিশীল। 'Tele' শব্দটির অর্থ দূরত্ব এবং 'Vision' শব্দটির অর্থ দৃষ্টি। তাই Television শব্দটির অর্থ দূর থেকে দেখা বা দূরদর্শন। ছবি ও শব্দ প্রেরণ— দুটি মূলনীতি টেলিভিশনের পিছনে কাজ করে। এটা শ্রবণ ও চিত্র দর্শনের সমন্বয় সাধন। এটার চলচ্চিত্রের সাথে বেশ সাদৃশ্য/মিল আছে। এর মাধ্যমে আমরা বিশ্বের বিভিন্ন অঞ্চলের ঘটনা দেখতে পারি। এখন, এটা বিভিন্ন শ্রেণির লোকদের কাছে চিত্তবিনোদনের অতি সাধারণ উপায়।
টেলিভিশনের উপকারিতা অত্যন্ত বেশি। এটা আমাদেরকে চলতি বিষয়, খেলাধুলা, রাজনীতি, বিজ্ঞান, ব্যবসায় ও অন্যান্য ঘটনা সম্পর্কে অবহিত করে। এটা যোগাযোগের উত্তম পন্থা/মাধ্যম।
এটা চিত্তবিনোদন ও গণযোগাযোগের সবচেয়ে জনপ্রিয় পন্থা। বিভিন্ন নাটক, চলচ্চিত্র, সংগীত কার্যক্রম ইত্যাদি এতে প্রদর্শিত হয়।
এটা আমাদেরকে বিভিন্ন বিষয়ে শিক্ষাদান করার শ্রেষ্ঠ মাধ্যম। এটা শিক্ষিত ও নিরক্ষর উভয়কে শিক্ষা দিতে পারে। টেলিভিশন বিজ্ঞপ্তি প্রদানের খুবই ফলপ্রসূ মাধ্যম। টেলিভিশন আমাদেরকে প্রভূত বিনোদন প্রদান করে। আমরা নিজে আনন্দ উপভোগ করার জন্য এটি দেখি। আমাদের রুটিন মাফিক কাজের ক্লান্তি দূর করতে এটি খুবই সহায়ক। সাধারণ লোক টেলিভিশন দেখে সহজেই নিজেরা আনন্দ লাভ করতে পারে।
'ইত্যাদি' আমার প্রিয় টিভি কর্মসূচি। এটা কৌতুকময় ব্যঙ্গাত্মক ও সমাজ সংস্কারমূলক কর্মসূচি। এটা প্রতি তিন মাস অন্তর শুক্রবার সম্প্রচারিত হয়।
যাহোক এটার কিছু অপব্যবহারও আছে। আমাদের তরুণ ছেলেমেয়ে পড়াশোনা করার চেয়ে এটা দেখতে বেশি পছন্দ করে। তারা মাঝে মাঝে এর কারণে পড়াশোনায় অবহেলা করে। অত্যধিক টিভি দর্শন ও অতি সন্নিকট থেকে টিভি দর্শন দর্শকদের দৃষ্টিশক্তির ক্ষতি করতে পারে। অনেক ছেলেমেয়ে টিভি দেখে মূল্যবান সময়ের অপচয় করে।
দূরদর্শন যন্ত্র আধুনিক জীবনে বিজ্ঞানের মহান অবদান। এটি আমাদের চিত্তবিনোদন ও শিক্ষা প্রদান করে। এটি আমাদের জীবনকে আরো উপভোগ্য করে তুলেছে। একে আমাদের বিচক্ষণতার সাথে ব্যবহার করা উচিত।

9. **Write a composition about 'The Importance of Radio in Our Lives'. ('আমাদের জীবনে বেতারের গুরুত্ব' সম্পর্কে একটি রচনা লেখ।)**

The Importance of Radio in Our Lives
(আমাদের জীবনে বেতারের গুরুত্ব)

Radio is a great and useful invention (ইনভেনশন-আবিষ্কার) of modern science. It is part and parcel of our modern life. It plays a very important role in our life. It is an easy means of entertainment (এন্টারটেইনমেন্ট-বিনোদন). A radio is not costly. Any person, rich or poor, can buy it and enjoy its various programmes living in any part of the world.

It is also a means of communication. Various important items are broadcast (ব্রোডকাস্ট-সম্প্রচার করা হয়) on radio. Different types of governmental programmes are also announced (অ্যানাউন্স্ড-প্রচার করা) on radio. As a result, people can be aware of the government's idea. The warnings (ওয়ার্নিং-সতর্ক বাণী) of different types are broadcast on radio too.

Many other types of programmes (প্রোগ্রাম-কর্মসূচি) are also broadcast on radio. Among (অ্যামাং-মধ্যে) them, the news is very important to us. Radio broadcasts (ব্রোডকাস্ট-সম্প্রচার করা) news at every hour. It also broadcasts weather forecast. People of different occupations (ওকুপেশনস-পেশা) can become aware (অ্যাওয়ার-সতর্ক) of it.

Radio broadcasts various educational (এডিউকেশনাল-শিক্ষামূলক) programmes to educate people. Today sports of different kinds have become very familiar to us because of satellite technology (টেকনোলজি-প্রযুক্তি). A radio broadcasts different types of sports commentary (কমেন্ট্যারি-ধারা বিবরণী). It also broadcasts various pubiic welfare programmes.

Bangladesh is a developing country. It is a land of villages. There are about 85 thousand villages in Bangladesh. A mass medium like radio can play an important role in the media sector. Our technology (টেকনলজি-প্রযুক্তি) is not so rich. As radio is cheap, it can be bought by almost everybody of our country. It is used as a medium to educate the illiterate people. It broadcasts family planning programmes and makes people aware of it. It also broadcasts discussions and information on various fatal diseases like cancer, AIDS etc. It tells us their causes, effects and their prevention (প্রিভেনশন-প্রতিকার). Thus it makes us conscious (কনশাস-সচেতন) of those diseases.

Educational programme is my favourite programme. I listen to it regularly (রেগুলারলি-নিয়মিত). People can be benefited (বেনিফিটেড-উপকার) by such type of programme. In a word, radio is useful to us all. It broadcasts various programmes. It is a means of great entertainment as well as communication.

আমাদের জীবনে বেতারের গুরুত্ব

বেতার আধুনিক বিজ্ঞানের এক বিরাট ও প্রয়োজনীয় আবিষ্কার। এটি আমাদের আধুনিক জীবনের অবিচ্ছেদ্য অংশ। এটি আমাদের জীবনে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটি চিত্তবিনোদনের সহজ উপায়। রেডিও খুব দামী নয়। ধনী বা দরিদ্র যেকোনো লোক বেতার যন্ত্র ক্রয় করতে পারে এবং বিশ্বের যেকোনো অঞ্চলে বাস করে এর বিভিন্ন কর্মসূচি উপভোগ করতে পারে।

এটি যোগাযোগেরও একটি মাধ্যম। বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় বেতারে সম্প্রচার করা হয়। বিভিন্ন ধরনের সরকারি কার্যক্রমও বেতারে ঘোষণা করা হয়। ফলে, জনগণ সরকারের মতামত সম্পর্কে অবগত হতে পারে। বিভিন্ন ধরনের সতর্ক বাণী বেতারেই সম্প্রচার করা হয়।

আরো অনেক ধরনের কর্মসূচিও বেতারে সম্প্রচারিত হয়। এদের মধ্যে সংবাদই আমাদের কাছে অধিক গুরুত্বপূর্ণ। বেতার প্রতি ঘণ্টায় ঘণ্টায় খবর সম্প্রচার করে। এটি আবহাওয়ার পূর্বাভাসও প্রচার করে। বিভিন্ন পেশার লোকেরা এতে অবগত হতে পারে।

জনগণকে শিক্ষিত করে তোলার জন্য বেতার অনেক শিক্ষামূলক কর্মসূচি প্রচার করে। ভূ-উপগ্রহ প্রযুক্তির কারণে আজকাল আমরা বিভিন্ন ধরনের খেলাধুলার সাথে সুপরিচিত হয়েছি। বেতার বিভিন্ন ধরনের খেলাধুলার ধারা বিবরণী প্রচার করে। এটা বিভিন্ন প্রকার সরকারি জনকল্যাণমূলক কার্যক্রমও প্রচার করে।

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। এটি গ্রামের দেশ। বাংলাদেশে প্রায় ৮৫ হাজার গ্রাম আছে। বেতারের ন্যায় একটি গণমাধ্যমই যোগাযোগ মাধ্যমের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। আমাদের প্রযুক্তি তত উন্নত নয়। যেহেতু বেতার যন্ত্র সস্তা তাই আমাদের দেশের প্রায় প্রত্যেকেই এটি কিনতে পারে। নিরক্ষর জনগণকে শিক্ষিত করার মাধ্যম হিসেবে এটি ব্যবহার করা যায়। এটি পরিবার পরিকল্পনা কর্মসূচিকে প্রসারিত করে এবং জনগণকে এ সম্পর্কে অবহিত করে। এটি ক্যানসার, এইডস প্রভৃতির ন্যায় বিভিন্ন মারাত্মক রোগ সম্পর্কে আলোচনা ও তথ্যাদি সম্প্রচার করে। এটি আমাদিগকে ঐসব রোগব্যাধির কারণ, ফলাফল ও প্রতিকার সম্বন্ধে বলে থাকে। এভাবে, বেতার ঐসব রোগব্যাধি সম্বন্ধে আমাদিগকে সচেতন করে তোলে।

শিক্ষা কর্মসূচি আমার প্রিয় কর্মসূচি। আমি এটি নিয়মিত শুনি। এ ধরনের কর্মসূচি দ্বারা জনগণ উপকৃত হতে পারে। এক কথায়, বেতার আমাদের সকলেরই উপকারি। এটি চিত্তবিনোদন ও যোগাযোগের বড় মাধ্যম।

10. Write a composition about 'Your Childhood Memories'. ('তোমার শৈশব স্মৃতি' সম্পর্কে একটি রচনা লেখ।)

My Childhood Memories
(আমার শৈশব স্মৃতি)

Man loves to turn back to his past and feels nostalgic (নোস্টালজিক-গৃহকাতরতা). Childhood is an important part of human life as many events of both pleasure and pain take place during that period. To me childhood is the sweetest period in a man's life. The memories (মেমোরিজ-স্মৃতি) of my childhood haunt (হন্ট-পুনঃ পুনঃ যাওয়া) me like a passion (প্যাশন-ভাবাবেগ) very often. Whenever, I feel very lonely (লোনলি-নিঃসঙ্গ) or dejected (ডিজেকটেড-বিষণ্ণ) I dive into the memories of my childhood to remove my loneliness and fill my heart with happiness. Then I wish I could have been a child again.

The memories of my school days dominate (ডোমিনেট-আধিপত্য বিস্তার করা) my childhood. I was sent to school at six. I studied in a distant primary school called Faridpur Government Primary School up to class three. Then I was made to take admission (অ্যাডমিশন-ভর্তি) in another school called Dumrakanda Govt. Primary School. I used to go to school with my village friends. My cousin who was one year senior to me was my constant (কনস্ট্যান্ট-অবিরত) school going companion (কম্প্যানিয়ন-সঙ্গী). In school, the classes were not much interesting to me but for the leisure period while we used to play various sports.

I was a regular student in my class. So, I was hardly beaten or scolded (স্কোল্ডেড-বকুনী) by my teachers for negligence (নেগলিজেন্স-অবহেলা) to studies. After the school was over, on our way home we used to play ha-du-du, hide and seek (হাইড অ্যান্ড সিক-লুকোচুরি), gather plums or stole green mangoes from some wayside trees and sometimes we used to bathe in the river. I used to flee from school to do those things with my friends. One day, I along with my three friends went to a friend's house to eat green plums. But as the tree was too tall for us to climb, we had to come back home dissatisfied and disappointed (ডিসঅ্যাপয়েন্টেড-নিরাশ হওয়া).

In my school I was not a good athlete (অ্যাথলেট-ক্রীড়াবিদ). Yet, I used to participate in various events of sports and games. Once I got two prizes in race and long-jump. Then I was very excited (এক্সাইটেড-উত্তেজিত) and happy. The holidays were favourite to me. On holidays, I would play with my village friends almost the

whole day. Sometimes, I would go to some other village for play. I would also visit my nearby relatives on holidays.
How happy I was in my childhood days! The happy and pleasant memories of those days still give immense (ইমেন্স-প্রভূত) pleasure. If I could have gone back to those days again!

আমার শৈশব স্মৃতি

মানুষ তার অতীতে ফিরে যেতে ভালোবাসে এবং গৃহকাতরতা বোধ করে। শৈশব মানব জীবনের গুরুত্বপূর্ণ অংশ কারণ আনন্দ ও বেদনার বহু ঘটনা ঐ সময় ঘটে থাকে। আমার কাছে মানব জীবনের সবচেয়ে মধুরতম সময় শৈশবকাল। শৈশবের স্মৃতিগুলো প্রায়ই আমাকে প্রবল ভাবাবেগের মতো অভিভূত করে। যখনই আমি খুব নিঃসঙ্গ বা বিষণ্ন বোধ করি তখনই আমি আমার নিঃসঙ্গতা দূর করার জন্য ও হৃদয়কে সুখে ভরে দেওয়ার জন্য আমার শৈশব স্মৃতিগুলোতে অবগাহন করি। তখন আমার ইচ্ছা হয় আমি আবার শিশু হই।

আমার স্কুল জীবনের দিনগুলোর স্মৃতি আমার শৈশবকালে আধিপত্য বিস্তার করে আছে। আমাকে ছয় বছর বয়সে স্কুলে পাঠানো হয়। ফরিদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় নামে এক দূরবর্তী প্রাথমিক বিদ্যালয়ে আমি তৃতীয় শ্রেণি পর্যন্ত অধ্যয়ন করেছিলাম। তারপর ডুমরাকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয় নামে আরেকটি বিদ্যালয়ে আমাকে ভর্তি করানো হয়। আমি আমার গ্রামের বন্ধুদের সাথে স্কুলে যেতাম। আমার চাচাতো ভাই যে আমার এক বছরের বড় ছিল সে ছিল আমার স্কুলে যাওয়ার অবিরত সঙ্গী। বিরতির সময় যখন আমরা বিভিন্ন খেলাধুলা করতাম, সে সময়টি ছাড়া স্কুলের ক্লাসগুলো আমার কাছে বেশি আনন্দদায়ক ছিল না।

আমি আমার শ্রেণির নিয়মিত ছাত্র ছিলাম। কাজেই আমি পড়াশোনার প্রতি অবহেলার জন্য কখনো শিক্ষক কর্তৃক মার বা বকুনি খেতাম না। স্কুল শেষ হওয়ার পর বাড়ি যাওয়ার পথে আমরা হা-ডু-ডু, লুকোচুরি খেলতাম, বরই কুড়াতাম অথবা পথের পাশের কোনো কোনো আমগাছ থেকে কাঁচা আম চুরি করতাম এবং মাঝে মাঝে নদীতে গোসল করতাম। আমার বন্ধুদের সাথে এ সব কাজ করার জন্য আমি স্কুল পালাতাম। একদিন আমি আমার তিন বন্ধুকে নিয়ে এক বন্ধুর বাড়িতে কাঁচা কুল খেতে গিয়েছিলাম। কিন্তু যেহেতু গাছটি আমাদের আরোহণ করার পক্ষে অত্যন্ত লম্বা ছিল তাই অসন্তুষ্টি ও নিরাশ হয়ে আমাদেরকে বাড়ি ফিরতে হয়েছিল।

স্কুলে আমি ভালো ক্রীড়াবিদ ছিলাম না। তথাপি আমি বিভিন্ন খেলাধুলায় অংশগ্রহণ করতাম। একবার আমি দৌড় ও দীর্ঘ লাফ দুটি পুরস্কার পেয়েছিলাম। তখন আমি অত্যন্ত উত্তেজিত ও খুশি হয়েছিলাম। ছুটির দিনগুলো আমার কাছে অত্যন্ত প্রিয় ছিল। ছুটির দিনে আমি আমার গ্রামের বন্ধুদের সাথে প্রায় সারাদিন খেলতাম। মাঝে মাঝে আমি খেলা করতে অন্য কোনো গ্রামে যেতাম। ছুটির দিনে আমি আমার নিকট আত্মীয়দের দেখতেও যেতাম।

শৈশবের দিনগুলোতে আমি কতইনা খুশি ছিলাম! সেদিনের সুখকর ও আনন্দঘন স্মৃতি এখনো আমাকে প্রভূত আনন্দ দেয়। যদি আমি আবার ঐসব দিনগুলোতে ফিরে যেতে পারতাম!

11. Write a composition about 'Your Most Favourite Person'. ('তোমার সবচেয়ে প্রিয় মানুষ' সম্পর্কে একটি রচনা লেখ।)

My Most Favourite Person
(আমার সবচেয়ে প্রিয় মানুষ)

The inherent (ইনহেরেন্ট-অন্তর্নিহিত) quality of human (হিউম্যান-মানুষ) beings is to maintain (মেইনটেইন-বজায় রাখা) good relation with others. Among those people we sometimes like somebody more or less. The person whom I like most is my father.

I have a good sense of observation (অবজারবেশন-পর্যবেক্ষণ) over different sorts of people. But I have noticed that my father is quite different from others in various aspects (অ্যাসপেক্ট-দিক). His personality (পার্সনালিটি-ব্যক্তিত্ব), his behaviour, his honesty and his sympathy (সিমপেথি-সহানুভূতি) for us and others are some of his qualities that have made him honourable (অনার‍্যাবল-সম্মানিত) and admirable (অ্যাডমিরাবল-প্রশংসিত) to me and to others as well. First of all, in our village the honesty of my father is known to all. I have noticed (নোটিসড-খেয়াল করা) him never telling lies. He is absolutely (অ্যাবসোলিউটলি-সম্পূর্ণরূপে) a truthful man. He never tells a lie to gain material benefit (বেনিফিট-লাভ). He is ready to sacrifice (স্যাকরিফাইস-ত্যাগ) anything for the cause (কজ-কারণ) of honesty.

Again, my father is dutiful (ডিউটিফুল-কর্তব্যপরায়ণ) and responsible (রেসপনসিবল-দায়িত্বশীল) to our family. He is the only source (সোর্স-উৎস) of income of our family. His income is not much but he provides (প্রভাইডস-প্রদান করা) our daily necessaries (নেসিস্যারিস-প্রয়োজনীয় জিনিস) with his low income. Everybody is content (কনটেন্ট-সন্তুষ্ট) with his maintenance (মেইনটেনেন্স-ভরণপোষণ). Whenever, any member of our family falls ill, he takes him or her to our physician (ফিজিসিয়ান-চিকিৎসক) or a medical centre for treatment (ট্রিটমেন্ট-চিকিৎসা).

In addition (ইন-অ্যাডিশন-অধিকন্তু), my father is a man of principles (প্রিন্সিপ্যালস-নীতি). He is a strict (স্ট্রিকট-কঠোর) man. He never allows us to do evil things. He has taught (টট-শিক্ষা দেওয়া) us to speak the truth mentioning (মেনশানিং-উল্লেখ করে) the proverb : Honesty is the best policy. He always tells us to study hard for building up a better future. I also try to fulfill my father's expectations (এক্সপেকটেশন-প্রত্যাশা).

Above all, my father believes in Almighty (অলমাইটি-সর্বশক্তিমান) Allah and prays to Him. He prays to Almighty Allah for our

success and happiness. He follows the rules of Islam in his practical life (প্রাকটিক্যাল লাইফ-ব্যবহারিক জীবন).
প্রয়োজনীয়তা : বাগান করা একটি উত্তম ব্যায়াম। এটি আমার স্বাস্থ্যের জন্য সাহায্যকারী। আমার শখ আমার মনকে সতেজ করে ও এটি আমাকে সবল এবং কর্মঠ করে। আমি আমার বাগানে কাজ করে আমার অবসর সময়কে উপভোগ করি ও কাজে লাগাই। এটি আমাকে উৎকণ্ঠা থেকে মুক্ত রাখে।

উপসংহার : আনন্দময় জীবনের জন্য প্রত্যেকের শখ থাকা উচিত। এটা আমাদের শরীর ও মনকে আনন্দময় করে তোলে। কিন্তু আমাদের দেখতে হবে যে, এর জন্য আমাদের প্রধান কাজ ব্যাহত না হয়।

24. Write a composition about 'Student Life'. ('ছাত্র জীবন' সম্পর্কে একটি রচনা লেখ।)

Student Life (ছাত্র জীবন)

Or, Duties of a Student (একজন ছাত্রের কর্তব্য)

Introduction (সূচনা) : The period (পিরিয়ড-পিরিয়ড/একক সময়ের অংশ বিশেষ) which we spend (স্পেন্ড-কাটানো) in schools, colleges (কলেজেস-মহাবিদ্যালয়) and universities (ইউনিভারসিটিজ-বিশ্ববিদ্যালয়) to receive (রিসীভ-গ্রহণ করা) education (এডুকেশন-শিক্ষা) is called the student life. It is the most important (ইম্পরট্যান্ট-গুরুত্বপূর্ণ) part of our life. Our whole (হোল-সম্পূর্ণ) future (ফিউচার-ভবিষ্যৎ) depends (ডিপেন্ডস-নির্ভর করে) on it. It is the best period to build one's life.

Importance (গুরুত্ব) : Student life is the most important time in life. The main duty of a student is to study (স্টাডি-লেখাপড়া করা). He should attend (এটেন্ড-উপস্থিত হওয়া) the classes regularly (রেগুলারলি-নিয়মিত). He should be careful (কেয়ারফুল-যত্নবান) in preparing (প্রিপেয়ারিং) his lessons (লেসন্স-পাঠ). It is called the seed time of life. If he works hard (হার্ড-কঠোর) in this time, he can be successful (সাকসেসফুল-সফল).

Primary duty (প্রাথমিক কর্তব্য) : The primary (প্রাইমারি-প্রাথমিক) duty of a student is to acquire (অ্যাকোয়্যার-অর্জন করা) knowledge (নলেজ-জ্ঞান). He should (শুড-উচিত) go to school and listen (লিস্ন-মনোযোগ দিয়ে শোনা) to the teachers. He must be dutiful (ডিউটিফুল-কর্তব্যপরায়ণ) and hardworking (হার্ডওয়ার্কিং-কঠোর পরিশ্রমী). He must keep good company. He should build up his character (ক্যারেকটার-চরিত্র) in this time.

Role in social service (সমাজ সেবায় ভূমিকা) : During (ডিউরিং-সময়ে) the holidays (হলিডেইস-ছুটির দিন), he can go to the villages and make people aware (অ্যাওয়ার-সচেতন) of the importance (ইমপরটেন্স-প্রয়োজনীয়) of education (এডুকেশন-শিক্ষা). He can set up night schools in his localities (লোকালিটিজ-এলাকা). He can help (হেল্প-সাহায্য করা) the distress (ডিসট্রেস-দুঃখী) in the society (সোসাইটি-সমাজ).

Conclusion (উপসংহার) : Student life is the time for preparation (প্রিপারেশন-প্রস্তুতি). So, he should make proper (প্রপার-যথাযথ) use of time during (ডিওরিং-ব্যাপিয়া) his student life. He must (মাস্ট-অবশ্যই) remember that knowledge (নলেজ-জ্ঞান) is power. He must learn discipline (ডিসিপ্লিন-নিয়মানুবর্তিতা). He will never be idle. He should be always active.

ছাত্র জীবন

অথবা, একজন ছাত্রের কর্তব্য

সূচনা : যে সময়টা আমরা স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে শিক্ষা লাভের জন্য ব্যয় করি তাকে ছাত্রজীবন বলে। এটি আমাদের জীবনের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ অংশ। আমাদের সমস্ত জীবন এটির ওপর নির্ভর করে। এটি জীবন গড়ার সর্বোত্তম সময়।

গুরুত্ব : ছাত্রজীবন হলো মানুষের জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সময়। একজন ছাত্রের প্রধান কর্তব্য হচ্ছে লেখাপড়া করা। তার উচিত নিয়মিতভাবে ক্লাসে উপস্থিত থাকা। পাঠ তৈরির প্রতি তার যত্নবান হওয়া উচিত। এটাকে জীবনের বীজ বপনের সময় বলা হয়। এ সময়ে যদি সে কঠোর পরিশ্রম করে তবে সে সফলতা অর্জন করতে পারে।

প্রাথমিক কর্তব্য : জ্ঞান অর্জন করা হলো একজন ছাত্রের প্রাথমিক কর্তব্য। সে স্কুলে যাবে এবং শিক্ষকের কথা মনোযোগ সহকারে শ্রবণ করবে। সে অবশ্যই কর্তব্যপরায়ণ ও কঠোর পরিশ্রমী হবে। সে সর্বদা ভালো সঙ্গী রাখবে। এ সময়ে সে তার চরিত্রকে গঠন করবে।

সমাজ সেবায় ভূমিকা : ছুটির দিনগুলোতে সে গ্রামে যেতে পারে এবং শিক্ষার গুরুত্ব সম্পর্কে লোকদেরকে সচেতন করতে পারে। সে তাদের এলাকায় নৈশ বিদ্যালয় স্থাপন করতে পারে। সে সমাজের দুঃখীদের সাহায্য করতে পারে।

উপসংহার : ছাত্রজীবন প্রস্তুতির সময়। তাই, ছাত্রজীবনে তার উচিত সময়ের যথাযথ ব্যবহার করা। তাকে অবশ্যই মনে রাখতে হবে যে, জ্ঞানই শক্তি। সে অবশ্যই নিয়মানুবর্তিতা শিখবে। সে কখনো অলস হবে না। তাকে সর্বদা কর্মঠ থাকতে হবে।

25. Write a composition about 'My Daily Life'. ('আমার প্রাত্যহিক জীবন' সম্পর্কে একটি রচনা লেখ।)

My Daily Life (আমার প্রাত্যহিক জীবন)

I am a student of Class VII. I want to do well in the annual Examination as well as in my life. So, I want to lead (লিড-চালানো) my life in a well-regulated (ওয়েল-রেগুলেটেড-সুনিয়ন্ত্রিত) way.

I have made a daily routine (রুটিন-কর্মতালিকা) for this purpose (পারপাস-উদ্দেশ্য). Getting (গেটিং) up early in the morning, I go to the bathroom (বাথরুম-স্নানাগার) to have a wash. After saying my Fazr (ফযর) prayer, I go out for a walk for half an hour. I take my breakfast (ব্রেকফাস্ট-নাস্তা) at home at about 7:00 am, and learn my lessons till 9:00 am. After taking my bath and meal, I start for school at 10:00 o'clock in the morning. Our school begins (বিগিনস-শুরু হওয়া) at half past ten. At school, I always sit in the first row and pay full attention (অ্যাটেনশন-মনোযোগ) to my lessons. During (ডিওরিং-ব্যাপিয়া) the tiffin period, I take my tiffin and pass the leisure (লেঝার-অবকাশ) in the school building (বিল্ডিং-ভবন) by reading daily newspapers.

When the school breaks (ব্রেকস-শেষ হওয়া) up at 4:30 pm, I come straight (স্ট্রেইট-সরাসরি) back home. Then I wash myself and take my meal (মীল-একবেলার খাবার). After that, I go out to play with my friends till the prayer of Magrib (মাগরিব). With the Magrib Azan, I say my prayer. Then I go to my reading room to prepare (প্রিপেয়ার-প্রস্তুত করা) my lessons for the next day. Every night, I spend an hour watching TV programmes (প্রোগ্রামস-কর্মসূচি). I like to enjoy them with my parents. Then I go back to my reading room to prepare the rest (রেস্ট-অবশিষ্টাংশ) of my lessons. I say my Esha (এশা) prayer before supper at 10 pm and then I go to bed for a sound sleep.

The daily routine (রুটিন-কর্মসূচি) helps me to complete (কমপ্লিট-সম্পন্ন করা) my work punctually (পাংকচুয়ালি-ঠিক সময়ে) and successfully (সাকসেসফুলি-সফলভাবে). I really enjoy following my daily routine. The routine of a daily life helps one to live a regulated (রেগুলেটেড-নিয়ন্ত্রিত), happy and sound life. One can

acquire (অ্যাকোয়ার-অর্জন করা) the habit of discipline (ডিসিপ্লিন-নিয়মানুবর্তিতা) by following a daily routine. It is the key to success and happiness in one's future life. That is why one must have a daily routine and follow it strictly (স্ট্রিক্টলি-কঠোরভাবে).

আমার প্রাত্যহিক জীবন

আমি সপ্তম শ্রেণির ছাত্র। আমি বার্ষিক পরীক্ষায় এবং আমার জীবনে ভালো করতে চাই। কাজেই আমি সুনিয়ন্ত্রিতভাবে আমার জীবন পরিচালিত করতে চাই।

এ উদ্দেশ্যে আমি একটি দৈনিক কর্মতালিকা তৈরি করেছি। প্রভাতে ঘুম থেকে উঠেই প্রক্ষালন করতে (পরিষ্কার হতে) স্নানাগারে চলে যাই। নামাজ পড়ার (প্রার্থনার) পর আধ ঘণ্টা বেড়ানোর জন্য বের হই। প্রায় সকাল ৭টার দিকে আমি বাড়িতে নাস্তা করি এবং সকাল ৯টা অবধি আমি আমার পড়া শিখি। স্নান (গোসল) সেরে এবং খাবার খেয়ে সকল ১০টায় বিদ্যালয়ের উদ্দেশ্যে রওয়ানা হই। আমাদের বিদ্যালয় সাড়ে দশটায় শুরু হয়। বিদ্যালয়ে আমি সর্বদা প্রথম সারিতে উপবেশন করি এবং পড়ার প্রতি পূর্ণ মনোযোগ দেই। টিফিন ঘণ্টায় টিফিন খেয়ে দৈনিক সংবাদপত্র পড়ে বিরতির সময় বিদ্যালয় ভবনেই কাটাই।

বিকাল সাড়ে ৪টায় বিদ্যালয় ছুটি হলে আমি বরাবর বাড়ি ফিরে আসি। তারপর আমি প্রক্ষালন করে (পরিষ্কার হয়ে) খাবার খাই। তারপর মাগরিবের নামাজের পূর্ব অবধি আমি আমার বন্ধুদের সাথে খেলা করার জন্য বেরিয়ে যাই। মাগরিবের আযানের সাথে সাথে আমি নামাজ পড়ি। তারপর আমি পরবর্তী দিনের পড়া তৈরি করার জন্য পড়ার ঘরে চলে যাই। প্রতি রাতে আমি টিভির অনুষ্ঠান দেখে এক ঘণ্টা সময় ব্যয় করি। আমি আমার পিতামাতার সাথে এগুলো উপভোগ করতে পছন্দ করি। তারপর আমি আমার পড়ার অবশিষ্টাংশ তৈরি করার জন্য পড়ার ঘরে ফিরে যাই। রাত ১০ টায় নৈশ ভোজের পূর্বে আমি এশার নামাজ পড়ি এবং তারপর আমি বিছানায় গিয়ে ঘুমিয়ে পড়ি।

দৈনিক কর্মসূচি আমার কাজকর্ম ঠিক সময়ে ও সফলভাবে সম্পন্ন করতে আমাকে সহায়তা করে। আমি আমার দৈনিক কর্মসূচি অনুসরণ করে সত্যিই আনন্দ পাই।

প্রাত্যহিক জীবনের কর্মসূচি নিয়ন্ত্রিত, সুখি ও সুস্থ জীবনযাপন করতে সাহায্য করে। দৈনিক কর্মসূচি অনুসরণ করে নিয়মশৃঙ্খলার অভ্যাস অর্জন করতে পারা যায়। এটা কারো ভবিষ্যৎ জীবনের সফলতা ও সুখের চাবিকাঠি। এ কারণে দৈনন্দিন কর্মতালিকা থাকতে হবে এবং এটা কঠোরভাবে অনুসরণ করতে হবে।

26. Write a composition about 'My Aim in Life'. ('আমার জীবনের লক্ষ্য' সম্পর্কে একটি রচনা লেখ।)

My Aim in Life (আমার জীবনের লক্ষ্য)
Or, My Future Plan (আমার ভবিষ্যৎ পরিকল্পনা)
Or, The Profession I Like Most (যে পেশা আমি সবচেয়ে বেশি পছন্দ করি)

Introduction (সূচনা) : Every (এভরি-প্রত্যেক) man has an aim in life. It is necessary (নেসিস্যারি-প্রয়োজনীয়) to do anything (অ্যানিথিং-কোনোকিছু) beforehand. A man without (উইদাউট-ছাড়া/ব্যতীত) an aim in life is like a boat without a rudder (রাডার-হাল). So, every man should (শুড-উচিত) decide before (বিফোর-পূর্বে) what he aspires (অ্যাসপায়ার্স-আকাঙ্ক্ষা করা) to be.

My choice (আমার পছন্দ) : There are so many professions (প্রফেশন্স-পেশা) to be taken (টেকেন-নেওয়া). After much (মাচ-অনেক) consideration (কনসিডারেশন-চিন্তাভাবনা), I have decided (ডিসাইডেড-সিদ্ধান্ত নিয়েছি) to be a teacher. A teacher is the maker of a man properly (প্রোপারলি-সঠিকভাবে). That is, he is a builder (বিলডার-প্রস্তুতকারক) of a nation. His value (ভেল্যু-মূল্য) is top of all.

The cause of choice (পছন্দের কারণ) : Ours is an underdeveloped (আনডারডেভেলপড্-অনুন্নত) country. Eighty percent (পারসেন্ট-শতকরা) of the people here are illiterate (ইলিটারেট-অশিক্ষিত). To educate them and to bring them to the light of knowledge (নলেজ-জ্ঞান) is no doubt (ডাউট-সন্দেহ) a noble (নবেল-মহৎ) task. So, I have decided (ডিসাইডেড-সিদ্ধান্ত নেওয়া) that after graduation (গ্যাজুয়েশন-স্নাতক), I shall take B. Ed. training (ট্রেনিং-প্রশিক্ষণ).

How I shall serve the nation (কীভাবে আমি জাতির সেবা করব) : After obtaining (অবটেইননিং-লাভ করে) B. Ed. degree, I shall take the teaching profession (প্রফেশন-পেশা). I shall join (জয়েন-যোগদান করা) the high school of my native (নেটিভ-নিজ) village. There I shall educate (এডুকেট-শিক্ষিত) the young learners. I shall try my best to teach them and motivate (মটিভেট-অনুপ্রাণিত) them to build their character (ক্যারেক্টার-চরিত্র) so that they may be worthy (ওয়ারদি-যোগ্য) citizens (সিটিজেনস-নাগরিক) of the country.

Social service (সমাজ সেবা) : As a teacher I hope to render (রেন্ডার-প্রদান করা) some social services (সারভিস-সেবা) to educate the adults and the womenfolk (উম্যানফক-মহিলাজাতি). I shall start separate (সেপ্যারেট-আলাদা/পৃথক) adult (অ্যাডাল্ট-বয়স্ক) school. I, with the help of young men (ইয়ং মিন-যুবক) and women interested (ইন্টারেস্টেড-আগ্রহী) in this line, shall teach men and women the fundamentals (ফান্ডামেন্টাল-মৌলিক) and infuse (ইনফিউজ-গড়ে তোলা) in them the knowledge of co-operative (কো-অপারেটিভ-সমবায়) movement (মুভমেন্ট-আন্দোলন) and family planning (প্ল্যানিং-পরিকল্পনা).
Conclusion (উপসংহার) : I know my profession will not make me rich. But I am ready to remain satisfied (স্যাটিসফাইড-সন্তুষ্ট) with a simple (সিম্পল-সাদাসিধে) living.

আমার জীবনের লক্ষ্য

সূচনা : প্রত্যেক মানুষেরই জীবনে উদ্দেশ্য থাকে। কোনোকিছু করার পূর্বে উদ্দেশ্য থাকা প্রয়োজনীয়। জীবনে উদ্দেশ্যবিহীন মানুষ হালবিহীন নৌকার মতো। কাজেই, প্রত্যেক মানুষেরই উচিত সে কী হতে চায় তা পূর্বেই সিদ্ধান্ত নেওয়া।
আমার পছন্দ : গ্রহণ করার মতো অনেক পেশা আছে। অনেক চিন্তাভাবনার পর আমি শিক্ষক হতে সিদ্ধান্ত নিয়েছি। একজন শিক্ষক একজন মানুষকে সঠিকভাবে গড়ে তোলে। অর্থাৎ সে একজন জাতির নির্মাতা। তার মূল্য সবার উপরে।
পছন্দের কারণ : আমাদের অনুন্নত দেশ। এখানে শতকরা আশিজন লোক নিরক্ষর। তাদেরকে শিক্ষিত করে তোলা ও জ্ঞানের আলো প্রদান করা নিঃসন্দেহে মহৎ কাজ। কাজেই, আমি সিদ্ধান্ত নিয়েছি স্নাতক উপাধির পর আমি বি.এড. প্রশিক্ষণ নিব।
কীভাবে আমি জাতির সেবা করব : বি.এড. ডিগ্রি লাভ করার পর আমি শিক্ষকতার পেশা গ্রহণ করব। আমি আমার নিজ গ্রামের উচ্চ বিদ্যালয়ে যোগদান করব। সেখানে আমি তরুণ শিক্ষার্থীদেরকে শিক্ষিত করব। আমি যথাসাধ্য চেষ্টা করব তাদেরকে শিক্ষা দিয়ে চরিত্র গঠনে অনুপ্রাণিত করতে যাতে তারা দেশের যোগ্য নাগরিক হতে পারে।
সমাজসেবা : শিক্ষক হিসেবে আমি বয়স্ক ও মহিলা জাতিকে শিক্ষিত করে তোলার জন্য কিছু সমাজসেবা করার আশা রাখি। আমি পৃথক বয়স্ক স্কুল শুরু করব। এক্ষেত্রে আগ্রহী যুবক-যুবতীদের সাহায্য নিয়ে আমি নর-নারীদেরকে মৌলিক শিক্ষা দিব এবং সমবায় আন্দোলন ও পরিবার পরিকল্পনার বিষয়ে তাদের জ্ঞান দিব।
উপসংহার : আমি জানি আমার পেশা আমাকে ধনাঢ্য করবে না। তবুও আমি সাদাসিধে জীবনযাপন নিয়ে সন্তুষ্ট থাকতে প্রস্তুত।

27. Write a composition about 'Flood'. ('বন্যা' সম্পর্কে একটি রচনা লেখ।)

Flood (বন্যা)

Or, Flood in Bangladesh (বাংলাদেশের বন্যা)

Or, A Natural Calamity of Bangladesh

(বাংলাদেশের একটি প্রাকৃতিক দুর্যোগ)

Introduction (সূচনা) : Flood is a natural calamity (ক্যালামিটি-দুর্যোগ). It is an annual affair (এফেয়ার-ঘটনা) in Bangladesh. The people of Bangladesh suffer (সাফার-ভোগা) from flood almost (অলমোস্ট-প্রায়) every year.

What Flood is (বন্যা কী) : Due to excessive (এক্সসেসিভ-অতিরিক্ত) rainfall when rivers and canals overflow (ওভারফ্লো-উপচে পড়া) their banks and make a huge (হিউজ-বিপুল) loss to crops and property (প্রপারটি-সম্পদ), it is called flood.

Causes of flood (বন্যার কারণ) : The causes (কজেস-কারণ) of flood are many. Heavy (হেভি-প্রচণ্ড) showers (সাওয়ারস-বৃষ্টি) of rain are the main cause of flood. Cyclone (সাইক্লোন-ঘূর্ণিঝড়), Farakka barrage (ব্যারেজ-বাঁধ) and melting (মেল্টিং-গলন) of snows (স্নোস-বরফ গলন) are also responsible (রেসপনসিবল-দায়ী) for this.

Bad effects of flood (বন্যার কুফল) : Flood washes away our cattle and food grains (গ্রেইনস-খাদ্য শস্য). It washes away villages, roads and even houses of the people. Many human lives are lost. All the communication (কমিউনিকেশন-যোগাযোগ) is suspended (সাসপেন্‌ডেড-বিচ্ছিন্ন হওয়া). People become homeless. They take shelter (শেলটার-আশ্রয়) on the high roads, schools and colleges.

After effects of flood (বন্যার পরবর্তী প্রভাব) : All the houses become muddy (মাডি-কর্দমাক্ত) and unhealthy (আনহেলথি-অস্বাস্থ্যকর). People do not get pure drinking (ড্রিংকিং-পান করার) water. Cholera, typhoid (টাইফয়ড) and many other fatal (ফ্যাটাল-মারাত্মক) diseases (ডিজিস-রোগ) break out.

Usefulness (সুবিধা) : Floods do some good to us. It makes our lands fertile (ফারটাইল-উর্বর) by depositing (ডিপজিটিং-জমা করে) silt. Rivers and canals (ক্যানেলস-নালা) are also full of fishes. It washes away our dirt (ডারট্-ময়লা) and filth (ফিলথ-আবর্জনা).

How to control (কীভাবে নিয়ন্ত্রণ করা যায়) : Rivers should be dredged (ড্রেজড-খনন করা) properly. Proper embankments (ইমব্যাংকমেন্টস-বাঁধ) must be constructed (কনস্ট্রাক্টেড-তৈরি করা) on the both sides of the rivers so that they can contain (কন্টেইন-ধারণ করা) a lot of water.

Conclusion (উপসংহার) : Flood causes (কজেস-কারণ) a huge loss to our country every year. So, we must control (কন্ট্রোল-নিয়ন্ত্রণ করা) flood at any cost.

বন্যা

সূচনা : বন্যা একটি প্রাকৃতিক দুর্যোগ। এটি বাংলাদেশের একটি বার্ষিক ঘটনা। প্রায় প্রত্যেক বছর বাংলাদেশের মানুষ বন্যায় ভোগে।

বন্যা কী : অতিবৃষ্টির কারণে যখন নদী এবং খাল তাদের তীরের ওপর দিয়ে বয়ে চলে এবং শস্য এবং সম্পদের চরম ক্ষতি সাধন করে, তখন তাকে বন্যা বলে।

বন্যার কারণ : বন্যার অনেক কারণ রয়েছে। প্রচণ্ড বৃষ্টিপাত হলো বন্যার প্রধান কারণ। ঘূর্ণিঝড়, ফারাক্কার বাঁধ এবং বরফ গলনও এর জন্য দায়ী।

বন্যার কু-প্রভাব : বন্যা আমাদের গরু-বাছুর এবং খাদ্যশস্য ভাসিয়ে নিয়ে যায়। এটি গ্রামের রাস্তাঘাট, এমনকি মানুষের ঘরবাড়ি ধুয়ে নিয়ে যায়। অনেক মানুষ জীবন হারায়। সব ধরনের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। লোকজন গৃহহারা হয়। তারা উঁচু রাস্তা, স্কুল এবং কলেজে আশ্রয় নেয়।

বন্যা পরবর্তী প্রভাব : সমস্ত বাড়িঘর কর্দমাক্ত এবং অস্বাস্থ্যকর হয়ে পড়ে। লোকজন বিশুদ্ধ খাবার পানি পায় না। কলেরা, টাইফয়েড এবং বিভিন্ন ধরনের মারাত্মক রোগ দেখা দেয়।

সুবিধা : বন্যা আমাদের কিছু উপকারও করে থাকে। পলি জমা করে এটি আমাদের জমিকে উর্বর করে তোলে। নদী-নালা ও খাল-বিল মাছে পরিপূর্ণ হয়। এটি আমাদের ময়লা-আবর্জনা ধুয়ে নিয়ে যায়।

কীভাবে নিয়ন্ত্রণ করা যায় : নদী-নালা যথাযথভাবে খনন করা উচিত। নদীনালার উভয় তীরে অবশ্যই যথাযথ বাঁধ নির্মাণ করা উচিত যাতে প্রচুর পরিমাণে পানি বহন করতে পারে।

উপসংহার : বন্যা প্রতি বছর আমাদের দেশের ব্যাপক ক্ষতিসাধন করে থাকে। তাই, আমাদেরকে যে কোনো প্রকারে বন্যা নিয়ন্ত্রণ করতে হবে।

28. Write a composition about 'Value of Time'. ('সময়ের মূল্য' সম্পর্কে একটি রচনা লেখ।)

Value of Time (সময়ের মূল্য)

Introduction (ভূমিকা) : The value of time in our life knows no bound. Life is short (শর্ট-সংক্ষিপ্ত) but action (অ্যাকশন-কাজ) is long (লং-ব্যাপক). If we do not make the best use of time, it is not possible (পসিবল-সম্ভব) for us to complete (কমপ্লিট-সম্পন্ন) our work (ওয়ার্ক-কাজ).

Value of time (সময়ের মূল্য) : Time is the most valuable (ভ্যালিউয়্যাবল-মূল্যবান) asset (অ্যাসেট-সম্পদ) in the world. Time never stays for anybody (এনিবডি-যে কেউ). It just goes on and on. The popular saying (সেয়িং-প্রবাদ) goes : "Time and tide (টাইড-স্রোত) wait (ওয়েট-অপেক্ষা করা) for none (নান-কেউ না)." It is more valuable (ভ্যেলুয়্যাবল-মূল্যবান) than money.

Proper use of time (সময়ের সদ্ব্যবহার) : Proper use of time is the best way of success (সাকসেস-সফলতা). The most important (ইমপর্টেন্ট-গুরুত্বপূর্ণ) time is 'NOW'. For the next day, we should not put off our work. So, we must not spend a single (সিংগেল-এক) moment (মোমেন্ট-মুহূর্ত) in vain (বেইন-বৃথা).

History (ইতিহাস) : History provides (প্রভাইডস-প্রদান করা) many examples (এক্সামপলস-উদাহরণ) of the importance (ইম্পরট্যান্স-গুরুত্ব) of time. One of Napoleon's generals (জেনারেলস-সেনাপতি) was a few minutes late in Waterloo Battlefield (ব্যাটল ফিল্ড-যুদ্ধক্ষেত্র). For this reason, Napoleon had to face a terrible (টেরিবল-করুণ) defeat. On the other hand, Abraham Lincoln (লিংকন), Einstein (আইনস্টাইন), Aristotle (এরিস্টটল) and such other great persons led their lives to the top of success (সাকসেস-সফল) making the best use of their time.

Value of time in student life (ছাত্র জীবনে সময়ের মূল্য) : Student life is the seed time of life. Student who does not know the value of time can never (নেভার-কখনো না) be successful (সাকসেসফুল-সফল).

Conclusion (উপসংহার) : We are the best (বেস্ট-সর্বোৎকৃষ্ট) creation (ক্রিয়েশান-সৃষ্টি) of Allah. We owe to Him because He has sent us to this wonderful (ওন্ডারফুল-সুন্দর) earth. To prosper (প্রসপার-উন্নতি করা) in life we must make (মেইক-তৈরি করা) proper (প্রপার-সঠিক) use of time because anything (এনিথিং-যে কোনো কিছু) good can be done or achieved (অ্যাচিভড-অর্জন করা) only through (থ্রো-মধ্যে/মাধ্যমে) making the best use of time.

সময়ের মূল্য

ভূমিকা : আমাদের জীবনে সময়ের মূল্য অপরিসীম। জীবন সংক্ষিপ্ত কিন্তু কাজ ব্যাপক। আমরা যদি সময়ের সদ্ব্যবহার না করি তাহলে আমাদের পক্ষে এ কাজগুলো সম্পন্ন করা সম্ভব নয়।

সময়ের মূল্য : সময় হলো পৃথিবীতে সর্বাপেক্ষা মূল্যবান সম্পদ। সময় কখনো কারো জন্য অপেক্ষা করে না। এটি কেবল চলতেই থাকে। একটি বিখ্যাত প্রবাদ রয়েছে, "সময় এবং স্রোত কারো জন্য অপেক্ষা করে না।" এটি অর্থ অপেক্ষাও বেশি মূল্যবান।

সময়ের সদ্ব্যবহার : সময়ের সদ্ব্যবহার হলো সফলতার সর্বোৎকৃষ্ট পথ। সবচেয়ে গুরুত্বপূর্ণ সময় হলো 'এখন'। আগামী দিনের জন্য আমাদের কাজ ফেলে রাখা উচিত নয়। তাই, আমাদের বৃথা এক মুহূর্ত সময় ও ব্যয় করা উচিত নয়।

ইতিহাস : ইতিহাস সময়ের গুরুত্ব সম্পর্কে অনেক উদাহরণ প্রদান করে। ওয়াটার-লুর যুদ্ধে নেপোলিয়ানের একজন সেনাপতি কয়েক মিনিট দেরিতে পৌঁছেছিলেন। এ কারণে নেপোলিয়ানকে এক করুণ পরাজয়ের মুখোমুখি হতে হয়েছিল। অন্যদিকে, আব্রাহাম লিংকন, আইনস্টাইন, এরিস্টটল এবং এমন অনেক মহান ব্যক্তি সময়ের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে নিজেদেরকে সফলতার শীর্ষে নিয়ে গিয়েছিলেন।

ছাত্রজীবনে সময়ের মূল্য : ছাত্রজীবন হলো বীজ বপনের সময়। যে ছাত্র সময়ের মূল্য জানে না সে কখনো সফলতা অর্জন করতে পারে না।

উপসংহার : আমরা আল্লাহর সর্বশ্রেষ্ঠ সৃষ্টি। আমরা তাঁর কাছে ঋণী; কারণ তিনি আমাদেরকে এ সুন্দর পৃথিবীতে প্রেরণ করেছেন। আমাদের জীবনে উন্নতি করতে হলে আমাদেরকে অবশ্যই সময়ের সঠিক ব্যবহার করতে হবে। কারণ ভালো যে কোনো কিছু করা বা অর্জন করা কেবল সময়ের সর্বোত্তম ব্যবহারের মাধ্যমেই সম্ভব।

29. Write a composition about 'Discipline'. ('নিয়মানুবর্তিতা' সম্পর্কে একটি রচনা লেখ।)

Discipline (নিয়মানুবর্তিতা)
Or, Discipline and Its Importance
(নিয়মানুবর্তিতা এবং এর গুরুত্ব)

Introduction (সূচনা) : Man is a social being (সোসিয়েল বিইং-সামাজিক জীব). Discipline (ডিসিপ্লেইন-নিয়মানুবর্তিতা) means (মিনস-বুঝায়) obedience (অবিডিয়েন্স-মেনে চলা) to certain (সারটেন-নির্দিষ্ট) rules and regulations. In the society (সোসাইটি-সমাজ) we cannot do whatever (হোয়াটএভার-যা কিছু) we like. We have to maintain (মেইনটেইন-মেনে চলা) rules and regulations (রিগুলেশন্স-নিয়মকানুন).

Value of discipline (নিয়মানুবর্তিতার মূল্য) : The value of discipline is indescribable (ইনডিসক্রাইবয়্যাবল-অবর্ণনীয়) in our life. It helps men to live in society with peace and happiness (হেপিনেস-সুখ). Without discipline nothing can be improved (ইমপ্রুভড-উন্নত করা) in a country. Nature shows a glaring (গ্লেয়ারিং-উজ্জ্বল) example of discipline. The earth, the moon, the stars (স্টারস-তারা) and all the planets (প্ল্যানেট-গ্রহ/নক্ষত্র) move around (অ্যারাউন্ড-চতুর্দিক) the sun following discipline strictly (স্ট্রিক্টলি-কঠোরভাবে).

Necessity of discipline (নিয়মানুবর্তিতার প্রয়োজনীয়তা) : Discipline is very necessary (নেসেসারি-প্রয়োজনীয়) in every step of our life. Discipline is essential (ইসেনশিয়াল-প্রয়োজনীয়) in student life. A student must attend school punctually (পাংচুয়্যালি-নিয়মিত) and obey the rules of the school. He must carry out the orders of the teachers. Discipline is necessary (নেসেসারি-প্রয়োজনীয়) in games and sports. If the players (প্লেইয়ার-খেলোয়াড়) in the playground (প্লেগ্রাউন্ড-খেলার মাঠ) do not obey the rules of the game (গেইম-খেলা) and the orders of the captain (ক্যাপ্টেইন-অধিনায়ক), they are sure to lose the game.

Merits (উপকারিতা) : Discipline is one of the best virtues (ভারচুস-গুণ) of mankind (ম্যানকাইন্ড-মনুষ্যজাতি) and absence (অ্যাবসেন্স-অনুপস্থিত) of it makes a man unhappy (আনহ্যাপি-অসুখী). It fact, it is more valuable than money.

Conclusion (উপসংহার) : Discipline is the best (বেস্ট-সর্বোৎকৃষ্ট) way to succeed (সাকসিড-সফলতা লাভ করা). We cannot lead a peaceful (পিসফুল-শান্তিপূর্ণ) life (লাইফ-জীবন) without discipline. So, all of us should be the performer (পারফরমার-সম্পাদক) of discipline from the very beginning (বিগিনিং-শুরু) of life.

নিয়মানুবর্তিতা

অথবা, নিয়মানুবর্তিতার গুরুত্ব

সূচনা : মানুষ সামাজিক জীব। নিয়মানুবর্তিতা অর্থ নির্দিষ্ট কিছু নিয়ম-কানুন মেনে চলা। সমাজে আমরা যা খুশি করতে পারি না। আমাদেরকে কিছু নিয়ম-কানুন মেনে চলতে হয়।

নিয়মানুবর্তিতার মূল্য : আমাদের জীবনে নিয়মানুবর্তিতার মূল্য অবর্ণনীয়। এটি মানুষকে শান্তি ও সুখের সাথে সমাজে বসবাস করতে সাহায্য করে। নিয়মানুবর্তিতা ছাড়া কোনো দেশে কোনো কিছু উন্নত হতে পারে না। প্রকৃতি নিয়মানুবর্তিতার এক উজ্জ্বল দৃষ্টান্ত। পৃথিবী, চন্দ্র, তারা এবং সকল গ্রহ কঠোরভাবে নিয়মানুবর্তিতা অনুসরণ করে সূর্যের চারদিকে ঘুরছে।

নিয়মানুবর্তিতার প্রয়োজনীয়তা : জীবনের প্রতি পদক্ষেপে নিয়মানুবর্তিতা প্রয়োজনীয়। ছাত্রজীবনে নিয়মানুবর্তিতা প্রয়োজনীয়। একজন ছাত্রকে অবশ্যই যথাসময়ে স্কুলে উপস্থিত হতে হবে এবং স্কুলের নিয়ম-কানুন মেনে চলতে হবে। তাকে অবশ্যই শিক্ষকের নির্দেশ মেনে চলতে হবে। খেলাধুলায় নিয়মানুবর্তিতা আবশ্যক। যদি খেলোয়াড়রা মাঠে খেলার নিয়ম-কানুন এবং অধিনায়কের নির্দেশ মেনে না চলে তাদেরকে অবশ্যই খেলায় হারতে হবে।

উপকারিতা : নিয়মানুবর্তিতা মানুষের অন্যতম গুণ এবং এর অনুপস্থিতিতে মানুষ অসুখী হয়। প্রকৃতপক্ষে, এটি অর্থসম্পদের চেয়েও মূল্যবান।

উপসংহার : নিয়মানুবর্তিতা হচ্ছে সফলতার সর্বোৎকৃষ্ট পথ। নিয়মানুবর্তিতা ব্যতীত আমরা শান্তিপূর্ণ জীবনযাপন করতে পারি না। তাই, আমাদের সকলকে জীবনের একেবারে শুরু থেকেই নিয়মানুবর্তিতা মেনে চলতে হবে।

30. Write a composition about 'Physical Exercise'. ('শারীরিক ব্যায়াম' সম্পর্কে একটি রচনা লেখ।)

Physical Exercise (শারীরিক ব্যায়াম)

Introduction (সূচনা) : Regular (রেগুলার-প্রাত্যহিক) movement (মুভমেন্ট-সঞ্চালন) of the limbs of our body is called physical exercise (ফিজিক্যাল এক্সারসাইজ-শারীরিক ব্যায়াম). It keeps a man healthy (হেলদি-সুস্থ) and free from disease (ডিজিস-রোগ). None can enjoy a happy and healthy (হেলদি-সুস্থ) life without taking physical exercise (এক্সারসাইজ-ব্যায়াম).

Kinds (প্রকার) : There are many kinds of physical exercise such as walking, running (রানিং-দৌড়), swimming (সুইমিং-সাঁতার) etc. Different (ডিফরেন্ট-পৃথক) kinds of games like football, cricket, hockey (হকি) etc. are good forms of physical exercise.

Proper time of exercise (ব্যায়ামের সঠিক সময়) : The best time of taking physical exercise is morning (মরনিং-সকাল) and evening. We should not take exercise in empty (এম্পটি-খালি) stomach (স্টোমাক-পেট). It should be taken (টেকেন-গ্রহণ করা) in the open air (এয়ার-বাতাস).

Usefulness (উপকারিতা) : Physical exercise is very necessary (নেসেসারি-দরকার/প্রয়োজন) to us. It makes a man strong and active (অ্যাকটিভ-কর্মঠ) and improves (ইমপ্রোভস-উন্নতি করে) his health. It is said that a sound mind lies in a sound body. If the body is sound, the mind must be sound. It helps to digest (ডাইজেস্ট-পরিপাক) our food. So, it is essential (ইসেনশিয়্যাল-প্রয়োজন) to take physical exercise regularly (রেগুলারলি-নিয়মিত).

The necessity of physical exercise for a student (একজন ছাত্রের জন্য শারীরিক ব্যায়ামের প্রয়োজনীয়তা) : A student does hard mental (মেন্টাল-মানসিক) work. He needs sound mind and sound (সাউন্ড-সুস্থ) body which (হুইচ-যা) depend on physical exercise. So, physical exercise is very important (ইমপোরট্যান্ট-গুরুত্বপূর্ণ) to a student.

Conclusion (উপসংহার) : Health is the root of all happiness (হ্যাপিনেস-সুখ). Physical exercise brings this health (হেলথ-স্বাস্থ্য). It keeps us fit for work (ওয়ার্ক-কাজ করা). So, we should take physical exercise regularly (রেগুলারলি-নিয়মিত).

শারীরিক ব্যায়াম

সূচনা : শরীরের অঙ্গপ্রত্যঙ্গের নিয়মিত সঞ্চালনকে শারীরিক ব্যায়াম বলে। এটি মানুষকে সুস্থ এবং রোগমুক্ত রাখে। ব্যায়াম করা ছাড়া কেউ সুস্থ ও সুখী জীবন ভোগ করতে পারে না।

প্রকার : বিভিন্ন প্রকারের ব্যায়াম রয়েছে যেমন : হাঁটা, দৌড়, সাঁতার কাটা ইত্যাদি। বিভিন্ন প্রকারের খেলাধুলা যেমন : ফুটবল, ক্রিকেট, হকি ইত্যাদি ভালো শারীরিক ব্যায়াম।

ব্যায়ামের সঠিক সময় : সকাল এবং সন্ধ্যা শারীরিক ব্যায়ামের সবচেয়ে ভালো সময়। খালি পেটে ব্যায়াম করা উচিত নয়। এটি খোলা বাতাসে গ্রহণ করা উচিত।

উপকারিতা : শারীরিক ব্যায়াম আমাদের জন্য অত্যন্ত দরকারি। এটি একজন মানুষকে শক্তিশালী ও কর্মঠ করে এবং তার স্বাস্থ্য উন্নত করে। বলা হয় যে সুস্থ দেহে সুস্থ মন বিরাজ করে। যদি শরীর অসুস্থ থাকে তবে মন অবশ্যই অসুস্থ থাকবে। এটি আমাদের খাদ্যকে হজমে সহায়তা করে। তাই নিয়মিত ব্যায়াম করা অত্যাবশ্যক।

একজন ছাত্রের জন্য শারীরিক ব্যায়ামের প্রয়োজনীয়তা : একজন ছাত্র কঠোর মানসিক পরিশ্রম করে। তার প্রয়োজন সুস্থ মন ও সুস্থ দেহ যা শারীরিক ব্যায়ামের উপর নির্ভর করে। তাই, একজন ছাত্রের জন্য শারীরিক ব্যায়াম অত্যন্ত দরকারী।

উপসংহার : স্বাস্থ্যই সকল সুখের মূল। শারীরিক ব্যায়াম স্বাস্থ্য এনে দেয়। এটি আমাদেরকে কাজের উপযোগী করে। তাই, আমাদের উচিত নিয়মিত শারীরিক ব্যায়াম করা।

31. Write a composition about 'The Rivers of Bangladesh'.
('বাংলাদেশের নদ-নদী' সম্পর্কে একটি রচনা লেখ।)

The Rivers of Bangladesh (বাংলাদেশের নদ-নদী)

Introduction (সূচনা) : Bangladesh is a land of rivers which have made our land the richest (রিচেস্ট-ধনী) one of the world. The other countries (কানট্রিস-দেশ) of the world have not so many rivers as Bangladesh. These rivers are the blessings (ব্লেসিং-রহমত) of Allah. Bangladesh is watered (ওয়াটারড) by rivers. So, Bangladesh has a fertile (ফার্টাইল-উর্বর) land.

Sources (উৎস) : A river rises from a spring (স্প্রিং-ঝরনা), a lake (লেক-হ্রদ) or melted (মেলটেড-গলিত) snow. Besides, the rain feeds a river. The main rivers of Bangladesh rise (রাইজ-ওঠা) from the Himalayas (হিমালয়) and most of them reach the ocean (ওশন-মহাসাগর).

The main rivers (প্রধান প্রধান নদী) : The main rivers of Bangladesh are the Padma (পদ্মা), the Meghna, the Jamuna, the Brahmaputra, the Dhaleswari (ধলেশ্বরী), the Karnafuli and the Surma. Besides (বিসাইডস-এছাড়াও), there are many small rivers like the Buriganga, the Sitalakya, Gumti, Arial Khan Tista, Atrai, Kortoa, Mohananda, Madhumati and others. They have tributaries (ট্রিবিউট্যারিস-উপনদী) as well.

Usefulness (উপকারিতা) : The rivers are great help to us. Our agriculture (এগ্রিকালচার-কৃষি) depends (ডিপেন্ডস-নির্ভরশীল) on the rivers. The rivers supply (সাপ্লাই-সরবরাহ করা) water and make the land fertile (ফারটাইল-উর্বর) by depositing (ডিপোজিটিং-জমা করে) silt. Thus, they help to produce (প্রডিউস-উৎপাদন করা) paddy, jute, wheat and many other crops. The rivers also help our irrigation (ইরিগেশন-পানিসেচ).

Our rivers are a great source (সোরস-উৎস) of wealth (ওয়েলথ-সম্পদ). The rivers abound with fishes. Fish is an important (ইম্পরটেন্ট-গুরুত্বপূর্ণ) food of our country. Many people earn their livelihood (লিভলিহুড-জীবিকা) by catching fish in the rivers. Our rivers are the important means for transport (ট্রান্সপোর্ট-পরিবহন) too. Boats, launches, steamers ply (প্লাই-চলাচল করে) through them in all the seasons.

Abuses (ক্ষতিসমূহ) : The rivers are not an unmixed (আনমিক্সড-অবিমিশ্র) blessing. Sometimes, they wash away our houses and cattle (ক্যাটল-গবাদিপশু). They cause a great suffering (সাফারিংস-কষ্ট) and loss to us. They cause flood and damage (ড্যামেজ-ধ্বংস). our life and property (প্রোপারটি-সম্পদ). Thus they become a curse (কার্স-অভিশাপ) to the people.

Conclusion (উপসংহার) : In spite of (ইন স্পাইট অব-সত্ত্বেও) their havocs (হ্যাভক্স-ধ্বংসাত্মক), they are great boon (বূন-দান) to us. Without them Bangladesh could not be so developed and sound. They are the greatest (গ্রেটেস্ট-শ্রেষ্ঠ) wealth (ওয়্যালথ-সম্পদ) of Bangladesh.

বাংলাদেশের নদ-নদী

সূচনা : বাংলাদেশ নদীমাতৃক দেশ আর এ নদী আমাদের দেশকে বিশ্বের সবচেয়ে বেশি সমৃদ্ধশালী দেশে পরিণত করেছে। পৃথিবীর অন্য দেশে বাংলাদেশের মতো এতো বেশি নদী নেই। এ নদীগুলো আল্লাহর রহমতস্বরূপ। বাংলাদেশ নদীবেষ্টিত। তাই, বাংলাদেশের রয়েছে উর্বর জমি।

উৎস : ঝর্ণা, হ্রদ ও গলিত বরফ থেকে নদীর উৎপত্তি হয়। তাছাড়া, বৃষ্টি নদীকে পানিপূর্ণ করে। বাংলাদেশের প্রধান নদীগুলো হিমালয় থেকে উৎপন্ন হয়েছে এবং তাদের অধিকাংশ সাগরে পতিত হয়েছে।

প্রধান প্রধান নদী : পদ্মা, মেঘনা, যমুনা, ব্রহ্মপুত্র, ধলেশ্বরী, কর্ণফুলী এবং সুরমা বাংলাদেশের প্রধান নদী। এছাড়া বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, আড়িয়ালখাঁ, গোমতি, তিস্তা, আত্রাই, করতোয়া, মহানন্দা, মধুমতি এবং অন্যান্য অনেক ছোট ছোট নদী রয়েছে।

উপকারিতা : নদী আমাদের অত্যন্ত সহায়ক। আমাদের কৃষি নদীর উপর নির্ভরশীল। নদী পানি সরবরাহ করে এবং পলি দিয়ে জমিকে উর্বর করে। এভাবে ধান, পাট, গম এবং অন্যান্য শস্য উৎপাদনে সাহায্য করে। নদী আমাদের পানি সেচেও সাহায্য করে। নদী সম্পদের একটি বড় উৎস। নদীগুলো মাছে পরিপূর্ণ। মাছ আমাদের দেশের গুরুত্বপূর্ণ খাদ্য। নদীতে মাছ ধরে অনেকে জীবিকা নির্বাহ করে। নদী পরিবহনের একটি গুরুত্বপূর্ণ মাধ্যম। সব ঋতুতে নদীপথে নৌকা, লঞ্চ ও স্টিমার চলাচল করে।

ক্ষতিসমূহ : নদী অবিমিশ্র আশীর্বাদই নয়। মাঝে মাঝে এটি আমাদের ঘরবাড়ি ও গবাদিপশু ভাসিয়ে নিয়ে যায়। এগুলো আমাদের অনেক কষ্ট ও ক্ষতির কারণ হয়। এটি বন্যা সৃষ্টি করে এবং জানমাল ধ্বংস করে। এভাবে, এগুলো মানুষের অভিশাপে পরিণত হয়।

উপসংহার : ধ্বংসাত্মক কার্য সত্ত্বেও নদীগুলো আমাদের জন্য বড় আশীর্বাদস্বরূপ। এগুলো ছাড়া বাংলাদেশ এতো উন্নত ও সুসংহত হতে পারত না। এগুলো বাংলাদেশের শ্রেষ্ঠ সম্পদ।

32. Write a composition about 'A Village Fair'. ('একটি গ্রাম্য মেলা' সম্পর্কে একটি রচনা লেখ।)

A Village Fair (একটি গ্রাম্য মেলা)

Introduction (সূচনা) : A village fair (ফেয়ার-মেলা) is a special attraction (অ্যাট্রাকশন-আকর্ষণ) to the village people (পিউপল-জনগণ). Villagers specially (স্পেশালি-বিশেষ করে), the children (চিলড্রেন-শিশু) eagerly (ইগারলি-আগ্রহ নিয়ে) wait for it. It is a gathering (গ্যাদারিং-সমবেত হওয়া) of all kinds of people in a definite (ডেফিনিট-সুস্পষ্ট) place.

Occasion (উপলক্ষ) : A village fair is held on some occasion (অকেশন-উপলক্ষ). It is generally (জেনারেলি-সাধারণত) held on the Bengali New Year's Day. In some villages, it is held on the last day of 'Chaitra'. A village fair generally lasts for a day or days together (টুগেদার-একত্রে). It is generally held in an open place (প্লাস-স্থান) in the middle part of the village.

Things sold and bought in a village fair (গ্রাম্যমেলায় যে সকল জিনিস ক্রয়-বিক্রয় হয়) : Potters, weavers (অয়েভারস-তাঁতি), carpenters (কারপেন্টারস-কাঠমিস্ত্রি) and many other small traders (ট্রেডার্স-ব্যবসায়ী) come to the fair to sell their products (প্রডাক্টস-দ্রব্য). Besides these, toys, fancy goods and sweetmeats (সুইটমীটস-মিষ্টি) are sold in a fair. Children with their guardians flock (ফ্লক-দলবদ্ধ হওয়া) around these shops (শপস-দোকান) and buy things (থিংস-জিনিসপত্র) according (একর্ডিং-মতে) to their choice (চয়েস-পছন্দ).

Merits (উপকারিতা) : People easily get their necessary things in the village fair. They can meet their friends and relatives (রিলেটিভস-আত্মীয়) in it. It is a meeting (মিটিং-সমাবেশ) place of all kinds of people.

Demerits (অপকারিতা) : A village fair has no proper sanitation (সেনিটেশন-পায়খানা). It is a noisy place. The pickpockets (পিকপকেটস-পকেটমার) and the gambling (গ্যাম্বলিং-জুয়াখেলা) parties are found (ফাউন্ড-পাওয়া যায়) in a village fair.

Amusement (আনন্দ) : There are various (ভ্যারিয়াস-বিভিন্ন রকম) types of amusement (অ্যামুজমেন্ট-আনন্দ) in a village fair. There are Nagar Dolas, Cinemas (সিনেমাস), Jatra parties, Circus (সারকাস)

parties etc in it. Among (আমাং-মাঝে) them, Nagar Dolas have a special (স্পেশাল-বিশেষ) charm for the children.

Conclusion (উপসংহার) : A village fair is a great (গ্রেইট-আকার) source (সোরস-উৎস) of enjoyment. It helps the growth (গ্রোথ-বৃদ্ধি) of cottage (কটেজ-কুটির) industries (ইন্ডাস্ট্রিজ-শিল্প). It is a great recreation (রিক্রিয়েশন-বিনোদন) to the villagers.

একটি গ্রাম্য মেলা

সূচনা : গ্রাম্যমেলা গ্রামের লোকদের জন্য একটি বিশেষ আকর্ষণ। গ্রামবাসী বিশেষ করে শিশুরা এজন্য আগ্রহ ভরে অপেক্ষা করে। এটি একটি নির্দিষ্ট জায়গায় সবধরনের মানুষের একটা সমাবেশ।

উপলক্ষ : গ্রাম্যমেলা কিছু বিশেষ উপলক্ষে অনুষ্ঠিত হয়। এটি সাধারণত বাংলা নববর্ষে অনুষ্ঠিত হয়। কোনো কোনো গ্রামে চৈত্রের শেষ দিনে মেলা হয়। সাধারণত গ্রাম্য মেলা এক বা একাধিক দিন স্থায়ী হয়। এটি সাধারণত গ্রামের মধ্যস্থলে খোলা জায়গায় অনুষ্ঠিত হয়।

গ্রাম্য মেলায় যে সকল জিনিস ক্রয়-বিক্রয় হয় : কুমার, তাঁতী, কাঠমিস্ত্রী এবং অন্য অনেক ক্ষুদ্র ব্যবসায়ীগণ তাদের উৎপাদিত দ্রব্য বিক্রয় করতে মেলায় আসে। এছাড়াও খেলনা, সখের জিনিস এবং মিষ্টান্ন মেলায় বিক্রয় হয়। অভিভাবকদের সাথে শিশুরা দোকানকে ঘিরে দাঁড়ায় এবং তাদের পছন্দমতো জিনিস কিনে।

উপকারিতা : গ্রাম্য মেলায় জনগণ সহজেই তাদের প্রয়োজনীয় জিনিস পায়। এখানে তারা তাদের বন্ধুবান্ধব ও আত্মীয়স্বজনের সাথে মিলিত হতে পারে। এটি সবধরনের মানুষের একটি সাক্ষাতের স্থান।

অপকারিতা : গ্রাম্যমেলায় যথাযথ কোনো স্বাস্থ্যসম্মত পায়খানা নেই। এটি একটি কোলাহলপূর্ণ স্থান। পকেটমার এবং জুয়া খেলার দল গ্রাম্যমেলাতে দেখা যায়।

আনন্দ : গ্রাম্যমেলায় অনেক প্রকারের আনন্দ আছে। এখানে নাগরদোলা, সিনেমা, যাত্রা পালা, সার্কাস পার্টি ইত্যাদি থাকে। এগুলোর মধ্যে শিশুদের কাছে নাগরদোলা বিশেষ আকর্ষণীয়।

উপসংহার : গ্রাম্যমেলা আনন্দের এক বড় উৎস। এটি কুটিরশিল্পের বিকাশ ঘটায়। এটি গ্রামের লোকদের বড় বিনোদন।

33. Write a composition about 'A Village Market'. ('একটি গ্রাম্য বাজার' সম্পর্কে একটি রচনা লেখ।)

A Village Market
(একটি গ্রাম্য বাজার)

Introduction (সূচনা) : A village market (মার্কেট-বাজার) is a place (প্লেস-স্থান) where the villagers meet to buy and sell things (থিংস-জিনিসপত্র). Besides (বিসাইডস-এছাড়া), big markets sit once or twice (টুয়াইস-দুদিন) a week (উঈক-সপ্তাহ).

Where held (কোথায় বসে) : A village market generally (জেনার‍্যালি-সাধারণত) stands at a place where people can easily (ঈজিলি-সহজভাবে) come for buying (বায়িং-কেনা) and selling (সেলিং-বিক্রয়) things. So, it usually (ইউজুয়ালি-সচরাচর) stands at the junction (জাংকশন-সংযোগ) of roads or by the side of a river or a canal (ক্যান্যাল-খাল).

Kinds of village market (গ্রাম্য বাজ্জরের প্রকারভেদ) : There are two kinds of village markets, such (সাচ-যেমন) as the daily market and the weekly (উঈকলি-সাপ্তাহিক) market. The daily market is called 'Bazar' and the weekly (উইকলি-সাপ্তাহিক) market is called 'Hat'. It sits once or twice (টুওয়াইস-দুইবার) a week in the evening (এভনিং-সন্ধ্যা).

Description (বর্ণনা) : A village market has three parts (পার্টস-অংশ) like open space (স্পেইস-স্থান), temporary (টেমপোর‍্যারি-অস্থায়ী) shed and permanent (পারমানেন্ট-স্থায়ী) shed. In the open space (ওপেন স্প্যাস-খালি জায়গা), the sellers (সেলারস-বিক্রেতা) sit in rows. Fish, milk, fruits, betel leaves, vegetables etc. are sold here. In the temporary (টেমপর‍্যারি-ক্ষণস্থায়ী) sheds oil, rice, salt, pepper (পীপার-মরিচ) etc. are sold. Some grocers (গ্রোসারস-মুদি), tailors, doctors, potters (পটারস-কুমার) etc. sit in the permanent (পারমানেন্ট-স্থায়ী) shed.

Usefulness (উপকারিতা) : The village market is very useful (ইউজফুল-উপকারিতা) to the villagers. Here they get all things (অল থিংকস-সব জিনিস) of daily use. The villagers find a social (সোসিয়াল-সামাজিক) and friendly (ফ্রেন্ডলি-বন্ধুসুলভ) life here.

Disadvantages (অসুবিধা) : A village market has some disadvantages (ডিসঅ্যাডভানটেজ) too. It is a noisy (নয়সি-কোলাহলময়) and unhealthy (আনহেলদি-অস্বাস্থ্যকর) place. The pickpockets (পিকপকেটস-পকেটমাররা) gather there.

Conclusion (উপসংহার) : The village market does great service (গ্রেট সার্ভিস-উপকার) to the rural (রুরাল-গ্রাম্য) people. It is the backbone (ব্যাকবোন-মেরুদণ্ড) of the rural economy (ইকনোমি-অর্থনীতি).

একটি গ্রাম্য বাজার

সূচনা : গ্রামবাসীরা যেখানে জিনিসপত্র ক্রয়-বিক্রয়ের জন্য মিলিত হয়, তাই গ্রাম্য বাজার। তাছাড়া, বড় বাজার সপ্তাহে একদিন অথবা দুই দিন বসে।

কোথায় বসে : লোকজন জিনিসপত্র ক্রয়-বিক্রয়ের জন্য যেখানে সহজে আসতে পারে সাধারণত সেখানে গ্রাম্য বাজার বসে। তাই এটি সাধারণত রাস্তার সংযোগস্থলে, নদী অথবা খালের ধারে বসে।

গ্রাম্য বাজারের প্রকারভেদ : গ্রাম্য বাজার হয় দুই প্রকার। যথা ঃ দৈনন্দিন বাজার ও সাপ্তাহিক বাজার। দৈনন্দিন বাজারকে বলে 'বাজার' ও সাপ্তাহিক বাজারকে বলে 'হাট'। এটি সপ্তাহে একদিন অথবা দুদিন অপরাহ্নে বসে।

বর্ণনা : একটি গ্রাম্য বাজারের খোলা জায়গা, অস্থায়ী ও স্থায়ী চালা এই তিনটি অংশ রয়েছে। বিক্রেতারা খোলা জায়গায় সারিবদ্ধভাবে বসে। এখানে মাছ, দুধ, ফল-মূল, পান এবং শাকসবজি বিক্রি হয়। অস্থায়ী চালায় তেল, চাল, লবণ, মরিচ ইত্যাদি বিক্রি হয়। স্থায়ী চালায় মুদি, দর্জি, ডাক্তার, কুমার ইত্যাদি বসে।

উপকারিতা : গ্রাম্য বাজার গ্রামবাসীদের জন্য খুবই উপকারি। এখানে তারা নিত্যপ্রয়োজনীয় সবকিছু পেয়ে থাকে। গ্রামবাসীরা এখানে সামাজিক এবং বন্ধুসুলভ জীবন খুঁজে পায়।

অসুবিধা : গ্রাম্য বাজারে কিছু অসুবিধাও রয়েছে। এটি কোলাহলময় এবং অস্বাস্থ্যকর জায়গা। পকেটমারেরা এখানে ভিড় কা।

উপসংহার : গ্রাম্য বাজার গ্রামীণ লোকদের বহু উপকার করে। এটি গ্রাম্য অর্থনীতির মেরুদণ্ড।

34. Write a composition about 'The Season I Like Most'. ('যে ঋতু আমি সবচেয়ে বেশি পছন্দ করি' সম্পর্কে একটি রচনা লেখ।)

The Season I Like Most
(যে ঋতু আমি সবচেয়ে বেশি পছন্দ করি)
Or, The Rainy Season In Bangladesh
(বাংলাদেশের বর্ষাকাল)

Introduction (সূচনা) : The rainy (রেইনি-বর্ষা) season is one of the six seasons (সীজনস-ঋতু) in Bangladesh. The period (পিরিয়ড-সময়) from the middle of June to the middle (মিডল-মধ্য) of August is commonly (কমনলি-সাধারণভাবে) called the rainy season. But the wet weather (ওয়েদার-আবহাওয়া) lasts much longer (লঙ্গার-স্থায়ী).

Description (বর্ণনা) : This season is hot and wet (ওয়েট-আর্দ্র). Very often (অফেন-প্রায়ই) the sky (স্কাই-আকাশ) is cloudy (ক্লাউডি-মেঘাচ্ছন্ন) and it rains heavily (হেভিলি-ভারি). Because (বিকজ-কারণ) of heavy rain and the rising of the river-water fields (ফীল্ডস-জমি) and most parts of Bangladesh go under (আন্ডার-নিচে) water. Standing crops (ক্রপস-ফসল), trees and plants (প্ল্যান্টস-গাছপালা) look charmingly (চারমিংলি-মনোরম) green (গ্রীন-সবুজ).

Advantages (সুবিধা) : The rainy season helps crops to grow (গ্রো-উৎপাদন) quickly (কুইকলি-দ্রুত). Rice and jute grow in this season. The rainy season is also the season (সিজন-ঋতু) of fish. Where (হয়ার-যেখানে) there is water, there is fish. This is also the season when village wives (ওয়াইভস-বধূরা) can visit their parents easily (ইজিলি-সহজে) by boat.

Disadvantages (অসুবিধা) : The rainy season is not without (উইদাউট-ব্যতীত) any disadvantages (ডিসএ্যাডভ্যানটেজ-অসুবিধা). Most roads in the countryside (কানট্রিসাইড-পল্লি অঞ্চল) go under water. Boat is the only means of transport (ট্রান্সপোর্ট-যোগাযোগ). But not all families have boats. Many people live in poor huts (হাটস-কুঁড়েঘর) and rain water gets into them. So, they experience a lot of difficulty (ডিফিকাল্টি-কষ্ট). Sometimes (সামটাইমস-মাঝে মাঝে) floods occur (অকার-ঘটা) in this season and these cause (কজ-কারণ) damage (ড্যামেজ) and destruction (ডিস্ট্রাকশন-ধ্বংস) and great sufferings (সাফারিংস-কষ্ট).

Why I like it (এটাকে কেন আমি পছন্দ করি) : In this season nature looks green (ন্যাচার লুকস গ্রীন-প্রকৃতি শ্যামল দেখায়) for proper cultivation (কাল্টিভেশন-চাষাবাদের) of crops. The farmers remain (রিমেইন-থাকে) busy to farm in the fields. They grow their crops in this season. Besides these, the weather (অয়েদার-আবহাওয়া) remains cool (কোল-ঠাণ্ডা) in this season. So, I like it most.

Conclusion (উপসংহার) : The people of Bangladesh are used (ইউজড-অভ্যস্ত) to normal (নরমাল-স্বাভাবিক) monsoon (মনসূন-মৌসুমি) flood. They like (লাইক-পছন্দ করা) it because of its advantages (অ্যাডভানটেইজেস-সুবিধা). But they are afraid (অ্যাফ্রেড-ভীত) of high (হাই-উচ্চ) or abnormal (এ্যাবনরমাল-অস্বাভাবিক) floods and they do not want (ওয়্যান্ট-চায়) them to happen.

যে ঋতু আমি সবচেয়ে বেশি পছন্দ করি
অথবা, বাংলাদেশের বর্ষাকাল

সূচনা : বাংলাদেশের ছয়টি ঋতুর মধ্যে বর্ষাকাল একটি। সাধারণত জুনের মধ্যভাগ থেকে আগস্টের মধ্যভাগ পর্যন্ত সময়কে বর্ষাকাল বলে। কিন্তু আর্দ্র আবাহাওয়া অনেক দিন স্থায়ী থাকে।

বর্ণনা : এ ঋতু গরম ও আর্দ্র। আকাশ প্রায়ই মেঘলা থাকে এবং বৃষ্টি হয়। ভারি বৃষ্টির কারণে এবং নদীর পানি বৃদ্ধির কারণে বাংলাদেশের অধিকাংশ জমি পানির নিচে তলিয়ে যায়। ফসল এবং গাছপালা মনোরম ও সবুজ দেখায়।

সুবিধা : বর্ষাকাল দ্রুত ফসল উৎপাদনে সাহায্য করে। এ ঋতুতে ধান ও পাট জন্মে। বর্ষাকাল মাছের কাল। যেখানে পানি সেখানেই মাছ। এটি ঐ ঋতু, যখন গ্রাম্য বধূরা নৌকাযোগে তাদের বাপের বাড়ি বেড়াতে যায়।

অসুবিধা : বর্ষাকাল অসুবিধা মুক্ত নয়। দেশের অধিকাংশ রাস্তা পানির নিচে তলিয়ে যায়। যোগাযোগের একমাত্র মাধ্যম হয় নৌকা। কিন্তু অনেক পরিবারেই নৌকা থাকে না। অনেকেই জীর্ণ কুটিরে বাস করে এবং বর্ষার পানি তাতে প্রবেশ করে। তাই, তাদের প্রচুর কষ্ট হয়। এ সময়ে মাঝে মাঝে বন্যা হয় এবং অনেক ধ্বংস ও কষ্টের কারণ ঘটে।

এটাকে কেন আমি পছন্দ করি : এ ঋতুতে ফসলের সঠিক চাষাবাদের জন্য প্রকৃতি শ্যামল রূপ ধারণ করে। কৃষকেরা ফসল ফলাতে মাঠে ব্যস্ত থাকে। তারা এ ঋতুতে তাদের ফসল ফলায়। এছাড়া এ ঋতুতে আবহাওয়া ঠাণ্ডা থাকে। তাই আমি এটাকে সবচেয়ে বেশি পছন্দ করি।

উপসংহার : বাংলাদেশের জনগণ মৌসুমী বন্যায় অভ্যস্ত। এটি এর সুবিধার জন্য এটিকে পছন্দ করে। কিন্তু তারা উচ্চ ও অস্বাভাবিক বন্যায় ভীত এবং এটি ঘটুক তা তারা চায় না।

35. Write a composition about 'The Postman'. ('ডাকপিয়ন' সম্পর্কে একটি রচনা লেখ।)

The Postman (ডাকপিয়ন)

Intorduction (সূচনা) : The postman (পোস্টম্যান-ডাকপিয়ন) is a low-paid government (গভার্নমেন্ট-সরকারি) servant (সার্ভেন্ট-কর্মচারি). He brings (ব্রিং-বহন করা) news of joy and sorrow (সরো-দুঃখ). He is a popular figure (ফিগার-ব্যক্তি). He wears a khaki (খাঁকি) dress and carries a bag across (এক্রস-উপর দিয়ে) his shoulder (শোলডার-কাঁধ). Many men wait for his arrival (অ্যারাইভ্যাল-আগমন). But his work is not small.

His functions (তার কাজ) : The postman is a sincere (সিনসিয়ার-আন্তরিক) worker (ওয়ারকার-কর্মী). He receives the letters, money orders, parcels (পারসেলস-মোড়ক) etc. He sends the out going 'mail' to the sub-post (সাবপোস্ট-উপপোস্ট) office. He goes to his duty daily. A rural (রুরাল-গ্রাম্য) postman often (অফেন-মাঝেমধ্যে) delivers letters, parcels, money orders in the market. A postman ignores (ইগনোরজ-অবজ্ঞা করে) odd weather (ওয়েদার-আবহাওয়া) to perform (পারফরম-পালন করা) his duty. In rural areas, the postman has to cross (ক্রস-অতিক্রম) rivers and canals (ক্যান্যালস-খাল) and muddy (মাডি-কর্দমাক্ত) roads.

His life (তার জীবন): The life of a postman is not easy (ইজি-সহজ). He comes to his duty (ডিউটি-কাজ) at 9 am and works till afternoon (আফটারনুন-বিকাল). He leads a busy (বিজি-ব্যস্ত), punctual (পাংচুয়াল-নিয়মনিষ্ঠ) and dutiful (ডিউটিফুল-কর্তব্যপরায়ণ) life.

His manners (তার আচরণ) : The postman is usually (ইউজুয়্যালি-সচরাচর) very polite (পলাইট-ভদ্র). He is a silent (সাইলেন্ট-নীরব) worker. He is ill-paid. His negligence (নেগলিজ্যান্স-অবহেলা) to duty may bring about much loss. Sometimes (সামটাইমস-মাঝেমধ্যে), he is given tips for his service. He receives (রিসিভস-গ্রহণ করা) it humbly (হামব্লি-আন্তরিকতার সাথে) and becomes much pleased (প্লিজড-আনন্দিত).

Usefulness (উপকারিতা) : A postman does a very useful (ইউসফুল-উপকারি) work. He brings us news from our friends and relatives (রিলেটিভস-আত্মীয়স্বজন). We always (অলওয়েজ-সর্বদা) hope that he

will bring some good news. Sometimes, he brings (ব্রিংস-আনে) bad news also. Yet, we always welcome (ওয়েলকাম-স্বাগতম) him.

Conclusion (উপসংহার) : The work of a postman is hard (হার্ড-কঠিন) and tedious (টিডিয়াস-ক্লান্তিকর). But it is an important (ইমপোরটেন্ট-গুরুত্বপূর্ণ) work. He does his work honestly (অনেস্টলি-সততার সাথে). So, we should behave (বিহ্যাভ-আচরণ করা) with him well.

ডাকপিয়ন

সূচনা : ডাকপিয়ন ক্ষুদ্র বেতনভোগী সরকারি কর্মচারি। সে আনন্দ এবং দুঃখের সংবাদ বহন করে। সে জনপ্রিয় ব্যক্তি। সে খাঁকি পোশাক পরে কাঁধে ব্যাগ ঝুলিয়ে বহন করে। অনেকে তার আগমনের অপেক্ষায় থাকে। কিন্তু তার কাজ ছোট নয়।

তার কাজ : ডাকপিয়ন একজন আন্তরিক কর্মী। সে চিঠি, মানি অর্ডার, পার্সেল ইত্যাদি গ্রহণ করে। সে উপপোস্ট অফিসে ডাক পাঠায়। সে তার কাজে প্রতিদিন যায়। গ্রাম্য ডাকপিয়ন প্রায়ই চিঠি, মানি অর্ডার, পার্সেল প্রাপকের কাছে বিতরণ করে গ্রাম্য বাজারে। তার দায়িত্ব পালনে সে খারাপ আবহাওয়াকে অবজ্ঞা করে। গ্রাম এলাকার ডাকপিয়ন তার দায়িত্ব পালনে নদী, খাল এবং মেঠোপথ অতিক্রম করে থাকে।

তার জীবন : ডাকপিয়নের জীবন সহজ নয়। সে সকাল ৯টায় তার কাজে আসে এবং বিকাল পর্যন্ত কাজ করে। সে ব্যস্ত, নিয়মনিষ্ঠ ও কর্তব্যপরায়ণ জীবনযাপন করে।

তার আচরণ : সাধারণত ডাকপিয়ন খুবই ভদ্র। সে একজন নীরব কর্মী। সে অল্প বেতন পায়। তার কর্তব্যে অবহেলা অনেক ক্ষতি বয়ে আনে। মাঝে মাঝে তার কাজের জন্য বকশিস দেয়া হয়। সে তা আন্তরিকতার সাথে গ্রহণ করে এবং খুশি হয়।

উপকারিতা : ডাকপিয়ন খুব উপকারি কাজ করে। সে আমাদের বন্ধু ও আত্মীয়ের নিকট থেকে সংবাদ এনে দেয়। আমরা সবসময় আশা করি যে, সে কিছু ভালো সংবাদ আনবে। মাঝে মাঝে সে খারাপ সংবাদও আনে। তবু আমরা সর্বদা তাকে স্বাগত জানাই।

উপসংহার : ডাকপিয়নের কাজ কঠিন এবং ক্লান্তিকর। কিন্তু এটা গুরুত্বপূর্ণ। সে সৎভাবে কাজ করে। তাই, তার সাথে ভালো আচরণ করা উচিত।

36. **Write a composition about 'A Journey by Boat'.** ('নৌকা ভ্রমণ' সম্পর্কে একটি রচনা লেখ।)

A Journey by Boat (নৌকা ভ্রমণ)

Or, A Journey by Boat that I Have Enjoyed Recently

(সম্প্রতি আমি উপভোগ করেছি এমন একটি নৌকা ভ্রমণ)

Introduction (সূচনা) : Journey (জারনি-ভ্রমণ) is always pleasant (প্লিজ্যান্ট-আনন্দদায়ক) to all. A journey by boat is specially (স্পেশ্যালি-বিশেষ করে) very pleasant and enjoyable (এনজএবল-উপভোগ্য) to me. Bangladesh is a land of rivers. So, it is very easy to enjoy a journey by boat here. So, I like it most.

Preparation (প্রস্তুতি) : During the last autumn (অটাম-শরৎকাল) vacation (ভেকেশন-ছুটি), my father asked me to go to my sister's house at Comilla 40 miles away from our house (হাউজ-বাড়ি). So, I got a chance (চান্স-সুযোগ) to make a journey by boat. Two other friends joined (জয়েন্ড-একত্রিত হওয়া) me.

Description (বর্ণনা) : We hired (হায়ার্ড-ভাড়া করলাম) a middle-size boat and decorated (ডেকোরেটেড-সাজিয়েছিলাম) it nicely (নাইসলি-সুন্দরভাবে). There were two boatmen. We started our journey at 8 am from Narsingdi Ghat. The boatmen (বোটমেন-মাঝি) were singing many kinds of Bhatiali songs.

Scenery enjoyed (উপভোগ্য দৃশ্যাবলি) : We enjoyed (ইনজয়েড-উপভোগ করা) the scenery (সিনারি-দৃশ্য) of the river. We saw (স-দেখলাম) many boats big and small plying (প্লায়িং-চলছে) up and down (ডাউন-নিচে). Fishermen were catching (ক্যাচিং-ধরছিল) fish in the river. The boys (বয়েজ-বালক) and girls (গার্লস-বালিকা) were swimming (সুইমিং-সাঁতার কাটছিল). There were green fields (ফিল্ডস-মাঠ) on both sides (সাইডস-ধারে) of the river. The cattle (ক্যাটল-গবাদিপশু) were grazing (গ্রাজিং-ঘাস খাচ্ছিল) there.

Destination (গন্তব্যস্থল) : At about 3 pm, we reached (রীচড-পৌঁছানো) the Ghat of my sister's house. My sister was very glad (গ্লাড-আনন্দিত) to see us. She received us warmly (ওয়ার্মলি-আন্তরিকভাবে). Thus, our journey came to an end.

Conclusion (উপসংহার): It was the most excited (এক্সাইটেড-উত্তেজিত) journey in my life. I enjoyed it so much (মাচ-অনেক) that the memory (মেমোরি-স্মৃতি) of the journey will remain (রিমেইন-থাকা) ever fresh (ফ্রেশ-সজীব) in my mind.

একটি নৌকা ভ্রমণ

অথবা, সম্প্রতি আমি উপভোগ করেছি এমন একটি নৌকা ভ্রমণ

সূচনা : ভ্রমণ সবার কাছেই আনন্দদায়ক। বিশেষ করে নৌকা ভ্রমণ আমার কাছে অত্যন্ত আনন্দদায়ক এবং উপভোগ্য। বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ। তাই, এদেশে নৌকা ভ্রমণ উপভোগ করা খুবই সহজ। সেজন্য আমি এটি খুব পছন্দ করি।

প্রস্তুতি : গত শরতের ছুটিতে আব্বা আমাকে বাড়ি থেকে ৪০ কিলোমিটার দূরে বোনের বাড়ি কুমিল্লা যেতে বলেছিলেন। তাই, আমি নৌকা ভ্রমণের সুযোগ পেলাম। আরো দুই বন্ধু আমার সাথী হলো।

বর্ণনা : আমরা মাঝারী আকারের একটি নৌকা ভাড়া করেছিলাম ও তা সুন্দরভাবে সাজিয়েছিলাম। ২ জন মাঝি ছিল। আমরা সকাল ৮টায় নরসিংদী ঘাট হতে আমাদের ভ্রমণ শুরু করেছিলাম। মাঝিরা বিভিন্ন ধরনের ভাটিয়ালী গান গেয়েছিলেন।

